जेलों में सुधार की आवश्यकता तो हम सभी महसूस करते हैं। अब तक जेलों को हमलोग House of Corruption समझते रहे हैं जहां जाकर कैदी अनेक प्रकार के दुर्गुणों और दुष्प्रवृत्तियों का शिकार बनता रहा है। अब प्रायः सभी प्रान्तों की सरकारें जेलों की व्यवस्था में आमूल परिवर्तन कर रही हैं जिससे जेल अब जेल न रह कर सुधार गृह (House of Correction) बनते जा रहे हैं। कैदियों के साथ अमानुषिक व्योहार न कर उन्हें सच्चे नागरिक बनाने की चेष्टा की जा रही है, जिससे वे जेल से बाहर निकल कर अपमानजनित और घृणित जीवन बिताने के लिए बाध्य न हों, बल्कि वे हमारे प्रेम, सद्भावना और सहानुभूति के बल पर एक स्वस्थ्य नागरिक की भांति हमारे समाज के लिए उपयोगी सिद्ध हो सकें।

अब हमारा यह कर्त्तव्य हो गया है कि हम अपने समाज को स्वस्थ्य और सुसंगठित बनायें ताकि स्वतंत्र भारतवर्ष में किसी भी आदमी के जेल जाने का प्रश्न ही न उठे। फिर ऐसी अवस्था में जेल स्वतः बन्द हो जायेंगे। यों तो परिस्थितियों की विवशता ही लोगों को जेल जाने के लिए बाध्य करती है फिर भी इस दिशा में हमारे विरोधी पक्ष के भाइयों का सहयोग अधिक है।

हमारे देश में आज ऐसे समाज का निर्माण करना चाहिए जिसमें भगवान् की दया से एक भी जेल की व्यवस्था करने की आवश्यकता ही न पड़े। साथ ही लोगों की परिस्थितियां भी जेल जाने के लिए बाध्य न करें। आज का समाज इतना सुव्यवस्थित और मर्यादित हो कि जो संशोधन बिल इस समय सदन के सम्मुख उपस्थित है उसकी आवश्यकता ही न रह जाय।

हमारे विरोधी भाइयों को शान्ति धारण कर सरकार के प्रति कर्तव्य पालन के लिए तत्पर हो जाना चाहिए। आम जनता में सरकार के विरुद्ध विषाक्तयुक्त वातावरण को नहीं फैलाना चाहिए जिससे हम गर्व के साथ कह सकें कि इस स्वतंत्र भारत देश में अब एक भी जेल नहीं है और न एक भी व्यक्ति को अब जेल में भेजने की आवश्यकता ही रह गई है।

जेलों में जो कुछ भी कुत्सित धारायें हैं उन्हें हमें दूर करने का प्रयत्न करना चाहिए। साथ ही सरकार से हम लोगों को अपील करनी चाहिए कि जो कुछ भी घृणित और कष्टप्रद धारायें जेलों में अभी हैं उन्हें वह दूर करे।

इन चन्द शब्दों के साथ मैं इस बिल का समर्थन करता हूं।

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, there was a time when it was held that the object of punishment and imprisonment is retributory in nature. Today after independence we have accepted the theory that the object of punishment is partly deterrent and partly corrective and, by and large, it is corrective in nature. I believe Dr. Jiban Ratan Dhar who was in charge of jail initiated measures towards the liberalisation of jail regulations and prison laws. We congralate the present Minister-in-charge of Prisons for bringing in another amendment, but I feel that neither the measure that Dr. Dhar introduced nor the measure that Mrs. Mukhopadhyay has introduced goes to the root of the matter. It is necessary to go into the whole question more deeply. Mrs. Das, for example, has emphasised the necessity of distinguishing between habitual offenders and others who do not happen to be so. Certain other suggestions have been made from this side of the House. I have no experience of jail life, but I have come to the conclusion, after having listened to the debate very carefully, that some kind of enquiry into the matter is necessary. Therefore, I urge upon the Minister-in-charge to appoint a small committee of experts together with members of the Legislature to go into the jail regulations and the provisions of the existing laws, in order that the matter may be comprehensively dealt with.

[11-50—12 noon.]

I feel that we are not dealing with the problem comprehensively. In order that the Legislature may deal with it comprehensively it is necessary that the action of the Legislature should be preceded by some kind of an enquiry. Right back possibly in the thirtees, a Prisons Commission was appointed by the Government of India and it went into many questions but many of the recommendations of the Prisons Commission were not accepted. I feel, Sir, that there is necessity for the appointment of a committee which may go into the whole question and discuss the suggestions that have been thrown out from this side as also from the other side so that we can deal with a comprehensive legislation that may be formulated by the Minister of Prisons.

With these words, Sir, I welcome the measure that has been placed before us today.

Sj. Devaprasad Chatterjee: Mr. Chairman, Sir, I welcome this measure as a big step towards jail reform. I am of one opinion with Professor Bhattacharyya that while we should be eager for jail reforms, the reforms cannot be very hasty. He suggested that we should make a distinction between habitual offenders and other offenders and I also think that we should make equally accurate distinction between offenders who are of the ordinary nature and political offenders because there is a big difference in the categories of both. Sir, even among the habitual offenders, the offenders —not always—commit a crime due to their own accord. In fact, the modern theologists on criminology are all of one opinion in suggesting corrective methods than methods for retribution or any other method. Sir, I would just remind you of Justice Ben Lindsay of America who in his famous book "Revolt of Modern Youth" suggests that in many cases the young offenders commit the crimes not so much out of their own accord but due to the atmosphere in which they are placed, that is, to a great extent, the society is responsible for this. So, Sir, in any comprehensive jail reform this question should be taken into consideration. In any case it is a welcome measure—at least a beginning has been made—and a Commission should be sought for if we go in for bigger reforms which may set the prisons as some ideal places of correction for the offenders. Here of course I exclude the political offenders from my view because they certainly belong to a completely different category from the habitual criminals. With these words, Sir, I welcome the measure.

Sj. Biswanath Mukherjee:

মাননীয় চেয়ারম্যান, স্যার, বিরোধীপক্ষ যেসমস্ত শাস্তিমূলক কথা বললেন,

standing handcuff, cross-bar fetters, solitary cell, whipping.....

এই সবগুলিই আমি ভোগ করেছি জেলখানায় থেকে ইংরেজ আমলে। আজ বিরোধীপক্ষরা হুইপিংএর কথা বলেছেন, কিন্তু তাঁরা জানেন না কতটুকু জায়গার মধ্যে হুইপিং করতে হয়। ১ ইঞ্চি জায়গার মধ্যে হুইপ করতে হয়। তারপর যারা হুইপ করে তারা বেকার হয়ে যাবে। কাজেই বিরোধীপক্ষ যেন চীৎকার না করেন তাদের কি হবে? যারা ফাঁসির দড়ি পরায় তারাও বেকার হয়ে যাবে—জেলের মধ্যে যে কি কাণ্ডকারখানা হয় তা যাঁরা জেলভোগ করেছেন তাঁরা জানেন। হালিম সাহেবের সঙ্গে একবার আমি জেলভোগ করেছিলাম, ওনার মনে আছে কিনা জানি না, তামাক পাতা, বিড়ি পাবার জন্য তারা কি অস্থিরই না করে তোলে। জেলখানায় এই শাস্তি যদি তুলে দেওয়া হয় তা হলে জেল অ্যাডমিনিস্ট্রেশন বলে কিছু থাকবে না। আর যদি কোন অ্যাডমিনিস্ট্রেশনকে রাখতে হয় তা হলে এই জেল অ্যাডমিনিস্ট্রেশনকে রাখতেই হয়। মহাত্মা গান্ধী বলেছিলেন, পুলিস তুলে দাও, আমরা রামরাজ্য তৈরি করব—এমন সমাজ তৈরি করব যে, সমাজের কোন ক্রিমিনালকে জেলে যেতে হবে না। আমাদের মাননীয় জেলমন্ত্রী যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাব আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি, তবে আমার বিরোধীপক্ষের বন্ধুরা যেন চীৎকার না করে যারা হুইপিং করত তারা বেকার হয়ে যাবে, তাদের কি অবস্থা হবে।

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, I have got a good or bad reputation of being one of the most vocal members on this side. Therefore, if on this occasion, I remained silent my silence might be misconstrued. It may be thought that I have no ground for making congratulation or rather adding my voice to the universal chorus of congratulations to the Jail Minister which we find from other sides. I am really very glad that the Minister in charge has brought this Bill. She is following in the foot-steps of the previous Jail Minister, our distinguished friend Dr. Jiban Ratan Dhar. I have discussed matters of jail reforms with her and I have been thoroughly satisfied that she is very anxious to make a comprehensive reform of the anti-diluvian Jail Code. The only note of warning I have sounded to her is that she must see that in her zeal to bring about reforms or change

in the Jail Code she must not turn jail into something like *Sasurbari*. My friend Mrs. Das has properly sounded a note of warning that deterrent element in the Jail punishment must remain there. We must bring about reforms of the prisoners but we must not forget at the same time that there must be a difference between prisoners and those outside. Of late we have been noticing, possibly following to some extent in the footsteps of the Soviet Government in Russia, a tendency on the part of some of our Home Ministers in different provinces to try to equalise conditions inside the jail and outside. Only a few days ago we saw in a newspaper report that in U. P. jails they are trying to introduce Jail reforms with vengeance. Representatives even from the habitual prisoners were called in at a conference by the Minister to give their suggestions about the reform, about the particular kinds of reforms of the jail administration that are necessary. There was something like a fraternisation on that occasion between prisoners, most of them were habitual prisoners on one side and the officials in the Jail and some distinguished members of the Legislature on the other.

Now this must not be done. *Jailkhana* must not be made the *Sasurbari*. With these words and with this note of warning to the Jail Minister I would ask her to make good the promise which she has been making always to us that she will bring about a revision of the Jail Code. I again congratulate her on this Bill which she has brought forward.

[12—12-14 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, with rapt attention I have listened to the speeches made by my friends opposite and also my friends on the right. Sir, one speech is the reply to the other. The speech delivered by Mr. Pakrashi has been amply replied by Sja. Santi Das. I need add hardly anything more about it. The main problem is the cause of crimes. I congratulate Prof. Bhattacharyya and Sj. Devaprasad Chatterjea for bringing the two points on the main problem here on the floor of this House. Sir, the main root of crime is in the society. The society which makes persons criminals. We have always forgotten the fact that the social factors are mainly responsible for making men criminals. If we come down to the root of the problem of criminals, we will see not only the criminal propensity of a man, but also the social factors leading him to commit that crime. Society which cannot give scope to a person for following his own desires, for expressing or fulfilling his own minimum necessities can have no right to expel him or put him to disgrace when he commits crime. In a society where poverty exists, where the people struggle for day to day existence, where people have always to fight for their minimum bare existence of life, the main factors—are the social factors. The social circumstances crystalize the potentialities of his behaviour. If the circumstances do not give him any scope, he cannot be denied all the time. A day comes when he atones all the injustice done to him. This is the root cause of making a man criminal in our society. It is true that handcuff, fetters and cellular confinement should be dispensed with. But that is not a problem at all. I have always tried to impress these things and to put the emphasis on the social factors which lead a man to commit crimes. These are the root evils of society which make a human being, a citizen, an innocent man a criminal. So, the main cause of crime is somewhere else. We must come to the point in order to improve social behaviour and social justice. Not here in this House, but elsewhere these things have to be discussed. So, the main solution of the problem is somewhere else. A criminal is a failure in life with the society around him. He is a mal-adjusted personality. He is a man who adjusts himself to a society of his own, he forms a society of his own in the prison. When he is released from the prison, we always see the uncertainty of his position and his anxieties. He is afraid

to get out of the jail, beecause he knows that his society is not outside the world, his society is in the jail. So, it is not the pertinent moment to deal with this point. If we quietly search our heart and mind, we will realise whether we can bring about social revolution to stop the criminal activities of a man. The purpose of this Bill is to abolish whipping and to amend some portion of the Prisons Act, 1894. Some of the members have suggested to bring forward a bill for comprehensive jail reforms. I may tell the House that in the matter of revision of Jail Code I am always taking the suggestions of the opposition members as well as of the members on this side of the House while revising our Jail Code. The suggestions put forward here will duly be considered while revising the Jail Code, and we have always made progress in this matter.

As regards handcuffs and fetters and other penal measures, spoken by most of the members I can assure them that they are not meant for ordinary criminals. These are things of the past for ordinary prisoners. But. Sir, to do away with all this totally, I am opposed to it. Not only I myself am opposed to it, but I find that most of the members from both sides of the House are opposed to it. Just now in the speech delivered by Sj. Charu Sanyal it was clear why fetters and cellular confinements were necessary. I know the case he referred to. One of our jail visitors is a member of the Assembly. When she visited the Jail at Jalpaiguri she was not properly received by the prisoners there. I know why it was done. That is the reason why in the list of the jail visitors the ladies are not allowed to see the male prisoners when they are in detention because of psychological reasons. I will see that in the Jail visitors list if there are lady members, they will be allowed to see only the women prisoners and their welfare only and not the male prisoners. So these sorts of actions on the part of the prisoners will justify the retention of handcuffs or bar fetters or cellular confinement. These are meant for hardened criminals only. They are never used in cases of ordinary criminals.

Classification of prisoners is the first step towards reformative treatment. About the classification of prisoners I have already called a meeting of the members of the Opposition who last visited our jails by courting arrests in connection with the food movement, to put forward their suggestions as to how can I classify? What will be the basis? I am already doing it non-officially, by convening the meetings of the members of this House, and I can assure you that I will do it officially by forming a committee for consultation with all the members.

As regards close clipping of hairs mentioned by Sj. Bibhuti Ghosh I may assure him that close clipping has long been stopped, it has been totally dispensed with. As regards other confinements—cellular and separate I have already said that these are meant only for violent prisoners to bring them to check or in the case of hardened criminals only.

I think there is no other point raised by the honourable members. As regards Sj. Mohitosh Rai Chaudhuri I can assure him that though I am a youthful Minister according to Sj. K. K. Chatterjee, I am well-balanced in my emotion and sympathy. I cannot be over-exuberant over the jail reforms. I know that prisons must have some deterrent effect and there must be some reformative aspect also. Jails cannot be a comfortable place for a change, neither can it be a guest-house or a hotel. It must be a place for treatment and correction of offenders, and with that view, I can tell my friends that I am already moving the Judicial Minister to bring in a Bill here for introducing the indeterminate sentence system because when they come to the jails the reformative treatments are well done in the jails. There is no reason to keep a person in custody when he has already been reformed and

remains in jail just to pass out his term of imprisonment. On the other hand it is no use releasing him before he is reformed. So there should be system of passing indeterminate sentence by the Court and if we can introduce a Bill for this purpose here in West Bengal at least, we know that it will be welcome by everbody as a great achievement. This system requires new legislation which the Judicial Minister would be kind enough to bring I suppose. There is hardly any more point on which I should speak. I now seek the co-operation of every member of this House, whether he is on left or on right, for bringing this change and putting it into effect. I have already told the house that we are already revising our Jail Code and in doing so we will ask for the co-operaton and suggestion from every member. Sir, I have nothing more to add. With these words, Sir, I commend my motion for the acceptance of this House.

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Prisons (West Bengal Amendment) Bill, 1957 as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 9

The question that clauses 1 to 9 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Prisons (West Bengal Amendment) Bill, 1957, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Mr. Chairman: The House stands adjourned till 9-30 a.m. tomorrow, the 10th December, 1957, when the Board of Secondary Education Bill will be taken up and Sj. Satya Priya Roy, who wished to speak in support of the motion for circulation, will be addressing the House.

Adjournment

The Council was accordingly adjourned at 12-14 p.m. till 9-30 a.m. on Tuesday, the 10th December, 1957, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Banerjee, Sj. Tara Sankar.
Basu, Sj. Gurugobinda.
Choudhuri, Sj. Annada Prosad.
Majumdar, Sj. Sudhirendra Nath
Maliah, Sj. Pashupati Nath
Mukherjee, Sj. Sudhindra Nath.
Prasad, Sj. R. S.
Roy, Sj. Surendra Kumar.
Sarkar, Sj. Pranabeswar.
Sinha, Sj. Rabindralal.

COUNCIL DEBATES

Tuesday, the 10th December, 1957.

The Council met, in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 10th December, 1957, at 9-30 a.m. being the Sixth day of the Thirteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Message

[9-30—9-40 a.m.]

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following Message has been received from the West Bengal Legislative Assembly, namely:—

"*Message*

The West Bengal Legislative Assembly at its meeting held on the 9th December, 1957, agreed to the amendment made by the West Bengal Legislative Council in the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1957.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta:
The 9th December, 1957.

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, before the day's business is taken up I want to mention one thing. I understand that the other day when I was speaking on the Secondary Education Bill some of my friends in the Opposition called me 'despicable'.

Sj. Nirmal Chandra Bhattacharyya: After that two days, at least three days have elapsed. The chapter is closed.

Sj. Mohitosh Rai Choudhuri: After that this is the first day when we meet.

Mr. Chairman: I understand this has been withdrawn. That finishes the matter.

GOVERNMENT BILL

The West Bengal Board of Secondary Education Bill, 1957.

Sj. Satya Priya Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, প্রথমে শিক্ষামন্ত্রী মহাশয় এই বিল বিধান পরিষদে উপস্থাপিত করেছেন, তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের এই পরিষদের সদস্য, সেজন্য আরও বিশেষ ক'রে এটা সঙ্গত এবং শোভন হয়েছে—তাঁর যে উপস্থাপিত বিল সেটা প্রথম আলোচিত হচ্ছে বিধান পরিষদে কিন্তু এর সঙ্গে সঙ্গে একথা বলতে হচ্ছে যে এটা বিধান পরিষদে প্রথম আলোচিত হচ্ছে ব'লে বিধান পরিষদের গুরুত্ব, বিশেষ ক'রে বিধান পরিষদে এই বিলের আলোচনার গুরুত্ব অনেক বেড়ে গেছে। আমরা আশা করব যে মন্ত্রী মহাশয় এখানে যে আলোচনা হবে, সেই আলোচনা মনোযোগ দিয়ে শুনবেন এবং যতটা সম্ভব

এই বিলকে এই আলোচনার মারফত পরিবর্তন ক'রে নিয়ে একে কার্যকরী করবার চেষ্টা করবেন। প্রথমত এই রকম একটা বিল—ঠিক এই বিল নয়, মাধ্যমিক শিক্ষা বিল আমরা চেয়েছিলাম কিন্তু ইংরাজীতে যে একটা প্রবাদ আছে—চাওয়া হ'ল রুটি, দেওয়া হ'ল পাথর—এটাও ঠিক তাই। এখানে মন্ত্রী মহাশয়ের কাছে আমরা রুটি চেয়েছিলাম, তার বদলে আমরা পেয়েছি পাথর। আমাদের দেশে বর্তমানে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে যে অরাজকতা এবং বিশৃঙ্খলা চলেছে তা দূরীভূত হবে একটা মাধ্যমিক শিক্ষা আইনের মারফত বা মাধ্যমে, এই আশা আমরা করেছিলাম। ১৯৫৪ সালের মে মাসে মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বাতিল ক'রে দেওয়া হ'ল, তারপরে দীর্ঘ ৩ বছর চলে গেল, এই দীর্ঘ ৩ বছর পরিশ্রম করবার পর শিক্ষা দপ্তর থেকে শিক্ষামন্ত্রীর পক্ষ থেকে যে বিল এসেছে সেই বিল আমাদের নিতান্ত হতাশ করেছে. সেই বিলকে পর্বতের মূষিক প্রসব ছাড়া আর কিছু মনে করতে পারছি না কারণ যে বিল এসেছে সেই বিলটা সেকেন্ডারী এডুকেশন বিল নয়, মাধ্যমিক শিক্ষা আইনের খসড়া নয়, সেই বিল হচ্ছে The West Bengal Board of Secondary Education Bill—

মাধ্যমিক শিক্ষার সঙ্গে এর বিশেষ কিছু সংযোগ নেই এবং বাস্তবিক মাধ্যমিক শিক্ষা নামের কোন সার্থকতা এর নেই। কারণ এই বোর্ডের মাধ্যামক শিক্ষা সম্পর্কে খুব বিশেষ কিছু করবার কোন অধিকার থাকবে না। কাজেই আমি একথা বলতে বাধ্য যে মন্ত্রী মহাশয় এই দীর্ঘ ৩ বছর পর যে বিল আমাদের সামনে উপস্থিত করেছেন সেই বিল আমাদের অত্যন্ত হতাশ করেছে। এই বিলের বিরুদ্ধে আমার প্রধান বক্তব্য হ'ল এই যে সরকার শিক্ষাকে কুক্ষিগত ক'রে রাখতে চান, সম্পূর্ণ নিজেদের নিয়ন্ত্রণাধীনে রাখতে চান—এই হ'ল আমাদের প্রধান অভিযোগ। মন্ত্রী মহাশয় সেই অভিযোগকে ইতিমধ্যে স্বীকার ক'রে নিয়েছেন এবং বলেছেন যে ঐখানে দৃষ্টিভঙ্গীর পার্থক্য—বাস্তবিকই এই বিলের মধ্য দিয়ে আমরা সম্পূর্ণ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে সরকারের কর্তৃত্বাধীন, সরকারের নিয়ন্ত্রণাধীন ক'রে রাখতে চাই—এই হচ্ছে আমাদের অভিপ্রায় এবং উদ্দেশ্য। সেটা সমর্থন করতে গিয়ে মন্ত্রী মহাশয় তাঁর উদ্বোধনী বক্তৃতায় যেসমস্ত যুক্তি দিয়েছেন সেগুলিকে বিশ্লেষণ করলে দেখা যাবে যে তার যৌক্তিকতা বা সারবত্তা কিছুই নেই। প্রথমত তিনি আরম্ভ করেছেন ৩ বছর আগে যে বোর্ডকে অন্যায়ভাবে বাতিল ক'রে দেওয়া হয়েছিল সেই বোডকে গালাগালি ক'রে। ইংরাজীতে একটা কথা আছে যে যখন তোমার স্বপক্ষে কিছু বলবার নেই তখন শুধু বিপক্ষকে গালাগালি ক'রে যেও, তা হ'লে তোমার যে দাবী সেটাকে তুমি প্রতিষ্ঠিত করতে পারবে। মন্ত্রী মহাশয় বোধ হয় সেই যুক্তি অনুসরণ করতে চেয়েছেন এবং সেইজন্য মধ্য শিক্ষা পর্ষদের বিরুদ্ধে যে চার্জসীট ছিল সেই চার্জসীট আক্ষরিকভাবে পড়ে আমাদের তিনি শুনিয়ে দিয়েছেন। কিন্তু বাস্তবিক ঐটা কি চার্জসীট? আমরা জানি যে চার্জসীট করতে হ'লে প্রথমত চার্জসীট যে অপরাধীকে দেওয়া হয় সেই অপরাধীকে সুযোগ দিতে হয় সেই চার্জসীট সম্পর্কে উত্তর দেবার। এই চার্জসীট মাধ্যমিক শিক্ষা বোর্ডের যাঁরা সদস্য তাঁদের সামনে কখনও উপস্থাপিত করা হয় নি। কাজেই এটা চার্জসীট নয়, এটাকে বাস্তবিক সরকারের পক্ষে রায় বলতে পারি। তার কারণ এই চার্জসীট বেরিয়েছিল সুপারসেসন অর্ডারের সঙ্গে সঙ্গে—এই এই অপরাধের জন্য আমরা মধ্যশিক্ষা পর্ষদকে বাতিল ক'রে দিলাম। তখনকার মধ্যশিক্ষা পর্ষদের যাঁরা সদস্য ছিলেন তাঁদের অন্ততঃ দুজনকে কংগ্রেস দলে দেখতে পাচ্ছি—একজন হচ্ছেন বন্ধুবর শ্রীকামিনীকুমার ঘোষ, আর একজন বন্ধুবর শ্রীহরেন মজুমদার মহাশয়। সেদিনে যখন সরকার মধ্যশিক্ষা পর্ষদকে বাতিল ক'রে দিয়েছিলেন তখন ও'রাই তার বিরুদ্ধে প্রতিবাদ করেছিলেন, ও'রাই তখন নিজেরা একটা ইনকোয়ারী কমিটি পর্যন্ত করেছিলেন এবং সেই ইনকোয়ারী কমিটি কার দোষ সেকথা পরিষ্কার জানতে চেয়েছিলেন এবং তাঁদের যে বক্তব্য ছিল সেটা তাঁরা রাখতে চেয়েছিলেন সরকারের কাছে। আমি আশা করব যে তাঁরা নিশ্চয়ই শিক্ষা বোর্ড বাতিল আলোচনায় যোগদান করবেন এবং কিরকম অন্যায়ভাবে মধ্যশিক্ষা পর্ষদকে তখন বাতিল ক'রে দেওয়া হয়েছিল সেকথা তাঁরা নিশ্চয়ই বলবেন। এটাই যে শুধু এলিমেন্টারী ফ্রাঙ্কিস করার দরকার ছিল তা নয়, আমাদের সরকার কতটা [illegible]সিবাদ। হয়ে পড়েছেন, নিজেদের তৈরি আইনের প্রতি তাদের শ্রদ্ধার কতটা অভাব হয়েছে সেটা এখানে দেখতে পাওয়া যায় যখন West Bengal Act XXXVII of 1950

বেৰ্ড আমাদের কাছে পরিচিত সেকেন্ডারী এডুকেশন এ্যাক্ট অব ১৯৫০ বলে, সেটা যখন তৈরি হ'ল তখন বোর্ডকে কি ক'রে তুলে দেওয়া যায় এবং বোর্ডের কাজকে কি ক'রে বাতিল করতে হয় সে সম্পর্কে আইনে কতকগুলি ব্যবস্থা ছিল—সেটা হচ্ছে সেকশন ৫৫। সেকশন ৫৫এ বলা আছে—

"If in the opinion of the State Government the Board has shown its incompetence to perform or persistently made default in the performance of duties imposed by the existing law or the power conferred upon it under this Act, the State Government shall formulate in writing specific charges against the Board in respect of these matters and shall forward a copy of such charges to the Board with the direction to the Board to submit any comments or explanations in respect thereof to the State Government within such period as may be specified by the State Government in this behalf."

[9-40—9-50 a.m.]

কাজেই চার্জসীট তৈরি ক'রে বোর্ডকে পাঠাতে হয় এবং বোর্ডকে একটা নির্দিষ্ট সময় দিতে হবে এবং সেই নির্দিষ্ট সময়ের মধ্যে তার কি বক্তব্য আছে সেটা তারা উপস্থিত করতে পারবেন। শুধু তাই নয়, তার পরে দেখা যাচ্ছে যে বোর্ড এবং গভর্নমেন্টে যদি মতানৈক্য হয় তা হ'লে একটা ইনভেস্টিগেশন কমিশন বসানো হবে ঐ চার্জসীটের যথার্থ বিচার করবার জন্য এবং সেই ইনভেসটিগেশন কমিশনের রিপোর্ট পাবার পর সরকার ইচ্ছা করলে বাই নোটিফিকেশন বোর্ডকে অপসারণ করতে পারবেন এবং তার পুনর্গঠন করতে পারবেন। যদি বোর্ডকে অপসারণ করা হয়, এবং পুনর্গঠন করা হয় তা হ'লে আইন সভায় নোটিফিকেশন দিতে হবে। বোর্ডকে যে বাতিল করে দিচ্ছেন এবং তার যে পুনর্গঠন করছেন তার সম্বন্ধে নোটিফিকেশন বিধান সভায় এবং বিধান পরিষদে রাখতে হবে। বিধান সভা এবং পরিষদকে তার উপর বিতর্কের সুযোগ দিতে হবে। এর কোন একটা ধারাই সরকার পালন করেন নাই। তাঁরা মাধ্যমিক শিক্ষা বোর্ডকে রাতারাতি বাতিল করলেন কাজেই সরকার যে তাঁর নিজের আইনের প্রতি কতটা শ্রদ্ধাশীল, এর দ্বারাই প্রমাণিত হচ্ছে। যে মাধ্যমিক শিক্ষা পর্ষদকে তিন বছর আগে কবরস্থ ক'রে রাখা হয়েছে তার পক্ষে আমি ওকালতি করতে আসি নি। কিন্তু মাধ্যমিক শিক্ষা পর্ষদ যে দায়িত্ব নিয়েছিল সে দায়িত্ব অত্যন্ত কঠিন ছিল। তার কারণ বিশ্ববিদ্যালয় প্রায় ১০০ বছর পর্যন্ত মাধ্যমিক শিক্ষাকে নিয়ন্ত্রণ করেছিলেন এবং যখন সেই ১০০ বছর পরে মাধ্যমিক শিক্ষা পর্ষদ গঠিত হ'ল তখন তার সামনে কোন আইন-কানুন কোন পুরানো অভিজ্ঞতা কিছুই ছিল না। সম্পূর্ণ একটা নূতন ক্ষেত্রে তাদের নূতন চলতে হয়েছিল। কাজেই স্বভাবতঃই এই বোর্ডের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল এবং সেখানে ভুল ত্রুটির সম্ভাবনা ছিল না—তা নয়। কিন্তু এই বোর্ডের সঙ্গে সরকারের শিক্ষা দপ্তর কখনও সহযোগিতা করে নি। এবং যাতে সেই বোর্ড কাজ করতে না পারে তার জন্য সরকারের শিক্ষা দপ্তরের পক্ষ থেকে পদে পদে বাধা দেওয়া হয়েছিল। আমি এখানে একটা উদাহরণ দেব, সেটা সমস্ত জনসাধারণ জানে এবং সরকার থেকেও তার কোন প্রতিবাদ করতে পারবেন না। বোর্ড যখন নূতন করে কাজ করতে আরম্ভ করল তখন স্কুলের রেকগনিশন সম্বন্ধে যে সর্ত পালন করবার কথা যে সর্ত বিশ্ববিদ্যালয়ের যা ছিল সেগুলি অচল হয়ে উঠল। তার পরে শিক্ষকদের কি বেতন হবে, তাদের সার্ভিস কন্ডিশন কি এসমস্ত সম্পর্কে নূতন করে আইন করবার প্রয়োজন বোর্ডের হয়েছিল। তার ফলে বোর্ড কতকগুলি নিয়ম-কানুন রচনা করলো—যাকে সাধারণভাবে বলা হয় 'স্কুল কোড'। এই স্কুল কোড তৈরি ক'রে তাঁরা সরকারের শিক্ষা দপ্তরে পাঠিয়ে দিলেন। সরকারের দপ্তরে প্রায় দু'বছর সেই স্কুল কোড চাপা পড়ে রইল—সরকারের শিক্ষা দপ্তর দু'বছরের মধ্যে সময় পেলেন না সেটাকে বিশ্লেষণ করে দেখে সেটাকে অনুমোদন বা পরিবর্তন যা দরকার হয় ক'রে একটা আইনে দাঁড় করিয়ে দিতে—যে আইন অনুযায়ী মাধ্যমিক শিক্ষা পর্ষদ মাধ্যমিক [illegible] অনুমোদন দিতে পারত। কেন সেই স্কুল কোড সরকার অনুমোদন করেন নি তা আমরা জানি। সেই স্কুল কোড অনুমোদন করলে শিক্ষকদের বেতন বাড়িয়ে দিতে হ'ত। কারণ বোর্ড একটা

নতুন বেতনের হার সুপারিশ করেন এবং আর একটা দাবী মহার্ঘ ভাতাও বাড়াতে হবে, বিশেষ ক'রে শিক্ষকদের কার্যকাল ৬০ বছরে শেষ না ক'রে ৬০ থেকে ৬৫ পর্যন্ত ম্যানেজিং কমিটির সুপারিশ অনুযায়ী মাধ্যমিক শিক্ষা পর্ষদ বাড়িয়ে দিতে পারবেন—এই ব্যবস্থা স্কুল কোডে ছিল। সেটা সরকারী দপ্তরের মনঃপূত হয় নি। কেন শিক্ষা দপ্তর সরকারের প্রবর্তিত মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপর এতটা বিরূপ তা জানি না। কিন্তু আমরা জানি যে সরকারী দপ্তর থেকে স্কুল কোড সম্বন্ধে অনুমোদন আসে নাই। মাধ্যমিক শিক্ষা পর্ষদের ইচ্ছা ছিল একটা ডেভেলপমেন্ট স্কীম করা—যে ডেভেলপমেন্ট করতে হ'লে পশ্চিম বাংলার বিভিন্ন অঞ্চল পরীক্ষা ক'রে দেখতে হবে—কোথায় স্কুলের প্রয়োজন আছে, কোথায় স্কুল গড়ে উঠছে, কোথায় বা বেশি সংখ্যায় আছে,—সেগুলি দেখার প্রয়োজন ছিল। মধ্যশিক্ষা পর্ষদ থেকে তার সম্বন্ধে সুপারিশ সরকারী কর্তৃপক্ষের কাছে গিয়েছিল, কিন্তু সরকার সে সম্পর্কে সহযোগিতা করা দূরে থাকুক যাতে মধ্যশিক্ষা পর্ষদ এরকম কোন পরিকল্পনা রচনা না করতে পারে তারই চেষ্টা করেছেন। বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন এ্যাক্টএ ছিল—রেগুলেশনস যতদিন পর্যন্ত তৈরি না করতে পারবেন, সেই সময় পর্যন্ত কার্য পরিচালনার জন্য সরকারের শিক্ষা দপ্তর থেকে রুলস তৈরি ক'রে দেওয়া হবে। দুঃখের বিষয়, সরকার কোন রুলস তৈরি করলেন না। যে গ্রান্ট-ইন-এড রুলস ছিল তা কার্যকরী করা যেতে পারে নি। যখন সেই গ্রান্ট-ইন-এড রুলস পরিবর্তনের কথা মাধ্যমিক শিক্ষা পর্ষদ জানালো, তখন সরকারপক্ষ থেকে কোনরকম সহযোগিতা এল না। কাজে কাজেই সরকারের শিক্ষা দপ্তর মধ্যশিক্ষা পর্ষদের চেষ্টাকে প্রতি কার্যে ব্যাহত করেছে—একথা সরকারপক্ষ থেকে অস্বীকার করবার কোন উপায় নাই।

কিন্তু যে কারণে মধ্যশিক্ষা পর্ষদ সব চেয়ে জনসাধারণের অপ্রিয় হয়েছিল সে কারণটা হ'ল পরীক্ষার প্রশ্নপত্র বের হয়ে যাওয়ায় পরীক্ষা বিভ্রাট হওয়া। এ সম্বন্ধে জনসাধারণকে বিভ্রান্ত করা সহজ। কিন্তু যাঁরা এ সম্বন্ধে খোঁজখবর রাখেন তাঁরা জানেন যে এক্ষেত্রেও দেখা গেছে সরকারের অভিসন্ধি রয়ে গিয়েছিল বোর্ডকে ডিসক্রেডিটেড করবার জন্য—পর্ষদকে অপদস্থ করবার জন্য। বোর্ডের কিন্তু পরীক্ষা সম্বন্ধে কিছুই করবার ছিল না, পরীক্ষা সম্পর্কে সম্পূর্ণ দায়িত্ব ছিল—এক্সামিনেশন কমিটির। সেই এক্সামিনেশন কমিটির সদস্য এখানে একজন উপস্থিত আছেন—শ্রীকামিনীকুমার ঘোষ মহাশয়। আশা করি, তিনি বলবেন যে এক্সামিনেশন কমিটির মধ্যে কোন দুর্নীতি ছিল কি না। কিন্তু যতদূর আমরা জানি তাতে দেখা যায় যে মিঃ চন্দ এবং পর্ষদের কয়েকজন সদস্য মিলে যে অনুসন্ধান কমিটি করেন তাঁদের সেই অনুসন্ধানে জানা গিয়েছে যে এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী শ্রী এ, কে, মিত্র ব'লে যে একটি ভদ্রলোক ছিলেন তিনিই এ সমস্ত বিভ্রাটের জন্য দায়ী। কিন্তু সবচেয়ে আশ্চর্যের ব্যাপার হ'ল এই যে সেই এ, এন, মিত্র—যেই বোর্ড বাতিল হয়ে গেল, বাতিল হবার সঙ্গে সঙ্গেই, দেখা গেল রাতারাতি সেই এ, এন, মিত্র গভর্নমেন্টের একটা উচ্চপদে অধিষ্ঠিত হয়ে বসে আছেন। বোর্ডের প্রেসিডেন্ট যে এনকোয়ারী কমিটি করেছিলেন সেই এনকোয়ারী কমিটি থেকে যাকে পরীক্ষা বিভ্রাটের জন্য দায়ী সাব্যস্ত করা হ'ল, দেখা গেল তিনি সরকারের বিশেষ অনুগ্রহভাজন হয়ে পড়েছেন এবং শুধু তাই নয়, সরকার তাঁকে উচ্চপদে প্রতিষ্ঠিত করেছেন! এই ঘটনার ভিতর দিয়ে কি আমরা এই কথাই বুঝতে পারি না যে বোর্ডকে অপদস্থ করবার জন্য সরকারের শিক্ষা দপ্তর উঠে পড়ে লেগেছিলেন? সেই প্রশ্নপত্র ফাঁস করবার যে ষড়যন্ত্র চলেছিল সেই ষড়যন্ত্রের মধ্যে এ, এন, মিত্র মহাশয় ছিলেন এবং তাঁর সঙ্গে যে সংশ্লিষ্ট ছিল সরকারের শিক্ষা দপ্তরের লোক, একথা বলা অযৌক্তিক হবে না।

[9-50—10 a.m.]

বিশেষ করে শ্রী এন, এন, মিত্র সম্বন্ধে আমি কতকগুলো জিনিস দেখেছি। বোর্ডের যখন বাজেট আমাদের সামনে এসেছিল, তখন আমরা দেখেছিলাম যে, তাঁর নামে ৭০০ টাকা এ্যাডভান্স নেওয়া আছে। সে ৭০০ টাকার যখন আমরা বাজেট পেয়েছিলাম, সেটা তাঁর নেবার এক বছর পর। কিন্তু তখনও সে ৭০০ টাকা তাঁর কাছ থেকে রিকভার করা হয় নি।

আমার মনে হয় যে, এর পরেতেও বোধহয় সরকার তাঁর কাছ থেকে, সেই ৭০০ টাকা যেটা বোর্ড থেকে তিনি অগ্রিম নিয়ে গিয়েছিলেন, সেটা পুনরুদ্ধার করেন নি। কিন্তু এর উত্তর এত অনুগ্রহ কেন? অনুসন্ধান কমিটি প্রশ্নপত্র ফাঁস করে দেবার ও পরীক্ষা বিভ্রাটের সম্পূর্ণ অপরাধী করলেন, তাঁকে সরকার এত অনুগ্রহ দেখালেন কেন তা জানি না। সোজা কথা হচ্ছে যে, সে সময় সরকার অত্যন্ত ব্যতিব্যস্ত হয়ে পড়েছিলেন শিক্ষকদের আন্দোলনের ফলে। শিক্ষকরা দাবী জানিয়েছিল যে, মধ্যশিক্ষা পর্ষৎ শিক্ষকদের বেতনের যে হার সুপারিশ করেছেন, শিক্ষকদের জন্য মহার্ঘ-ভাতার যে সুপারিশ করেছেন, সেটা সরকারকে গ্রহণ করতে হবে। কিন্তু এক বছর নোটিস দেবার পর যখন সরকার আমাদের সমস্ত আবেদন-নিবেদন উপেক্ষা করে চললেন, তখন নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে একটা আন্দোলন তার জন্য গড়ে তোলার প্রয়োজন হয়েছিল। সে-সময় সরকার পক্ষ থেকে বোর্ড যাতে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের উপর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেন, সেজন্য চাপ পর্যন্ত দেওয়া হয়েছিল। কিন্তু বোর্ডের যাঁরা তখন সদস্য ছিলেন, তাঁরা শিক্ষকদের এই স্বাধীনতাকে তখন খর্ব করতে দিতে রাজী হন নি। সেজন্য বোর্ডের সঙ্গে অসহযোগিতা করে কোন চার্জ-সিট না দিয়ে, কোন ইনভেস্টিগেশন কমিশন না করে রাতারাতি একটা অর্ডিন্যান্স করে এই মধ্যশিক্ষা পর্ষৎকে বাতিল করে দেওয়া হয়েছিল। আজকে সেই নিজের সৃষ্ট মধ্যশিক্ষা পর্ষৎকে নিজেই গালাগালি করে অযোগ্যতার পরিচয় দিয়ে এই যে নূতন যুক্তি দাঁড় করাতে চেয়েছেন যে, সরকারের হাতে মধ্যশিক্ষা নিয়ন্ত্রণের কর্তব্য নিয়ে যাওয়া উচিত কিন্তু জাতীয় কল্যাণে তাকে কিছুতেই দাঁড় করান চলতে পারে না। এই হচ্ছে আমার বক্তব্য।

দ্বিতীয়, তিনি যে যুক্তি দিয়েছেন সেটার সম্বন্ধে বলব। অবশ্য মন্ত্রীমহাশয়ের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে, কিন্তু থাকলেও বলতে হবে যে, ইংলন্ডের ব্যাপার কিছু বলবার আগে খুব সাবধানে বলা উচিত। কারণ সেখানে লেখা জিনিস এবং বাস্তবে যা বলে তার মধ্যে অনেক তফাৎ আছে। সেখানে কনস্টিটিউশন, রাজা ইচ্ছা করলে সব কিছু করতে পারে, কিন্তু—

he must act according to the advice of the Minister.

অর্থাৎ কনভেনশন-এর উপর সেখানকার সমস্ত সংবিধানটা চলছে। শিক্ষা জগতেও কিন্তু সেই একই কথা। সেখানে রিটেন কনস্টিটিউশন, রিটেন ল্জ ইন এডুকেশন, ইংল্যান্ডে খুব কমই আছে এবং যা ২।৪টে কথা আছে সেটা যদি শুধু কথার অর্থ ধরে ব্যাখ্যা করতে যান তাহলে আমি বলতে বাধ্য হব যে, সেটা একটা মস্ত বড় অজ্ঞতার পরিচয় হবে। যেমন আমাদের শিক্ষামন্ত্রী তাঁর উদ্বোধনী বক্তৃতায় বলছেন যে, এ্যাক্ট অফ ১৯৪৪ দিয়ে বিলেতে বোর্ড অফ এডুকেশন তুলে দেওয়া হল। কিন্তু মন্ত্রীমহাশয় জানেন যে, বোর্ড অফ এডুকেশন বলে ইংলন্ডে কোনদিন কিছু ছিল না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Nonsense.

Sj. Satya Priya Roy:

উনি এটাকে ননসেন্স বলছেন, কিন্তু উনি আমার চেয়ে বয়সে বড় বলে তার উত্তর আমি দিচ্ছি না। দি এডুকেশন এ্যাক্ট অফ ১৯৪৪টা আমি এখানে নিয়ে এসেছি, কেন না, উনি ঐরকম একটা কিছু নিশ্চয় বলবেন এবং সেইরকম আশঙ্কাও আমার ছিল। বোর্ড অফ এডুকেশন বলতে যে জিনিসটা বোঝাত, সেটা হচ্ছে মিনিস্ট্রি অফ এডুকেশন। বাস্তবিক বোর্ড বলে সেখানে কিছু ছিল না—

Ministry of Education as the Board of Education in England.

শিক্ষা জগতে ইংলন্ড সরকারের বিশেষ কিছু করবার ছিল না, কারণ সেখানে পাবলিক স্কুলগুলো চলত ব্যক্তিগত দানের উপর এবং গ্রামার স্কুল বা এলিমেন্টারী স্কুল, যেগুলো সেগুলো স্থানীয় স্বায়ত্তশাসনমূলক যে প্রতিষ্ঠান আছে, তারাই পরিচালনা করত। কাজেই ইংলন্ডে শিক্ষা সম্পর্কে সরকার-পক্ষের বিশেষ কিছু করবার ছিল না। ১৯০০ সালে বোর্ড অফ এডুকেশন টার্মটা প্রথম এল। শিক্ষা সম্পর্কে পুরো একজন মন্ত্রী ইংলন্ডে রাখবার প্রয়োজনীয়তা ছিল না বলে মিনিস্টার অফ এডুকেশন যাকে বলা হত তাকেই প্রেসিডেন্ট অফ

দি বোর্ড অফ এডুকেশন বলা হত। এই হচ্ছে তার ডেজিগ্নেশন এবং বোর্ড বলে কোন জিনিসের অস্তিত্ব কোনদিন সেখানে ছিল না। সেখানে বোর্ডটা' ছিল 'মিনিস্ট্রি, মিনিস্টার ছিল তার হেড এবং তার সেক্রেটারী, আন্ডার-সেক্রেটারী এদের নিয়ে 'মিনিস্ট্রি, যাকে আমরা বলি, সেটাই ছিল সেখানে বোর্ড অফ এডুকেশন। কিন্তু তাঁরা কখনও মিট করেন নি। আমি যেখান থেকে পড়ছি সেটা হচ্ছে—

the Education Act of 1944—H. C. Dent, University of London Members Ltd.

থেকে ছাপান এবং দরকার হলে আমি চেয়ারম্যানের কাছে এটা দিয়ে দিতে পারি। ইংলন্ডের আইনগুলোর যখন ব্যাখ্যা করতে যাবেন, তখন মনে রাখবেন তার পেছনে আইন যেটুকু লেখা আছে তার চেয়ে অনেক বেশী কনভেনশন রয়েছে এবং সেগুলো জানা না থাকলে আইনের দু-পাতা পড়ে কখনও ইংলন্ডের কনস্টিটিউশন নর ইটস এডুকেশনাল সীস্টেম জানা যেতে পারে না। আমি রেলিভেন্ট পোর্শন পড়ে শোনাচ্ছি। এতে আছে—

From 1900 when the Board of Education was established until 1944 the Minister was styled the President of the Board of Education though in fact the Board never met.

১৯০০ সাল থেকে ১৯৪৪ সাল পর্যন্ত বোর্ড কখনও মিট করেন নি এবং বোর্ডের কোন অস্তিত্বই ছিল না। এখানে পরিস্কারভাবে তাই লিখে দিচ্ছে—

...........And his responsibility to Parliament and the public was superintendence of certain matters relating to education in England and Wales.

এই সামান্য ক্ষমতার জন্য কোন মন্ত্রী রাখার তখন প্রয়োজন হয় নি। কাজেই ১৯০০ সাল থেকে ১৯৪৪ সাল পর্যন্ত শিক্ষামন্ত্রী বলে ইংলন্ডে কেউ ছিলেন না। শিক্ষামন্ত্রীকে সেখানে বলা হত প্রেসিডেন্ট অফ দি বোর্ড অফ এডুকেশন এবং তার জন্য যে ডিপার্টমেন্ট ছিল তাকে বলা হ'ত বোর্ড অফ এডুকেশন। সেজন্য আমাদের এই পর্ষৎ বলতে যে জিনিস বোঝায়, সেরকম পর্ষৎ বা বোর্ড অফ এডুকেশন সেটা নয়, দ্যাট ইজ ওনলি দি মিনিস্ট্রি অফ এডুকেশন। কিন্তু তখন সে নাম দেবার প্রয়োজনীয়তা ছিল না, কারণ ক্ষমতা খুব সীমাবদ্ধ ছিল, শুধু—

Superintendence of certain matters relating to education in England and Wales.

কাজেই মন্ত্রীমহাশয় হঠাৎ উৎফুল্ল হয়ে উঠলেন যে, ইংল্যান্ড-এর এ্যাক্ট অফ ১৯৪৪-এ বোর্ড তুলে দেওয়া হল বলে উনিও এ্যাক্ট অফ ১৯৫৭-এ বোর্ড তুলে দেবার জন্য প্রচেষ্টা করছেন। কিন্তু সেখানে বোর্ড বলতে কি বোঝাত, বোর্ডের কি ক্ষমতা ছিল, বোর্ড কারা, সে সম্পর্কে মন্ত্রীমহাশয় বাস্তবিক কোনরকম জানবার প্রয়োজনীয়তা অনুভব করেন নি। বাস্তবিক আমরা যেরকম মধ্যশিক্ষা পর্ষৎ চাই সেটা আজকের দিনে মন্ত্রীমহাশয় বলেছেন এ্যানাক্রোনিজম। কিন্তু সেটা আজকের দিনে এ্যানাক্রোনিজম নয়। ইংলন্ডের শিক্ষা-ব্যবস্থায় বোর্ডের কোনরকম স্থান ছিল না। কারণ সেখানকার শিক্ষা-ব্যবস্থা পরিচালিত হত পাবলিক স্কুলস-এর যে হেড-মাস্টার এ্যাসোসিয়েশন আছে, তারাই সেখানকার নিয়ম-কানুন তৈরী করতেন এবং ইউনিভার্সিটী সিলেবাস অনুযায়ী তাঁরা ছাত্র-ছাত্রীদের তৈরী করে দিতেন। এ-ছাড়া এলিমেন্টারী স্কুল বা গ্রামার স্কুল যা ছিল, তা সমস্ত কাউন্টী কাউন্সিলস বা বোরো কাউন্সিল-এর হাতে পরিচালনার ভার ছিল। কাজেই সেখানে বোর্ডের প্রয়োজন কোনদিন ছিল না। মন্ত্রীমহাশয় ইংলন্ডের কথা বিকৃতভাবে বললেন যে, প্রেসিডেন্ট অফ দি বোর্ড অফ এডুকেশন হলেন হি ওয়াজ মিনিস্টার অফ এডুকেশন এবং সেই ১৯৪৪-এর এ্যাক্ট-এর উপর ভর করে অনেক বেশী দায়িত্ব নিয়ে দেখালেন যে, একজনকে পুরো মন্ত্রী করে না দিলে আধা-মন্ত্রী বা পোয়া-মন্ত্রী করে রাখলে শিক্ষার দায়িত্ব কারুর পক্ষে নেওয়া সম্ভবপর নয়। অর্থাৎ সেই কারণেই প্রেসিডেন্ট অফ দি বোর্ড অফ এডুকেশন নামটা বদলে তাকে বলা হল মিনিস্টার অফ এডুকেশন এবং বোর্ড অফ এডুকেশন-এর নামটা বদলে মিনিস্টার অফ এডুকেশন হল।

[10—10-10 a.m.]

মন্ত্রীমহাশয় এডুকেশন এ্যাক্ট অফ ১৯৪৪-এর কথা বলেছেন। কিন্তু আজকে এতবড় একটা প্রতিক্রিয়াশীল আইন আনবার সময় পাশাপাশি দুটোর উল্লেখ যে উনি কি করলেন তা আমি জানি না। এই এ্যাক্ট অফ ১৯৪৪-এর পরে সরকার পক্ষ থেকে সমস্ত ইংল্যান্ড-এর ১৫ বছর পর্যন্ত ছেলে-মেয়েদের আবশ্যিক এবং অবৈতনিক করে দিলেন। শুধু তাই নয়, ২০ বছর পর্যন্ত ছেলে-মেয়েদের জন্য তাঁরা সেখানে মিড-ডে মিল-এর ব্যবস্থা করলেন এবং এর সম্পূর্ণ খরচ সরকার দেবেন বলে ঘোষণা করে দিলেন। এই এডুকেশন এ্যাক্ট অফ ১৯৪৪-এর রূপ দিতে গিয়ে ইংলন্ডের সরকারের খরচ করতে হ'ল ৩৫০ মিলিয়ন পাউন্ডস, প্রায় ৩৭০ কোটি টাকার মতন কিংবা তার চেয়ে বেশী ৪০০ কোটি টাকার মতন। আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সারা ভারতবর্ষে শিক্ষার উন্নয়নের জন্য ৩০০ কোটি টাকার ব্যবস্থা হয়েছে। কাজেই সেখানে শিক্ষা-ব্যবস্থা পরিচালনায় অংশীদার হিসাবে সরকারের দায়িত্ব নূতন করে দেখা দিল। সরকার সেখানে কর্তা হিসাবে এলেন না, এলেন অংশীদার হিসাবে। এতদিন পর্যন্ত শুধু বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, লোক্যাল কাউন্টী কাউন্সিল এবং বোরো কাউন্সিলস ছিলেন অংশীদার, কিন্তু সেখানে নূতন করে সরকারকেও অংশীদার হিসাবে নেওয়া হল। সরকারকে অংশীদার হিসাবে নিতে গিয়ে ইংলন্ডের লোক শিক্ষার স্বাধীনতাকে কত বড় মূল্য দেয় সেটা বিচার করে দেখবার দরকার আছে। যেখানে সরকার থেকে ঘোষণা করা হল যে, সম্পূর্ণ খরচের শতকরা ৬৬ ভাগ দেবে সরকার; আর শতকরা ৩৪ ভাগ দেবে কাউন্টী কাউন্সিলস বা বোরো কাউন্সিলস, সেখানেও কিন্তু সরকারের কর্তৃত্ব ইংলন্ডের লোক কখনও স্বীকার করে নি। এই এ্যাক্ট অফ ১৯৪৪-তে যখন অংশীদার হিসাবে সরকারকে নেওয়া হল, তখন তার বিরুদ্ধে অনেকগুলো রক্ষা-কবচ করে রাখা হল। প্রথমত, রক্ষা-কবচ হিসাবে যা রাখা হল সেটা হল কন্সালটেটিভ কমিটিজ। এই কন্সালটেটিভ কমিটিজ আগে ছিল, কিন্তু এর আগে ছিল এই ব্যবস্থা যে, কন্সালটেটিভ কমিটিগুলো শুধু সেই সম্পর্কে সরকারকে পরামর্শ দিতে পারবে, যে সম্পর্কে সরকার তাঁদের কাছে পরামর্শ চাইবে। সেজন্য এই এডুকেশন এ্যাক্ট অফ ১৯৪৪-এ কন্সালটেটিভ কমিটিজ ক্ষমতা অনেক বাড়িয়ে দেওয়া হল এবং বলা হল যে, এই কমিটি যে-কোন ব্যাপারে প্রয়োজন মনে করলে তারা সরকারকে পরামর্শ দিতে পারবে। এই কন্সালটেটিভ কমিটির কতকগুলো ব্যবস্থা স্মরণীয়, যেমন হ্যাডো কমিটি। জনসাধারণের মধ্যে হ্যাডো কমিটি বলে যা পরিচিত, সেটা হল ঐ কন্সালটেটিভ কমিটি। এটা ছিল এ্যাক্ট অফ ১৯৪৪-এর আগে। কিন্তু এই এ্যাক্ট অফ ১৯৪৪-এর আইন করবার আগে কি কি পরিবর্তন দরকার সে সম্পর্কে সুপারিশ করবার জন্য সরকার এই হ্যাডো কমিটির মত চেয়েছিলেন। এই হ্যাডো কমিটি যে রিপোর্ট দিয়েছিলেন, সেটা একটা মনুমেন্টাল রিপোর্ট বলে পৃথিবীতে চিরকাল শিক্ষার ইতিহাসে গ্রাহ্য হয়ে থাকবে। শুধু কন্সালটেটিভ কমিটি সব ব্যাপারেই পরামর্শ দিতে পারত, তা নয়, এ-ছাড়াও সরকারের উপর আরও অনেকগুলি বাধ্যবাধকতা আরোপ করা হল। প্রথমত, যে-কোন রুল এই এ্যাক্ট অনুযায়ী সরকার করবেন সেই রুলসগুলো পার্লামেন্টের দুটো হাউসে দিতে হবে এবং যে-কোন হাউসের অধিকার থাকবে ৪০ দিনের মধ্যে যে-কোন রুল বাতিল করে দেবার। অথচ এই অধিকার থেকে আমাদের এই সরকার সর্বক্ষেত্রে, বিধান-সভা এবং বিধান-পরিষদকে বঞ্চিত করে যাচ্ছেন। এই রুলসগুলো কখনও এ্যাসেম্বলী বা কাউন্সিলের বিবেচনাধীনের জন্য তাঁরা রাখেন নি; বা এই রুলসগুলো সম্পর্কে আলোচনা করবার অধিকার পর্যন্ত এই কাউন্সিলে বা এসেম্বলীতে দেওয়া হয় নি। এ-ছাড়া আমরা দেখছি যে, এটা একটা পার্টনারশিপ বিজিনেস হল। সেজন্য সরকারকে আমরা বলব যে, এত কোটি টাকা যারা খরচ করবে, তাদের শুধু একটা মাইনর পার্টনার হিসাবে নেওয়া হল। এখানে মেজর পার্টনার হচ্ছে—
teachers and those County Councils and Borough Councils. Education in England—The national system, how it works, by W. B. Alexander, who was the President of the Association of Educational Committee—
যার লেখা বইটা প্রয়োজন হলে মন্ত্রীমহাশয়কে আমি পাঠিয়ে দেব। এখানে তিনি বলছেন—

"We believe in the distribution of power. It has been said that the best safeguard for democracy is to ensure that a mad man coming to power cannot

rule the people and so on" আবার তিনি বলেছেন "in England the power of the Minister is limited. The Education Act itself creates local educational authorities and governing bodies and determines in broad terms their respective functions, thus securing that the power is appropriately distributed. Nor must we forget that in England there exist many educational institutions which are properly described as independent".

কাজেই এখানে পরিষ্কার বুঝতে পারবেন যে, মন্ত্রীমহাশয় যে-কথা বলেছেন তার অর্থ এই যে, ওঁরা যখন একবার জনগণের দ্বারা নির্বাচিত হয়ে মন্ত্রীর আসনে বসে গেছেন, তখন জনগণ তাদের সমস্ত ক্ষমতা তা সমস্তই মন্ত্রীদের হাতে তুলে দিয়েছেন এবং সে ক্ষমতা আর জনসাধারণের মধ্যে বিকেন্দ্রীকরণ করবার প্রয়োজনীয়তা নেই। তিনি জোর করেই বলেছেন যে, ডেমোক্রেসীর যুগে অটোনমাস বডির আর কোন স্থান নেই। আমার মনে হয় মন্ত্রীমহাশয় বোধ হয় এর পরে একটা বিল আনবেন, যে বিলের দ্বারা ইউনিভার্সিটীর যে স্বাতন্ত্র্য আছে তা খর্ব করে দেবেন। অথবা এমন বিল আসবে যাতে ক্যালকাটা কর্পোরেশন বা অন্যান্য মিউনিসিপ্যাল সেল্ফ-গভর্নিং অটোনোমাস বডীজ্—আছে, সেগুলোও বাতিল হয়ে যাবে। কারণ এটাই হচ্ছে মৌলিক নীতির প্রশ্ন। বাস্তবিক যদি এই হাউসের ক্ষমতা থাকতো এবং আমাদের যথেষ্ট সদস্য-সংখ্যা থাকতো, তাহলে এই সম্পর্কে আমরা একটা অনাস্থা প্রস্তাব উত্থাপন করতাম। আর এই কথা জানাতে চাইতাম যে, গণতন্ত্রের সমস্ত ক্ষমতা শুধু শাসন চালাবার অধিকার যারা পেয়ে গেছেন, তাঁদের নয় সেল্ফ-গভর্নিং অটোনোমাস ইনস্টিটিউশন-এর এই ক্ষমতা থাকবে। এটাই মৌলিক একটা নীতির কথা। কিন্তু তাঁদের ঐ যদি মৌলিক নীতি হয়ে থাকে তাহলে আমার মনে হয় যে, ঐ মৌলিক নীতির উপর ভিত্তি করে এই সরকার জনগণের আস্থাভাজন কি না সে সম্পর্কে একটা অনাস্থা এনে সেটা আলোচনা করা দরকার। যাই হোক, আমি যে পার্টনারশিপ-এর কথা বলেছি, সেই পার্টনারশিপ সম্বন্ধে এখানে একটু পড়ে শোনাচ্ছি। এতে আছে—

to understand and to accept the significance of the principle of distribution of power is perhaps the first step to appreciate it—the English system of education.

কাজেই কি করে বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে, ক্ষমতাকে ভাগ করে দেওয়া হয়েছে, সেটা বোঝাই হচ্ছে ইংলন্ডের শিক্ষা-ব্যবস্থার গোড়ার কথা। এই গোড়ার কথা স্বীকার করে মন্ত্রীমহাশয় বলেছেন যে, তাঁদের রাজত্বে গণতন্ত্র হচ্ছে ডিস্ট্রিবিউশন অফ পাওয়ার্স, দ্যাট ইজ এ্যানাক্রোনিজম এবং সেটা নাকি যুগের অনুপযোগী। কাজেই এখানে বলছি যে, সেই ডিস্ট্রিবিউশন অফ পাওয়ারটা কি করে করা হচ্ছে সেটা বোঝাই হচ্ছে শিক্ষা-ব্যবস্থার গোড়ার কথা। অর্থাৎ

the corollary is of course the importance of co-operation in such a situation. The Ministry of Education, the local educational authorities and the teaching profession constitute the main partners in the national system.

[10-10—10-20 a.m.]

কাজেই অংশীদার হিসেবে সরকারের ক্ষমতা কতটা সীমাবদ্ধ, সেটাও আমি আপনার কাছে বলছি। এই ডেভেলপমেন্ট প্ল্যান করবার ক্ষমতা সরকারের হাতে রাখা হয়েছে। এই যে শিক্ষা উন্নয়নের পরিকল্পনা, বিভিন্ন অঞ্চলে কি রকমভাবে শিক্ষার উন্নতি করা হবে, তার ক্ষমতা সম্পূর্ণভাবে রেখে দেওয়া হয়েছে, এই লোক্যাল এডুকেশন অথরিটির কাছে—

perhaps the most important statutory provision in the Education Act of 1944 was that requiring the local education authorities to submit development plan in which it was intended there should be set up all schools in that area. What alterations were proposed to be made of existing schools to meet modern requirements, what new schools were proposed to be built with some indication of the time of the building proposals........

উনি বলেছেন সমস্ত গণতান্ত্রিক ক্ষমতা বন্টন করে আমাদের হাতে দিয়ে দিয়েছেন। অতএব ওঁর অংশীদারের দরকার নাই। আমরা সমস্ত ক্ষমতা নিয়ে আসব, ওদের হাতে আর এমন ক্ষমতা ছেড়ে দেব না।

তারপর দেখুন, কতটা ক্ষমতা লোক্যাল এডুকেশন অথরিটির হাতে এখানে আছে। তারা ইচ্ছা করলে এই সরকারী কর্তৃপক্ষকে উপেক্ষা করে চলতে পারে না। এইটুকু স্বাধীনতা পর্যন্ত তাদের আছে! তা পড়ে শোনাচ্ছি—

(A VOICE: Nonsense.)

মাননীয় মন্ত্রীমহাশয়, এই যে ননসেন্স বললেন, তিনি না জেনেও যদি আগে থেকে তার সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে, আমি জানি, এখানে যা-কিছু বলা হচ্ছে, সেটা অরণ্যে রোদনেই পর্যবসিত হবে। কাউন্সিলে যখন আলোচনা হচ্ছে, তখন এটা ডিসপেশনেটলী আলোচনা করা হবে এটাই ঠিক হয়েছিল। কাজেই বিরোধী পক্ষ থেকে যে-সমস্ত কথা বলা হচ্ছে, তা যথেষ্ট গুরুত্ব দিয়েই শোনা হবে বলে আশা করা গিয়েছিল। কিন্তু মন্ত্রীমহাশয় পূর্ব থেকেই দেখছি আমরা যা-কিছু বলছি, তাতে ননসেন্স বলছেন ও অন্যান্য শব্দ ব্যবহার করছেন। তিনি বয়সে আমার বড় বলে, তার প্রত্যুত্তর থেকে আমি বিরত থাকছি। তারপর লোক্যাল এডুকেশন অথরিটীজ সম্পর্কে বলা হচ্ছে, আমি কয়েক লাইন আগে থেকে পড়ছি তা না হলে ঠিক বুঝতে পারবেন না—

In fact the Government of the day could be challenged.

লোক্যাল এডুকেশন অথরিটীর পক্ষ থেকে সরকারী কর্তৃত্ব চ্যালেঞ্জ করতে পারবে।

It is important to recognise this fact because it is the qualification which must make any Minister consider very carefully indeed before taking any extreme action against local education authority. Let it be said at once that so far no proceedings of this kind have ever been taken or proposed to be taken by a Minister of Education. A recent case arose in which a particular local education authority did in fact refuse to operate a direction of the Minister. The facts were such that the associations of the local education authorities and the associations of the teachers were at one with the Minister in recognising that the authority was wrong but even in these circumstances the Minister was not prepared to use the ultimate powers vested in him. How much greater would be the hesitation of a Minister if ranged against him was the national association of teachers and local education authorities coming together in the interest of the particular authority concerned.

কাজেই এখানে, যেখানে পরিষ্কার দেখা যাচ্ছে একটা লোক্যাল এডুকেশন অথরিটী সরকারী নির্দেশকে উপেক্ষা করছে, সেখানে সরকার শিক্ষার স্বাধীনতা বজায় রাখবার জন্য তাদের উপর হস্তক্ষেপ করতে অগ্রসর হচ্ছেন না। এই যে ব্যালেন্স অফ পাওয়ার, ডিস্ট্রিবিউশন অফ পাওয়ার, ইংল্যান্ডের শিক্ষা-জগতে একটা ঐতিহ্য। সেটা সেখানে টেনে নিয়ে যেতে বলছি না। ইংল্যান্ডের শিক্ষানীতি একরকম ক্রমবিবর্তনের ভেতর দিয়ে গড়ে উঠেছে, আর আমাদের এখানে আর একরকম ক্রমবিবর্তনের ভেতর দিয়ে গড়ে উঠেছে। কিন্তু ইংল্যান্ডে এখনো শিক্ষার স্বাধীনতা রয়েছে। ইংল্যান্ডের সরকার ৩৫০ মিলিয়ন পাউন্ড খরচ করছেন প্রতি বৎসর এই শিক্ষার উন্নয়নের জন্য। অথচ সেখানে সরকারী কর্তৃত্বের দিক থেকে তাঁরা কত সামান্য অংশ দখল করে আছেন তা আমার উপরের উদ্ধৃতি থেকে বোঝা যায়। কাজেই [illegible] যে উদাহরণ দিয়ে বলেছেন, ইংল্যান্ডে ডেমোক্রেসী নাই, ইংল্যান্ড যা করেছে, তা গণতন্ত্রসম্মত নয়, এটা সত্য নয়। ইংল্যান্ড যা করেছে মন্ত্রীমহাশয় হয়ত সেটা বুঝতে পারেন নি। ইংল্যান্ড শিক্ষা বোর্ডকে মিনিস্ট্রি অফ এডুকেশন-এর মর্যাদা দিয়েছেন, প্রেসিডেন্ট অফ দি বোর্ড অফ এডুকেশনকে এই মর্যাদা দিয়ে এত বড় দায়িত্ব সরকার নিয়েছেন, মিনিস্ট্রি অফ এডুকেশন করেছেন তাঁকে। কাজেই তার উপর ভিত্তি করে আমাদের মন্ত্রীমহাশয় যে দাঁড় করিয়েছেন একটা স্বতন্ত্র মধ্যশিক্ষা পর্ষৎ, সেইরকম স্বতন্ত্র মধ্যশিক্ষা পর্ষৎ এই গণতন্ত্রের যুগে অচল। তাঁরা গণতন্ত্র কারো সঙ্গে অংশীদার হিসেবে ভোগ করতে পারেন না, সমস্ত ক্ষমতা মন্ত্রীরা নিজেদের হাতে নিয়ে নেবেন, এইসব যুক্তি অচল। সেখানে দেখছি ডিস্ট্রিবিউশন অফ পাওয়ারস করেছেন, ব্যালান্স করবার জন্য যাতে কোন ম্যাড ম্যান পাওয়ার-এ এসেও ইচ্ছে করলেই শিক্ষা-জগতে কোন বিপর্যয় আনতে পারবেন না।

কিন্তু আমাদের শিক্ষা-দপ্তরের মন্ত্রীমহাশয় ইতিমধ্যেই উন্মাদের মত কাজ আরম্ভ করেছেন। শিক্ষা-ব্যবস্থা যা ছিল, তা সমস্ত বিপর্যস্ত করে ফেলেছেন, যদিও এখন পর্যন্ত সেকেন্ডারী এডুকেশন এ্যাক্ট প্রচলিত আছে। যদিও এখনো সমস্ত ক্ষমতা সরকারের কর্তৃত্বে চলে আসে নাই, তথাপি সরকার এই বোর্ডের সঙ্গে কোন প্রকার পরামর্শ না করে যেভাবে একটা নূতন মধ্যশিক্ষা পর্ষৎ গড়ে তোলবার জন্য সমস্ত শিক্ষা-ব্যবস্থাকে বিপর্যস্ত করে অগ্রসর হয়েছেন, তাতে তাঁদের নিন্দা না করে পারা যায় না। বিদ্যালয়গুলি জানে না কখন কি পড়াতে হবে, বিদ্যালয়গুলি জানে না, কখন তাদের বছর শেষ হবে, কখন আরম্ভ হবে; বিদ্যালয়গুলি জানে না কোন্ পাঠ্য-পুস্তক পড়াতে হবে, বিদ্যালয়গুলি জানে না কখন কয়টা পরীক্ষা ছাত্রদের দিতে হবে, বিদ্যালয়গুলি জানে না কিরকম শিক্ষক প্রয়োজন। শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন হায়ার সেকেন্ডারী স্কুল-এ ইলেকটিভ সিটি সাবজেক্ট পড়াবার জন্য ট্রেইন্ড গ্রাজুয়েটস, অনার্স গ্রাজুয়েটস হলেই হবে। এটা মন্ত্রীমহাশয় জানেন না যে, মধ্যশিক্ষা পর্ষৎ থেকে সার্কুলার চলে গেছে যে, সেকেন্ড ক্লাশ এম-এ, বি-টি চাই এই ইলেকটিভ সিটী সাবজেক্ট পড়াবার জন্য। তাঁর উত্তরের মধ্যে দেখা যাচ্ছে এই সম্পর্কে তিনি মোটেই কোন খোঁজ-খবর রাখেন না। তাঁর দপ্তর একজন ডিরেক্টর-এর দ্বারা পরিচালিত হয়। মন্ত্রী-মহাশয় শুধু সই করে দেন। এই হচ্ছে তাঁর বিরুদ্ধে আমাদের অভিযোগ। শিক্ষা-জগতে তিনি একটা শনিগ্রহ। তিনি অপরিকল্পিতভাবে চালিয়ে নিয়ে শিক্ষাকে একটা বিপর্যয়ের মুখে দাঁড় করিয়েছেন। আজ মন্ত্রীমহাশয় এই আইনের দ্বারা সমস্ত ক্ষমতা তাঁর হাতে তুলে দেবার ব্যবস্থা করছেন।

Mr. Chairman: You have already taken 45 minutes.

Sj. Satya Priya Roy: I have yet to deal with the Mudaliar and the Dey Commissions. But I shall try to finish as quickly as possible.

Mr. Chairman: If you desist from quotations, you will be much quicker.

Sj. Satya Priya Roy:

তারপর, মন্ত্রীমহাশয় মুদালিয়র কমিশন এবং দে-কমিশনের কথা উল্লেখ করেছেন। মুদালিয়র কমিশন ও দে-কমিশনের রিপোর্ট মন্ত্রীমহাশয় ভাল করে বোধ হয় পড়ে দেখেন নি। তা না হলে সেই রিপোর্ট সম্পর্কে কোন কথা বললে তিনি ননসেন্স বলবেন কেন? মুদালিয়র কমিশন নাকি বলেছেন বোর্ড এ্যাডভাইসরি হবে। মাননীয় মন্ত্রীমহাশয় যখন বক্তৃতা দিচ্ছিলেন, তাতে তিনি এ-কথ বলেছেন। কোথায় এ-কথা আছে তিনি কি দয়া করে আমাদের দেখাবেন? তা তিনি দেখাতে পারবেন না। ভবিষ্যতে আশা রইল দেখাবেন। কৃষ্ণকুমার চ্যাটার্জী মহাশয় বললেন, স্পষ্ট কোন কথা না থাকলেও বাই ইমপ্লিকেশন-এ আছে। আমি বই থেকে পড়ে শোনাচ্ছি—

functions of the Board........... (Mudaliar Commission, page 183)...........
"The Board will be generally responsible for the following matters: To frame conditions for recommendation to appoint committees of experts, to frame courses of study on the recommendation of the expert committee, to draw up panels of question paper setters, to frame rules prescribing minimum rates for selection of examiners and so on".

এই জেনারেলী এগুলি হবে রেসপন্সিবিলিটিজ অফ দি বোর্ড। কাজেই এখানে পরিষ্কার দেখা যাচ্ছে বোর্ড একটা দায়িত্বশীল প্রতিষ্ঠান—

[10-20—10-30 a.m.]

যে উপদেষ্টা মাত্র, তার পক্ষে বলা চলে না যে, এই সংস্থার সমস্ত দায়িত্ব থাকবে। এখানে যে মুহূর্তে বলা হয়—

The Board will generally be responsible for the following matters

আমার এখানে জিজ্ঞাস্য হচ্ছে—এই মুদালিয়র কমিশন এবং দে কমিশনএর যে সুপারিশ, তা সবই এখানে রক্ষিত হয়েছে কি? এই মুদালিয়র অ্যান্ড দে কমিশনএর যে গঠনতন্ত্র আছে তাতে চীফ ইন্সপেক্টর অব উইমেন্স এডুকেশনএর কোন কথা নেই। এই যে মুদালিয়র অ্যান্ড দে কমিশনএর সুপারিশ মেনে নেওয়া হয়েছে তিনি বলেন, সেখানে কোন ইন্সপেক্টরের স্থান দেওয়া হয়েছে কি? দে কমিশন ডেফিনিটলি বলেছেন—

The Board will act as a check upon the officials of the Government.

সেখানে এই বোর্ডএ ইন্সপেক্টরএর স্থান দেবার কি যৌক্তিকতা আছে তা বুঝতে পারছি না। এবং এই বিলে অনেক জায়গাতেই দে কমিশন যা বলেছেন এবং মুদালিয়র কমিশন যা বলেছেন তা রক্ষিত হয় নি। আমার যে অ্যামেন্ডমেন্ট আছে আমি সেখানে সেটা দেখিয়ে দেব। সময় যখন কম, এখানে তা দেখাবার চেষ্টা করব না। এর পরে বাংলার যে ট্র্যাডিশন, সেই ট্র্যাডিশন সম্বন্ধে দু'-একটি কথা বলা উচিত। সেই ট্র্যাডিশন হচ্ছে ট্র্যাডিশন অব ইন্ডিপেন্ডেন্স। স্যার আশুতোষ যা বলেছিলেন- ফ্রীডম ফার্স্ট, ফ্রীডম সেকেন্ড অ্যান্ড ফ্রীডম লাস্ট—আমার মনে হয়, শিক্ষাক্ষেত্রে সেটা আরও বিশেষভাবে প্রযোজ্য। তাই বাংলাদেশে যেসব শিক্ষা-প্রতিষ্ঠান আছে তাতে শিক্ষক ও ছাত্রদের স্বাধীনতা দিতে হবে। আমাদের বাংলাদেশে ১৮৫৭ খ্রীস্টাব্দে যখন কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হ'ল তারপর থেকে আজ পর্যন্ত শিক্ষাক্ষেত্রে আমরা সেই স্বাধীনতা উপভোগ ক'রে এসেছি। আজ এই বোর্ডএর নামে সেই স্বাধীনতা হ্রাস করার যে আয়োজন করা হচ্ছে তাকে আমি রিট্রোগ্রেড স্টেপ ব'লেই মনে করি। তার কারণ শিক্ষার উদ্দেশ্য হচ্ছে, স্বাধীন ভারতে ভাল নাগরিক যাতে সৃষ্টি করতে পারি, কিন্তু এই বিল যেভাবে রচিত হয়েছে তাতে শিক্ষকরা হবে ক্রীতদাস এবং তার ফলে আমাদের ছাত্রছাত্রীরা স্বাধীন মানুষ বা নাগরিক হবে না, তাতে তৈরি হবে কতকগুলি ক্রীতদাস। এই কথাটা আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে ভেবে দেখতে বলি। আমি অবশ্য জানি শিক্ষামন্ত্রিমহাশয়ের অনেক অসুবিধা আছে, গত পাঁচ বৎসরের মধ্যে শিক্ষাবিভাগের কোন সন্ধানই তিনি রাখেন না। তার ফলেতে শিক্ষাবিভাগের যেসমস্ত কর্মচারী আছে, সেইসমস্ত কর্মচারীদের পরামর্শ ও নির্দেশমতই তিনি চালিত হচ্ছেন। আমি জানি তিনি ভাল লোক, তাঁর উপর আমার বিশ্বাস আছে। এ বিল সম্পর্কে আমরা যেসমস্ত কথা বলেছি, যেসব পয়েন্ট তুলেছি, তা তিনি মনোযোগ ও সহানুভূতি দিয়ে বিচার করবেন এবং যেগুলি বাস্তবিকই গ্রহণযোগ্য সেগুলি গ্রহণ ক'রে তা কার্যে পরিণত করবেন এবং যুক্তিসঙ্গত অ্যামেন্ডমেন্টগুলি অ্যাকসেপ্ট ক'রে বোর্ডকে অটোনমাস করবার চেষ্টা করবেন।

আর সামান্য দু'-একটি কথা ব'লেই আমি শেষ করব। এই যে পুরানো বোর্ডএর বিরুদ্ধে যেসব অভিযোগ আনা হয়েছে, সেগুলি সত্য কিনা সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কাগজপত্র দৃষ্টে বিচার ক'রে দেখুন। আরও অনুরোধ করব, দুটো ইনস্টিটিউশনস -ইতিশ্যা ও পানিওর—এ দুটো স্কুল সম্বন্ধে যে অন্যায় হস্তক্ষেপ সরকার করেছিলেন সে সম্বন্ধে তিনি অনুসন্ধান করবেন—এই সনির্বন্ধ অনুরোধ করছি। সুপারসিডেড বোর্ডএর নামে যেসব অভিযোগ আনা হয়েছে তাতে মনে হয় -ইংরেজীতে যে প্রবাদ আছে—

give the dog a bad name and then hang it.

সেই প্রবাদের অনুকরণ করা হয়েছে। এইসব অভিযোগ সম্বন্ধে ন্যায়বিচার করবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। যেন জনসাধারণকে অভিযোগ করার স্কোপ না দেন যে—টির‍্যান্টস এভার ওয়ান্ট এ প্লী। অর এখানে যেসব অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এই বিল সম্বন্ধে সেগুলি বিবেচনা ক'রে এবং যে যে সাজেশনস দেওয়া হয়েছে তা অ্যাকসেপ্ট ক'রে মাননীয় মন্ত্রিমহাশয় আশা করি এমন একটা বিল আনবেন যাতে শিক্ষার উন্নয়ন হবে এবং আমাদের দেশের অনগ্রসর শিক্ষাকে এমন পর্যায়ে নিয়ে যাবেন না যাতে আরও বিশৃঙ্খল হবে [illegible] এবং যাকে প্রতিহত করতে হয়তো দেশে একটা আন্দোলন গ'ড়ে উঠবে। যাতে জনসাধারণের মধ্যে সেই বিরুদ্ধ আলোড়ন না উপস্থিত হয়, আশা করি মন্ত্রিমহাশয় সেই পন্থা অবলম্বন করবেন।

Sj. Krishna Kumar Chatterjee: Mr. Chairman, Sir, with a heavy heart I rise to join issue on the motion of circulation before the House with some of my friends in the Opposition for whom I entertain high esteem as

persons who have attained high position of honour and dignity in the field of education. Sir, at the outset I must congratulate our Education Minister for having created a significant precedent by introducing in this House a very important Bill, a Bill which may make a history about the future of the State. It is essential, therefore that the deliberation of this Bill in this House should reflect the wisdom and sagacity of our legislators. We should not forget that the fundamentals of freedom are to be inherent in the system of education that develops normally in a free and democratic country. Sir, I will just refer to what James Madison said many years ago regarding U.S.A. which holds good in our country also. He said "A popular Government without popular information or the means of acquiring it is but a prologue to a farce or tragedy or perhaps both. Knowledge will for ever govern ignorance, and the people who mean to be their own governors must arm themselves with the power that knowledge gives". Here I shall not end there, but I shall further add to this by taking the words from the Report of the Mudaliar Commission. It says: "We should however like to add that it is not only knowledge that is required, but also the right kind of social training and the inculcation of right ideals without which knowledge by itself may be sterile or worse. Training for democracy postulates a balanced education in which social virtues, intellectual development and practical skill all receive due consideration and the pattern of such an education must be envisaged on an all-India basis". The present Bill has been conceived on the basic principle underlying the above ovservations mentioned by me. It is a great misfortune, Sir, that some reputed professors and a few gentlemen representing the teaching profession in this House shall be carried away by considerations other than the educational uplift of this unhappy State held in cultural bondage for decades by a ruthless and alien Government now striving hard for the establishment of a democractic form of life through a system of education suited to its genius and tradition. My good friends over there, I make bold to assert on the floor of the House, have missed the fundamentals of the Bill in their hasty search for convenient phrases just to condemn the Educational Minister and his Department.

[10-20—10-30 a.m.]

Professor Bhattacharyya at least was very unfair to him by demanding his resignation on trifling matters. I am sorry Professor Bhattacharyya is not here at the moment. It is a mystery to me, Sir, that a level-headed and balanced gentleman like him with all round polished behaviour should thus completely lose himself in riotous thinking on issues which deserve a sober and rational approach. Professor Bhattacharyya and his other friends have conveniently overlooked the glaring and robust fact that the Bill in its present form has been placed before the House by a person who was, by a significant historical coincidence, the noble architect of the 1950 Act as well and who had the privilege as the then Education Minister to inaugurate the Secondary Board which came into existence under the Act with the following words—and I am repeating his words—"A Board so largely representative and unofficial in character is the first to be constituted on a statutory basis in any State in India". Sir, it was, on his part, a bold piece of adventure on revolutionary lines in the field of education and was welcomed as such at the time by even his opponents. This fact alone should have been enough to silence any *bona fide* and responsible critic in this House. How is it then, Sir, that the self-same person as the Education Minister once again comes before us now with the present legislative measure? The Board was superseded not by him during his Ministry as he was not even a member of any of our legislatures at the relevant time but by the then Government on a catalogue of grave charges which has been elaborately detailed in the introductory speech of our Education Minister

more in sorrow than in anger. A reference to his speech will be profitable. Sir, the charges are very grave indeed. If you kindly read the speech of the Hon'ble Minister which has been circulated to all the members, you will see the catalogue of those charges there. Sir, in deep agony he has observed thus: "We set up a larger autonomous body in 1950 and gave it wide powers", he wonders "why these powers were not properly exercised?" Regretfully he referred to the serious nature of criticism about the Board which finds place in the Report made by the Mudaliar Commission—in the following terms—"I regret very much, Sir, that the performances of the Board constituted under the Act of 1950 have come to be criticised in this fashion. Sir, I really feel pained that such remarks could be made against the Board of 1950 because after all, the Board was my creation and I do take entire responsibility for creating the Board although the Board has come to grief". These are the words of the Education Minister for which we should sympathise with him. Sir, in another part of his speech—at page 10—he has complained thus regarding the work of the defunct Board "unfortunately that single-minded devotion to the interests of education and education alone was not forthcoming".

Mr. Chairman: Mr. Chatterjee, I understand that the speech of the Hon'ble Minister is with all the members and so you need not quote from his speech *in extenso*.

Sj. Krishna Kumar Chatterjee: No, Sir, I will not do that. Sir, I was amazed to find my revered Professor Chattopadhyay pleading seriously on behalf of the defunct Board with the strange arguments that even after supersession certain irregularities continued.

This is rather unfair to the poor Administrator, himself a great professor, who had to carry on with the legacy of the past under trying circumstances. Who can deny that he has been definitely functioning better than the Board? Quite apart from this unfortunate incidence of dismissal of the Board the Dey Commission which was appointed by the Government of West Bengal to examine the working of the recognised Secondary Schools in West Bengal declared that the Act of 1950 should be thoroughly revised and amended. Look at page 40 of the Dey Commission Report. It says, "We have described here in outline the constitution and functions of the Board of Secondary Education as we conceive it. We have not gone into details which must be left to the Board when it comes into existence. The West Bengal Secondary Educatoin Act of 1950 will obviously have to be thoroughly revised and amended." The Commission further observed that there had been progressive deterioration in the sphere of secondary education in the State and if you kindly refer to page 50 of the Dey Commission Report you will find corroboration of the statement of mine. The Dey Commission says, "There is no doubt, however, that the standard of secondary education in West Bengal is lower today than it had been in the past, and that the deterioration is progressing rather rapidly." The Commission expressed this view when the Secondary Education Board was functioning in West Bengal. The Dey Commission was quite emphatic on the point that the secondary education in West Bengal should be reconstructed and reorientated in a manner so as to suit the requirements of the State and the people in the present context of our national responsibility. This is what the Dey Commission says on page 36, "We have stated elsewhere that in free India the State must take upon itself directly the entire task of planning and providing Secondary Education. It cannot be left to the public as in the past, for then its growth will be hampered and tend to be haphazard and its quality poor, nor can it be handed over to some other agency in which case, the control of the State being indirect, the growth and quality

of education are likely to suffer. There are certain things, of which education is one, which cannot be left to the chance decisions of a majority, because quality matters here more than anything else. Moreover, planning has to go with finance. It is only the authority which provides finance that can plan and put the plan into action."

"We may be permitted to make one observation about the demand for an autonomous Board. With the termination of the alien rule and the end of the days of communal Governments, the main grounds for distrust of the Government have disappeared. In the altered circumstances of today, therefore, a Board which will be advisory in its functions but authoritative in its sphere, although not assuming executive duties, should be welcomed and not looked upon with suspicion. In fact, it should provide a check on the action of officials of the Government and on the Government and on undesirable influences on teachers. It will also have the advantage of making the Government of the day directly responsible to the Legislature for the conduct of Secondary Education."

"In view of the above, we have no hesitation in endorsing the views of the Secondary Education Commission and commending the setting up of a Board of Secondary Education mainly with advisory functions. The executive functions will be in the hands of the Directorate, but the Board will advise the Government on all matters relating to Secondary Education."

On page 67 the Commission further says, "We have considered the position very carefully, and have come to the conclusion that a thorough reorganisation of the entire system of secondary education is an urgent necessity, that no piecemeal reform would do, and that the whole of the administrative machinery in charge of Secondary Education will have to be reorganised. We have recommended the reconstitution of the Board of Secondary Education with a non-official Chairman with mainly advisory functions and the setting up of a number of Regional Advisory Committees to assist the Central Board."

[10-30—10-40 a.m.]

Sir, the official recommendation of the Commission categorically mentions at page 69 of the Dey Commission Report "There should be a Board of Secondary Education with a non-official Chairman and with a preponderance of non-Government members mainly with advisory functions to advise the Government in all matters relating to secondary education. The executive functions will be the responsibility of the Directorate."

Sir, it will be rather profitable to note what the Mudaliar Commission has to say on identical issues. At page 180, the Mudaliar Commission refers to the formation, constitution and the functions of the Secondary Board of Education proposed by them. "We recommend that there should be a Board of Secondary Education under the chairmanship of the Director of Education to deal with all details of education at the secondary stage. This Board should be composed of persons with the wide experience and knowledge of different aspects of secondary education. We recommend that it should consist of not more than 25 members, ten of whom should be specially conversant with matters pertaining to vocational or technical education." Then look at page 181 of the Mudaliar Commission Report wherein is stated thus: "In this connection, we wish to point out that in some States the Boards which have been recently constituted for the purpose are unwieldy in number and some of the interests represented on it are not likely to promote efficiency or harmony." Referring to the nature of the Board we should have in West Bengal, it says further "We consider

that if secondary education is to progress on right lines, the Board must be a compact one mainly composed of experts whose functions will be limited to the formulation of broad policies. The Board is not expected to function as an executive body which is the province of the Director of Education. The executive powers needed to implement recommendution of the Secondary Education Board will be vested in the Chairman of the Board, the Director of Education. This Board shall ordinarily meet at least twice a year, but may meet on other occasions."

Sir, look at page 204 of the Mudaliar Commission: "There should be a Board of Secondary Education consisting of not more than 25 members with the Director of Education as Chairman to deal with all matters of secondary education at the secondary stage and to lay down general principles."

Prof. Bhattacharyya made a rather sarcastic reference to the portions of a speech delivered in a conference on educational problems of the day by our Education Minister in 1935 not as Education Minister, but as a public man of great importance. The great professor was committing an error of judgment and appeared to be a Rip Van Winkle of the present age. We have almost crossed 1957 and great changes have since taken place in the country—a slave nation has acquired its birth-right of freedom at a heavy cost. My learned professor perhaps lingers in psychological slavery even now.

Sir, I shall answer him in the words of the Mudaliar Commission. Please look up at page 7 of the Mudaliar Commission Report and you will find the following words "India is now free and independent. The educational needs of a free country are different and ought to be different from what they were under foreign domination." If public opinion, therefore, proclaims clearly that a new educational policy is needed, the report which we are presenting, if approved, will be preliminary to action and not as reports have too often been in the past an alternative to action. We are not inclined to take a pessimistic view of the matter, and although we are aware of the conditions under which the States and the Central Government will have to examine the reports, we believe that the States and the Centre are most actively interested in the problems of education, more particularly of secondary educaiton.

Then at page 24 you will find again the following "as political, social, and economic conditions change and new problems arise, it becomes necessary to re-examine carefully and re-state clearly the objectives which education at each definite stage should keep in view. Moreover, this statement must take into account not only the facts of the existing situation but also the direction of its development and the nature and type of social order that we envisage for the future to which education has to be geared". I think Professor Bhattacharyya has been sufficiently replied to.

Sir, a champion of the women's cause Professor Bhattacharyya has tried to accuse the Education Minister for not making in the Bill special provision for women's education in the constitution and functions of the proposed Secondary Education Board. I will presently reproduce what the Mudaliar Commission says on this particular matter. Please refer to pages 57-58 of the Report. "The Commission feels that at the present stage of our social evolution there is no special justification to deal with women's education separately. Every type of education open to men should also be open to women. During the course of our visits to various institutions and Universities we have noted that women have found admission to practically all the faculties which a generation ago might have been considered as unsuitable for them or beyond their easy reach."

Then again, Sir, at page 57 it is stated: "Our attention has been drawn to the provision in the Constitution that while special arrangements may be made for women and children, there shall not be any discrimination against any citizen on the ground only of religion, race, caste, sex, or place of birth."

Prof. Bhattacharyya has further struck a note of regret regarding absence of any mention of physical education as such in the Bill. Here also our Professor will feel reassured to hear what Mudaliar Commission says: "It will be noticed that we have not included physical education in the above list of subjects. This is not due to any lack of appreciation of its place and importance in the educational programme. We consider it much more than a subject in a curriculum. One of the main aims of education is to provide physical development of every pupil so essential for building up a healthy and balanced personality. As intellectual development comes through the study of various subjects, so physical development comes through various forms of activities. It is much wider than what is usually denoted briefly by the term 'P.T.'. So physical education as series of activities will form a part of the curriculum but the approach to it will be somewhat different from the approach to other subjects."

At page 137 the Mudaliar Commission refers to the same subject again in the following terms. "We shall now refer to some considerations that may be borne in mind in regard to health education. Every student in the school requires to be trained in sound health habits both at school and at home. The instructions should be practical, so that he may not only appreciate the value of health education, but also learn the ways in which he can effectively maintain and improve his health.

[10-40—10-50 a.m.]

This is essential not only for physical reasons but because sound mental health depends on good physical health. It should therefore be a responsibility of all schools to see that their children keep healthy so that they can get the maximum benefit possible from their education". That is what the Mudaliar Commission said regarding physical education in the schools. On page 139, there is a slight mention of it which will be profitable to note. The Commission says: "In regard to the health of school children, it is necessary to realise that it is the teacher who can detect at a very early stage any deviation from the normal, such as defective vision, postural defects, deficient hearing, etc., because he is in constant contact with the child. We have therefore emphasised in the chapter on teacher training that training in first aid and fundamental principles of health as well as the detection of deviations from normal standards should form a part of the instruction prescribed for all teachers in Training Colleges. If such training is given in the first principles of health maintenance, teachers can play a valuable part in bringing to the notice of the school medical officer or other authorities concerned any cases of deviation from the normal at a fairly early stage". It is for the teachers to see that this august body the contemplated Board should become effective in the physical education to boys and girls by discharging their duties in this connection.

Sir, let the Opposition in this House desist from the habit of shedding crocodile tears on problems of education just to play to the gallery. We have got to discharge here our sacred responsibilities as representatives of the people. Otherwise the future generation will not forgive us if we for the purpose of political manoeuvrings utilise the floor of this House for propagating views which are not conducive to the healthy growth of the educational system of the State which has to undergo radical changes to serve national purpose of a democratic society. Our friends over there are

playing with fire while we are in the midst of a gigantic effort to build up democracy which is yet in embryonic stage. Sir, if you refer to page 24 of the Mudaliar Commission Report, you will find what the Mudaliar Commission has said with regard to democracy,—"A democracy of people who can think only confusedly can neither make progress, nor even maintain itself, because it will always be open to the risk of being misled and exploited by demagogues who have within their reach today unprecedentedly powerful media of mass communication and propaganda. To be effective, a democratic citizen should have the understanding and the intellectual integrity......

Mr. Chairman: Mr. Chatterjee, these extensive quotations are taking a lot of the time of the House and so please try to be brief.

Sj. Krishna Kumar Chatterjee: Sir, I will take only a few minutes more and finish my speech.

Sir, I had the privilege to listen to the speeches delivered by honourable members on the other side and was in grief to find the absence of any constructive approach from them to the questions before the House. It is rather tragic that quite a few of them are men belonging to the teaching profession and it appears to me, Sir, that they were perhaps talking with their national and patriotic conscience relegated to the background just for some political advantage. Do they really believe that the recommendations of the Dey and the Mudaliar Commissions were not accepted by the Government of West Bengal? Sir, let them hear what the Dey Commission says about it. Please refer to page 2 of the relevant Report and you will see—"The Government of West Bengal having generally accepted the main principles underlying the recommendations of the Secondary Education Commission presided over by Dr. A. Lakshmanaswami Mudaliar, the Government desire that the West Bengal Commission do also recommend suitable steps for the improvement of the present administrative machinery in conformity with the recommendations of the Mudaliar Commission. The recommendations of the Mudaliar Commission being generally acceptable to the Government of West Bengal, the Government further desire that the West Bengal Commission do also consider the extent to which the financial provisions could be given effect to within their resources. The Dey Commission presented their report in January 1955 which has since been carefully considered and decisions arrived at by the Government. The Government are in general agreement with the recommendations of the Commission subject to certain modifications recorded below. Government agree with the recommendations of the Commission that a Board of Secondary Education should be set up with advisory functions only to advise Government in all matters relating to secondary education. It should be a compact body of experts to whom Government would look for competent advice from time to time. The executive functions will be the responsibility of the Education Directorate". Sir, this is a clear answer to what the opposition says about the Dey and the Mudaliar Commissions' reports not being accepted by the Government.

Sir, I will presently refer to some of the provisions in the Bill to show that basically the recommendations of the Dey Commission and Mudaliar Commission have been adhered to by the Education Minister in the matter of the proposed formation of the Secondary Board and their functions. If we refer to clause 3(2) of the Bill we find that the State Government has vested in the Board the power to acquire and hold movable and immovable property, to transfer such property when held by it, and to do all other things necessary for the purposes of this Act, and shall sue and be sued by the said name; and clause 4 deals with the constitution of the Board. Sir,

I will presently refer to a memorandum just distributed here by the Headmasters' Association. In the composition of the Board as recommended by the Mudaliar Commission representation has to be on the following basis:—

Ex-officio members—6;

Experts nominated by Government—10;

Representatives of the University—5;

Elected members—2;

Co-opted members—2;

So, official and nominated members are 18 out of 25.

Then again, Sir, we find in the Dey Commission Report that there are 25 members—ex-officio members 5; expert nominated by Government including Chairman 6; representatives of the University 3; elected 7; out of a total of 25 members, 5 members are official and nominated 6. In the proposed Bill out of 27 members ex-officio 7; expert nominated 5; representatives of the University 3; elected 6. Therefore, out of a total of 27 members we have got official and nominated members 16, which compare favourably with the Dey Commission and the Mudaliar Commission.

Incidentally I may just mention the constitution and functioning of the Board in the Kerala Bill, which was introduced by the only Communist State in India. We have got the report of the Select Committee before us. I want to mention this as some of the members here have been advising the Government to refer it to a Select Committee. If we look at page 7 of this report we find the dissenting note of some of the members saying "We do not consider that reasonable opportunities were given to those who were interested in education and wanted to present their views before the Select Committee. The Select Committee met only a few from among the many prominent educationists who wanted to give evidence before it."

So, the fate of a Select Committee functioning in a Communist State is also before us. Even with a Select Committee functioning in a Communist State what do we see in the dissentient note? The Select Committee was more or less a farce not achieving anything of real value.

I would just mention one other thing which will be of some importance to this Bill. Sir, it is not true that the Bill has been brought before this House in a haphazard manner. In considering the present Bill we ought to know the background of the present system of secondary education for our clear understanding of its various characteristic features in the process of its steady growth and development. We have to understand also on what lines the problem of the reorganisation of the secondary education has been envisaged by the educationists during the last fifty years or so.

In 1835 we had Lord Macaulay's minute regarding the educational policy of the future; we had Wood's despatch in 1854 reviewing the development of education to date and proposing some new schemes for adoption; in 1857 the establishment of Universities had far-reaching consequences especially on the range and scope of secondary education; in 1882 Hunter Commission reported on the whole question of education in the country; during the period 1882-1902 there was considerable expansion in the field of secondary education which formed the basis of the report of the University Commission of 1902. The Universities Act of 1904 brought secondary education more and more under the domination of the Universities; and then the Calcutta University Commission of 1917, popularly known as Sadler Commission, went into the question of secondary education and its all round improvement.

[10-50—11 a.m.]

In 1929 we had the Hartog Committee and in 1934 we had the Sapru Committee appointed by the United Provinces Government and then there was the Abbot-Wood Report all on the progress of secondary education in the country. Another significant step taken on the part of the Commission's investigation into the system of secondary education in the country was that a very large number of educational experts were examined and if you will kindly cast a cursory glance at the list of such persons you will see how many thousands of people were interviewed and how many great educationists and eminent experts were consulted by the Mudaliar Commission inviting their valued judgment. Many prominent persons in the educational field were also interviewed by the Dey Commission to bring out the effective process of reorganizing and reorienting the secondary education in the country.

Sir, I will finish presently. In the last phase I have to mention to you that after all we are not afraid of any criticism. We can face criticism because we are inspired by the noble words of that great Indian, Rabindra Nath Tagore: "The essence of a democratic society is not only the tolerating but the welcoming of differences which make for the enrichment of life. Dragooning different beliefs, ideas, opinions, tastes and interests into uniformity may possibly make efficiency in a narrow and inferior sense, but it inevitably impoverishes life and curbs the free expression of the human spirit. If a democracy like ours is to survive, we have to seek uniformity in diversity, concord admidst clashes, peace in the midst of strifes". Inspired by these noble words we are not afraid of any criticism, if it comes in a *bona fide*, constructive manner.

Sir, I will just mention to you that the All Bengal Teachers' Association did not take part to help investigations carried on by the Mudaliar and the Dey Commissions and refused to give any co-operation to the said Commissions. The Dey Commission reports thus:—"Except for the All Bengal Teachers' Association which could not be persuaded to co-operate with the Commission, most of the others responded to our invitation". I shall now finish my speech expecting that good sense will prevail with the Opposition on a question which is of vital importance to the State of West Bengal.

Then, Sir, look at page 222 of the Mudaliar Commission Report which postulates, "Teachers must develop a new orientation towards their work. They will not look upon their work as an unpalatable means of earning a scanty living but as an avenue through which they are rendering significant social service as well as finding some measure of self-fulfilment and self-expression." No scheme of educational reconstruction can be implemented with success without the active co-operation of teaching profession and the sustained interest the teachers may take in such a task. We therefore appeal to them from this side of the House to give their unstinted co-operation and support to the scheme of educational reconstruction that may be finally made by the State concerned taking due note of the recommendations that we have made during the present debate. We have not taken recourse to the sweeping measures that the Kerala Government took in framing the Education Bill there. If you look into the Constitution of the Board proposed in the Kerala Bill, you will find that 15 members are to be appointed by the Government and their functions have been defined as part and parcel of the Governmental routine duties of the Education Department attached to the Government.

Sir, in clause 35 of that said Bill special powers of a totalitarian nature have been reserved in the hands of the Kerala Government but our Bill does not contemplate any such reservation. If any difficulty arose in giving effect to the provisions of the Kerala Bill, the Government may, in accordance

with the provisions take large powers if it thinks to be necessary or expedient for removing the difficulty. If the Government feels that there is some difficulty to implement the provisions in the Bill, they can enforce the implementation without any hindrance. Sir, with a personal note I will end my speech. I am one of those who can claim that blood of a teacher runs in their veins. My father who had been a Professor in a Calcutta College for 14 years served as Founder-Headmaster of a high school at Howrah for half a century. Naturally, therefore, as a teacher's son and as a born teacher myself I claim that the Education Bill, as has been propounded by our Education Minister is a move in the right direction, and I would inform my friends in the Opposition to come and lend their helping hands to bring forth a new and healthly educational system in the country. Sir, we should remember that we have got a sacred duty to perform. Let the Opposition play a constructive role taking in view the educational needs of the country and it would be a good augury for this unfortunate State of West Bengal, if we all work for the educational uplift of our sons and daughters.

With these words, Sir, I resume my seat.

Sj. Naren Das:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি সার্কুলেশন প্রস্তাব সমর্থন করতে গিয়ে গোড়ায় মুখ্যমন্ত্রি-মহাশয় আমাদের পিটিশনএর জবাবে যেকথা বলেছেন সে সম্বন্ধে কিছু বলতে চাই। মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে, "আমরা তাঁর কাছে যদি আরও আগে দরখাস্ত পেশ করতাম বা এই বিল যখন আসে নাই তার আগে যদি সিলেক্ট কমিটির কথা বলতাম, তা হ'লে হয়তো তিনি এ সম্বন্ধে কিছু ভাবতে পারতেন। কিন্তু এখন যখন এই বিল পরিষদের সম্পত্তি তখন তিনি আর হাউসকে তাঁর মত জানিয়ে প্রভাবান্বিত করতে চান না।" এ অত্যন্ত দুঃখের কথা যে তাঁর মত একজন অভিজ্ঞ পার্লামেন্টেরিয়ান সিলেক্ট কমিটির প্রস্তাবকে এভাবে অগ্রাহ্য করতে পারেন। এ জানা কথা যে সিলেক্ট কমিটিতে অধিকাংশই সরকারী সদস্য থাকবেন, মাননীয় শিক্ষামন্ত্রী স্বতই তার সভাপতি হবেন। এমতাবস্থায় কেন তিনি এই সিলেক্ট কমিটির প্রস্তাবকে অগ্রাহ্য করলেন তা বুঝতে পারি না। অন্যপক্ষে তিনি অগ্রাহ্য করতে গিয়ে আমাদের উপর এই ব'লে কটাক্ষ করেছেন যে, আমরা প্রচারমূলক মনোভাব নিয়ে এখানে বক্তৃতা দিতে চাচ্ছি। অতএব বিরোধিপক্ষ সবই বলার অধিকার পাচ্ছেন এবং খবরের কাগজে প্রচারও হচ্ছে। কাজেই সিলেক্ট কমিটির চেয়ে পরিষদে বক্তৃতা করা ভাল। আমি মুখ্যমন্ত্রিমহাশয়ের কাছে এই কথা নিবেদন করব, তিনি এখানে এখনই বলুন যে তিনি সিলেক্ট কমিটির প্রস্তাব সমর্থন করবেন; তা হ'লে বিরোধিপক্ষের যাঁরা বক্তা তাঁরা কেউ আর কোন বক্তৃতা করবেন না। কিন্তু তিনি সে বিষয়ে নীরব। সিলেক্ট কমিটিতে কিছুটা ভাল কাজ হ'তে পারত, কিন্তু সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রস্তাব মাননীয় মুখ্যমন্ত্রিমহাশয় ও শিক্ষামন্ত্রিমহাশয় অগ্রাহ্য করেছেন। এ সম্বন্ধে আমি মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের একটি বক্তৃতা উদ্ধৃত করবার লোভ সম্বরণ করতে পারছি না। ১৯৫০ সালের ২৭এ মার্চ তারিখে তিনি যখন এই এডুকেশন বিল এনে হাজির করেন তখন তাঁর যে প্রারম্ভিক বক্তৃতা তাতে তিনি এ কথা বলছেন—

To the main features of the report I may draw the attention of the House by pointing out that in the first place the constitution of the Board of Secondary Education has been changed to make more representative in character by the Select Committee..... The number of members would be increased from 42 to 44...... The quota of teachers has been increased from six to seven......besides the head masters and other teachers have got their representatives..... Apart from that a provision has also been made for representation of the district school boards by two members to be elected by them.

These are the main features of the changes that have been effected in constitution of the Board by the Select Committee. So far as the constitution of the Executive Committee is concerned, it has been widened and

more representative in character. The number of official representatives has been cut down and the number of popular representatives has been increased.

[11—11-10 a.m.]

মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় ১৯৫০ সালে যে বিল এনেছিলেন সে বিল সিলেক্ট কমিটির রিপোর্ট অনুযায়ী পেশ করা হয়েছিল। সিলেক্ট কমিটির সার্থকতা সেদিন শিক্ষামন্ত্রী বুঝেছিলেন। এর সার্থকতা আরও প্রমাণিত হয়েছে যে, ২৭-২৮ মার্চ এই দুই দিনের আলোচনায় সে বিল বিধানসভায় পাস হয়ে গিয়েছিল সর্বসম্মতিক্রমে। আজকেও যদি এই রকম একটি সিলেক্ট কমিটি করা হ'ত তা হ'লে আমি বিশ্বাস করি যে, সে সিলেক্ট কমিটির মাধ্যমে সর্বসম্মতিক্রমে যে রিপোর্ট আসত তা দু' দিনের মধ্যে এই হাউসএ তথা অন্য হাউসএ পাস হয়ে যেত। কিন্তু সরকারপক্ষের ভয় হচ্ছে যে এ বিষয়ে সিলেক্ট কমিটিতে নোট অব ডিসেন্ট হবে কিনা। নোট অব ডিসেন্ট হ'তে পারে। পরিষদে সরকারের সংখ্যাধিক্য আছে, তার বলে তাঁরা বিল পাস ক'রে নিতে পারবেন। সিলেক্ট কমিটির মাধ্যমে গুরুত্বপূর্ণ বিল পাস করার যে চিরাচরিত নীতি আছে তা এখানে অস্বীকার করবার কি কারণ আছে তা আমি বুঝতে পারছি না। এই শিক্ষা বিল সম্বন্ধে আমার প্রথম বক্তব্য হচ্ছে, এ বিষয়টিকে কিভাবে দেখছি আমরা। প্রশ্নটি সার্থকভাবে উত্থাপন করতে পারলেই আমরা তার ঠিক জবাব পাব। অন্য কথায় ঠিকমত প্রশ্ন পেশ করতে না পারলে তার ঠিক জবাব আমরা পাব না। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, গত কুড়ি বৎসর যাবৎ এই মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে বাংলাদেশে কত আন্দোলন, কত লড়াই হয়ে গেছে, কিন্তু এই কুড়ি বৎসরের মধ্যেও আজ পর্যন্ত কোন সুষ্ঠু এবং বিজ্ঞানসম্মত সেকেন্ডারি এডুকেশন বাংলাদেশে চালু হ'তে পারল না। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। গেল কুড়ি বৎসরের অভিজ্ঞতা নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মাধ্যমিক শিক্ষা সম্পর্কীয় একটি বিল নিয়ে আমাদের সামনে হাজির হয়েছেন। এই বিল নিয়ে হাজির হওয়ার আগে ১৯৫০ সালের আইন অনুযায়ী স্থাপিত বোর্ড কেন বাতিল হ'ল, তার কারণ অনুসন্ধান করা উচিত ছিল। সে সম্পর্কে পরিষ্কার কিছুই শিক্ষামন্ত্রী বলেন নি, কেবলমাত্র জানিয়েছেন সে সম্বন্ধে তিনি কিছুই বলতে চান না। অন্য কথায় তিনি সে সম্বন্ধে কোন রকম অনুসন্ধান করতে চান না। এ অত্যন্ত দুঃখের কথা। যে বোর্ড তাঁর মানসপুত্রস্বরূপ ছিল, যে বোর্ড নিয়ে তিনি গর্ববোধ করেছিলেন, যে সম্বন্ধে তিনি বলেছিলেন যে বিভিন্ন দেশে, এমন কি ইউরোপ ও অন্যান্য গণতান্ত্রিক দেশ অপেক্ষাও অধিকতর গণতান্ত্রিক ও উন্নততর ধরনের বোর্ড গঠন করেছিলেন তিনি। কিন্তু তেমনি বোর্ডএর সমাধি সৃষ্টি করা হ'ল, তাকে হত্যা করা হ'ল। যদি কাল পর্দা সরিয়ে তার কারণ অনুসন্ধান করতেন তা হ'লে সকল বিষয়ই তিনি জানতে পারতেন, এবং তার ফলে যে সত্য উদ্ঘাটিত হ'ত, তার উপরে ভিত্তি ক'রেই আজকের এই বিল আনা উচিত ছিল। তিনি যদি তা করতেন তা হ'লে ঠিক হ'ত। কিন্তু তা তিনি করেন নি। পুরানো পর্ষদের বাতিল করার কারণ অনুসন্ধান না ক'রে তিনি হঠাৎ একটি মেকানিক্যাল স্কীমএর মত এই বিল হাজির করলেন। কেন? আমি এই কথা জোর ক'রে বলতে পারি যে, মাননীয় রায় হরেন্দ্রনাথ চৌধুরী মহাশয় যদি ১৯৫৪ সালেও শিক্ষামন্ত্রী থাকতেন তা হ'লে তাঁর মানসপুত্রের মৃত্যু হ'ত না। সে অ্যাক্টএ যেসকল ধারা ছিল, যদি শিক্ষাবিভাগ কনস্টিটিউশন অনুসারে চলতেন তা হ'লে অবস্থা অন্য রকম হ'ত। আমি ৫৩-৫৪-৫৫ ধারার কথা উল্লেখ করছি। এসকল ধারায় পরিষ্কারভাবে বলা হয়েছে যে সরকারের হাতে যথেষ্ট ক্ষমতা ছিল, সরকারের হাতে রুল-মেকিংএর ক্ষমতা ছিল, সেক্রেটারি প্রভৃতি পার্সনেল, অন্যান্য কর্মকর্তা বদল করতে পারতেন, তাঁদের ওয়ার্নিং দিতে পারতেন; কিন্তু সেদিনকার শিক্ষামন্ত্রী পান্নালাল বসু মহাশয় এইসব কিছুই করেন নি। সরকারকে অবাধ ক্ষমতা দেওয়া হয়েছিল। কমিটির সিদ্ধান্ত, এমন কি প্রসিডিংস পর্যন্ত বাতিল ক'রে নিতে পারতেন সরকারী শিক্ষাবিভাগ। যে বিরাট ক্ষমতা দেওয়া হয়েছিল, সেই ক্ষমতার বলেই সেদিনকার শিক্ষামন্ত্রী সমস্ত বোর্ড ভেঙ্গে দিতে পারতেন এবং নূতন ক'রে পর্ষদ নির্বাচন করতে পারতেন। আমার জিজ্ঞাসা হচ্ছে, তা না ক'রে, নূতন পর্ষদ নির্বাচনের রাস্তায় না গিয়ে, এইভাবে নূতন বিল আনার কি দরকার ছিল? পুরানো পর্ষদের ভুল হয়তো হয়েছে, চার্জ-শীট হয়তো এসেছিল; সেসকল বিষয়ের বিচার করার ব্যাপারে আমি যাব না। কারণ এই চার্জ-শীট পড়লেই দেখা যাবে, সেগুলি অত্যন্ত

হালকা ধরনের। আমার বক্তব্য হচ্ছে যে, সে পর্ষদে কোন কোন মানুষের হয়তো দোষ ছিল। একটি নূতন গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থা যখন চালু হয়, তখন তার শুরুতে কিছু গলদ থাকতে পারে, গোড়ার দিকে ভুল-ত্রুটি কিছু হ'তে পারে। গণতন্ত্র নূতনভাবে চালু করতে গেলে তাতে কিছুটা ট্রায়ালস ও এররএর মধ্য দিয়ে যেতেই হবে। সেখানে কিছু কিছু ভুল হ'তে পারে। কিন্তু সেই ভুল করবার অপরাধে গণতন্ত্রের মূল কাঠামোকে অর্থাৎ পর্ষদকে নষ্ট করবেন কেন? এই নূতন বিল এনে বাংলা সরকার গণতন্ত্রের মূল কাঠামোটাই নষ্ট করছেন। ভারতবর্ষ স্বাধীন হওয়ার পর বিভিন্ন রাজ্যে মন্ত্রিসভা গঠিত হয়েছিল, কিন্তু পেপসু রাজ্যে যে মন্ত্রিসভা গঠিত হয়েছিল সেই মন্ত্রিসভার বহু ত্রুটিবিচ্যুতি ছিল। ভারত সরকার মনে করেছিলেন যে পেপসু গভর্নমেন্ট ঠিকমত কাজ করছেন না। তখন তাঁরা পেপসু বিধানসভা বাতিল ক'রে দিয়েছিলেন, কিন্তু গণতান্ত্রিক সংবিধান ভাঙেন নি। সংবিধান অনুযায়ী আবার নির্বাচিত হয়েছে বিধানসভা। স্যার, মন্ত্রিমহাশয়ের বিরুদ্ধে আমার অভিযোগ, তিনি কেন মূল বিষয়টি না অনুসন্ধান ক'রে ১৯৫০ সালের আইনের ৫৫ ধারা অনুসারে কনস্টিটিউশনএ তার যে রাইট ছিল সে অধিকারবলে অযোগ্য মানুষ বদল না ক'রে, নূতন ক'রে পর্ষদ নির্বাচন না ক'রেই আগের বোর্ডকে বাতিল ক'রে দিয়ে নূতন বিল উপস্থিত করলেন কেন। পুরানো বোর্ড কেবল তিন বৎসর চালু ছিল, নূতন সংগঠন চালু করতে তিন বৎসর সময় খুব বেশি নয়। দে কমিশনএ বলা হয়েছে যে ভুলভ্রান্তির জন্য আগে যে শিক্ষাবোর্ড ছিল, সেই শিক্ষাবোর্ডকে বাতিল করা হয়েছে। আমার বক্তব্য হ'ল যে, এই শিক্ষাবোর্ড উত্তরাধিকারীসূত্রে ইউনিভার্সিটিতে মাধ্যমিক শিক্ষার যে অব্যবস্থা ছিল, সেই অব্যবস্থার উত্তরাধিকারী হয়েছে। অতএব সেই অব্যবস্থা দূর করবার জন্য দু'-এক বৎসর সময় দেওয়া উচিত ছিল, কিন্তু তা দেওয়া হয় নি। দোষত্রুটি মানুষমাত্রেরই হয়, পুরানো পর্ষদের সভ্যরাও সাধারণ মানুষ, তাঁদেরও ত্রুটি হয়েছিল। গোড়ায় সে ত্রুটিবিচ্যুতি দূর করার চেষ্টা করা উচিত ছিল, কিন্তু তা না ক'রে পর্ষদকে অতর্কিতে, বিনা নোটিসে হত্যা করা হ'ল। পাঁচ বৎসর যে বোর্ডএর আয়ুষ্কাল ছিল তা অসম্পূর্ণই থেকে গেল। অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়ে আত্মসংশোধন করার অবসর বা সুযোগ দেওয়া হ'ল না পর্ষদকে। তখনকার শিক্ষাবিভাগ অধৈর্য হয়ে পড়লেন। আমি সেজন্যে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি, শিক্ষাবিভাগের এই ষড়যন্ত্রের (কন্সপিরেসি) কাল পর্দা সরিয়ে সত্য আবিষ্কার করুন, দেখতে চেষ্টা করুন যে সত্যই কি ঘটেছিল। দে কমিশন এ সম্পর্কে প্রসঙ্গত একটি ইশারা করেছেন। তাঁরা বলেছেন যে পর্ষদের ব্যর্থতার কারণ ডুয়াল কন্ট্রোল। ইন্সপেক্টরেট সেকেন্ডারি এডুকেশন বোর্ডএর অধীনে ছিল না। তা ছিল শিক্ষাবিভাগের অধীনে। সুতরাং সরকার বনাম সেকেন্ডারি বোর্ডএ এক ধরনের দ্বৈতশাসন চালু ছিল। সেই দ্বৈতশাসনের কুফলই আমাদের এখানে ফলেছে। ডায়ার্কিকাল সিস্টেমএর তিক্ত অভিজ্ঞতা মাননীয় মন্ত্রিমহাশয়ের আছে। মন্টফোর্ড রিফর্মএর সময় তিনি স্বরাজ্য পার্টির সভ্য ছিলেন এবং তিনি এই ডায়ার্কির অসুবিধার কথা মর্মে মর্মে জানেন এবং তিনি তখন এই ডায়ার্কির তীব্র বিরোধিতা করেছিলেন। আজকে সেই ডায়ার্কিকাল সিস্টেমএর অপরাধেই আমাদের পুরানো বোর্ডএর মৃত্যু হয়েছে। আমি তাঁর কাছে এখন এই অনুরোধ করব যে তিনি বিষয়টিকে পুনর্বার বিবেচনা করুন।

ইন্সপেক্টরেটএর সঙ্গে পর্ষদের প্রশাসনিক ব্যবস্থা নিয়ে গোলমাল চলেছিল। আমি জানতে চাই, ইন্সপেক্টর ও ইন্সপেক্ট্রেস অব স্কুলকে বোর্ডএ স্থান দেওয়া হয়েছে কি পুরস্কারস্বরূপ? তখন তারা সরকারকে সাহায্য করেছিল মাধ্যমিক শিক্ষাব্যবস্থাকে বানচাল করবার জন্য। সেইজন্যই কি তাদের এই বোর্ডএ রাখা হয়েছে? মুদালিয়র বা দে কমিশনএ কোথায়ও নেই যে এই ধরনের ইন্সপেক্টর, ইন্সপেকট্রেসদের পর্ষদের সভ্য করতে হবে। ঐসকল ইন্সপেক্টর অ্যান্ড ইন্সপেকট্রেস অব স্কুলস হেডমাস্টারদের সমপর্যায়ের মানুষ। এদের কোন বিশেষ যোগ্যতা নাই। কেন তাদের মনিবদের সঙ্গে বোর্ডএ স্থান দেওয়া হ'ল? আমি বলতে চাই যে দে বা মুদালিয়র কমিশন কোথায়ও বলে নি যে এদের পর্ষদের সভ্য করতে হবে। কিন্তু তাদের নূতন বোর্ডএ সভ্য করার প্রস্তাব করা হয়েছে। তারা গোপনে যেভাবে আমলাতন্ত্রকে সাহায্য করেছে, [illegible] ষড়যন্ত্র তথা মতলব হাসিল করতে সুবিধা ক'রে দিয়েছে। শিক্ষামন্ত্রী কাল পর্দা সরালেই এদের ষড়যন্ত্রের জাল জানতে পারবেন। মন্ত্রিমহাশয় পাঁচ বৎসর ক্যাবিনেটএ ছিলেন না, থাকলে হয়তো তিনি এ ধরনের পরিণতি সৃষ্টি হ'তে দিতেন না। স্যার, এই বিলের উপর শিক্ষামন্ত্রীর প্রারম্ভিক বক্তৃতা পড়ে আমার এই কথাই মনে হয়েছিল।

[11- 11-20 a.m.]

[illegible]। আগে অর্থাৎ ১৯৫০ সালে যে প্রগতিশীল বিল এনেছিলেন সেই বিলের দ্বারা ঈপ্সিত ফল হয় নি। তারই যেন প্রতিক্রিয়া হিসাবে তিন এমন একটি বিল এনেছেন যার মাথা থেকে পা পর্যন্ত সমস্তটাই সরকারী পোশাক পরা। আমি এ বিষয়ে আর আলোচনা করতে চাচ্ছি না।

পরিকল্পিত বোর্ডএর ২৭ জন সভ্যের ভেতর ১৬ জন মনোনীত, ১১ জন নির্বাচিত। নির্বাচিত অংশের ভিতরে ঠিক ঠিক যে কয়জন সত্যিকার নন-অফিশিয়াল, তা নির্ধারণ করা শক্ত। শেষ পর্যন্ত নির্বাচিতের সংখ্যা ১১ জন হ'তে ৪, ৫-এ গিয়ে দাঁড়াবে। এইরূপ যে শিক্ষাবোর্ড তৈরি হবে তা যে প্রগতিশীল নয়, তা যে ডেমোক্রেটিক নয়, সে সম্বন্ধে কোন দ্বিমত হ'তে পারে না। ১৯৫০ সালের মাধ্যমিক শিক্ষা বিলের সম্পর্কে প্রসঙ্গত আগের দিন বন্ধু কৃষ্ণবাবু বলেছেন যে, শিক্ষামন্ত্রী তখন একটা অ্যাডভেঞ্চার করেছিলেন। আমি তাঁকে জিজ্ঞেস করছি, এত বড় যে নিন্দার কথা—অ্যাডভেনচারার, তিনি কেমন ক'রে তাঁর নেতা রায় হরেন্দ্রনাথ চৌধুরী সম্পর্কে উচ্চারণ করলেন। অ্যাডভেঞ্চার তিনি সেদিন করেন নি মোটেই। সেদিন তিনি সত্যকার কাজই করেছিলেন। কারণ বর্তমান শিক্ষামন্ত্রী একটি মহান ঐতিহ্যের ধারা বয়ে এনেছিলেন সেদিন। তিনি দশ বৎসর সাম্প্রদায়িক, কম্যুনাল মোসলেম লীগ মিনিস্ট্রির আমলে শ্রদ্ধেয় শ্যামাপ্রসাদ মুখার্জি এবং শ্রদ্ধেয় শরৎ বসুর সঙ্গে বিধানসভায় যে সংগ্রাম করেছিলেন, যে বিরাট আন্দোলন করেছিলেন, তারই ধারক, বাহক হিসাবে ১৯৫০ সালের গণ-তান্ত্রিক বিল এনেছিলেন এবং তার ঐতিহ্য অনুযায়ী কাজ করেছিলেন সেদিন। কিন্তু সেই শিক্ষামন্ত্রী পাঁচ বৎসর পরে আবার যখন শিক্ষাদপ্তরের ভার নিয়ে এসেছেন তখন সম্পূর্ণ বিপরীতধর্মী হয়েছেন তিনি। যারা শিক্ষাবিভাগের কর্মকর্তা, যারা আমলাতন্ত্রের মধ্যমণি, তাদের দ্বারাই ডিক্টেটেড হয়ে একটি বিল এনেছেন, যে বিলে আর যাই হউক, শিক্ষার বিকিরণ হবে না, সৈন্য বা পুলিসবিভাগের ড্রিল করা হবে। শিক্ষা মানুষের মন নিয়ে কাজ করে বিশেষ ক'রে প্রাথমিক পর্যায়ের শিক্ষা। বালকবালিকাদের শিক্ষা যেখানে কিশোর মন নিয়ে খেলা, যেখানে আমাদের আদর্শ নাগরিক তৈরি করার দায়িত্ব, সে মহান কাজে বর্তমান পরিকল্পিত বিল কোন সাহায্য করবে না। শিক্ষার কোন ফরমুলা বা কোন বাঁধানো রাস্তা নাই। তাকে নিত্যদিনের অভিজ্ঞতার ভিতর দিয়ে এগিয়ে যেতে হবে। এ ধরনের মনস্তাত্ত্বিক কাজে ইন্সপেক্টর বা ইন্স-পেক্ট্রেস অব স্কুলস বা অন্য শিক্ষাবিভাগীয় কর্মকর্তা কেন থাকবেন? আমলাতন্ত্রের ক্রোড়ে লালিত-পালিত মনুষ এ ধরনের শিক্ষার কাজে একেবারেই অযোগ্য। ওদের কোন স্বাধীন মন নাই এই হচ্ছে আমাদের অভিযোগ। পরিকল্পিত বোর্ড মুক্তমনের মানুষের বোর্ড নয়; এ বোর্ড একটা খাকি পোশাক পরা বোর্ড। এই বোর্ডএর মাধ্যমে যা সৃষ্টি হবে তা আর যাই হউক, শিক্ষা হবে না। সরকারী, অফিসিয়াল, আমলাতন্ত্র যে কি করতে পারেন, তা বোঝাবার জন্য আমি শিক্ষামন্ত্রীর কয়েকটি মন্তব্য তুলে দিচ্ছি। তাঁর লিখিত পুঁথি—নিউ মেনেস টু হাইস্কুলস ইন বেঙ্গল—সেই বইএর চ্যাপ্টার ৯তে তিনি বলেছেন—

"However vehemently it may be denied, it is a fact that officials in this country are accustomed to think themselves as masters of the country than public servants."

এই হচ্ছে অফিশিয়ালদের সম্বন্ধে রায় হরেন্দ্রনাথ চৌধুরীর বক্তব্য। তিনি আরও বলেছেন—

"While cultural and educational interests demand that education should be free from official control, the officialdom here have persuaded them-selves to think that education of children should be under the maximum of State control of course with minimum of contribution from the State."

এই যে

Maximum of control and minimum of contribution from the Government

এই ব্যবস্থার আমরা বিরোধিতা করছি। মধ্যশিক্ষা সম্বন্ধে তিনি তাঁর পূর্বেকার মতবাদ থেকে সরে যাচ্ছেন কেন এই আমার প্রশ্ন। তারপরে জানি না কেন, অজ্ঞাত কারণে কংগ্রেসপক্ষ আমলাতন্ত্রের পক্ষ সমর্থন করে, বৃটিশ সাম্রাজ্যিক ব্যবস্থার সুরে কথা বলছেন—

We have inherited the entire bureaucratic system left by the alien Govern ment.

তাদেরই একটা পরিত্যক্ত উচ্ছিষ্ট ব্যুরোক্রেটিক সিস্টেমএর প্রশংসা করছেন কংগ্রেস! আজ লজ্জা হচ্ছে না তাঁদের? আমি গত ৩৬ বৎসর যাবৎ রাজনীতির সঙ্গে বিবিধভাবে যুক্ত। কাজেই আমি বলতে পারি শিক্ষামন্ত্রিমহাশয় আগে যখন স্বরাজ্য পার্টিতে ছিলেন এবং তখন যেসকল কথা বলেছিলেন, আজ আর তাঁর মুখে সেসকল কথা শুনছি না। তিনি মনোনয়ন প্রথা সম্বন্ধে এখন বলছেন যে, মনোনয়ন প্রথার কোন দোষ নাই, মনোনয়ন প্রথার মাধ্যমে নাকি ভাল লোক আসে। যে নমিনেটেড মেম্বার সরকারের বিরুদ্ধে ভোট দিবেন, সে রকম মানুষকে তাঁরা কি কখনও মনোনীত করেছেন? আজকে সেকেন্ডারি এডুকেশন বোর্ডএর যে সভ্য মনোনীত হবেন তাঁকে যদি ইলেকশনএর মাধ্যমে নিয়ে আসা সম্ভব হ'ত, তা হ'লে ইলেকশন আর নমিনেশনএর যে বড় একটা তারতম্য, তা থাকত না।

আমি বলতে চাইছি যে শিক্ষার ব্যাপারে অটোনমাস বোর্ড হবে এবং সরকারী সদস্যদের সংখ্যা বেশি হবে না। ১৯৫০ সালে অটোনমাস বোর্ড সম্বন্ধে শিক্ষামন্ত্রিমহাশয় গর্বের সহিত বলেছেন—

"We are definitely taking this step even against the trend of the administration of school education in some of the advanced countries after the war. We can claim that we have taken an ultra-democratic step in constituting this Secondary Board of Education of a somewhat autonomous character."

তখন এ কথা তিনি বলেছিলেন কেন? আমাদের দেশে যে বাটলার অ্যাক্ট প্রযোজ্য নয়, এ কথা ভালভাবে জেনেই তিনি এমনি উক্তি করেছিলেন। কিন্তু শিক্ষামন্ত্রী এখন ১৯৪৪ সালের বাটলার অ্যাক্টএর ভক্ত হয়েছেন। কিন্তু ১৯৫০ সালেও বাটলার অ্যাক্ট ছিল।

"The modern tendencies of education in western countries".

মেনে নিয়েও আমাদের দেশের যে ঐতিহ্য, আমাদের যে সংস্কৃতি এবং বিশেষ ক'রে যেভাবে বাংলাদেশের শিক্ষাব্যবস্থা গ'ড়ে উঠেছে তারই ধারক, বাহকস্বরূপ তিনি সেদিন বলেছিলেন যে আমাদের দেশে বাটলার অ্যাক্ট প্রযোজ্য নয়। একথা তিনি বারংবার বলেছিলেন। অটোনমাস বোর্ড সম্বন্ধে সেদিন যখন বক্তৃতা শেষ করেন তখন বলেছিলেন

"our School Education Committee an Expert Committee which was appointed lately has also recommended that secondary education should be of multilateral type. I suppose that the effect to that recommendation can only be given by an independent Secondary Education Board".

সেদিন এই তাঁর স্বীকৃতি ছিল। কিন্তু আজ "ইন্ডিপেন্ডেন্ট সেকেন্ডারি এডুকেশন বোর্ড" এর কথা ভুলে গেছেন, একেবারে ধুয়ে মুছে ফেলেছেন। সবচেয়ে আশ্চর্যের বিষয় যোগসাজসকারী, ষড়যন্ত্রকারীদের স্বার্থে ও তাদের ইঙ্গিতে সরকারী পোষাক পরা এই বিল আমাদের সামনে এনে হাজির করেছেন শিক্ষামন্ত্রী। আমি এখানে কংগ্রেসের বন্ধুদের বহুবার উল্লেখ করতে শুনেছি দে কমিশন এবং মুদালিয়র কমিশন সম্বন্ধে—আমি কমিশনের ভক্ত নই। কমিশন সাধারণত কি করেন? কমিশন শিক্ষাবিদদের সঙ্গে আলোচনা ক'রে নিজেদের মতানুযায়ী সুপারিশ পেশ করেছেন। আমি জিজ্ঞাসা করি বিভিন্ন শিক্ষাবিদ কি "এভিডেন্স" দিয়েছিলেন তা আমাদের জানান হয় নাই জানানো হয়েছে কমিশন সভাদের মতবাদ। অতএব মুদালিয়র বা দে কমিশনের বক্তব্য জাহির ক'রে লাভ নাই।

[11-20—11-30 a.m.]

বাংলাদেশে কী ধরনের বোর্ড হবে মুদালিয়র কমিশন তা বলেন নি, তারা কখনও বলে নি বাংলাদেশে কী করা উচিত। শিক্ষামন্ত্রিমহাশয় খুব দুঃখ ক'রে বলেছেন, বাংলার ভূতপূর্ব বোর্ড ছিল আনউইল্ডি। বোর্ড সম্বন্ধে যদি এ অভিযোগ হয়, তা হ'লে আমি জিজ্ঞাসা করি এই আনউইল্ডি পর্ষদের সংখ্যা কমিয়ে দিন না কেন? ৪৪ জনের পর্ষদ যদি আনউইল্ডি হয়ে থাকেও, কিন্তু তার একটি এক্সিকিউটিভ কমিটি ছিল। ১৬ জনের সে কমিটি আনউইল্ডি ছিল না এবং প্রকৃতপক্ষে এই ১৬ জনের আনউইল্ডি কমিটি ছিল না, মুদালিয়র কমিশন বা দে কমিশন এক্সিকিউটিভ সম্বন্ধে এ ধরনের কথা কখনও বলে নি। মুদালিয়র কমিশনের

আনডেমোক্রেটিক অভিযোগ মেনে নিলেও তাঁরা কখনও একথা বলেন নি যে পর্ষদ আনডেমোক্রেটিক ছিল এজন্য একে ভেঙ্গে দাও, অতি-গণতান্ত্রিক করা হয়েছিল সেজন্য ভেঙ্গে দাও। ১৬ জনের যে এক্সিকিউটিভ কমিটি ছিল কেন ব্যর্থ হ'ল তারা? অথচ, এই কমিটিতে ১১ জন সরকারী সদস্য ছিলেন। সরকারী সদস্যরা কি করছিলেন? তাঁরা কি ঘুমুচ্ছিলেন? যখন পর্ষৎ ভুল করেছে তখন তাঁরা কি করেছেন? তাঁরা কেন তাঁদের কর্তব্য পালন করেন নি? তাঁদের দায়িত্ব পালন করেন নি? অতএব সমস্ত অপরাধের বোঝা পর্ষতের মাথায় চাপিয়ে দিয়ে তাকে বাতিল ক'রে দেওয়ার কোন যৌক্তিকতা আমরা ভেবে পাই না।

তারপর আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। দে কমিশন তার বক্তব্যে সবচেয়ে জোর দিয়ে বলেছেন যে, তার সমস্ত

recommendations are subservient to the reorganisation of the educational administration.

বর্তমান শিক্ষাবিভাগকে যদি আমূল পুনর্গঠিত না করা হয় তা হ'লে দে কমিশনের রেকমেন্ডেশন কার্যকরী হবে না। সেজন্য চ্যাপটার ৬এর প্রথমে যে কথাটা বলেছেন

"Thorough reorganisation of the administrative machinery for secondary education will be necessary before reconstruction of the Secondary Education in the State of West Bengal on the lines proposed by us will be possible... reorganisation".....

যদি শিক্ষাবিভাগের রিঅর্গ্যানিজেসন না হয় তা হ'লে তাদের সুপারিশ ধূলিসাৎ হয়ে যাবে। সে

reorganisation of the educational administration

এখন পর্যন্ত তো কোথাও করা হয় নি। দে কমিশন একটি জায়গায় বলেছেন

"we are of opinion that the present set up of the Directorate will not be able to cope with the task of reorganisation of the order we are visualising now... Dey Commission recommendation"......

শিক্ষামন্ত্রী অতএব দে কমিশনের রেকমেন্ডেশন গ্রহণ করছেন কিন্তু তার মূল সুপারিশ পালন করছেন না। তাঁরা এডুকেশন সেক্রেটারিয়েটকে কিভাবে নিন্দা করেছেন কিরূপ ঘৃণার সঙ্গে উল্লেখ করেছেন সে সম্পর্কে কমিশনের বক্তব্য উদ্ধৃত করার লোভ হচ্ছে

"the entire Directorate will have to be reorganised by the creation of a number of new posts and redistribution and expansion of its functions. As a first step in that direction"...... তারপর হচ্ছে..........

[At this stage the blue light was lit.]

Mr. Chairman: Mr. Das, you have almost completed your time limit There are other speakers on the other side also. Please be brief.

Sj. Naren Das: Sir, all members were given full opportunity to say what they had to say. I request for at least 5 minutes more.....

আমি আর পাঁচ মিনিট নেব।

"In actual practice now, the Director has to submit his proposals through the Secretary. This has often led in the past to the Director's proposals being subjected to criticisms by subordinate officers of the Secretariat. If education is not to be treated as a mere administrative problem, we feel that the Director of Education should be mainly responsible for advising the Minister......"

শিক্ষামন্ত্রী সেক্রেটারিয়েটের পুনর্গঠনের প্রশ্ন তোলেন নি। সেখানে আমার বক্তব্য হচ্ছে যা প্রারম্ভিক কাজ সেই গোড়ার কথা রিঅর্গ্যানিজেশন অব দি স্কুলস মানছেন না। অথচ দে কমিশনের রেকমেন্ডেশন মানছেন—এ কেবল অজগুবি যুক্তি! দে কমিশন একথা বলে নি যে

সুপারসেশন হয়ে গেছে বলেই ১৯৫০ সালের মাধ্যমিক শিক্ষা পর্ষদ বাতিল হল। সুপারসেশন হবার পরই কমিশন বসেছিল কিন্তু তা সত্ত্বেও তাঁরা বলেছেন যে, ১৯৫০ সালের অ্যাক্ট অ্যামেন্ড করুন। অ্যামেন্ড করা মানে বাতিল করা নয়। অ্যামেন্ড করা মানে মূল নীতি বজায় রেখে সংশোধন করা।

West Bengal Secondary Education Act will obviously have to be thoroughly revised and amended.

অ্যামেন্ডমেন্ট মানে এই নয় যে, মূল প্রস্তাবকে নস্যাৎ ক'রে দিয়ে তার জায়গায় একেবারে নতুন প্রস্তাব আনা যেতে পারে। সে কমিশনের রিপোর্টের গোড়ার দিকে গভর্নমেন্টের একটা রেজলিউশন আছে ডি এম সেনের স্বাক্ষরিত। তাতে একথা বলা হয়েছে যে, বাংলা সরকার সে কমিশনের ৭টি সুপারিশ মানতে পারছেন না। তার মধ্যে এডুকেশন সিস্টেম অ্যান্ড ডিরেক্টরেটএর পুনর্গঠন এই বিষয়টিও আছে কিনা তাই হচ্ছে আমার প্রশ্ন।

আমরা বারংবার শিক্ষামন্ত্রী ও কংগ্রেস সদস্যদের কাছ থেকে শুনেছি ন্যাশনাল গভর্নমেন্ট, ন্যাশনাল গভর্নমেন্ট। ন্যাশনাল গভর্নমেন্ট বলতে কোন গভর্নমেন্ট নেই। বর্তমান সরকার পার্টি গভর্নমেন্ট। গণতন্ত্রে পার্টি গভর্নমেন্ট অনিবার্য। আমি একথা মনে করি না যে, পার্টি গভর্নমেন্ট ভাল কাজ করেন না। একটি পার্টি গভর্নমেন্ট আমাদের স্বাধীনতা দিয়েছে। পার্টি গভর্নমেন্ট ভাল কাজ করেন না তা নয়, কিন্তু ন্যাশনাল গভর্নমেন্টএর আড়ালে অন্যায় কাজ ঢাকা যায় না।

আমার অভিযোগ হচ্ছে আজকের সরকার কোন্ রাস্তায় যাচ্ছেন—সরকার যাচ্ছেন টোটালিটেরিয়ানের রাস্তায়, সমস্ত অর্থনৈতিক কাঠামোকে তাঁরা কুক্ষিগত করছেন, শিক্ষামূলক প্রতিষ্ঠানকে তাঁদের হাতে নিচ্ছেন, তারপর সমাজকল্যাণমূলক তথা সোস্যাল সার্ভিসের সমস্ত প্রতিষ্ঠানকে হাতে নিচ্ছেন—এই ধরনের কেন্দ্রীভূত শাসনকে ডেমোক্রেসি বলে না। ১৯৩১ সালে গোলটেবিল বৈঠকে গান্ধীজী ফেডারেশন স্ট্রাকচার কমিটির সভায় তাঁর পরিকল্পিত গণতন্ত্রের রেখাচিত্র এঁকেছিলেন। তার দিকে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। যাঁর নাম নিয়ে আপনারা, কংগ্রেস সদস্যরা, বড় বড় কথা বলেন—সেই গান্ধীজীর মতে ডেমোক্রেসি মানে ডিসেন্ট্রালাইজেশন। আজ ডিসেন্ট্রালাইজেশনএর বাণী সমস্ত পৃথিবী শুনেছে—যুগোশ্লাভিয়া তা গ্রহণ করেছে, ইউরোপের বিভিন্ন দেশের পণ্ডিতগণ তা মেনে নিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় কংগ্রেস তার বিরুদ্ধে যাচ্ছে। অথচ তাঁর বিকেন্দ্রীকৃত গণতন্ত্রের নীতি অনুযায়ী গান্ধীজী চেয়েছিলেন অটোনমাস বোর্ডের মাধ্যমে কাজ করা। তিনি সর্বদাই বলেছেন—

That Government rules best which rules least.

আপনারা ঠিক তার বিপরীত কাজ করছেন। কেন্দ্র তথা প্রদেশের হাতে সরকারী ক্ষমতা কেন্দ্রীভূত করছেন।

আপনারা সোস্যালিস্টিক প্যাটার্নের দোহাই দেন, সোস্যালিজমের প্রতিষ্ঠা করবেন বলে প্রতিশ্রুতি দেন কিন্তু এইরকমভাবে কেন্দ্রীভূত ব্যবস্থায় তা সম্ভব নয়। সোস্যালিজমের নীতি অনুযায়ী স্টেট ধীরে ধীরে উঠে যাবে, গভর্নমেন্ট উঠে যাবে, স্টেট শুকিয়ে যাবে (উইদার)। কিন্তু যে রাস্তায় আপনারা এগোচ্ছেন তাতে সরকার মনস্ট্রাস সরকার হবে—ডেমোক্রেসি প্রসারের নামে টোটালিটেরিয়ান ব্যবস্থা এসে যাবে যেমন ক'রে হিটলার এসেছিল, মুসোলিনী এসেছিল সেই রাস্তায় আপনারা পা দিচ্ছেন। আমি আসন গ্রহণ করার পূর্বে শিক্ষামন্ত্রীর কাছে বিনয়ের সহিত নিবেদন করব যে, আপনি পুরানো শিক্ষাবিদ্, আপনি মাধ্যমিক শিক্ষা নিয়ে বহু লড়াই করেছেন—আমি আবার ১৯৪৮-৫০ সালের কথা আপনাকে স্মরণ করিয়ে দিয়ে বলছি যে, এ বিল সিলেক্ট কমিটিতে দিন, সিলেক্ট কমিটিতে আপনাদের মেজরিটি থাকবে—তা হ'লেও যেখানে একটি আপোষমূলক মনোভাব থাকে—সেখানে হয়ত সমস্যার সমাধান হতে পারে। আর তা যদি না করেন, তা হ'লে আমরা বিরোধীপক্ষ এই প্রতিক্রিয়াশীল বিলকে প্রতি পদে পদে বাধা দেব, বাধা দিতে আমরা বাধ্য, অন্যায় হতে দেব না, আমরা এজিটেশন

করব, প্রয়োজন হ'লে সত্যাগ্রহ করব। সত্যাগ্রহ করার অধিকার আমাদের আছে—সত্যাগ্রহ সম্পর্কে, গান্ধীজী তা বলেছিলেন, আচার্য বিনোবা ভাবেও বলেছেন। আমরা চাই যে আপোষের মাধ্যমে এই বিল পাশ হোক।

কংগ্রেসপক্ষ অভিযোগ করছে যে, আমরা এজিটেশন করার, সত্যাগ্রহ করার হুমকি দেখাচ্ছি। আমি তাদের বলতে চাই, আন্দোলন তথা সত্যাগ্রহ করার অধিকার গণতন্ত্রসম্মত। আমরা গোলমাল করতে চাই না। আমরা চাচ্ছি যে, এ বিলের একটা সুসমাধান হোক। আমাদেরও ন্যাশনাল সেন্স আছে, আমরাও জাতির উন্নতি চাই। শিক্ষাব্যবস্থার মীমাংসা আপোষ-আলোচনার মাধ্যমেই হতে পারে। ন্যাশনাল সলিডারিটির দিক থেকে আমি অনুরোধ জানাব আর যেন টেনসান না বাড়ে সেদিকে আমাদের দৃষ্টি রাখতে হবে। আমরা কোন আন-কনস্টিটিউসনাল পথ অবলম্বন করতে চাই না। আমি তাই আবার অনুরোধ জানাচ্ছি, এ বিল সিলেক্ট কমিটিতে দিন। আমাদের শিক্ষাব্যবস্থার উন্নতির জন্য আমরা সকলে একযোগে কাজ করতে রাজী।

[11-30—11-40 a.m.]

Sj. Harendra Nath Mazumder:

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি প্রথমেই মধ্যশিক্ষা বিল এই পরিষদে উপস্থিত করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। তাঁকে আরও ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে, তিনি মন্ত্রিত্ব গ্রহণ করবার কয়েক মাসের মধ্যেই মধ্যশিক্ষা ক্ষেত্রে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছিল তা নিরসনের জন্য এই বিল আমাদের সামনে এনেছেন। এই পরিষদে এই বিল উত্থাপন ক'রে তিনি একটা প্রিসিডেন্ট সৃষ্টি করেছেন। আগের বোর্ড বাতিল সম্বন্ধে গভর্নমেন্টের যে অভিযোগ ছিল সেই অভিযোগ সম্পর্কে আমি এবং বন্ধুবর কামিনীবাবু যে স্টেটমেন্ট সই করেছিলাম সত্যপ্রিয়বাবু তা উল্লেখ করেছেন। এতে আমি কৌতুকবোধ করছি। সেদিন যখন বোর্ড বাতিল হয়েছিল তখন আমরা এতগুলি দরদী বন্ধু দেখতে পাই নি। আজকে সত্যপ্রিয়বাবু এবং তাঁর দলকে আমাদের বোর্ডের দরদী বন্ধু হিসাবে দেখতে পেয়ে এবং তার জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করতে দেখে আমি সত্যিই কৌতুক অনুভব করছি। একথা আমি জানি যে, সত্যপ্রিয়বাবুর এ.বি.টি.এ-র আগের বোর্ডের সংগে ফিনান্সিয়াল রিলেশনশিপ ছিল, যে রিলেশনশিপএর মধ্যে দিয়ে তাঁদের প্রচুর লাভ ছিল—স্যান্সক্রুট টেক্সট বুক যা মাধ্যমিক শিক্ষা বোর্ডের পুস্তক—তার সোল সেলিং এজেন্ট হিসাবে বহু অর্থ তাঁরা উপার্জন করেছেন। আমি জানি না যে, গত কাউন্সিল ইলেকশনএ—

Mr. Chairman: This is not relevant to the matter.

Sj. Harendra Nath Mazumder:

আগামী যে বোর্ড হচ্ছে সেই বোর্ডের কনস্টিটিউশনএর মধ্যে দিয়ে এইরকম এজেন্সির সুযোগ আসবে কিনা জানি না। কিন্তু এটা নিশ্চয়ই জানি আগেকার বোর্ডে একটা আনউইল্ডি বডি ছিল এবং সেখানে আউটসাইড ইনফ্লুয়েন্সএর সুযোগ ছিল এবং আমার মনে হয় যে, আগেকার বোর্ড যদি আরও কমপ্যাক্ট হ'ত তা হ'লে হয়ত অ্যাডমিনিস্ট্রেটিভ ফাংসান আরও উন্নত হ'ত। সত্যপ্রিয়বাবু অ্যাডমিনিস্ট্রেটিভ বোর্ডের সদস্য না হয়েই বোর্ডের সংগে সরকারের অসহযোগিতার কথা বলেছেন। আমাদের বন্ধু মনোরঞ্জনবাবু বোর্ডের সদস্য ছিলেন, তিনিও সেকথা বলেছেন। আমি একটা কথা স্মরণ করিয়ে দিচ্ছি, স্কুল কোড যখন হয় সেই সময় টিচার্সদের স্যালারি, এজ অফ সুপারঅ্যানুয়েশন ইত্যাদি নিয়ে সদস্যদের মধ্যে বিরোধ হয়ে অচল অবস্থার সৃষ্টি হয়েছিল এবং তা আয়ত্তের বাহিরে চলে গিয়েছিল—তখন প্রেসিডেন্ট অব দি বোর্ড এর ইন্টারভেনশনএ সেই বিরোধ মিটে যায় এবং সেই কোড গভর্নমেন্টের কাছে সম্পূর্ণরূপে পাঠিয়ে দেওয়া হয়। আমি জানি না এর মধ্যে সরকারের কোনপ্রকার ত্রুটি বা অন্যায় আছে কিনা। সে সময় বোর্ড ও বোর্ডের সভাপতি ভালভাবে এবং গভর্নমেন্টের সংগে কাজ করেছিলেন এজন্য আমি সত্যিই গৌরব অনুভব করছি। আমাদের পিছনে তখন কিন্তু এত বন্ধু ছিলেন না। গত বোর্ডের এবং আগামী যে বোর্ড ফর্ম হবে তার যে

কনস্টিটিউশন হবে সে সম্পর্কে এখানে আলোচনা হয়েছে। আগের বোর্ডে ৪৪ জন সদস্য ছিলেন, বর্তমানের বোর্ডে ২৭ জন সদস্য হবেন। কারা বাদ গেছেন? আগের বোর্ডে ইউনিভার্সিটি থেকে ৮ জন এসেছিলেন—বর্তমান বোর্ডে আসবেন ৫ জন। কিন্তু সিলেবাস কমিটিতে ডীন অব ফ্যাকাল্টি অব আর্টস, ডীন অব ফ্যাকাল্টি অব সায়েন্স অ্যান্ড এক্সপার্টস থাকবেন। সুতরাং ইউনিভার্সিটির রিপ্রেজেন্টেশন কম হয়েছে একথা মানা যায় না। স্পেশ্যাল নলেজ হচ্ছে এমন এক্সপার্টদেরও সেখানে কো-অপ্ট ক'রে নেবার ব্যবস্থা করা হয়েছে। তারপর বাদ হয়েছেন স্কুল বোর্ডের সদস্য, রিপ্রেজেন্টেটিভ ফর অ্যাংগলো-ইন্ডিয়ান এডুকেশন এবং ম্যানেজিং কমিটির ৩ জন সদস্য। ম্যানেজিং কমিটির সদস্য সম্পর্কে আমাদের এক বন্ধু অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমারও আনবার ইচ্ছা ছিল। ম্যানেজিং কমিটির একজন প্রতিনিধি বোর্ডের সদস্য থাকা উচিত বাট হি মাস্ট বি এ মেম্বার আদার দ্যান এ টিচার। প্রত্যেক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটিতে শিক্ষক প্রতিনিধি আছেন এবং গত বোর্ডে আমাদের শিক্ষক বন্ধু মনোরঞ্জনবাবু শিক্ষক প্রতিনিধি হিসাবে আসেন নি—ম্যানেজিং কমিটির প্রতিনিধি হিসাবে এসেছিলেন। সেজন্য আমি চাই ম্যানেজিং কমিটির সদস্য যিনি আসবেন তিনি শিক্ষক হবেন না। আপীল কমিটির যেখানে বলা হয়েছিল—হি মাস্ট বি এ মেম্বার আদার দ্যান এ টিচার—দুঃখের বিষয় গত বোর্ডে সেখানেও মনোরঞ্জনবাবু শিক্ষক হয়েও ম্যানেজিং কমিটির প্রতিনিধি হিসাবে সদস্য ছিলেন।

[11-40—11-50 a.m.]

নন-অফিসিয়াল রিপ্রেজেন্টেশনএর মধ্যে যাঁরা বাদ গিয়েছেন, তাঁরা ইউনিভার্সিটির ৩ জন—তা পূর্বেই বলেছি, সিলেবাস কমিটিতে আছেন। স্কুল বোর্ডের রিপ্রেজেন্টেটিভ একজন। স্কুল বোর্ডের কোন্ ফাংশন সেকেন্ডারি বোর্ডের আছে, অ্যান্ড রিপ্রেজেন্টেটিভ অব দি স্কুল বোর্ড আমি কয়েক বছরেও তা অনুভব করতে পারি নাই; কাজেই স্কুল বোর্ডের রিপ্রেজেন্টেটিভ না নিলেও কোন ক্ষতি হয় নাই। অ্যাংগলো-ইন্ডিয়ান এডুকেশন, সমস্ত সেকেন্ডারি এডুকেশনএর ভার যখন নেওয়া হচ্ছে, তখন আর স্পেশ্যাল অ্যাংগলো-ইন্ডিয়ান এডুকেশনএর জন্য কোন রিজার্ভেশনএর প্রয়োজন নাই। ম্যানেজিং কমিটির সদস্য থাকা উচিত পূর্বেই বলেছি।

আমার খুব আশ্চর্য লাগল যে বিরোধীপক্ষ থেকে এত তাঁরা আলোচনা করলেন কিন্তু পাওয়ারস অ্যান্ড ফাংশনস অব দি বোর্ড যা এই অ্যাক্টএ ভিস্যুয়ালাইজ করা হয়েছে, সে সম্বন্ধে তাঁরা কোন আলোচনা করলেন না। পাওয়ারস অ্যান্ড ফাংশনস অব দি বোর্ড আগের আইনে যা দেখেছি, বর্তমান আইনেও তাই আছে। এর মধ্যে বেশি তফাৎ নাই। আমি সামান্য যে তফাৎ আছে, তা ব'লে দিতে চাই। আগের বোর্ডের যে ফাংশন ছিল, বর্তমান বোর্ডেরও সেই ফাংশন আছে। বর্তমান বোর্ডের যে রেকগনিশন ক্ষমতা আছে, আগের বোর্ডেরও তাই ছিল।

The Board shall have exclusive right to grant recognition.

বর্তমান বোর্ড পূর্বের বোর্ডের ন্যায়

Will be competent to hold examinations.

তবে বর্তমান বিলে একটা বিষয় নাই—টু ডিস্ট্রিবিউট গ্রান্টস। আমার বন্ধু নরেনবাবু ও অন্যান্য বন্ধুরা স্বৈতশাসন নিয়ে অনেক বক্তৃতা করেছেন। এই গ্রান্ট হাই স্কুলের শিক্ষার ও স্কুলের স্থায়িত্বের সঙ্গে সংশ্লিষ্ট। সকলে জানেন যে, গ্রান্টস ডিস্ট্রিবিউশন সম্পর্কে ডাইরেক্টরেট ও বোর্ড উভয়ের সংস্রব থাকার জন্য গ্রান্ট পেতে বহু দেরি হয়ে যায়। যখন ক্যালকাটা ইউনিভার্সিটির আমলে ডাইরেক্টরেট থেকে গ্রান্টস ডিস্ট্রিবিউট হ'ত, তখন গ্রান্ট পেতে দেরি হয় নাই। ইন্সপেক্টিং স্টাফ সেটা কন্ট্রোল করত। ডাইরেক্টরেটকে যদি এই গ্রান্ট ডিস্ট্রিবিউশনএর ভার দেন তা হ'লে তাড়াতাড়ি গ্রান্ট ডিস্ট্রিবিউট করা সম্ভব। নতুবা ডাইরেক্টরেট ও বোর্ডের এক্সামিনেশন ও এক্সপ্লানেশন প্রভৃতি দেওয়া নেওয়ার ফলে গ্রান্ট রিলিজ করতে অনেক দেরি হয়ে যায়। গ্রান্ট পেতে অনেক ক্ষেত্রে বছর পার হয়ে যায়। গ্রান্টকে যে

এই [illegible]নের মধ্যে আনেন নাই তার জন্য মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাই। কারণ আমি স্কুল কর্তৃপক্ষ হিসেবে দেখেছি- গ্রান্ট বোর্ডের হাতে থাকলে অত্যন্ত অসুবিধা হয়। কাজেই গ্রান্টের ডিস্ট্রিবিউশন ডাইরেক্টরেট সরাসরি করবেন। এগুলির জন্য অন্য কোন ডিপার্টমেন্টের মধ্য দিয়ে আসতে হবে না। এর জন্য বিদ্যালয়গুলি উপকৃত হবে।

আর একটা বিষয়ে আমি আমার বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করব। সেটা হচ্ছে এই যে, আজকে যে মাল্টিপারপাস স্কুলস, যেগুলি আমাদের গ্রামে গ্রামে হয়েছে, তার প্রতি আমাদের মাধ্যমিক শিক্ষার নূতন রূপ এনেছে। তার জন্য মুদালিয়ার কমিশনের এই রিপোর্ট পড়বার প্রয়োজন নাই। কারণ সেটা এখানে এক্সটেনসিভলি পড়া হয়েছে উভয় পক্ষ থেকে। সেখানে যেরূপ পরিকল্পনা করা হয়েছে, আমাদের গভর্নমেণ্ট সেই পরিকল্পনা অনুযায়ী গ্রামে গ্রামে সেই মাল্টি-পারপাস স্কুল স্থাপনা করছেন। আমাদের এডুকেশন ডিপার্টমেণ্টএর সেক্রেটারি সম্বন্ধে, শিক্ষাসচিবের নামে অনেক অভিযোগ হয়েছে, তাকে আমার ডিফেন্ড করবার প্রয়োজন নাই। আমাদের ২৪-পরগনা জেলা সম্পর্কে একথা বলতে পারি যে, বিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষ চেষ্টা-চরিত্র না করলেও শিক্ষাসচিব নিজে ও শিক্ষাদপ্তরের কর্মচারীরা নিজেরা ইনিসিয়েটিভ নিয়ে মহকুমায় ঘুরে ঘুরে বিদ্যালয়গুলির ব্যবস্থা নিরীক্ষণ ক'রে যেখানে যেখানে স্কুলের উন্নতি করবার প্রয়োজন আছে তার ব্যবস্থা করছেন। আজ নূতন নূতন স্কুলগৃহ সায়েন্স ল্যাবরেটরিজ, টেকনিক্যাল স্কুলস, নানাভাবে গ্রামের মধ্যে সৃষ্টি হয়েছে। সত্যপ্রিয়বাবু একথা শুনে হাসছেন। কিন্তু আমি তাঁকে ইনভাইট করছি—তিনি ২৪-পরগনা জেলায় আসুন, ঘুরে দেখুন, কলিকাতার বাইরে আজ কিভাবে বিদ্যালয়গুলি গড়ে উঠেছে। (শ্রীযুক্ত সত্যপ্রিয় রায়: ঘুরে এসেছি।) আমার মনে হয় ঘুরে আসেন নাই। আমি প্রোগ্রাম ক'রে দেব একবার ঘুরে আসুন—কিভাবে স্কুলগুলি ফাংশন করছে। যে মাল্টি-পারপাস স্কুলগুলির বিরুদ্ধে আপনারা আন্দোলন করেছিলেন, সেই স্কুলগুলি আজ কি এক উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করেছে; গ্রামের ছাত্র, অভিভাবক, শিক্ষক, জনসাধারণ—এই বিদ্যালয়গুলিকে কি চক্ষে দেখছেন! সেটা চোখে না দেখলে বিশ্বাস হবে না। আমি তাঁকে আমন্ত্রণ করব—আমার সংগে আসুন। ২৪-পরগনা জেলায় তিনি আন্দোলনের ভয় দেখিয়েছেন। যদি এই বিলটা সিলেক্ট কমিটিতে না যায় কিংবা যদি এই খসড়া আইন এই ফর্মএ পাশ হয়ে যায়, তা হ'লে তাঁরা এর বিরুদ্ধে আন্দোলন করবেন। (শ্রীযুক্ত সত্যপ্রিয় রায়: নিশ্চয়ই।)

আমি তাঁকে একথা বলি যে, সমস্ত শিক্ষকরা তাঁর তাঁবেদার নন। বাংলাদেশে বহু শিক্ষক আছেন, যাঁরা শিক্ষা দরদী, তাঁরা আন্দোলন করতে চান না, তাঁরা ছাত্রদের শৃংখলা শিক্ষা দেন। তাঁরা রাস্তার উপর স্কোয়াটীং ক'রে ছাত্রদের উচ্ছৃংখলতা শিক্ষা দেন না। বহু শিক্ষক-অভিভাবক আছেন, যাঁদের শিক্ষার জন্য যথেষ্ট উৎসাহ ও ইন্টারেস্ট আছে। কাজেই আমি বলব এই আন্দোলনের জন্য সরকার মোটেই ভয় পাবেন না। আজকে আমরা এই বিলকে ওয়েলকাম করছি।

Sjkta. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রিমহাশয় যে সেকেন্ডারি এডুকেশন বোর্ড বিল আনয়ন করেছেন, তাই নিয়ে বহু আলাপ-আলোচনা হচ্ছে। শিক্ষামন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার মধ্যে সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট যেটা প্রচলিত আছে তার পরিবর্তন ঘটিয়ে নূতন সেকেন্ডারি এডুকেশন সংক্রান্ত আইন প্রণয়নের জন্য এই বিল এনেছেন ব'লে উক্তি করেছেন। তাঁর কাছে আমরা নিখিল বঙ্গ শিক্ষক সমিতির তরফ থেকে আবেদন করেছিলাম যে, আমাদের পশ্চিম বংলার মাধ্যমিক শিক্ষায় যে অরাজকতা চলছে বোর্ড সাসপেন্ডেড হয়ে যাবার পর থেকে, সেই অরাজকতা দূর করবার জন্য মাধ্যমিক শিক্ষাকে তাঁর কথিত মুদালিয়র ও দে কমিশনের সুপারিশমত সর্বাংগসুন্দর ও ব্যাপক করবার জন্য মাধ্যমিক শিক্ষা বোর্ডের পুনর্গঠন প্রয়োজন। তিনি আমাদের আশ্বস্ত করেছিলেন যখন তাঁর কাছে আমরা গিয়ে বলেছিলাম যে হাইয়ার সেকেন্ডারি এবং দশ ক্লাস সেকেন্ডারির সিলেবাস ইত্যাদি নিয়ে একটা গোলমাল সৃষ্টি হচ্ছে, লক্ষ লক্ষ ছাত্রদের ভবিষ্যৎ একটা অনির্দিষ্ট পথে চলে যাচ্ছে এবং দে কমিশনের যে সুপারিশ ছিল যে হাই পাওয়ার কমিটি করা সম্পর্কে অন্তত সেই প্রকারের কোন সংস্থা গঠন

কমেন যদি বোর্ড রিকন্সটিটিউটেড নাও হয়। এই ধরনের কমিটি এবং এই কমিটির মাধ্যমে একটি শিক্ষানীতিকে গ্রহণ করা—সে সম্বন্ধে তিনি কি চিন্তা করছেন? তার উত্তরে সেদিন তিনি বলেছিলেন—তিনি ঐ রকম একটি কমিটির পক্ষপাতী এবং তিনি যে বোর্ড তৈরি করবেন সেই বোর্ডই হবে.........

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: No, Sir, I did not say that.

Sjkta. Anila Debi:

তা হ'লে আমরা ভুল বুঝতে পেরেছি, যদি তিনি বলেন যে, একথা বলেন নাই। আমি তর্ক করব না। তিনি বোধ হয় বলেছিলেন—নবগঠিত শিক্ষা বোর্ডই সেই হাই পাওয়ার কমিটির ন্যায় কাজ করবেন। তাও কি তিনি অস্বীকার করবেন?

Mr. Chairman: I think you have taken note of what the Hon'ble Minister said. He said that he did not say that.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: So far as I remember I said that the new Board will be set up mostly on the lines of the recommendations of the Mudaliar Commission and exactly on the lines of certain recommendations of the Dey Commission.

[11-50—12 noon.]

Sjkta. Anila Debi:

আচ্ছা—ভাল—এই বিপদের মধ্যে আমি যাব না। কারণ স্বয়ং মাননীয় মন্ত্রিমহাশয় যখন বলেছেন এই রকম কিছু বলেন নি। আমার এটা হয়ত বুঝবারও ভুল হ'তে পারে। পরে আমরা কাগজে যে স্টেটমেন্ট দিয়েছিলাম তাতে তিনি আপত্তি ক'রেছিলেন কি? যাই হোক এই যে বোর্ড বিল তিনি উপস্থিত করেছেন, শিক্ষা সংস্কারের দিক থেকে, পরিবর্তনের দিক থেকে সেটা আনবার জন্য তাঁকে নিশ্চয়ই সকলে ধন্যবাদ জানাব। কিন্তু মুদালিয়র কমিশনএর সার্টেন রেকমেন্ডেশন যাই হোক তার সংগে বাটলার কমিশন, তার সংগে দে কমিশন, আর সংগে নিজস্ব অভিমত সমস্ত মিশিয়ে তিনি যে বক্তৃতা আমাদের সামনে উপস্থিত করেছেন, তা থেকে যে সত্য আমি অনুভব করছি এবং সেটাই নিবেদন করতে চাই। সামগ্রিকভাবে মুদালিয়র কমিশন, দে কমিশনএর রেকমেন্ডেশন যে আলোকপাত করতে চেয়েছেন মাধ্যমিক শিক্ষা উন্নয়ন ব্যাপারে তা যদি এই প্রস্তাবিত বোর্ডে দেখতে পেতাম, তা হ'লে বর্তমান সন্দেহ আমাদের মনে হ'ত না—কিন্তু চলতি কথায় বলতে গিয়ে বলতে হচ্ছে যে, মুদালিয়র কমিশন থেকে তিনি "অ" নিয়েছেন। ইংরেজ শাসনের আইন থেকে "রা" নিয়েছেন, পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের শিক্ষাদপ্তরের যে অকর্মণ্যতার রাজত্ব চলছে সেখান থেকে "জ" নিয়েছেন, আর নিজস্ব বিভাগের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতার মধ্য থেকে তিনি "তা" নিয়ে একটা প্রকাণ্ড অরাজকতার সৃষ্টি করেছেন। মুদালিয়র কমিশন বা দে কমিশনএ যে জিনিস নাই, তাকে কল্পনা ক'রে নিয়ে বাটলার কমিশনএ যা পরিষ্কার পাওয়া যাচ্ছে তাকে বাদ দিয়ে এই ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন গঠন হতে চলেছে—অথচ বলা হচ্ছে—এটা উক্ত কমিশনগুলির আলোকে রচিত—অর্থাৎ কথার সংগে বাস্তবের মিল নেই। যেন একটা জগাখিচুড়িরূপে এই বোর্ড বিল মন্ত্রিমহাশয় এখানে এনেছেন। সুতরাং আমরা যদি আশঙ্কা ক'রে থাকি, মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে এইরকম বিভ্রান্তিকর বোর্ড আনার জন্য দারুণ অরাজকতার সৃষ্টি হবে, তা হ'লে সেটাকে কি প্রকাণ্ড অমূলক বা ভিত্তিহীন বলা হবে? জানি না—এখানের মাননীয় অন্যান্য সদস্যারা এটাকে কি আলোকে বিচার করবেন।

তারপর, এখানে মাননীয় সদস্য হরেনবাবু একটা কথা বলেছেন যে, বোর্ডএর সুপারসেশন হবার পর তিনি নাকি বর্তমানের বোর্ডের সমর্থক এই সমস্ত বন্ধুবর্গকে দেখেন নি। এবং বিশেষ ক'রে তিনি ব্যক্তিবিশেষকে এবং সংস্থাবিশেষকে আক্রমণ করবার প্রচেষ্টা করেছেন কিন্তু তাঁর যদি মনে থাকে—নিশ্চয়ই তিনি ভোলেন নি যে, আমার মত একজন অভাজনও এই বোর্ডের মধ্যে ছিল এবং আমাদের মত অভাজন জনকয়েক বোর্ড সুপারসিড হবার পর প্রসিকিউশনএর

তরফ থেকে এই নিয়ে প্রতিবাদ জানিয়েছিলাম। এবং এটাও সত্য কথা যে, আমাদের মধ্যে কয়েকজন সভ্য এবং তাঁদের মত অভিজ্ঞ ও সম্মানিত ব্যক্তি প্রত্যেকেই প্রোটেস্ট জানিয়ে যে স্টেটমেন্ট দিয়েছিলেন। তাঁরা যে প্রোটেস্ট স্টেটমেন্টএ সই করেছিলেন, সেই স্টেটমেন্ট আমাদের মত অভজনই লিপিবদ্ধ করেছিল তাও হয়তো তাঁর অজানা নয়। অবশ্য আমাদের আক্রমণ ক'রে যেসমস্ত কথা তিনি উল্লেখ করতে চেয়েছিলেন সেইগুলি প্রতিবাদ করার যথেষ্ট যুক্তি থাকা সত্ত্বেও আজকে আমরা বোর্ড বিল আলোচনা করছি ব'লে সে সম্বন্ধে আমি বেশি আর কিছু বলতে চাই না। তবে আমি দেখেছি যে, শিক্ষকদের প্রতিনিধিরা কোন কথা প্রতিবাদ করতে গেলেই কেউ কেউ একটা সংস্থার কথা অবান্তরভাবে বক্তব্যে উপস্থিত করেন—সেই সংস্থা শিক্ষকদের সংস্থা—সরকারের সংগে সেটি জড়িত নয়। এই সংস্থার নাম উল্লেখ বৃথা করতে চাই না—তবে সংস্থার নাম উল্লেখ ক'রে মজুমদার মহাশয়রা যদি মাঝে মাঝে খোঁচা দিতে চান, সভাপতি মহাশয়—এই খোঁচা আমরাও ফিরিয়ে দিতে পারি। কিন্তু হীনতাকে প্রাধান্য দেওয়া অপমানকর মনে করি ব'লেই আমি সেই প্রসংগে যেতে চাই না। আমি শুধু তাঁকে একটি কথা বলছি—যে বক্তৃতা দিতে গিয়ে আমরা যেন ভুলে না যাই যে কোন নীতি বা কোন কল্যাণকর উদ্দেশ্য নিয়েই আমরা আলোচনার অবতারণা করছি। একটা কল্যাণকর প্রতিষ্ঠান সৃষ্টি করবার জন্য আমাদের তর্কবিতর্কের অবতারণা। মনে রাখতেই হবে সেখানে মন্ত্রি-মহাশয় স্বয়ং এই সংস্থাকে আক্রমণ ক'রে যে কথা বলেছেন, তাতে বর্তমানের মূল উদ্দেশ্য সফল হবে না। বর্তমানে যে বোর্ড বিল উপস্থিত করা হয়েছে—তার কি ক্ষমতা থাকছে এবং আগেকার বোর্ডএর যে ক্ষমতা তার উল্লেখ ক'রে হরেনবাবু যা বলেছেন সে সম্বন্ধে আমার বক্তব্য ১৯৫০ সালের মাধ্যমিক শিক্ষা আইনে বোর্ডকে যে ক্ষমতা দেওয়া ছিল প্রস্তাবিত বোর্ডে সেটাকে অপহরণ করা হচ্ছে। সেকেন্ডারি এডুকেশন অ্যাক্টএ যে ক্ষমতা দেওয়া হয়েছিল বোর্ডকে সেটা হচ্ছে—

It shall be the duty of the Board to take such measures from time to time as it deems necessary for making suitable provision for secondary education throughout the State.

এর মধ্যে কিছু সত্য উদ্ঘাটিত হয়েছে। বর্তমানে যে বোর্ড বিল তার মধ্যে যে উদ্দেশ্য রয়েছে সেটা হচ্ছে—

It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to secondary education referred to it by the State Government............

অর্থাৎ, মাধ্যমিক শিক্ষা বিষয়ে স্টেট গভর্নমেন্টএর সর্বক্ষমতা থাকবে ইচ্ছা হ'লে শুধু রেফার করবেন বোর্ডকে। সুতরাং প্রস্তাবিত বোর্ডএর মূলগত কোন ক্ষমতা নেই, যেটা আগের বোর্ডের ছিল—এর তফাৎ যে আমাদের হরেনবাবু বুঝতে পারেন নি, সেটা আমি মনে করি না। যে বোর্ডএর মেম্বারদের দোষত্রুটি তিনি উল্লেখ করেছেন, তিনি কি সেই মেম্বারদেরই একজন ছিলেন না? তখন সে দোষত্রুটি তিনি ঘটতে দিলেন কেন? নিশ্চয়ই তা হ'লে তিনি ছিলেন একজন স্লিপিং মেম্বার। এই স্লিপিং মেম্বারশিপএর অপরাধে তিনি অপরাধী—তাই তিনি বোঝাতে বা বুঝতে চান নি বা পারেন নি। তারপর আমার বক্তব্য হচ্ছে—এই যে বোর্ড বিল এসেছে—এই বিলের মাধ্যমে আমরা কি চাই? যদি আমরা চাই সেকেন্ডারি এডুকেশনকে আমাদের রাজ্যের মধ্যে সুষ্ঠুভাবে পরিচালিত করব—শিক্ষার উন্নততর পরিকল্পনাকে আমরা সফল ক'রে নিয়ে যাব, তা হ'লে আমার প্রথম বক্তব্য হচ্ছে মুদালিয়র কমিশন এবং দে কমিশনএর সে সম্পর্কীয় প্রধান রেকমেন্ডেশানস গৃহীত হয় নি। সেগুলিকে বিল রচনা করতে গিয়ে শিক্ষামন্ত্রিমহাশয় উপেক্ষা করেছেন। দে কমিশনএর মূল কয়েকটি বক্তব্য, যেমন—উন্নয়নমূলক পরিকল্পনা ক'রে সেকেন্ডারি এডুকেশনকে সংস্কার করতে হবে, অথচ এই বোর্ডকে উন্নয়নমূলক পরিকল্পনা করবার কোন অধিকার দেওয়া হয় নি। যে উদ্দেশ্যে এই বোর্ড সৃষ্টি করা হয়েছে—সেই উদ্দেশ্য থেকে বঞ্চিত ক'রে যদি একে দপ্তরের লেজুড় হিসাবে খাড়া করা হয়—তা হ'লে আমি বলব মুদালিয়র কমিশন কি বলেছে, দে কমিশন কি বলেছে—সে কথা ব'লে তর্কের লড়াই ক'রে আত্মরক্ষারই চেষ্টা করা হয় মাত্র, সৃষ্ট কিছু করা যায় না। দে কমিশন এবং মুদালিয়র কমিশন—উভয়ের উদ্দেশ্যে একেবারে সমাধি রচনা ক'রে দিয়ে সরকার

ই বোর্ড তৈরি করতে এগিয়েছেন—সেটা খাকি-পরা বোর্ড, অ্যাডভাইসরি বোর্ড অথবা কাউন্সিলিং বোর্ড—যে নামই দিই না কেন এটা যে পশ্চিমবঙ্গের শিক্ষাজগতে একটা শনিগ্রহরূপে এসেছে এ সত্য প্রবলরূপে প্রকট। এবং এর দ্বারা কোনরকম সংস্কারের আশা কেউ করতে পারবেন না। সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট অনুসারে গঠিত বোর্ড সুপারসিড হয়ে গেল যেসব অপরাধের জন্য, তারপর থেকে তিন বছর ধ'রে সরকারী শিক্ষাবিভাগ এই বোর্ডের নামে মাধ্যমিক শিক্ষা পরিচালনা ক'রে আসছেন, এবং এই পরিচালনার ভিতর দিয়ে সরকারী বিভাগের চরম অপদার্থতারই পরিচয় দিয়ে আসছেন। সুতরাং আজকে অ্যাডভাইসরি হিসাবে যে বোর্ড তৈরি হচ্ছে—সেই বোর্ড এই বিভাগের কর্তাদের অধীনেই পরিচালিত হবে। তার ফলে শিক্ষাব্যবস্থা পরিচালনায় অব্যবস্থা দূর হবে না। বরং আমি এই কথা বলতে পারি যে, অরাজকতা ও বিশৃংখলা দূর করার জন্য নূতন ক'রে যে বোর্ড বিল আনয়ন করা হচ্ছে—তার যা স্বরূপ তাতে এই অরাজকতা ও বিশৃংখলতা অবাধে চলতেই থাকবে। ঘোলাটে জলকে নির্মল করবার উদ্দেশ্যে শুধু তামার পাত্র থেকে জলকে সোনার পাত্রে রাখলে সে জল নির্মল হয় না—ঘোলাটে জল ঘোলাটেই থাকে—তাকে নির্মল করতে গেলে তার জন্য একটা নীতি বা প্রসেস গ্রহণ করতেই হয় সে কথাটা এই ক্ষেত্রেও ভুললে চলবে না।

[12—12-10 p.m.]

দে কমিশন মাধ্যমিক শিক্ষা উন্নয়নের পরিকল্পনার কথায় বলেছেন যে, বোর্ডকে পুনর্গঠন ক'রে উন্নয়ন পরিকল্পনার সমস্ত পরিকল্পনাগুলি করবার ভার দিতে হবে সেই বোর্ডকে। আমরা জানি দে কমিশন ও মুদালিয়র কমিশনের উল্লিখিত উন্নয়ন পরিকল্পনা কার্যে পরিণত করবার জন্য কোন একটা সংস্থা গঠন ক'রে তার হাতে সে ভার দেওয়া হয় নাই। অথচ সংস্কারের নামে পরিবর্তন শুরু হয়ে গেছে। পশ্চিমবাংলায় দেখি সরকারী শিক্ষাদপ্তরের স্বয়ম্ভু পরিকল্পনা শিক্ষাকাশে উদিত হয়ে চলতে শুরু করেছে। কি ক'রে বা কার জোরে জানলেও বলতে হবে জানি না। সরকারী শিক্ষাবিভাগের দপ্তর তিন বছর ধরে দিনের পর দিন পরিকল্পনাকে এগিয়ে নিয়ে যাবার নামে পরম অরাজকতার সৃষ্টি করেছে। মাননীয় হরেনবাবু বলেছেন যে, মালটিপারপাস স্কুলএর বিরোধিতা অল বেংগল টিচার্স অ্যাসোসিয়েশন করেছে, আমি জানি অল বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েশন তা করে নাই। কি ক'রে মালটিপারপাস স্কুলগুলি বিজ্ঞানসম্মত হতে পারে এবং শিক্ষা জগতে বিশিষ্ট রূপ নিয়ে সফল উদ্দেশ্যে চলতে পারে সে সম্বন্ধে নিশ্চয়ই মতভেদ ছিল বা এখনও আছে। কিন্তু মালটিপারপাস স্কুলস যে কয়টি স্থাপিত হয়েছে তার সংগে বিরোধিতা কখনই নিখিল বঙ্গ শিক্ষক সমিতির তরফ থেকে হয় নাই। তিনি বোধ হয় জানেন না—এই ধরনের স্কুলও সমিতির সদস্য। তিনি আরও বলেছেন মালটিপারপাস স্কুলসএর দ্বারা গ্রামের মধ্যে উদ্যমের সৃষ্টি হয়েছে। একথা তিনি কার কাছে শুনেছেন জানি না। এরকম আনন্দের কথা ত আমরা শুনি নি। তবে শুনেছি বটে মুর্শিদাবাদ জেলার বহড়া স্কুলের কথা। সেখানে ফাইন আর্টস নিয়ে মালটিপারপাস স্কুল হবার পরেও নাকি সেখানকার অভিভাবকরা উৎসাহে ও আনন্দে নৃত্য করেন নাই, বরং ভয়ে ভীত হয়ে তাঁদের পুত্রকন্যাদের ট্রান্সফার সার্টিফিকেটএর জন্য ছুটাছুটি করেছেন। কোন জায়গায় ভাল হ'লেও হতে পারে, তাতে আপত্তি করবার কিছু নাই। কিন্তু গ্রামের মধ্যে উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে এমন কথা শোনার সৌভাগ্য আমাদের হয় নি বরং অধিকাংশ জায়গাতেই যা দেখি তাতে বলা চলে, যদি ভয়াবহতার সৃষ্টি নাও হয়ে থাকে অনিশ্চয়তার যে সৃষ্টি হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। মালটিপারপাস স্কুলের যে-কোন শিক্ষককে ডেকে এনে জিজ্ঞাসা করতে পারেন এই ১২ মাসের মধ্যে কোন বই তাঁরা পেয়েছেন কিনা, হদিশ মিলেছে কিনা যে, তাঁরা কি পড়াবেন এবং পরীক্ষা কি হবে। অভিভাবকরা জানেন কিনা যে, ৯ম থেকে ১০ম শ্রেণী পর্যন্ত তাঁদের ছেলেপিলেরা কি বিদ্যায় বিদ্বান হয়ে উত্তীর্ণ হতে যাচ্ছে। শুধু মুখের প্রশংসা শুনালেই চলবে না, বাস্তব অবস্থার সংগে মিলিয়ে বিচার করতে হবে। [illegible] দে কমিশনের যে সুপারিশ তাকে সম্পূর্ণতা দেবার জন্য যে বোর্ডের বহু পূর্বেই আসা উচিত ছিল তা আসে নি। তারপর তিন বছর কিছু অর্থ তছনছ হবার পর একটা ঠুঁটো জগন্নাথ বোর্ড আনা হয়েছে এবং আগেকার বোর্ডের অকর্মণ্যতার কথা বলে

মাধ্যমিক শিক্ষাকে একেবারে সরকারী বিভাগের কুক্ষিগত করবার জন্য আয়োজন সম্পূর্ণ করে প্রস্তাব এনেছেন। আগেকার বোর্ডের বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে, আমরা দেখছি সেই অভিযোগ থেকে যে বিভাগ, যে দপ্তর মুক্ত নয় সেই দপ্তরের হাতেই বোর্ডকে নিয়ে যাওয়া হচ্ছে! এর পরেই চলবে একক ক্ষমতার অপ্রতিহত প্রভাব। সে প্রভাব কোন কর্মচারীর কাছ থেকেই আসুক বা মন্ত্রিমহাশয়ের কাছ থেকেই আসুক। একক ক্ষমতাকে আমরা কোনদিন সমর্থন করতে পারি নি আজও পারব না।

তারপরে উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে বোর্ড কাজ করতে পারবে এমনতর কোন অধিকার যদি দেওয়া হয়েই থাকে—তা হ'লে আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে পাঁচটি কমিটির মধ্যে বোর্ডের সমস্ত কার্যক্রম সীমিত করবার চেষ্টা হচ্ছে এর মধ্যে কোথায় সেই কমিটি যা নাকি ছিল মুদালিয়র কমিশনের সবচেয়ে বড় সুপারিশ? বন্ধুবর কৃষ্ণ চ্যাটার্জি মহাশয় কাল বলেছিলেন আজও বলেছেন মাননীয় অধ্যাপক ভট্টাচার্যের বক্তৃতার উইমেনস এডুকেশন প্রসঙ্গের বক্তব্যের সমালোচনা প্রসঙ্গে, তাতে কোন্ লাইটএ কি দেখেছেন জানি না, কিন্তু রাজ্যপালিকার ভাষণকেও কি তিনি ব্যঙ্গোক্তি করতে চান? সেখানে কি মাননীয় রাজ্যপালিকা স্বীকার করেন নাই যে, ৮ম শ্রেণী পর্যন্ত গার্লস এডুকেশন ফ্রি ক'রে দেবার চেষ্টা করবেন? সুতরাং এটা অসঙ্গত কিছু দাবি নয়। আমাদের দেশে মেয়েদের শিক্ষায় আগ্রহ রয়েছে ব'লে আমাদের সেদিকে আরও পরিপূর্ণ পরিকল্পনা নেওয়া উচিত—যাতে ক'রে আমাদের এই বাংলাদেশ থেকে আমরা বলতে পারি যে, আমরা ছেলেমেয়েদের শিক্ষার পথে সমান অধিকার দিয়ে তাদের অগ্রগমনের সমান সুযোগ দিয়েছি? তা করতে হ'লে কোথায় সেই গার্লস এডুকেশন কমিটি? শুধু একজন গার্লস এডুকেশনএর ইন্সপেক্ট্রেস আর একজন চীফ ইন্সপেক্টর থাকলেই সমস্ত দেশের গার্লস এডুকেশন সরাসরিভাবে চালাতে পারবেন? চীফ ইন্সপেক্টর অব গার্লস এডুকেশন তো অফিস দীর্ঘদিন নিয়েছেন, এতদিনে গার্লস এডুকেশনএর কি ব্যবস্থা হয়েছে? অবশ্য তাঁর পরামর্শ সহ আরও এ বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে গার্লস এডুকেশন পরিচালনা করবার জন্য একটা গার্লস এডুকেশন কমিটি করা উচিত ছিল। কিন্তু তা করা হয় নাই, এক্ষেত্রেও ঐ ঠুটো জগন্নাথ বসিয়ে রেখে কাজ চালাবার চেষ্টা সফল হবে না।

তারপর আর একদিক থেকে, দেখা যাচ্ছে সরকার ইউনিভার্সিটির অতি কাছাকাছি মাধ্যমিক শিক্ষাকে আনছেন—ইন্টারমিডিয়েট কোর্স তুলে দিয়ে এবং হাইয়ার সেকেন্ডারি কোর্স প্রবর্তন করে। যখন হাইয়ার সেকেন্ডারি শিক্ষা বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি গিয়ে দাঁড়াচ্ছে তখন সে শিক্ষা ইন্টারমিডিয়েট হাই রাঙ্কএ কি করে যাবে সে সম্পর্কে সামঞ্জস্যবিধান, পাঠ্যক্রম এবং প্রয়োজনীয় বিধানের জন্য ইউনিভার্সিটি এডুকেশন কো-রিলেশন কমিটির কোন কথা এখানে নাই। এবং কি ক'রে সর্বাঙ্গীণ শিক্ষার ব্যবস্থা হ'তে পারে তা এখান থেকে কিছু বোঝার উপায় নেই!

মাধ্যমিক শিক্ষার ব্যাপারে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে আমাদের কিছু বলবার না থাকলেও এটা বলা যায় নিশ্চয়ই যে, প্রাথমিক শিক্ষাকে বাদ দিয়ে মাধ্যমিক শিক্ষা উন্নয়নের পথে যেতে পারে না। সেইজন্য আমার জিজ্ঞাস্য—প্রাথমিক শিক্ষা সংযোগ কমিটি যে কমিশনে যার উল্লেখ রয়েছে—সেই কো-রিলেশন কমিটি এতে নাই কেন? মাধ্যমিক শিক্ষাকে সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য এই যে যন্ত্র বা বোর্ড তার মধ্যে প্রাথমিক প্রসঙ্গ একেবারেই অস্বীকার করা হয়েছে। অথচ শিক্ষামন্ত্রীর কথায়—এই মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রণ বিল যে কমিশন ও মুদালিয়র কমিশনের মতানুযায়ী আমরা উপস্থিত করেছি!!

তারপরে বোর্ডের সদস্যসংখ্যা। নমিনেটেড এবং ইলেক্টেড কতটি হয়েছে, অফিসিয়াল মেম্বার কজনা সেখানে রয়েছেন তার সূক্ষ্ম তর্কবিতর্কের মধ্যে না গিয়ে আমি নমিনেটেড এবং ইলেক্টেড সম্বন্ধে কয়েকটি কথা বলব। নমিনেশন পাওয়া ব্যক্তি হ'লে সরকারের পক্ষীয় হবেন কিংবা হবেন না সেটা সাধারণভাবে আমরাও বলতে পারি না, মন্ত্রীমহাশয়ও বলতে পারেন না বা অন্যান্য সদস্য বন্ধুরাও বলতে পারেন না যতক্ষণ বাস্তবিকই আমরা দেখতে না পাব যে, যে স্তরের জন্য নমিনেশন সেই স্তরের উপযুক্ত লোককে দেওয়া হচ্ছে কিনা। যদি তা হয়

তা হ'লে আমার কিছু বলার নাই। কিন্তু বর্তমানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের নমিনেশনএ কি দেখছি? সরকারের তরফ থেকে যাঁরা নমিনেটেড হয়ে গিয়েছেন তাঁদের মধ্যে ক'জন শিক্ষাবিদ আছেন, শিক্ষাব্রতী আছেন—যাঁদের প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং উচ্চতর শিক্ষা সম্পর্কে বলবার মতন কমপিটেন্স রয়েছে? সুতরাং আমরা যদি বলি সরকার-পক্ষের লোক জোট ক'রে হাত তোলবার জনাই সেখানে গিয়ে ব'সে থাকবেন। সিনেটের নমিনেটেড মেম্বারের নমুনা দেখে আমরা কি তা বলতে পারি না? সেখানে আমরা যা দেখছি তাতে আমরা ত নয়ই, মন্ত্রীমহাশয়ও বলতে পারেন না যে, তাঁরা উপযুক্ত লোককেই নমিনেট ক'রে সেখানে পাঠিয়েছেন, আমরা এইটুকু স্বাভাবিকভাবে বুঝি—অবশ্য নমিনেটেড মেম্বারদের ভদ্রতা সম্বন্ধে সন্দেহ করি না, কিন্তু যাঁরা নমিনেটেড হন তাঁরা তাঁদের মান বাঁচাবার জন্য অনেক সময় চুপ ক'রে থাকেন এটা হয়ত এখানেও সকলেই লক্ষ্য ক'রে দেখেছেন স্বপক্ষীয় যে প্রসঙ্গকে তাঁরা বিশ্বাস নিয়ে সমর্থন করতে পারেন না সে প্রসঙ্গে মতামত দেবার বেলায় তাঁরা চুপ ক'রে বসে থাকেন, অর্থাৎ স্বপক্ষীয় নীতির প্রকারান্তরে তাঁরা সমর্থনই করেন। চাপে পড়ে নির্বাচিতরাও কেমন বিব্রত তাও লক্ষণীয়। শিক্ষাক্ষেত্রে আমার অগ্রজ [illegible] তিনি নির্বাচিত, মনোনীত নন, কিন্তু বোর্ডের সুপারসেশন সম্বন্ধে সব কথা চেপে গিয়ে বলে উঠলেন—ওটা হ'ল ডেড চ্যাপটার। কিন্তু তিনি যদি সত্যিকারের বিশ্বাস অনুসারে মাথা তুলে দাঁড়াতেন তা হ'লে সেই ডেড চ্যাপটার থেকেই তথ্য বার ক'রে এখানে দাঁড়িয়ে বলতেন বোর্ডকে অপবাদ দিয়ে সুপারসিডেড করা ঠিক হয় নাই।

[12-10—12-20 p.m.]

নমিনেটেড মেম্বার সম্বন্ধে আর একটি উক্তি হচ্ছে, নমিনেটেড মেম্বারদের সংখ্যার আড়ালে সরকারপক্ষের প্রকৃত সদস্যসংখ্যা কমিয়ে দেখান চলে; আর সেটাই হচ্ছে অন্য দিক থেকে সরকারপক্ষের প্রভাবকে ঢেকে চেপে রাখবার চেষ্টা। ইলেকশনএর কথা তাঁরা বলছেন। আমরা জানি মুদালিয়র কমিশন, দে কমিশন চেয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিকে। বিশ্ববিদ্যালয় থেকে যাঁরা ইলেক্টেড হয়ে আসবেন তাঁরা ইলেক্টেড হবেন কোথায়? সেখানে পরিষ্কার এটা ব'লে দেওয়া হয়েছে সিন্ডিকেট তাঁদের নমিনেট ক'রে দেবে। বিশ্ববিদ্যালয়ের সংস্থা বলতে আমরা বুঝি বৃহত্তর সংস্থা সেনেটকে। সেখানে বহুজনের প্রতিনিধিত্ব করছেন সদস্যরা। তাঁদের বলবার কোথাও কিছু থাকবে না অথচ অল্প সদস্যবিশিষ্ট সিন্ডিকেট মনোনীত হয়ে আসবেন যিনি বা যাঁরা তাঁরাই হবেন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি একে কি ইলেকশন বলে? যদি সরকার না চান যে ইলেকশন হোক, সেখানেও নমিনেশন যদি চান, তা হ'লে সেখানে সাহসের অভাব হ'ল কেন সেকথা ব'লে দিতে? ওখানে হবে নমিনেটেড বাই সিন্ডিকেট অর্থাৎ প্রকৃত ইলেকশনএর স্কোপ সেখানে থাকবে না। অথচ সেই সিন্ডিকেটএর নমিনেশনকে ইলেকশন হিসাবে মধ্যে নিয়ে আসা হয়েছে। আলাদা সংস্থা থেকে মনোনীত হয়ে আসলেই যেন দোষ খণ্ডে গেল!

দ্বিতীয়ত, শিক্ষক নির্বাচনের বিষয়ে—মুদালিয়র কমিশন, স্টেট টিচার্স অ্যাসোসিয়েশনএর সদস্যদের কথা বলেছেন বটে, কিন্তু মুদালিয়র কমিশনের আলোকেই যে দে কমিশন রচিত হয়েছিল সেখানে শিক্ষকদের জোনাল বেসিসএ ইলেকশনএর মাধ্যমে প্রতিনিধি পাঠাবার কথা বলা হয়েছিল এক্সিকিউটিভএর কথা বলা হয় নি। এবং সেখানে ইলেকশন দে কমিশনের নির্দেশিত ইলেকশন নাকচ ক'রে দিয়ে মুদালিয়ারের আগের অক্ষর 'ম' এবং দে কমিশনের আগের 'দ' নিয়ে একটা অদ্ভুত অবস্থা ক'রে দিয়ে স্টেট অর্গ্যানিজেসন হিসাবে দাঁড় করিয়ে দিচ্ছেন ৩টি স্টেট অর্গ্যানিজেসনকে। মুদালিয়র কমিশন স্টেট অর্গ্যানিজেসনএর প্রতিনিধি চেয়েছেন। সেখানে যে অর্গ্যানিজেসনএর কথা বলে দিয়েছেন সেটা সাধারণভাবে সমস্ত রাজ্যব্যাপী একটির আশা ক'রেই বলেছিলেন। যদি সে ধরনের একটি অর্গ্যানিজেসন থাকত এবং সেখান থেকে প্রতিনিধির [illegible] যদি বলা হ'ত তা হ'লে হয়ত আমাদের এসমস্ত কথা বলবার সুযোগ হত না। [illegible] অ্যাসোসিয়েশন থেকে যে প্রতিনিধি তাঁরা নিচ্ছেন সেখানকার এক্সিকিউটিভ তাদের নির্বাচন ক'রে দেবে। অল বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েশন থেকে যে প্রতিনিধি নিচ্ছেন, তাদের এক্সিকিউটিভরা নির্বাচন ক'রে দেবে। পশ্চিমবঙ্গের শিক্ষক সমিতির থেকে যে প্রতিনিধি

[illegible] সেখানে তার এক্সিকিউটিভ নির্বাচন ক'রে দেবে। অবশ্য মাননীয় হরেনবাবু সত্যপ্রিয়-বাবুকে একটা ধমক দিয়ে বলতে চেয়েছেন পশ্চিমবঙ্গের শিক্ষক তাঁর তাঁবেদার নয়। আমি জানি সত্যপ্রিয়বাবুর এরকম কোন ব্যুরোক্রেটিক টেন্ডেন্সি নাই যাতে তিনি বাংলাদেশের শিক্ষককে, মর্যাদাসম্পন্ন শিক্ষককে তাঁবেদার শিক্ষক ব'লে মনে করবে। ও'রা যদি কেউ তাঁদের তাঁবেদার মনে করেন তো করতে পারেন। কিন্তু অন্য ব্যক্তি যদি এরকম মনে ক'রে থাকেন তো বলব ইন্ডিয়া অ্যাসোসিয়েট হল থেকে না দেখতে পেলেও তাঁরা কি দেখেন নি যে, গত ৬ই ডিসেম্বর তারিখে এখানে ৪ হাজার শিক্ষক এসে উপস্থিত হয়েছিলেন? তাঁরা তাঁবেদার ছিলেন কিনা জানি না, তবে নীতির প্রতি তাঁদের বিশ্বাস ছিল, লক্ষ্যের প্রতি বিশ্বাস ছিল সেই সমস্ত সংস্কারমুক্ত শিক্ষকদল সেদিন যেকথা বলে গেছলেন সেকথাই সত্যপ্রিয়বাবু বলতে চান।

পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি সম্বন্ধে আমাদের একটা উক্তি হচ্ছে এই যে, স্টেট গভর্নমেন্ট রেকগনিশন দিয়েছেন ব'লে তাঁরা স্টেট অ্যাসোসিয়েশন ব'লে চীৎকার করছেন, অবশ্য তাঁরা সরকারী দলের তাঁবেদার কিনা আমি জানি না, বিশ্বস্ত সৈনিকও হ'তে পারেন। কিন্তু তার সদস্যসংখ্যা যদি নিরূপণ করি আর নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সদস্যসংখ্যা যদি নিরূপণ ক'রি যদি আপনারা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টের রিপোর্টের উপর বিশ্বাস করেন তা হ'লে শুধু মেম্বারদিগের অংক দেখে বুঝতে পারবেন যে, নিখিল বঙ্গ শিক্ষক সমিতির সদস্যসংখ্যা ১৫ হাজারের বেশি আর পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির বড়জোর হাজার হবে কিনা সন্দেহ। আমি অবশ্য মেম্বারদের নাম জানি না। সুতরাং স্টেট অর্গানিজেসন হিসাবে যদি ১৫ হাজার সদস্যবিশিষ্ট অর্গানিজেসন, এর কোনরকমে হাজার সদস্য বিশিষ্ট অর্গানিজেসনকে একই পর্যায়ে নিয়ে যাওয়া হয় তা হ'লে আমার সেই ছোটবেলার গল্পের কথা মনে পড়ে যে, যেখানে মুড়ি-মিছরির সমান দর এ নিশ্চয়ই কোন মূর্খের দেশ, এখান থেকে পালানো শ্রেয়। এও ঠিক সেই অবস্থা। আমি বলব না এ কোন্ মূর্খের রচনা, আমি কেবল একটা ডাস্ রেখে বলব, যে বিলের মধ্যে মুড়ি-মিছরির সমান দর সে বিল কোন্ ডাসের রচনা? এই পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির রিপ্রেজেন্টেসনএর প্রসংগে বলতে চাই যে, এখানে একটা অভিসন্ধি রয়েছে। এর ক্রিয়েশনই উদ্দেশ্যমূলক। এবং সে ক্রিয়েশন কবে? ৩০ বছরের ঐতিহ্য নিয়ে যে স্টেট অর্গানিজেসন রয়েছে, তার ১৯৫৪ সালের শিক্ষক আন্দোলনের পর পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতিকে তৈরি করা হয়েছে। নিশ্চয়ই এই দুটো সমিতি এক নয়। কামিনীবাবু হেড-মাস্টার্স অ্যাসোসিয়েশনের ভাইস-প্রেসিডেন্ট হিসাবে এই বিলকে তাঁর সমিতি কি ব'লে সমর্থন করেছেন সেকথা বলেছেন। কিন্তু কামিনীবাবু যখন বোর্ডে গিয়েছিলেন তখন তিনি কোন্ সংস্থা থেকে গিয়েছিলেন ব'লে মনে করেন?

Sj. Kamini Kumar Ghose: As representative of Head Masters.

Sjkta. Anila Debi:

তারপরে আমার জিজ্ঞাস্য যে, পশ্চিমবঙ্গ প্রধানশিক্ষক সমিতির যে অভিমতকে তিনি এখানে ব্যক্ত করেছেন তিনি বলুন সেই সমিতির সদস্যসংখ্যা কত? ১৭শ' মাধ্যমিক বিদ্যালয়ের কয়শ' প্রধানশিক্ষক তাঁর সমিতির সদস্যপদকে গ্রহণ করেছেন তা তিনি ব'লে দিন। ১৭শ' প্রধান-শিক্ষকের একটি প্রতিনিধিমূলক সংস্থাকে দাঁড় করিয়ে রেখে তার ভাইস-প্রেসিডেন্ট হিসাবে যদি তিনি নিজে একথা বলতেন তা হ'লে আমাদের কোন বক্তব্য ছিল না। কিন্তু তিনি কয়শ'র প্রতিনিধিত্ব করেন ব'লে মনে করেন?

Sj. Kamini Kumar Ghose:

৬৫০।

Sjkta. Anila Debi:

তাই মেনে নিলাম। কিন্তু ১৭শ' যে বিদ্যালয় আছে তার মধ্যে ২০০।২৫০টা বিদ্যালয় মাল্টিপারপাস হয়ে গেলেও মাত্র ৬৫০ প্রধানের কথা বলছেন, কিন্তু বাকি আর সমস্ত বিদ্যালয়ের প্রধানশিক্ষকদের অভিমত কোথায়? তাঁদের অভিমত আমরা দিতে পারি—তাঁরা এই

[illegible]কে কোনক্রমে মেনে নেন নি। কাজে কাজেই এখানে যে ইলেকশনের কথা বলা হয়েছে আমি মনে করি, সে কমিশনের যে রেকমেন্ডেশন ছিল শিক্ষকদের প্রতিনিধি গ্রহণের ক্ষেত্রে সেই রেকমেন্ডেশনকে পদদলিত করা হয়েছে। এখানে আমার বক্তব্য শিক্ষকদের তাঁবেদার ব'লে মনে করতে পারি না ব'লেই শিক্ষকদের ব্যক্তিগত অভিমত দিয়ে প্রতিনিধিত্ব পাঠানো, ভোটিংএর ক্ষমতা এক্জিকিউটিভ সংস্থার মধ্যে সন্নিবেশিত করা উদ্দেশ্য প্রণোদিত। তাই এই অভিসন্ধিকে আমি প্রতিবাদ ক'রে বলি যে, শিক্ষকদের বৃহত্তর ক্ষেত্রে প্রতিনিধি পাঠাবার সময় প্রত্যেকে তাঁদের নিজেদের অভিমতকে ব্যক্ত করবেন, নির্বাচন কখনও তাঁদের এক্সিকিউটিভ কমিটির সদস্যদের মারফত হ'তে পারে না।

[12-20—12-30 p.m.]

প্রত্যেক শিক্ষক বৃহত্তর ক্ষেত্রে প্রতিনিধি পাঠানোর সময় নিজেদের অভিমতকে ব্যক্ত করবেন, এক্সিকিউটিভকে তাঁরা এই বৃহত্তর ক্ষেত্রে প্রতিনিধি পাঠানোর কোন ক্ষমতা বা অধিকার দেন নি। ১৫ হাজার শিক্ষক সদস্যবিশিষ্ট অর্গ্যানিজেসনএর পক্ষ থেকে বলতে পারি, তার এক্সিকিউটিভ এই ক্ষমতা পায় নি। এবং এক্সিকিউটিভএর পক্ষ থেকেও বলতে পারি, এইরকম রিপ্রেজেন্টেসন শিক্ষকসমাজের রিপ্রেজেন্টেসন ব'লে এক্সিকিউটিভ কমিটি স্বীকার করে না। আমার ভগ্নী-স্থানীয়া শ্রীমতী লাবণ্যপ্রভা দত্ত তাঁর বক্তৃতার মধ্যে শিক্ষামন্ত্রীর ভাষণকে সমর্থন করে ডেমোক্রেসি সম্বন্ধে এবং ন্যাশনালাইজেসন সম্বন্ধে অনেক কথা বলেছেন, শিক্ষাকে জাতীয়করণের শুভপ্রচেষ্টার কথা বলতে চেয়েছেন। জাতীয়করণ কথাটা খুব সুন্দর, বিশেষ ক'রে জাতীয় সরকার ব'লে আমরা যখন দাবি করি। আমাদের সমাজের বিভিন্ন স্তরে অভাব যেখানে এত তীব্র, অর্থনৈতিক ভাঙ্গন যেখানে এত তীব্র, সেখানে যারা দুই হাতে মুনাফা লুট করছে সেই ট্রাম কোম্পানিকে কেন জাতীয়করণ করা হয় না? শিক্ষায় জাতীয়করণ নীতি সম্বন্ধে যথেষ্ট মতভেদ রয়েছে হঠাৎ সেদিকে কেন নজর পড়েছে আমার ভগ্নীস্থানীয়া শ্রীযুক্তা দত্তর কথা আমি বুঝতে পারি না। একটা কথা বুঝি, রাষ্ট্র বা সরকার যদি সমস্ত শিক্ষাব্যবস্থা পরিচালনা করবার জন্য সেটা নিজের হাতে নিতে চান তা হ'লে মতের পার্থক্য সত্ত্বেও আমরা আপত্তি করব না। আজ পশ্চিমবঙ্গ সরকার যদি পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়গুলিকে স্টেট স্কুল ব'লে ডিক্লেয়ার ক'রে দিতেন, তা হ'লে আমরা মনে করতে পারতাম তাঁরা অর্থ দিচ্ছেন ব'লেই কন্ট্রোল রাখতে চাচ্ছেন। কিন্তু তাঁরা যখন তা করছেন না, সর্বপ্রকার আর্থিক সাহায্য দিচ্ছেন না, তখন আমরা কি ক'রে মনে করব যে, এই কন্ট্রোল শিক্ষার উন্নতির জন্য, শিক্ষাকে বিস্তৃততর করবার জন্য? বরং আমরা দেখতে পাচ্ছি যে, শিক্ষাব্যবস্থাকে কুক্ষিগত ক'রে শিক্ষার ব্যাপকতা সঙ্কুচিত করবার উদ্দেশ্যেই, শিক্ষাক্ষেত্রে যাঁরা নিযুক্ত আছেন তাঁদের ডাণ্ডাপেটা করবার জন্যই এই কন্ট্রোল করা হচ্ছে। সেই যে কথা আছে—"ভাত-কাপড়ের কেউ নয়, কিল মারবার গোঁসাই"! ন্যাশানালাইজেসনএর প্রসঙ্গে আমি একথা বলব, [illegible] যে লক্ষ্য সেই লক্ষ্যকে দিকভ্রষ্ট ক'রে দিয়ে, সম্পূর্ণতার দিকে না নিয়ে উদ্দেশ্যকে অসম্পূর্ণতার পথে ঠেলে দিয়ে এবং মিষ্ট বাক্য প্রয়োগ ক'রে ন্যাশানালাইজেসনএর নামে ধোঁকা দেওয়া চলে বটে, কিন্তু চিন্তাশীল মানুষের চিন্তাকে এলোমেলো ক'রে দেওয়া সম্ভব নয়। এ চেষ্টা ন্যাশানালাইজেসনএর নামে ব্যবস্থার অঙ্গশোভা বা সজ্জা হিসাবে পরিগণিত হ'তে পারে, কিন্তু জাতীয় সম্পদ ব'লে কখনো পরিগণিত হ'তে পারে না। শিক্ষাকে ন্যাশানালাইজেসনএর নামে কুক্ষিগত করবার নীতিকে সমর্থন করা উচিত কিনা এটা আমি আমার ভগ্নীকে বিবেচনা করতে বলি। গণতন্ত্র সম্বন্ধে শিক্ষামন্ত্রী অনেক কথা বলেছেন। কালকে আমাদের শ্রদ্ধেয় নৌসের আলি সাহেব গণতন্ত্র সম্বন্ধে যা বলেছেন তারপর গণতন্ত্র সম্বন্ধে আমার বিশেষ কিছু বক্তব্য নাই, কারণ তাঁর কথাগুলি যদি সব বুঝে থাকি তা হ'লে এটা বলব যে, গণতন্ত্রের অচলত্ব সম্পর্কে শিক্ষামন্ত্রী যে উক্তি করেছেন সেই উক্তি যে কত অচল তা মাননীয় নৌসের আলির বক্তৃতায় সব [illegible] হয়ে ফুটে উঠেছে। সিলেক্ট কমিটিতে এই বিলটা পাঠানো সম্পর্কে আমাদের সমস্ত [illegible] ও দাবি শিক্ষামন্ত্রী দাবিয়ে দেবেন একথা আমরা জানি, কিন্তু তিনি যদি একটু চিন্তা করতেন, একটু ভেবে দেখতেন তা হ'লে আমাদের দাবি বিবেচনা করতে তাঁর কোন বাধা হ'ত না। সিলেক্ট কমিটির কথা শুধু এই হাউসে আমরাই বলি নি, অন্য হাউসে বোধ হয় হয়েছিল এটা মাননীয় মন্ত্রীমহাশয়ের অবিদিত নয়, কাজে কাজেই "করব না" প্রতিজ্ঞা ক'রে যদি বসে

থাকি তা হ'লে অনেক রকম অজুহাতই দেওয়া যায়। আমি অনুরোধ করব যে, আমরা বিতর্ক করবার সময় এখানে যতই গরম আবহাওয়া সৃষ্টি করি না কেন, যতই কথা কাটাকাটি করি না কেন, আমরা যদি পরস্পরকে বুঝবার চেষ্টা করি, এবং শিক্ষামন্ত্রী যে গুরুদায়িত্ব নিয়েছেন সেই দায়িত্ব পালনের জন্য যদি তিনি নেবে এসে আমাদের সঙ্গে আলাপ-আলোচনা করতে চান তা হ'লে নিশ্চয়ই তাঁর সম্মানের হানি হবে না। আমরা তাঁকে অপূর্ব সম্মান জানব। কামিনীবাবু কতকগুলি কথার উল্লেখ করেছেন। তিনি বর্তমান শিক্ষাব্যবস্থার অবনতির কথা বলেছেন। পে স্কেল সম্বন্ধে কেন্দ্রীয় সরকার শতকরা ৫০ ভাগ দিতে স্বীকৃত হয়েছেন, এবং একটা নতুন পে স্কেল চালু করবার জন্য কার্যরত শিক্ষকদের পাবলিক সার্ভিস কমিশনএ উপস্থিত করার ব্যবস্থা হয়েছে। কামিনীবাবু বলেছেন তিনি এই ব্যবস্থাকে সমর্থন করেন না। আমি তাঁকে বিনীতভাবে বলছি যে, যে জিনিস তিনি নৈতিকভাবে সমর্থন করতে পারেন না তার প্রতিবাদ যখন ওদিক থেকে করা সম্ভব নয়, তখন তিনি কেন এদিকে এসে আমাদের সঙ্গে বসছেন না? শুধু সান্ত্বনার কথা ব'লে লাভ নাই। তিনি যদি প্রকৃতই জাতীয় শিক্ষার মঙ্গল চান তবে নিশ্চয়ই প্রকৃত পথে আসবেন, কারণ, যাদের মঙ্গল চাচ্ছেন তাদের পাশে এসে না দাঁড়ালে বড় বড় উক্তির কোন সার্থকতা থাকে না।

[12-30—12-36 p.m.]

আমি এই প্রসঙ্গে কয়েকটা কথা শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছে ইনফরমেশনের জন্য বটে এবং সবাইকে জানাবার জন্যও বটে রাখতে চাচ্ছি। আমার মনে হচ্ছে কাগজে বোধ হয় দেখেছিলাম পাবলিক সার্ভিস কমিশনের প্রশ্নে মুখ্যমন্ত্রিমহাশয় বলেছেন যে, সেন্ট্রাল গভর্নমেন্টএর ডাই-রেকশনে নাকি এই পাবলিক সার্ভিস কমিশন হচ্ছে। অর্থাৎ তাদের এই শতকরা ৫০ ভাগ টাকা দেওযার নাকি একটা কন্ডিসন আছে পাবলিক সার্ভিস কমিশনকে নিয়োগ করবার জন্য। আমার সেখানে জিজ্ঞাসা, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় আমাদের যে কথা প্রথম দিনে সাক্ষাৎ করবার সময় বলেছিলেন, প্রথমত উনি নাকি জানতেনই না যে কেন্দ্রীয় সরকার শতকরা পঞ্চাশ ভাগ অর্থ, মাধ্যমিক শিক্ষকদের বেতনবৃদ্ধির জন্য দিয়েছেন এবং তাঁর ডিপার্টমেন্টএর সেক্রেটারী মহাশয় সেই সব ইনফরমেশন তাঁকে দেন নি। তিনি অবশ্য হয়ত পরে জেনেছেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have not said that.

Sj. Satya Priya Roy: She must have the right of reply.

Mr. Chairman: The Education Minister has taken exception to her remark.

Sj. Satya Priya Roy: On a point of order, Sir. Cannot a member reply to a statement made by the Education Minister?

Mr. Chairman: But it is not fair to attack a person, who is not present.

The Hon'ble Purabi Mukhopadhyay: It is not fair to discuss about a man who is not personally present here and who has no right of reply in this House. It is better to wait. It is not fair to attack an absent person.

Sjkta. Anila Debi:

আমার প্রশ্ন এখানে ইনফরমেশনএর জন্য। যেটা তিনি বলেছিলেন, সেইটুকু জানতে চেয়েছি, তাতে কোনরকম কিছু আনফেয়ার হয়েছে ব'লে আমার মনে হয় না। যদি আনফেয়ার হয়ে থাকে তা হ'লে আমি নিশ্চয়ই দুঃখিত হব। কিন্তু আমি আনফেয়ার ব'লে মনে করছি না, কারণ কাগজে দেখেছি—সেন্ট্রাল গভর্নমেন্টএর শর্ত নাকি পাবলিক সার্ভিস কমিশনএর সামনে কার্যরত, শিক্ষকদের উপস্থিত করা। আমি সে সম্পর্কে শুধু ইনফরমেশনএর জন্য জানতে চাচ্ছি, কারণ মন্ত্রিমহাশয়ের দপ্তরে এটা আসবার কথা। যে শর্ত দিয়েছেন সেন্ট্রাল গভর্নমেন্ট, সেই সম্পর্কে তাঁরা আমাদের কোন সরকুলার দিতে পারেন কিনা? পাবলিক সারভেন্ট আমরা কিনা? পাবলিক সারভেন্টএর যেসমস্ত সুযোগসুবিধা সেই সমস্তের কোন

স্কীম দেখা গেল না, অথচ অতর্কিতে দেখা গেছে পাবলিক সার্ভিস কমিশনএর সামনে ইন্টারভিউ রূপ একটা জিনিস এসে উপস্থিত হচ্ছে। এখানে পরিস্কার কথা, শিক্ষকদের যে বেতনের হার বাড়াবার প্রশ্নে সেন্ট্রাল গভর্ণমেন্টের সাহায্যের সঙ্গে এ পর্যন্ত পাবলিক সার্ভিস কমিশনএর কোন শর্তকে আরোপ করা হয় নি। আমি অনুরোধ করব সরকারপক্ষ যেন প্রমাণ করেন যে আরোপ করা হয়েছে।

তারপর আমি এখানে শেষ বক্তব্য নিবেদন করব, কেউ কেউ বলেছেন যে, আমরা কেউ কেউ নাকি বলেছি যে, আমাদের সিলেক্ট কমিটিতে না নিলে, বা বিলকে প্রকৃতভাবে পরিবর্তন না করলে একটা আন্দোলন হবে। তাতে কেউ কেউ ধরে নিয়েছেন, আমরা এখানে যুদ্ধ ঘোষণা করেছি। এটা যুদ্ধ ঘোষণার প্রশ্ন নয়; আমরা যখন মনেপ্রাণে উপলব্ধি করছি যে, এটা ঠিক হচ্ছে না, তখন সেটা সবাইকে বোঝাবার চেষ্টা করছি। আর এখানে দায়িত্ব নিয়েই আমরা এসেছি, প্রতিনিধি হয়ে এসে আমরাই ডেমোক্রেসির মধ্যে একক হয়ে বসে আছি, তা মনে করি না? আমাদের কনস্টিটিউশনএ একথা কোথাও নাই যে ডেমোক্রেটিক ওয়েতে যেহেতু আমরা নির্বাচিত হয়ে এসেছি, অতএব আমাদের নির্বাচকমণ্ডলী বা জনসাধারণকে কিছু বলবার প্রয়োজন নেই, তাঁদেরও অধিকার নেই। আমরাই সর্বেসর্বা এমনতর ভাবলেই কি আমরা ডেমোক্রেসিকে, অচল বলে প্রমাণ করতে পারব? আমাদের নির্বাচকমণ্ডলীকে বলতেই হবে আমরা মনে করি এই বিল অত্যন্ত প্রতিক্রিয়াশীল। আমরা মনে করি অত্যন্ত প্রতিক্রিয়াশীল বোর্ড করা হচ্ছে। এই বিলকে আমরা প্রতিরোধ করবার চেষ্টা করব প্রতি পদে পদে। যদি আমাদের সমস্ত যৌক্তিকতাকে অস্বীকার করে, যথেচ্ছভাবে আইনকে চালু করবার চেষ্টা হয়, তা হলে নিশ্চয়ই বলব আমরাই শুধু প্রতিরোধের জন্য প্রস্তুত হব তা নয়, সমস্ত দেশকে প্রস্তুত করব এবং এ নিয়ে যদি সংগ্রামই হয়, সেই সংগ্রামে আমরা জয়লাভ করব।

Mr. Chairman: The House stands adjourned till 9-30 a.m. on Friday, the 13th December, 1957.

Adjournment

The Council was then adjourned at 12-36 p.m. till 9-30 a.m. on Friday, the 13th December, 1957, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Banerjee, Sj. Tara Sankar,
Guha Ray, Dr. Pratap Chandra,
Majumdar, Sj. Sudhirendra Nath,
Maliah, Sj. Pashupati Nath,
Mohammad Sayeed Mia, Janab,
Mukherjee, Sj. Sudhindra Nath,
Prasad, Sj. R. S.
Roy, Sj. Surendra Kumar,
Saraogi, Sj. Pannalal,
Sarkar, Sj. Pranabeswar, and
Sinha, Sj. Rabindralal.

COUNCIL DEBATES

Friday, the 13th December, 1957.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 13th December, 1957, at 9-30 a.m. being the Eighth day of the Thirteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[9-30—9-40 a.m.]

Messages

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following messages have been received from the West Bengal Legislative Assembly, namely:—

"*Message*

The West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archaeological Sites Bill, 1957, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 9th December, 1957, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

CALCUTTA:
The 11th December, 1957.

"*Message*

The West Bengal Appropriation (Excess Expenditure, 1951-52) Bill, 1957, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 10th December, 1957, has been duly signed and certified as a Money Bill by me and is transmitted herewith to the West Bengal Legislative Council under article 198, clause (2) of the Constitution of India.

S. BANERJI,
Speaker,
West Bengal Legislative Assembly."

CALCUTTA:
The 11th December, 1957.

Point of information

Dr. Monindra Mohan Chakraborty: On a point of information, Sir. I would like to know from the Hon'ble Minister in charge of the Education Department whether in view of the opinion of the newly constituted Senate of the Calcutta University about the postponement of the discussion on the Secondary Education Board Bill he proposes any change in the procedure of the debate.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I am not aware of any resolution of the Senate or the Syndicate or any other body on this Bill. The Bill was published in the *Calcutta Gazette* about three weeks ago and there was sufficient time for anybody to express any opinion on the Bill. Therefore, no question of postponing the discussion can come now.

Dr. [illegible] Mohan Chakrabarty: Sir, in view of the opinion expressed by the newly constituted Senate at its meeting held for the first time on the 11th December......

Mr. Chairman: The Hon'ble Minister says that he does not know of any such resolution and he is not going to suggest any change in the discussion.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, another statement that the Hon'ble Minister has made is that the Bill was published about three weeks ago in the Gazette and it was open to anybody to send his views to the Minister concerned. Was it not proper on his part to refer the Bill to the Syndicate of the University so that......

Mr. Chairman: That is a matter of opinion.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I would like to know if this is not an act of dereliction on the part of the Hon'ble Minister not to refer the Bill to the Syndicate......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I shall answer that in course of the debate.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, is it not a fact that the Vice-Chancellor of the Calcutta University rang up the Chief Minister informing him that the views of the Syndicate would be placed before the Government on Monday next?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He telephoned me day before yesterday long after the matter was taken up for discussion.

Sj. Satya Priya Roy: Sir, is he not going to postpone the discussion although the Senate has requested to postpone the discussion of this Bill?

Mr. Chairman: You have heard his views.

Sj. Satya Priya Roy: Sir, the Minister has stated that the Bill was published in the Gazette about three weeks ago and anybody could have submitted his opinion.

Mr. Chairman: So what is your point?

Sj. Satya Priya Roy: My point is that whether in view of the University's request the Minister would consider the postponement of this discussion.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I have nothing more to add to what I have said.

GOVERNMENT BILLS

The West Bengal Appropriation (Excess Expenditure, 1951-52) Bill, 1957, as passed by the Assembly.

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি বন্ধুবর ডাঃ চারুচন্দ্র সান্যাল মহাশয়ের সমর্থনে কয়েকটী কথা বলতে চাই। ২৫ নয়া পয়সার জায়গায় ৪০ নয়া পয়সা যে যোগ করবার কথা হচ্ছে মোটামুটিভাবে আমরা তার বিরোধী নই। কিন্তু স্যার, বাংলাদেশে যে চায়ের বাগান আছে, আর আসামে যে চায়ের বাগান আছে, সে সম্বন্ধে বলতে চাই যে, উত্তর ভারতের চায়ের বাজার প্রধানত লন্ডনে এবং লন্ডনে যে চায়ের দর পাওয়া যায় তার আজকাল প্রধান প্রতিযোগী হচ্ছে আফ্রিকা, এবং তার সঙ্গে সঙ্গে পাকিস্তান। পাকিস্তান থেকে যে চা যায়, তার এক্সপোর্ট ডিউটী নাই, আসামে যে লো ট্যাক্স আছে তাও নাই, আর বাংলাদেশে যে এন্ট্রি ট্যাক্স তাও নাই। তাই পাকিস্তানী চা লন্ডনের বাজারে গিয়ে বিক্রয়ের অনেক সুবিধা পায়। কিন্তু ভারতবর্ষের চা তা পায় না। যতদিন পর্যন্ত লন্ডন অকশনে চা বিক্রয় হবে, ততদিন পর্যন্ত এই অসুবিধা থাকবেই। এই যে অন্য বেশী ট্যাক্স আমাদের চায়ের উপর আছে, তাও আবার বাগান অনুসারে বেশী-কম হয়, যেমন আসামের চা খুব বেশী দামে বিক্রয় হয়, সেইজন্য সেই চা যতটা কর-ভার সহ্য করতে পারে, তার থেকে কম পারে লোয়ার আসামের চা এবং তার থেকে কম পারে জলপাইগুড়ি ও তরাইয়ের চা এবং তার থেকে আরো কম পারে শিলচর এবং ত্রিপুরা স্টেটের চা, যেগুলি সবচেয়ে কম দামে বিক্রয় হয়। কিন্তু ভারতবর্ষে, উত্তর ভারতের এবং অন্যত্র চায়ের উপর একই ট্যাক্স।

The Hon'ble Kali Pada Mookerjee:

চায়ের শ্রমিকদের বেতনের তারতম্য আছে। শিলচরের বেতন সবচেয়ে কম।

Sj. Annada Prosad Choudhuri:

সেখানে চাও সবচেয়ে কম হয়। যদি বলেন চায়ের দাম কম পায়, আমি তাহলে বলব তারা বেতন কত কম পায়? সেখানে কর-ভার তাদের উপর কত? একটার সংগে আরেকটার ক্ষমতা আছে কি না? আর, আমি আগেই বলেছি পাকিস্তানের এক্সপোর্ট ডিউটী লাগে না, পাকিস্তানের আসামের লো ট্যাক্স লাগে না, তাদের বাংলাদেশের এগ্রি ট্যাক্স লাগে না, সেইজন্য পাকিস্তানের চা কাছাড় ও ত্রিপুরা স্টেটের চায়ের সংগে প্রতিযোগিতায় লন্ডন মার্কেটে সহজে বিক্রয় হয়। তাইতে আমি বলি না যে, ট্যাক্স বাড়াবেন না। তাই যেমন এক্সপোর্ট ডিউটী এবং ময়ের দামের উপর এ্যাড-ভেলোরেম ডিউটী বসাবার জন্য যেমন কেন্দ্রীয় সরকারের কাছে টি বোর্ড আলোচনা করছেন এবং তাঁদের মত জানাচ্ছেন, সেইরকম আমরাও বলতে চাই—২৫ থেকে ৪০ নয়া পয়সা যে বসাতে যাচ্ছেন এটা স্টেট সীস্টেমএ হোক। যে বাগানের দাম বেশী তার উপর ৪০এর জায়গায় ৫০ নয়া পয়সা হোক; এবং যে বাগানের দাম কম তার ২৫এর জায়গায় ২০ নয়া পয়সা করে দিন। তবে এই শিল্প বাঁচতে পারবে। আমি তাই মাননীয় অর্থমন্ত্রীর কাছে বলি, এ-বিল এখানে যখন লোয়ার হাউস থেকে পাশ হয়ে এসেছে, আর আপনাদের যখন মেজরিটী রয়েছে তখন পাশ হয়ে যাবে। কিন্তু পাশ হবার পর যদি এ শিল্পকে বাঁচাতে হয় তাহলে আমি বলি যে, আমরা ২৫ বা ৪০এর বিরোধী নই, কিন্তু আমাদের কথা হচ্ছে, যে বাগানে যেরকম চায়ের দাম পাওয়া যায়, তার যতটা কর-ভার সহ্য করবার ক্ষমতা আছে সেইটে অনুসন্ধান করে দেখুন। যেমন উত্তর আসামের চা ৪ টাকায় বিক্রয় হয়, আর ত্রিপুরার চা বিক্রয় হয় ১ টাকায়। তার উপর আজকাল সাউথ আফ্রিকা ও পাকিস্তান থেকে কম্পিটিশন আসছে। কাজেই যে বাগানে যেরকম এভারেজ এবং তাদের প্রোডাকশন এবং দাম কি তা বুঝে তাদের উপর যদি ৪০এর জায়গায় ৫০ নয়া পয়সা বসান তাহলে তারা তা সহ্য করতে পারবে; গভর্নমেন্টের আয়েরও কোন ক্ষতি হবে না। যারা এতটা কর-ভার সহ্য করতে পারবে না তাদের জন্য যখন এ্যামেন্ডমেন্ট এনেছেন তখন যদি ২৫এর জায়গায় ২০ করেন তাতে গভর্নমেন্টেরও গায়ে লাগবে না এবং শিল্পও কর-ভার থেকে একটু অব্যাহতি পেয়ে অগ্রগতির পথে চলতে পারবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I rise to oppose the amendment of my friend Sj. Sanyal. It is all very well for him to say in competition we cannot get foreign market. I had discussed, as I said in the beginning, with both the Tea Planters' Association and Indian Tea Planters' Association representatives, and I pointed out to them, I had some dealings with the major producers of tea and tea that is put in the market. During the war the tea garden people made enormous profits because they used not the leaves of the tea only but the sticks, stems and everything. They used to put them in the market, and I have seen samples myself, and they were getting on merrily. When they found that the people outside India who drank tea liked it to be of a better quality, a Committee was appointed by the Government of India three years ago. They reported last year. One of the recommendations of the Committee was that in order to develop tea industry the tea industry should set apart fifty rupees per acre for a development project. The Government of India was also prepared to give some help in that matter. I understand that very few of the gardens have taken advantage of it.

Merely reducing the tax, or keeping the present rate which is twenty-five naye paise, at its own standard will not improve either the quality or increase the sale of the goods. The tea garden owners should realise that personal attention is given as much to it as it is given to other things. The whole proposition is that on the total agricultural income a certain tax is levied. If the income is less he pays less, if the expenditure per acre is more he pays less.

[1-50—11 a.m.]

But the whole difficulty is: supposing we said merely that those who have got better gardens, those who looked after their gardens properly and produced better tea leaves should pay more, it would be a premium on worse gardens which I have said is quite wrong.

Sir, my friend Dr. Sanyal probably forgot to mention that demands are coming from tea gardens for giving them various sorts of facilities. But wherefrom will they get the money? Will they produce more and have the money? Everyone wants protection, everyone wants some other concession about sales tax and so on. I told them that we were prepared to help them, but they simply said, "Don't ask me to pay more because my garden will be worse". I told Dr. Sanyal that unless the tea gardens paid more, it would not be possible to save them in future. Some of the projects which are necessary to protect the tea gardens can only be taken up by the Government provided the gardens pay more.

With these words, Sir, I oppose the amendment of Dr. Charu Chandra Sanyal.

The motion of Dr. Charu Chandra Sanyal that the Council recommends that clause 8(2) be omitted was then put and lost.

Mr. Chairman: As there is no recommendation, the Bill is to go back.

The West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archæological Sites Bill, 1957.

The Hon'ble Khagendra Nath Das Gupta: Sir, I beg to move that the West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archæological Sites Bill, 1957, as passed by the Assembly, be taken into consideration.

Sir, before independence, "Ancient and historical monuments" and "archæological sites and remains" were Central subjects under the Government of India Act, 1935. Under the present Constitution of India, vide entry 67 in List I of the Seventh Schedule, the Central Government can have control only over "Ancient and historical monuments and records and archæological sites and remains declared by or under law made by Parliament to be of national importance". The State Government have been granted legislative powers in respect of the rest of the "historical monuments and records under entry 12 of the State List and of the archæological sites and remains" under entry 40 of the concurrent List. The Ancient Monuments Preservation Act, 1904, as at present stands, applies only to those declared by or under law made by Parliament to be of national importance. But there is no provision for the preservation of those in respect of which no such declaration has been made. As the State Legislature has power to legislate on the subject, it has been considered desirable to eliminate this lacuna and remove a long-felt necessity. The Bill has been presented before the Legislature with this end in view. It has been framed on the lines of the old Act—the Ancient Monuments Preservation Act, 1904, which has worked smoothly for over half a century. Indeed many of the provisions in this Bill have been copied verbatim from the older Act. Where it has deviated, as indeed it must as the title of the Bill will show, it has done so to have a more progressive outlook, a wider scope and a greater stress on historical association rather than on meagre

antiquity. The Central Act is designed to protect buildings, caves, rock-sculptures, inscriptions, etc., of historical, archœological and artistic interest and as also images and other movable objects with historical or archæological interests. The buildings and movable objects thus sought to be protected are all centuries old. In framing an Act for the West Bengal State, we have in view, the nature of the buildings and things also that the people of West Bengal will want to be protected. The words "historical association" are wide and comprehensive terms and they will include anything which has passed the test of history. That history need not be ancient history nor need also be merely archœological or mediaeval but may mean also the history of more modern times and should also be taken to include subjects pertaining to literary and cultural history of the nation. The Bill also confers more power on the Government in comparison to the old Act in order to give effect to its object. It is under contemplation to set up a separate Branch to be known as Archœological Branch with a Director of Archœology at its head who may be assisted by an Advisory Board consisting of eminent scholars.

Now, Sir, the proposed enactment has its financial aspects too. The present position is that the Union Government shoulders all the burden and the State Government not having any monument, etc., to look after on its own, does not have to incur any expenditure from its own revenue. With the passing of the Act, however, the position will change, but it is too early to visualise the financial picture of the measure.

Sir, I will resume my seat after saying that not only have there been persistent demands from the public and the press in West Bengal for the preservation of historical monuments, relics and records and delving into archœological sites in West Bengal by scholars and historians, but there was such a demand last year on the floor of the House in reply to which the Chief Minister assured the House that a measure containing comprehensive provisions to meet the demands voiced in different quarters was being seriously considered and would be presented soon enough for enactment. The present Bill is in fulfilment of that promise of the Chief Minister and in respect to the public demand.

With these words, Sir, I move that the Bill, as passed by the Legislative Assembly be taken into consideration.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, I feel very happy indeed to be able to welcome this measure which has been so ably moved by my friend Mr. Das Gupta. In 1954 on the 7th of April I had the honour of moving a resolution on the floor of the House which ran as follows:—"This Council is of opinion that the Government of West Bengal should take adequate steps for the preservation and maintenance of the ancient and historical monuments as well as of archœological sites and the remains other than those declared by Parliament by law to be of national importance." In reply to the debate that took place in connection with my resolution the Chief Minister made certain very pertient observations. In course of his very well informed speech he said "I may inform my friend that I have already taken up this matter with the Central Government, because any law under the Concurrent Jurisdiction requires the sanction of the Central Government." He added "I have already not only written but this time when I was in Delhi I spoke to the Minister of Education. Not only that he has decided to collect Rs. 20 lakhs immediately for this purpose and he has asked the West Bengal Government to contribute towards this. We have agreed to contribute one lakh of rupees for this from this State." Sir, we have not heard anything about the financial aspect of the measure. We would like to know when the

Hon'ble Minister will reply if any money has been available from the Government of India and what contribution they themselves propose to make towards the establishment of the Archæological Department in West Bengal.

[11—11-10 a.m.]

Sir, the resolution that I moved was confined to the archœological sites and historical monuments. The Chief Minister, in course of his reply to the resolution that I moved in 1954 added that it was desirable to provide the Government with powers to acquire historical objects also which are in private possession. In this connection he spoke as follows: "I am informed on good authority that there are large quantities of archœological remains as well as records, etc., in the hands of private persons who are utilising them as private properties. It would be necessary to get the Legislature to give us power to recover them from private ownership of such individuals; otherwise they will be lost to the country". "Therefore", he added, "I would suggest to my friend that as Government is perfectly in seisin of this particular aspect and as we are moving in this matter, he need not press this resolution to vote because we have accepted the principle behind this Bill". Sir, we feel very happy that the Chief Minister has pushed it through. From this side of the House, in the Budget Session in subsequent years we drew the attention of the Chief Minister to the necessity of organising an Archœological Department. There are some who seem to think that there is not much by way of archœological treasures and archœological monuments that we can think of preserving. That is a misconception. There was a time when it was thought that Bengal is a deltaic province and that the history of Bengal does not go very far back in history. That is a mistaken notion. Sir, due to the researches of the scholars of Calcutta University, some of whom are personally known to Dr. S. N. Banerjee who was one of the distinguished Vice-Chacellors of the University—under the auspices of the Ashutosh Museum our scholars of the Calcutta University have carried on archœological excavations—and as a result of their activities, neolithic implements have been acquired at Durgapur. These neolithic implements came to be discovered in the Durgapur area during the excavations that were needed in connection with the Durgapur Barrage scheme. Then, again, in the Dinajpur district archœological remains including terracotta vases belonging to the Sunga Period have been discovered; some epoch-making discoveries have also been made at Tamluk which go to establish the close commercial relationship between the people of Bengal of very ancient times and the Romans. Then, again, Sir, in very recent times, within the last six or seven months, the archœological party of Calcutta University carried on investigations at Chandraketugarh near Basirhat and the discoveries that have been made are really startling and the history of Bengal has really been taken back to second century before the Christian era. Sir, besides these, we have maney mediaeval monuments to preserve particularly in the districts of Malda and Murshidabad. The Regional Records Survey Committee that our Chief Minister created some time ago, in their report in 1952-53 emphasised the necessity of establishing an archœological department. I referred to their resolution in course of my humble submissions in connection with my speech on my motion in 1954. Sir, it is necessary that we should establish here in Bengal an Archœological Department. It is well known that at least three Provinces have already established Archœological Departments of their own, namely, Orissa, Uttar Pradesh and Bombay. We feel very happy indeed that the Minister in charge has acted up to the inspiration that he must have received from our Chief Minister.

Sir, with regard to the processes through which the measure was taken before it came to be placed before the Legislative Council I have certain observations to make. When a Bill like this is considered it is desirable that it should be referred to learned bodies—the Asiatic Society, for example, is devoted to archœological studies and historical research—it is desirable that a Bill like this, before it is placed on the legislative anvil should be referred to such bodies. There is Bangiya Sahithya Parisad, and there are experienced archœologists and historians in the University of Calcutta. I do not know if references were made to them. I believe that the Bill might have been improved materially if these learned bodies were consulted in the matter.

The Hon'ble Minister in course of his speech has referred to the necessity of establishing an Archœological Department. I am not sure if under the powers provided to the Government in the Bill he will be able to do so. Since he has assured us that it will be possible for him to do so under the rules that may be framed I feel much reassured.

With regard to one or two sections I may have to make certain observations at a later stage but at this stage I heartily welcome this measure, and I on behalf of the members of the Opposition, some of whom I am sure will be speaking, thank the Chief Minister in particular for the interest that he has taken in the promotion of this measure.

Sj. Arabinda Bose: Mr. Chairman, Sir, I rise to support the West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archœological Sites Bill, 1957, as moved by the Minister in charge.

Sir, it is a happy day for us, specially those of us who belong to this side of the House, that members of the Opposition, at least Professor Bhattacharyya, has welcomed this Bill, and I am sure there is not going to be much controversy with regard to the passage of this Bill in this House.

Sir, a country, a people, has to know its past, its glorious past, even the defects in its past, in order to march forward. There is no doubt about the fact, that Bengal's history does go into the hoary past. Prof. Bhattacharyya has referred to the recent results of research conducted by the University scholars and professors, who have discovered that Bengal's past could very well go to the neolithic age. Well, however, much we may go back to the past we feel that from the immediate past to the remotest past, our land is hallowed by the footsteps of our forebears who wrote history, who achieved very great thing in society, in culture, in economics, in trade, even in warfare. The new generation of Bengalis today, I am afraid, are not at all aware of all these things. They have not been introduced to this past, mainly because of the fact that, as Dr. Sanyal had said in this House a few days back, we know much more of British history, English heritage, etc., than of our own country.

[11-10—11-20 a.m.]

So we all feel that this Bill is not only timely, but it is going to fill up a long-felt gap. That is why I rise to support the Bill as moved by the Hon'ble Minister. I have a few observations to make. It is really surprising and strange that uptill now Government did not have any power to prevent the decadence or deterioration in the condition of historical monuments or documents or pieces of art and beauty, etc., in the State. Uptill now it was mainly left to the big zemindars of our country, who were patrons and under whose partronage fine arts and culture and certain other things developed and flourished in our country. Even a few years back going to a big zemindar's house would naturally rake up the old beautiful past of the

country. Old paintings, curios, monuments and several other pieces of art used to be generally found in their palaces. Our Government has liquidated the zemindars. The zemindars are seeking rehabilitation to-day, economically and financially. Therefore the greatest factor, the greatest contribution which came from these zemindars will not be available now. It is in the rightness of things that the historical monuments and documents and things of beauty and culture should be preserved. That responsibility has to be taken over by the Government.

Sir, I have a few more observations to make. Having been a student of history, I feel that our Minister does not only intend the setting up of an Archœological Department—Archœological Department will be a necessity—but simultaneously he will also set up a research bureau that will be absolutely essential to size up the whole past. To divide scientifically, take for instance, I will suggest that from the hoary past till the British came and took over this State—this period should be in one category and then from the Battle of Plassey or after the victory of Lord Clive to Ram Mohan Roy should be the second period and from Ram Mohan Roy to 1947 should be the third period. I am making these suggestions to the Hon'ble Minister-in-charge of this department and I shall be grateful if he will kindly consider these points. Dividing history on scientific lines is the *sine qua non* of any systematic achievement and that is why I suggest that the pre-British period should be separated from the British period and the British period should be divided thus:—from the beginning up to the advent of Ram Mohan Roy and from Ram Mohan Roy to Netaji Subhas Chandra Bose. I would like to lay special stress on the latter period because Bengal's contribution since the advent of Ram Mohan Roy in the political and socio-religious spheres has been remarkable. Similarly, I would like that the subjects of investigation should be placed in separate categories. Of course, you cannot make water-tight compartments in this. Politics is all-embracing, sociology is all-embracing and economics is all-embracing. Even then, let us divide the subjects on the following lines, it can be done better by the people who would be in charge of the department—take for instance, if we lump together political, social and religious, then in the second category will come economic, commercial, trade and industry. Professor Bhattacharyya has just mentioned of our contacts—contacts which Bengal had with the western world. Even one of our poets has told us—I do not know how much historical truth there is in that poem—that one of our kings went and conquered Ceylon. He not only gave expression to his thought in that manner, but he made us conscious that Bengal was so powerful a long time before and that Bengal was a great naval power. The Gujeratis say that people from Bengal went to Ceylon and therefrom they went into the Arabian sea and reached Gujerat. If we have to fish out of our past another glorious aspect, then in the third category, I would place art and culture. We are proud of the Bengal school of art, and the temples still bear testimony to that with beautiful designs and symbols which are represented there. So in this way the subjects should be divided and separately dealt with.

Sir, I am happy to learn that the Minister is thinking of setting up of an Advisory Body to advise the officers or the people who would be in charge of this work. They must have the assistance and help of specialists and of scholars who have dedicated their lives to research work.

Then probably Professor Bhattacharyya and Dr. Banerjee will agree with me that there is no house where we can place these memorable things which will be received by the Government or excavated in future as a result of this work. We must have a national museum. Unless we have a national museum—suppose the working parties send on to the Government certain valuable documents, manuscripts or instruments or statues of historical

importance—where would you keep them? It is really very strange that at the Ashutosh Museum things which have been excavated by the scholars are left in a haphazard manner somewhere, even outside the main building. So we must have a national museum. Of course, the financial aspect will be very great. For that I have a concrete suggestion to make. We have the Victoria Memorial here. There is no point in keeping certain glamorous and glittering swords and medals and medallians of Governor-Generals and certain other things which belonged to persons prominent during the days of British rule. So, this may be converted into a national museum, and if our Government think it proper, they should move the Government of India to give us the entire Victoria Memorial as a place where to house all these paintings and statutes and the materials of historical importance, so that the people of this State and those who would come from outside, even from foreign lands, can go and see them. Sir, I would like to include even those instruments used by Sir J. C. Bose—whatever has stood the test of time and which has created some sort of history.

In this connection, I would also request our Government to request the Government of India to change the name of the Victoria Memorial. There is no reason why we should continue to call that structure "Victoria Memorial" in a free India. I suggest that the Victoria Memorial be named as Rabindra Nath Tagore Memorial, and as a sub-title "People's House of Culture". So it should be styled as "Rabindra Nath Tagore Memorial—People's House of Culture". Of course, it is for the Government to do it or not. But, you must have a place where you would be required to keep the things which would reach your hands.

[11-20—11-30 a.m.]

If you think that the financial implication would be too great at the present moment, then instead of spending, say, fifty lakhs or a crore on a building or a museum, you could very well start with the Victoria Memorial. But there is no doubt that we require a national museum. Sir, there are certain buildings and places of historical importance and the vagaries of Nature, neglect of the descendants and so on have been responsible for wiping them out today. It has been the custom in various States or even in this State to rebuild these structures if we can get the plans of these buildings. I would suggest that these historic buildings should be re-constructed on the same sites of the old buildings. Take for instance, there was a great sentiment and attachment to the residential building of Deshbandhu Chittaranjan Das. In its place there has risen a very fitting memorial to Deshbandhu about which there is no doubt. But think of the momentous incidents which took place in that building—the venue of the Congress Working Committee meetings, the all-India leaders being housed therein and the momentous decisions arrived at in that building. I may have some faint memories of that building but the future generations will have no idea of what that building was like. I would suggest that in such cases some sort of a memorial should be kept. Take for instance, a model of Deshbandhu's residential building should be made and placed in the courtyard with some sort of a tablet giving the historic importance of that building, the part that it played in India's struggle for independence. My friend here is asking me to mention another building but I am leaving it to my friend to mention it. Many monuments will in the course of a few years be spoilt or obliterated if the Government does not take any action for preserving them. Sir, there may be a few historic buildings only the plinth of which can be seen today. I suggest to Government that if the historians advise us and if we can lay our hands on some sort of blue-prints, some sort of an idea of how those structures in the olden days used to be, they should be rebuilt. It has been possible, thanks to the

Ramakrishna Mission, to rebuild the very house in which Thakur Shri Shri Ramakrishna Paramahamsa Deva breathed his last. This house was taken over by the military during the war and turned into a piggery but now it has been rebuilt and the whole thing has been kept in tact just as it used to be when Thakur used to live there. So unless rebuilding of the old historic buildings is done, they will soon be effaced and obliterated and people will forget about them. I have another suggestion. As Professor Bhattacharyya has said there are certain institutions in this State which have been looking after certain precious, valuable documents and other things. Take for instance, the Asiatic Society or the Bangiya Sahitya Parishad. Government should extent its hand of co-operation to these institutions and help them in every possible manner. They have been doing some sort of a job which should have been the responsibility of our Government. Therefore, we should render them all assistance, financial assistance. If the Government enters into the field, I think they would surrender their proprietory rights over such documents, etc., because in that case preserving them would be on a much sounder and permanent basis. In the meantime, whatever documents or whatever valuable things are in the possession of the Asiatic Society or of the Bangiya Sahitya Parishad or of so many hundreds of neglected *tolls*, *pathshalas* and libraries in the villages where our leaders had their schooling, should be kept safely till such time as the Government are in a position to take over from them those valuable documents and records. Sir, I would like to mention certain matters in which the Government should take immediate steps. Take for instance the place where the head of Sahid Prafulla Chaki was buried. We find that the Dunlop Company is having its office there. What are we going to do about that sanctified, hallowed ground of Bengal? It would really be a disgrace for us legislators and the Government who are responsible for the affairs of this State, if somebody wants to know which is the place the British imperialists burried the head of Prafulla Chaki, i.e., 57, Free School Street, where the Dunlop Company have their headquarters, and we fail to give any answer. So, some steps will have to be taken to erect a memorial on this hallowed ground, sanctified ground. Then there is another point—Professors and many members of the University are here—the name of Kanailal Dutta was struck off the roll of Graduates because of the vindictive measure taken by the British imperialists. Kanailal Dutta's name should be restored. The birth place of Swami Vivekananda, if some steps are not taken immediately, will be completely effaced from the heart of the city.

Then there is another thing to which I would like to draw the attention of the Hon'ble Minister. Where is Radhanath Sikder's theodolite with the help of which he discovered Mount Everest? I am told that it was kept in the Victoria Memorial some years back. That should really be a proud thing—an instrument of which the future generations of Indian should feel proud. It was Radhanath Sikder who discovered Mount Everst with the help of that theodolite, there is no doubt about it, and if Government feel convinced they should move in a direction and consider if they could change the name of Mount Everest to Sikder Peak, or that sort of thing, thereby associating the name of the man who actually discovered the Mount Everest and removing a very great injustice. Then again it was Sir J. C. Bose who, before Marconi, discovered wireless. About that there is no doubt, of course a little research is necessary. A few years before Merconi made his instrument for transmission of wireless messages, Sir J. C. Bose discovered that messages could be sent without direct connection from one room to another. These are few things I have to mention and draw the immediate attention of the Minister in charge. There is a negative aspect to the provisions of this Bill, because certain things will have to be removed, effaced.

Netaji Subhas Chandra Bose did take a move in the right direction in forcing the then Government of Bengal to remove the Holwell Monument, and in launching that movement he courted imprisonment. But in the tablet, which is kept to the south of the Calcutta Collector's office on Netaji Subhas Road it is still written that such and such cruel acts were done, where Nawab Serajuddaula, imprisoned and killed so many British men, women and children, where people died of suffocation, etc. That tablet is definitely derogatory to our national hero, Nawab Serajuddaula, the last sovereign king of Bengal. These were the ways by which the British imperialists tried to give out to the world that such cruelties were perpetrated by Nawab Serajuddaula. We cannot allow such a blot on our national history to continue. There are statues, etc., which should be removed or destroyed. There are still certain books in circulation full of calumny. Take for instance, the Guide Book circulated by the A.A.B. In that book it has been mentioned "Kanpur, where the *ill-famed* Nana Saheb killed British women and children." These are distortions of history and derogatory to the fair name of our forebears, to the fair name of our country, to our leaders and national heroes, and these should be removed or corrected as early as possible. Sir, I would like the Hon'ble Minister in charge to take a comprehensive view of things. I would not be satisfied with just an Archæological Department. We have to restore our glorious past and to place it before the future generation of Bengalees. If we do not do it, film stars will engage their attention! They will learn in greater detail about the film stars, who have today captured the imagination of this generation of Bengal. You ~~must~~ have a comprehensive plan and let us restore the past glorious history of Bengal. There is plenty of material. In Tallah, Behala, and the outskirts of Calcutta we shall discover much about Pratapaditya and that age. Let there be a comprehensive plan about the restoration of our glorious past. I would like to request the Hon'ble Minister to take real interest in the matter and shape the whole thing under his guidance and thus enable the Bengalees to come to know about the glorious past of Bengal.

With these words, Sir, I lend my support to the Bill moved by the Hon'ble Minister.

[11-30—11-40 a.m.]

Sj. Naren Das:

মিঃ চেয়ারম্যান, আমি গোড়াতেই এই বিল আমাদের সামনে পেশ করবার জন্য বাংলা সরকারকে অভিনন্দন জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি একাধিক কারণে। বাংলাদেশের ইতিহাস অনেক দিনের, ২,২০০ কি ২,৩০০ বৎসর আগের পুরাণো ইতিহাস যদি খোঁজ করি, তাহলে পাব—হরিবংশ ঐতিরেয় ব্রাহ্মণ বা ঐ ধরণের যেসব পুঁথি আমরা পড়তে পাই তাতে দেখি বাংলার ইতিহাসের উল্লেখ আছে। আমরা অশোক লিপিতে সমতট সম্বন্ধে উল্লেখ আছে দেখতে পাই, সমতট বাংলাদেশ: মানে রাঢ় দেশকে তখনকার দিনে বলা হত। অতএব আমাদের বাংলার যে ইতিহাস, সে ইতিহাস যে বহু যুগের একটা বরাবর ইতিহাস, তা আমাদের নাই, এ অত্যন্ত দুঃখের কথা। দুঃখের কথা এইজন্য যে, এত বড় একটা জাতি, ভারতবর্ষের এত বড় একটা সমাজ, তার একটা ধারাবাহিক ইতিহাস, আমাদের সামনে নাই। এই ইতিহাস যদি আবিষ্কার করবার চেষ্টা আমরা না করি, যদি এতদিনেও এই কাজ আমরা ফেলে রাখি—যেভাবে আছে, সেইভাবে যদি রাখি, তাহলে আমার মনে হয় একটা বিরাট সঙ্কটের সামনে এসে আমরা দাঁড়াব—যেটা হচ্ছে সংস্কৃতির সঙ্কট। সংস্কৃতির সঙ্কট আমাদের বাংলাদেশে এসে গেছে, আমার আগেকার বন্ধুরা কিছু কিছু তার উল্লেখ করেছেন—বাংলাদেশের যুব-চিত্তে। বাংলার যুবক, যারা দুদিন পরে বাংলার নাগরিক হবে, তারা বাংলাদেশের ঐতিহ্য, বাংলাদেশের গৌরবময় ইতিহাসের কথা জানে না। তারা রাজা রামমোহন রায়ের কথা ভাল করে জানে না, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কথা ভাল করে জানে না যা বাংলার প্রথম কবি, ও প্রধান কবি মাইকেল মধুসূদন দত্ত, তিনি যে কেবল

[illegible]র বাঁধ ভেঙ্গেছিলেন তা নয়, তিনি সারা বাংলার যুব-চিত্তে যে জিনিস, যে নতুন জিনিষ এনে দিয়েছিলেন, সে জিনিষ কি ছিল হয়ত তা তারা ভাল করে জানে না, অথচ বাংলার যুব-চিত্ত দিকে দিকে এগিয়ে যেতে চাইছে—

Mr. Chairman: I will request the honourable member to confine himself to the provisions of the Bill.

Sj. Naren Das:

এই সংস্কৃতির সংকট থেকে বাঁচাবার জন্য যে ইতিহাসের ধারণা, সেই ইতিহাসের যারা উত্তরসাধক, তাঁদের কথা স্মরণ করিয়ে দেওয়া উচিত। সেইজন্য বাংলা-সরকারের তরফ থেকে যে বিল আনা হয়েছে, তাতে কতকগুলি দিক থেকে তাঁদের দৃষ্টি আকর্ষণ করব। তাঁরা যেমন পুরাণো ইতিহাসের স্মরণীয় বা বরণীয় ঐতিহাসিক বস্তু যেমন আবিষ্কার করবেন এবং যেমন তা রক্ষণাবেক্ষণ করবেন, তেমনি আরো অনুসন্ধানের কথা ও আবিষ্কার করার কথা বিশেষ করে বলা হয়েছে। তা ছাড়াও আমি কয়েকটি বিষয়ের দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। তাহচ্ছে, এই যে আমাদের দেশে বঙ্কিমচন্দ্রের কাঁঠালপাড়া, শরৎচন্দ্রের জন্মস্থান দেবানন্দপুর, নজরুলের জন্মস্থান, বা ফুলিয়া, কৃত্তিবাসের জন্মস্থান, দীনবন্ধু মিত্রের জন্মস্থান প্রভৃতি—এই জিনিষগুলি বাঙ্গালীর সমাজ-জীবনে অতি মূল্যবান জিনিস। এদের কথা যদি বাঙ্গালী না জানে—বিভিন্ন স্মরণীয় স্তম্ভের মারফৎ যদি বাঙ্গালী এসব জানতে না পারে, তাদের পূর্বপুরুষ যা ছিলেন তা জানতে না পারলে দেশে পূর্ণ প্রগতি হবে না। সেইজন্য যাঁরা আমাদের বড় বড় সাহিত্যিক ছিলেন, মনীষী ছিলেন, সত্যদ্রষ্টা ছিলেন যাঁরা, তাঁদের যে জন্মস্থান সেই জন্মস্থানগুলিকে আমাদের রক্ষা করা দরকার। এ সম্পর্কে আমি আরো কয়েকটি কথা বলব—যেমন কামারপুকুরের কথা উল্লেখ করা হয়েছে, সেখানে পরমহংস দেবের জন্মস্থান সেইভাবেই আছে। কিন্তু কামারপুকুরে যাঁরা গিয়েছেন, তাঁরা দেখেছেন সহজে যাওয়া যায় না, বাসস্ট্যান্ড থেকে পাঁচ মাইল হেঁটে যেতে হয়, বর্ষাকাল হলে একটা ছোট নদী আছে, সেটা পার হওয়া যায় না। (শ্রীযুত জগন্নাথ কোলেঃ এখন তা নাই, ব্রীজ, হয়েছে।) আমি দু'বছর আগের কথা বলছি—তখন ছিল না। সেখানে মন্দির পর্যন্ত গড়া যায় নাই, তার জন্য প্রশস্ত রাস্তা যা হওয়া দরকার সে রাস্তা বোধ হয় এখনো হয় নাই।

আমি আরো কতকগুলি বিষয়ের উল্লেখ করব। আমাদের যাঁরা রাজনৈতিক নেতা ছিলেন বা রাজনীতিতে পুরোধা ছিলেন, যাঁরা বাংলার যুব-চিত্তকে আলোড়িত করেছিলেন, যাঁদের কথা শুনে রাজনৈতিক আন্দোলন দেশে এসেছিল, তাঁরা যা-কিছু কাজ করেছেন তার মধ্য দিয়ে তাঁদের যদি কিছু স্মৃতিচিহ্ন থেকে থাকে, তা রক্ষা করার প্রয়োজন আছে বলে আমি মনে করি। সেদিক থেকে নেতাজী সুভাষচন্দ্র, আমি তাঁর সঙ্গে ১৯৪০ সালে একসঙ্গে ছিলাম, তিনি যে-দিন মুক্ত হন, সেদিন আমি তাঁর সঙ্গে ছিলাম, কিন্তু নেতাজী সুভাষচন্দ্র যে সেলে ছিলেন, বাংলাদেশের পক্ষে সেই সেল অত্যন্ত মূল্যবান কক্ষ, কিন্তু দুর্ভাগ্যের কথা, সেই সেল আজও সাধারণ কয়েদীরা ব্যবহার করছে।

[11-40—11-50 a.m.]

তা থেকে এই সেলকে মুক্ত রাখতে পারেন—সেখানে এইরকম একটা ফলকে থাকতে পারে, যাতে করে সুভাষচন্দ্র এখানে ছিলেন, তার বন্ধন শৃঙ্খল সেখানে ছেড়ে এসেছেন, এটার উল্লেখ থাকা দরকার। তার ফলে আপনারা যে কারাগার সংস্কার করতে যাচ্ছেন, সেই কারাগারে এই [illegible] যদি থাকে যে, এখানে বাংলার বড় বড় জননায়ক ছিলেন ; মনীষী ছিলেন, কর্মবীর ছিলেন, সেখানে যদি এটার উল্লেখ থাকে তাহলে সাধারণ কয়েদীদের ভিতর একটা এলিভেটিং স্পিরিট, চিন্তাধারা আসবে। যেখানে গোপীনাথ সাহা, কানাই দত্ত বা সত্যেন বোস যে ৪৪ ডিগ্রি সেলএ ছিলেন, সেই সেলগুলি আমাদের রক্ষা করা প্রয়োজন। হিজলী ক্যাম্পএ দুজন বাঙ্গালী শহীদ প্রাণ দিয়েছিলেন, আজ সেই হিজলী ক্যাম্প অন্যভাবে ব্যবহৃত হচ্ছে। সেখানে সেদিন গভীর রাত্রে তাদের হত্যা করা হয়েছিল। সেখানে একটা

[illegible] থাকা দরকার, সন্তোষ মিত্র এবং তারকেশ্বর সেনগুপ্তের স্মরণার্থে। তারপর ১৯৪২ সালের আন্দোলনে, আমাদের স্বাধীনতার শেষ সংগ্রামে, যাঁরা প্রাণ দিয়েছিলেন, তাঁদের যেখানে স্মৃতি আছে, সেই স্মরণীয় জায়গাগুলিকে খুব ভালভাবে রাখা দরকার। আমি তমলুকে গিয়েছি, সেখানে মাতঙ্গিনী হাজরাকে ২২ জন লোকের সঙ্গে একত্রিত করে রাখা হয়েছে। কিন্তু মাতঙ্গিনী হাজরা যেখানে প্রাণ দিয়েছেন সেইখানটাকে রক্ষা করা প্রয়োজন—

Mr. Chairman: I would request honourable members to speak with reference to the West Bengal Preservation of Historical Monuments and Objects and Excavation of Archeological Sites Bill and not on any other topic.

Sj. Naren Das:

মন্ত্রী মহাশয়, তাঁর যে প্রারম্ভিক বক্তৃতা দিয়েছেন, সেইটা তিনি আরও ব্যাপকভাবে দিয়েছেন, আপনি তা শুনেছেন কি না জানি না। সেজন্য এটা ব্যাপকভাবে যুক্ত করার জন্য বলছি। রবীন্দ্রনাথ শ্যামলী বলে একটা ঘর তৈরী করেছিলেন গান্ধীজীর জন্য। আজও তার স্মৃতিচিহ্ন আছে কি না জানি না, ২।৩ বছর আগে দেখেছি, সেটা প্রায় ভগ্নপ্রায়, গান্ধীজী সেখানে ছিলেন। একজন সত্যদ্রষ্টা ঋষি আর একজন সত্যাশ্রয়ী ঋষিকে ডেডিকেট করেছিলেন, সেগুলি রক্ষা করা দরকার। এইভাবে বিডন স্কোয়ারে মহারাজা নন্দকুমারের যে বাড়ী ছিল সেখানে একটা ফলক থাকা দরকার এবং মিউজিয়ামএর পেছনে আর্কিওলজিক্যাল বিভাগ, যেখানে তাঁকে বন্দী করে রাখা হয়েছিল, সেই বাড়ীটা রক্ষা করা দরকার—

Mr. Chairman: For this purpose it would have been better if you put the names of these persons in a list and handed it over to the suitable person.

Sj. Naren Das:

আমার বক্তব্য হচ্ছে যে, আমাদের যাঁরা পূর্বপুরুষ ছিলেন, যাঁরা এদেশে বিচরণ করে আছেন, তাঁদের যাতে আজকে যুব-চিত্ত মনে করতে পারেন যে, আমাদের পূর্বপুরুষ যাঁরা ছিলেন, আমরা তাঁদের বংশধর এবং তাঁরা কত বড় ছিলেন এবং তাঁরা ঐতিহ্য বহন করে এসেছেন, ইতিহাসের কপোলতলে তাঁরা যে স্মৃতি রেখে গিয়েছেন আমরা যেন তার যোগ্য হতে পারি।

Sj. Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলকে আমি [illegible] সমর্থন করছি। আমার বক্তব্য, বিলে যে মনোভাব রয়েছে, যে সাইকোলজিক্যাল মূল্য রয়েছে, আমি সেটাকে বেশী করে আপনার সামনে ধরতে চাই। কোন জাতি বড় হতে পারে না, যদি সেই জাতি, তার মধ্যে যেসব মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের স্মৃতিচিহ্ন যা আছে তা যদি রক্ষিত করা না যায়, যে-সমস্ত লেখক, গ্রন্থাগারিক আছেন, যাঁরা দেশকে উদ্বুদ্ধ করেছেন, তাঁদের যদি সমাদর করা না হয়। আমাদের দেশ সম্প্রতি স্বাধীন হয়েছে, স্বাধীনতার সঙ্গে সঙ্গে এই বিলকে আনা হয়েছে, সেজন্য আমি একে আন্তরিক সমর্থন জানাচ্ছি। আমি ইংলন্ডের দুই-একটি কথা বলতে চাই, যদিও আমি কখনও ইংলন্ডে যাই নি। তথাপি যে-সমস্ত বিবরণ পড়েছি, তা হতে জানি যে, সেখানে যে-সমস্ত মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, সেই মহাপুরুষদের স্মৃতিচিহ্ন এমনভাবে রক্ষা করা হয়েছে যে, তরুণ সম্প্রদায়, তরুণী সম্প্রদায় সেই সমস্ত স্মৃতিচিহ্ন দেখে উদ্বুদ্ধ হন, দেশকে ভালবাসবার জন্য, দেশকে বড় করবার জন্য—। কার্লাইল বলে গেছেন, মহাপুরুষকে যদি বুঝতে হয়—যারা বুঝতে চাইবে তাদের মধ্যে মাহাত্ম্যকে বুঝবার ক্ষমতা না থাকলে মহাপুরুষের সমাদর করা যায় না। সুতরাং সেদিক দিয়ে গুরুত্ব অনেক বেশী। বাঙ্গালীর সভ্যতা, বাঙ্গালীর ইতিহাস বর্তমানকালে শহরে নগরে হলেও পূর্বে বাঙ্গালীর ইতিহাস ছিল পল্লীগ্রামে। কাজেই বাঙ্গালীর ইতিহাস খুঁজতে হলে পল্লীগ্রামে যেতে হবে। তাদের যে-সমস্ত স্মৃতিচিহ্ন যেগুলি অযত্নে [illegible]

... বা উৎসবের মধ্য দিয়ে রক্ষিত হয়েছে, সেই স্মৃতিচিহ্নগুলিকে অনুসন্ধান করে ...দের ভাল করে জানতে হবে। এবং সেগুলো যাতে রক্ষিত হয় এবং আমাদের যুব সম্প্রদায় বা তরুণ ছাত্র সম্প্রদায় সেগুলি দেখে-শুনে যাতে শিক্ষার একটা অংগ হিসাবে গ্রহণ করতে পারে, সে-বিষয়ে সচেষ্ট হওয়া আমাদের প্রয়োজন আছে। সুতরাং এই যে বিভাগ গঠিত হয়েছে, এই বিভাগের উপর গুরুদায়িত্ব ন্যস্ত হয়েছে এবং মিঃ বোসের সংগে একযোগে আমি বলি যে, এটা আরও কম্প্রিহেন্সিভ হওয়া উচিত ছিল, আরও বেশী জিনিষ এর অন্তর্ভুক্ত করে দেওয়া উচিত ছিল বলে আমার মনে হয়। শুধু আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্ট খুলে যদি সকলের সহযোগিতা না নেওয়া যায় তাহলে এই বিলের উদ্দেশ সার্থক হবে না। এ্যাডভাইসরী কাউন্সিল করতে গেলে শুধু একটা এ্যাডভাইসরী কাউন্সিল করলে চলবে না। আমার মনে হয় প্রত্যেক জেলায়, প্রত্যেক মহকুমায়, প্রত্যেক থানায় যেখানে যেখানে সকলের সহযোগিতা পাওয়া যায় সেই সহযোগিতার জন্য এ্যাডভাইসরী কাউন্সিল করা আবশ্যক। যাতে সমগ্র জাতির চিত্তকে উদ্বুদ্ধ করা যায়, এই আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্টএর দ্বারা এইরকম ব্যবস্থা যদি আমরা করতে পারি তাহলে বিলের সার্থকতা হবে। নতুবা শুধু যদি মামুলিভাবে আমরা কাজ করে যাই, তাহলেপর যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে সেই উদ্দেশ্য সার্থক হবে না। সুতরাং যাঁরা শিক্ষাবিদ রয়েছেন বিদ্যোৎসাহী রয়েছেন, তাঁদের সকলের সমর্থন নিয়ে এই বিলকে কার্যকরী করতে হবে আমি যেখানে বাস করি সেখানে এমন কয়েকটা স্থান আছে, যেখানে আদিশূরের ইতিহাস পাওয়া যায় বলে অনেক মনীষী বলে এসেছেন। সপ্তদশ শতাব্দীতে যে বৈষ্ণব-স্মৃতি, সেই স্মৃতিকে রক্ষা করবার ব্যবস্থা এই বিলের মধ্যে থাকা উচিত বলে মনে করি। উনবিংশ শতাব্দীতে আমাদের দেশে অনেক মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের বাসস্থান এবং স্মৃতিপূত যে অনেক স্থান আছে, সেগুলি সংরক্ষিত হওয়া আবশ্যক। আমি একটা ক্যাটালগ এনেছিলাম, সেটা দিতে চাই না। আমি এটুকু বলতে চাই যে, এই বিলটাকে সর্বাংগসুন্দর করে আমাদের জাতিকে, তরুণ সম্প্রদায়কে, যাতে উদ্বুদ্ধ করতে পারা যায় তারা যাতে এটাকে শিক্ষার একটা অংগ বলে মনে করতে পারে, সে-বিষয়ে মন্ত্রী মহাশয়ের মনোযোগ আকর্ষণ করছি এবং সংগে সংগে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি।

[11-50—12 noon.]

Sj. Tara Sankar Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবংগের মন্ত্রিমণ্ডলীকে এই বিল আনবার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। এই বিল আরো পূর্বে আনা উচিত ছিল। আমরা স্বাধীনতা পেয়েছি ১৯৪৭ সালে। সিপাহী বিদ্রোহ দমিত হওয়ার পর তখনকার ইতিহাসে পাওয়া যায় দিল্লীর প্রাসাদের আসবাবপত্র এবং দিল্লীর প্রাসাদের মর্মর ইংলন্ডের বাজারে বিক্রী হয়েছিল অত্যন্ত সস্তা দরে। দ্বিতীয় মহাযুদ্ধের শেষে য়ুরোপ, আমেরিকা, এবং যুদ্ধলিপ্ত অন্যান্য দেশ থেকে যে-সমস্ত জাতি আমাদের দেশে এসেছিল, যাদের আর্থিক সম্পদ প্রচুর ছিল, তারা আমাদের দেশ থেকে বহু অমূল্য সম্পদ সঞ্চয় করেছিল এবং নিজেদের দেশে নিয়ে গিয়েছিল। বিশেষ করে আমাদের বাংলাদেশ থেকেই এইসব জিনিষ বেশী গিয়েছে। বাংলাদেশের ইতিহাস সম্পর্কে বঙ্কিমচন্দ্র বলেছিলেন, বাংলার ইতিহাস কই, বাংলার কীর্তিস্তম্ভ কই! একটা জাতিকে তৈরী করতে গেলে তার কীর্তি চাই, তার ইতিহাস চাই, কীর্তিস্তম্ভ চাই এবং সেগুলি সযত্নে রক্ষা করারও প্রয়োজনীয়তা আছে। আমরা যদি এই মর্যাদা না দিতে পারি তাহলে জাতি বড় হবে না। এসম্পর্কে বঙ্কিমচন্দ্র অনেক আক্ষেপ করেছিলেন। আজকে এই কথা মনে করে আমাদের দুঃখ হচ্ছে যে, আমরা যদি অন্ততঃ ১৯৪৭ সালেও এই বিল আনতাম তাহলেও আমাদের অনেক কীর্তি রক্ষা পেত। এখন এই যে বিল এসেছে তার জন্য অভিনন্দন দেওয়ার সংগে সংগে একথা মন্ত্রী মহাশয়কে জানাই যে, এখনো বাংলার বহু প্রত্নতাত্ত্বিক সম্পদ অনেকে ব্যক্তিগত সম্পদে পরিণত করে রক্ষা করছেন এবং কিছু কিছু ব্যবসাসূত্রে বিক্রী হচ্ছে। আপনারা জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয় বংগীয় সাহিত্য পরিষদে বহু কীর্তি সঞ্চিত আছে। এই সাহিত্য পরিষদের স্থাপনা কাল

থেকে যদি এইসব কীর্তি সঞ্চিত করে না রাখত তাহলে বাংলার যে-সমস্ত অমূল্য সম্পদ বঙ্গীয় সাহিত্য পরিষদে আছে সেগুলি থাকত না। আমি এখানে একটা সংবাদ দিচ্ছি। একটা মূল্যবান মূর্তি পরিষদ থেকে চুরি যায়। এই মূর্তি চুরি যাবার পর থেকে পুলিশের সাহায্য নিয়ে এটা উদ্ধারের জন্য কর্তৃপক্ষ চেষ্টা করেছিলেন। তারপর, আজিমগঞ্জের রায়বাহাদুর সুরেন সিংহ মহাশয় মালদহের বিপুল সম্পদ সঞ্চয় করে রেখেছেন। এভাবে আমাদের দেশের বহু মূল্যবান কীর্তি এখান থেকে বিদেশে চলে যাচ্ছে অথবা ব্যক্তিগত ব্যবসায়ীর সম্পদে পরিণত হচ্ছে। আমি এইদিক থেকে মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করব, এই বিলে যেন এমন ব্যবস্থা করা হয় যাতে যে-সমস্ত সম্পদ ব্যক্তিগত সম্পদে পরিণত হয়ে আছে, সেগুলি এই বিল পাশ হওয়ার পর জাতীয়-সম্পদে পরিণত হয়। আমাদের বীরভূম জেলায় একজন খ্যাতনামা শাসক ছিলেন, যিনি ইংরেজ আমলে বীরভূমের যাবতীয় পুরাকীর্তি সংগ্রহ করে ব্যক্তিগত সম্পদে পরিণত করে রেখেছেন। অবিলম্বে যদি এগুলি জাতীয়করণের ব্যবস্থা না হয় তাহলে এই বিল পাশ হওয়া সত্ত্বেও আমরা তা থেকে বঞ্চিত হব। আরও একটা কথা আছে। আমরা জানি বাংলাদেশের মাটির নিচে বহু সম্পদ এখানে-ওখানে ছড়ান রয়েছে। এইসব জিনিষ যদি উদ্ধার করা যায় তাহলে আমাদের দেশের ইতিহাসে নূতন অধ্যায় রচিত হতে পারে। হয়তো এমন দিন আসবে যে, বাঙ্গালীর ইতিহাস নাই, বাঙ্গালীর ইতিহাস ক্ষীণ ও দুর্বল এই বলে যে অপবাদ বাঙ্গালীর আছে, সেই অপবাদ দূরীভূত হবে এবং বাঙ্গালীর ইতিহাস পরিব্যাপ্ত হবে খৃষ্টপূর্ব যুগ পর্যন্ত। আমি আশা করি আমাদের স্বাধীন ভারত সরকার তথা বাংলা সরকার মাটির নিচেকার এইসব সম্পদ উদ্ধার করবেন—এজন্য সমগ্র বাঙ্গালী জাতি উদগ্রীব হয়ে আছে। এ কথা আমার পূর্বেও অনেকে বলে গিয়েছেন, কিন্তু তাহলেও আজকে আমার এ-কথা পুনরুক্তি না করে উপায় নাই। এ-সম্পর্কে একটী চিঠিও আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে লিখেছিলাম। বাঙ্গালীর ইতিহাস রাজরাজড়ার ইতিহাস নয়, যারা অস্ত্রের আঘাতে জয় করেছে এবং অস্ত্রের আঘাতে গড়েছে, তাদের কথা নয়; বাঙ্গলার ইতিহাস তাদেরই ইতিহাস, যারা জীবনের সাধনাকে সম্বল করে সমস্ত শক্তি দিয়ে জাতিকে সমৃদ্ধ করেছে। চৈতন্যদেবের আবির্ভাবে বাংলাদেশে যে অভ্যুদয় হয়েছিল, কোন রাজার আমলে এত বড় অভ্যুদয় হয় নি। সাধুসন্তদের আবির্ভাবে বাংলাদেশে যে অভ্যুদয় হয়েছিল, তা কোন রাজার আমলে হয় নি।

তারপর, সমাজে বিপর্যয় ঘটে গেল, ভূমি জাতীয়করণ হল, জমিদারী চলে গেল। আজ তাই সমস্ত দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হবে, সরকারের উপর দায়িত্ব এসেছে, এগুলির ভার গ্রহণ করবার। জনসাধারণ তাঁরা যে ভার এত দিন বহন করে এসেছেন, পরাধীনতার কালে, আজ সরকারের উপর দায়িত্ব এসেছে সেগুলি গ্রহণ করবার।

আজ জয়দেব-চণ্ডীদাস থেকে আরম্ভ করে এ-পর্যন্ত রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র—যে-সমস্ত কীর্তিমান সাহিত্যকার ও যে-সমস্ত ধর্মসংস্কারক আছেন, তাঁদের ভিটাগুলি চিহ্নিত করে নূতন পুরাকীর্তি স্থাপিত করতে হবে। শুধু ইট-কাঠ-পাথরের মধ্যে কীর্তি গড়ে গেলেও তা রক্ষিত হবে। মাটির নীচে পাতার কুটীরে বাস করে যাঁরা জাতির সেবা করে গেলেন, আজ তাঁদের মাটির ভিটাগুলি রক্ষা করবার জন্য বা চিহ্নিত করবার কোন দায়িত্ব কি এই বিভাগের আসবে না? তা যদি না আসে, তাহলে এই বিভাগকে অসম্পূর্ণ বলে মনে করবো। আশা করি সরকার এদিকে দৃষ্টিপাত করবেন।

বাংলাদেশ মাটির দেশ, খড়ের চাল ও মাটির দেওয়ালের দেশ। কাজেই এগুলি ইট-কাঠ-পাথর দিয়ে রক্ষা করবার জন্য খুব বেশী বেগ পেতে হবে না, খুব বেশী বাড়ীও পাওয়া যাবে না ইংরেজ আমলের পর থেকে। কিন্তু যে মাটির ভিটাগুলির উপর বসে বাংলাদেশের জীবনসাধনা চলেছে, সেই মাটির ভিটাগুলি নূতন করে চিহ্নিত করতে হবে ইট-কাঠ-পাথর দিয়ে; সরকারের যদি ক্ষমতা থাকে মর্মর দিয়েও এই স্মৃতিচিহ্নগুলি সংরক্ষিত করতে হবে। তার জন্য একটা সংবিধান যেন এই নূতন আইনের মধ্যে থাকে—এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12—12-10 p.m.]

Janab Abdul Halim:

মাননীয় চেয়ারম্যান, স্যার, পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রী খগেন দাসগুপ্ত মহাশয় আমাদের সামনে যে পশ্চিমবঙ্গ ঐতিহাসিক নিদর্শন, রক্ষণাবেক্ষণ ও প্রত্নতাত্ত্বিক খনন বিল এনেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। পশ্চিমবাংলার প্রাচীন এবং ঐতিহ্যমণ্ডিত পুরাকীর্তি যথোচিত সংরক্ষণ ও খনন এবং বঙ্গভূমির প্রাচীনতম সভ্যতার ঐতিহাসিক জীবন ও ধ্বংসস্তূপ সংরক্ষণের যে প্রচেষ্টা হচ্ছে সেটা সরকারের পক্ষে খুব প্রশংসনীয় উদ্যম। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের মনে রাখতে হবে, আমি পুনরাবৃত্তি করবো না, আমার পূর্ববর্তী বক্তা বাংলাদেশের ঐতিহ্যের কথা, ইতিহাসের কথা বলেছেন। বাংলাদেশের বিভিন্ন সাহিত্যিক, সাংস্কৃতিক এবং যাঁরা বিভিন্ন গ্রামের কুটীরে বাস করে বাংলাদেশকে গৌরবান্বিত করে তুলেছেন, সেই পুরাকীর্তি রক্ষ করা আমাদের একান্ত কর্তব্য। কিন্তু তা করতে হলে আমাদের শুধু কয়েকটা প্রস্তাব পাশ করার দ্বারা এর কার্যসিদ্ধি হবে না। আমাদের যে-সকল বে-সরকারী প্রতিষ্ঠান আছে, সরকারের এই প্রচেষ্টার বহু আগে থেকে, তারা সেই সংস্কৃতিগুলিকে রক্ষা করে চলেছে। যেমন আমার পূর্ববর্তী বন্ধু বলেছেন, সাহিত্য পরিষদ, তারা যদি সত্যি এ'দের কীর্তি রক্ষা করে না দিতেন, তাহলে তাঁদের অনেক ইতিহাস লোপ পেয়ে যেত। তেমনি বিশ্ববিদ্যালয়, এসিয়াটিক সোসাইটি ও এই ব্যাপারে অন্যান্য বিশেষজ্ঞ কমিটি, তাদের সহযোগিতা নেওয়া দরকার। তাদের সহযোগিতা ছাড়া এইরকম একটা বিরাট জিনিষকে আমরা কখনও সাফল্যমণ্ডিত করতে পারবো না। সেদিকে ব্যবস্থা করার সঙ্গে সঙ্গে, আমি কয়েকটা কথা বলবো। বাংলাদেশের ঐতিহাসিকগণ, তাঁদের সাধনার দ্বারা ইতিহাস রচনা করেছেন, বাংলার পুরাকীর্তি আমাদের সামনে তুলে ধরেছেন, সেই ঐতিহাসিকগণ ও তাঁদের ইতিহাসকে আমাদের সংরক্ষণ করা উচিত। আমার পূর্ববর্তী বক্তা তারাশঙ্কর বাবু জয়দেব 'চণ্ডীদাসের' কথা বলেছেন—নানুরে একটা প্রতিষ্ঠান গড়ে, বে-সরকারী কমিটি মারফৎ, সেখানে তাঁদের স্মৃতি রক্ষার চেষ্টা করেছেন। সেখানে একটা মাটির ঢিবি রয়েছে, যেটা খনন করলে হয়ত পুরাকীর্তির, পুরাতত্ত্বের অনেক কিছু আবিষ্কার হতে পারে। আমার মনে হয় মন্ত্রী মহাশয় সে বিষয়ে চেষ্টা করবেন। চণ্ডীদাস যেখানে বাস করতেন, সেখানে যে একটা ঢিবি রয়েছে, পূর্বে তার কিছু খনন কার্য হয়েছিল। কিন্তু আরও কিছু খনন করতে পারলে, আমার বিশ্বাস সেখান থেকে আরও অনেক ঐতিহাসিক কীর্তি পাওয়া যেতে পারে। আশা করি সেটা মন্ত্রী মহাশয় দেখবেন।

তারপর মুর্শিদাবাদে............

Mr. Chairman: Mr. Halim, there is hardly any scope for mentioning about particular sites.

Janab Abdul Halim:

Sir, coming to the composition I notice that the President is to be an *ex-officio* member, and the President is to be appointed by the Government of West Bengal. Here is a flagrant departure from the recommendations of the Dey Commission. The Dey Commission definitely provided that the President of the Board should be a non-official educationist of distinction. Instead of that in their anxiety to officialise the Board the Government have provided that the President may be either an official or a non-official man. This is, I submit, a departure from the recommendations of the Dey Commission and because of this departure and other departures we argued, Sir, that the whole matter should be referred to a Select Committee.

Sir, my friend Shri Mohitosh Rai Choudhuri has argued that the Vice-Chancellor should not be given any place in this Board because the Vice-Chancellor happens to be a busy person. Sir, I would ask, is not the Director of Public Instruction a person more busy than the Vice-Chancellor? Is he not required to look after the entire development of Secondary Education? Is he not required to look after the primary schools in West Bengal? Therefore, this argument of my friend does not hold water at all. It is the busiest persons who can attend to many jobs. Our present Vice-Chancellor is a member of so many Committees including the University Grants Committee, but we know that he has been doing his work with care and distinction. So was Dr. S. N. Banerjee. He was connected with the High Court and he was the Vice-Chancellor, and in various other capacities he used to render valuable service to the Government and the people of West Bengal. It is the busiest persons who can really devote their attention to many things and do everything with care and industry. Therefore, the argument of Mr. Mohitosh Rai Choudhuri does not hold good at all.

Sir, if we look at the composition of the Bill we will notice that there is an anxiety on the part of the Hon'ble Minister to officialise the Board altogether. Sir, what was the principle behind the recommendations of the Mudaliar Commission and the Dey Commission? It was that it should be a body of experts, but they never recommended that it should be a body composed very largely of officials. If you have an official-ridden body it will be absolutely under the thumb of the Secretariat because these officials have always got to look to the Secretary of the Department of Education for their promotion and for other little favours. Or, in other words, they will not be able to function as experts because of the fear of displeasing the Secretary. It is for this reason, Sir, that I am very much opposed to the officialisation of the Board.

Sir, in 1940 while moving a resolution at the Secondary Education Protest Conference Rai Harendra Nath Chaudhuri raised a voice of protest against officialisation. He said that the Bill of 1940 was designed to officialise Secondary Education and to place it under complete Government control. Sir, I do not object to the inclusion of a body of experts on Board of Secondary Education. That was the principle behind the recommendations of the Mudaliar Commission and the Dey Commission; but they had deliberately balanced the official and non-official representations. Sir, this question of non-official experts was raised by my honourable friend the Minister of Education in course of a resolution in 1940 at the Secondary Education Protest Conference.

[2-50—3 p.m.]

He argued that the Bill was defective inasmuch as it entirely everlocked the necessity of securing the services of independent educational experts. It

is the independent educational experts who can deliver the goods, who can without fear or favour render real service to the Board. He holds different views now.

Sir, Rai Harendra Nath Choudhury is one of those who do not hesitate to eat up their own words when it is convenient for them to do so. We do not object to the introduction of independent experts. But why officialise it when you know that these officials will not be able to exercise their judgment freely because of the fear of the Director of Public Instrucitou and the Education Secretariat. That is the point that I have been emphasising.

In the next place, with regard to sub-clause (11), clause 4 I have some submissions to make. It has been provided in the Bill that three professors nominated by the Syndicate of the Calcutta University, one of whom shall be a professor of Applied Science, are to be included. Instead of that, the amendment that stands in my name is as follows: Deans of the Faculties of Arts, Science, Medicine, Education and Commerce of the University of Calcutta should be Members of the Board. I say so because the Deans are in fact in touch with the developments at the University. If we have the Deans as *ex-officio* members, we secure the services of some experts without taking the University through the travail of a fresh election. Instead of three as proposed by the Government I have proposed that five Deans of the different Faculties mentioned in my amendment should be *ex-officio* Members of the Board.

Sir, with regard to sub-clause (14) my submission is that out of four Heads of High Schools or Multipurpose Schools, two should not be nominated by the State Government. All should be elected by the Executive Committee of the Headmasters' Association in accordance with the rules framed by the Government. Therefore I am in favour of getting all these persons elected instead of getting half of them elected by the Headmasters' Association and half nominated, by the State Government.

Sir, with regard to sub-clause (15) of clause 4, my amendment is that instead of "one representative" the words "two representatives" be substituted

Sir, this institution, All-Bengal Teachers' Association was established right back in 1926. They have played a very important part in the development of the system of secondary education in this Province. Besides, they have been instrumental in organising the teachers who were being very unjustly treated by the Government for years and years. The membership of this organisation runs up to 15,000. So it may be said that, it has the support of the general body of teachers all over West Bengal. In view of this the representation that has been given to it is very meagre. Sir, it is this class of poor teachers who were praised by Rai Harendra Nath Chaudhuri years ago, right back in 1935, and I hope that he has not changed his views. With regard to their services he said "that the system of secondary education and its efficiency is very largely due to the silent and ungrudging services of unambitious men, the school teachers". It is these school teachers who, in fact, are represented on this organisation, namely, All-Bengal Teachers' Association. It is for this reason that I say that instead of one there should be two. The burden of educating our young boys and girls is really on these teachers, and let these teachers upon whom the education of the future generation of citizens depends have adequate representation. I do not suppose, Sir, that two out of 27 is an adequate number. Even then we shall be doing some justice to the teaching community and their great organisation which is a representative organisation if we were to give them two seats instead of one.

Sir, coming to No. 16 I am absolutely opposed to giving any representation to the organisation mentioned. Sir, the organisation was established soon after the Berhampore Conference of the A.B.T.A. I had the honour of presiding at the Conference. Certain objections were raised by a small section of the delegates to the annual report and accounts. They were given full opportunity to give expression to their views. I made it absolutely sure that they got the chance of placing their case before the Conference. But only a handful of men lent support to them. There was, in fact, an attempt at that conference to form the organisation known now as West Bengal Teachers' Association. A teacher of the University of Calcutta who happened formerly to be a member of this Council went about in the dead of night from room to room asking them to form a rival organisation and he added that his move had the support of Mr. Atulya Ghose.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, are you not going to adhere to the time-limit fixed by you last night?

Mr. Chairman: Mr. Bhattacharyya, this is not quite appropriate in this connection. You are giving one version of this conference. A different version may be given by another person. You simply want that there should be no representation given to this body. You just state your reasons for that. You need not go into all these things. I would request you to be brief in your statement.

[3—3-10 p.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I am arguing in favour of the position that I have taken up that this organisation has an unsavoury history and it has an unsavoury present, and an organisation which has an unsavoury past and an unsavoury present should not be given any place in the Board of Secondary Education Sir, the Hon'ble Minister is anxious to gag us. He has raised the question of time-limit.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I protest against that remark. I am not going to gag anybody. Sir, you said about the time-limit yesterday and it is for you to see that the time-limit is adhered to.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I can easily understand that my honourable friend the Education Minister is feeling uneasy on account of the force of my arguments, but I cannot help it. I must do justice to the beliefs which I have been holding for so many years.

Sir, I will now pass on to sub-clause (17). With regard to this sub-clause I hold very strong views. I am of the opinion that members of the Legislature have no place on a Board of experts; they have no place whatsoever. This body should really be a body of experts as recommended by the Mudaliar Commission or as recommended by the Dev Commission. I ask the Hon'ble Minister in charge of the Bill in all seriousness—are members of the Legislature as such experts in secondary education? There may be one or two who may be connected with secondary education but that is another matter. Members of the Legislature as such are not experts and therefore they have no place, truly speaking, in a regularly and properly constituted Board of Secondary Education. Sir, by making provision for two representatives of the West Bengal State Legislature on the Board the Hon'ble Minister in charge of the Bill has in fact yielded to his anxiety to secure a larger official bloc. He has a majority here as well as in the Lower House and the members who will be elected will follow him under all circumstances. That is the political reason which has led the Hon'ble Minister to incorporate this sub-clause in the Bill.

Mr. Chairman: You are not entitled to go into the motives, you give your own point of view.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, what I am saying is that the two members of the Legislature who are always bound to be members of the Government benches will always support the Government. That is all that I have said. Therefore I feel very strongly that the members of the Legislature should not have any representation on the Board. Sir, since the members of the Legislature had to be given some representation, certain other parties could not be adequately represented or have been left out altogether. On that ground as well as on grounds of principle members of the legislature should not be on the Board, and therefore, I am in favour of omitting sub-clause (17).

Coming to sub-clause (18) my submission is that room should be found for the nomination of one representative of the educationally backward classes. My amendment in this behalf is this: "one person belonging to the educationally backward classes to be nominated by the State Government". Sir, according to article 46 of the Constitution we have been enjoined to take special care of the development of education amongst backward classes, and you are aware, Sir, that the Government of India as well as the Government of West Bengal have provided special scholarships for the educationally backward classes. It is desirable that a member of the educationally backward class should be associated with the Board in order that they may see that justice is being done. Sir, they might feel very distantly that justice is being done but let them be on the Board and see that justice is really being done to them. I have no doubt that the presence of an educationally backward class representative on the Board will help the development of education amongst the backward classes. Sir, this representation will really go a long way to help the backward classes, and it is a duty which we have taken upon ourselves according to the Constitution.

On that very sub-clause I have another amendment. That amendment emphasises the necessity of giving representation to the West Bengal College and University Teachers' Association. Sir, the Syndicate in their very able report on the present obnoxious Bill has clearly stated that the number of *ex-officio* members appears to be unduly large and the representatives of Universities and the affiliated colleges and Secondary Institutions comparatively few. Sir, it is desirable that the affiliated colleges, as the Syndicate feels, should be represented. And I believe, the best way of giving representation to the teachers of affiliated colleges, without going through the elaborate formality of elections, is to ask the Executive Committee of the Association to elect one representative.

Sir, you are aware that Secondary and University education are to be closely integrated. We cannot think of one without the other. It is, therefore, desirable that the teachers of colleges should be connected with the Board. Sir, these are the amendments that I have to place before you for your consideration. I have no other remarks to make.

Now I will draw your attention to the proportion of official members and others under the present Bill as also under recommendations of the Mudaliar Commission and the Dey Commission. The number of officials according to the Mudaliar Commission was 6 out of 25; according to the Dey Commission 6, including the President, out of 25; and it is 9 out of 27, under the present Bill, including the President.

Sir, with these words, I move the amendments that stand in my name.

[3-10—3-20 p.m.]

Sj. Satya Priya Roy: Sir, I beg to move that in clause 4(2), the words, "or if the State Government so directs the Joint Director of Public Instruction" be omitted.

I also move that clause 4(3) be omitted.

I also move that clause 4(4) be omitted.

I also move that in clause 4(5) for the words, "the Director of Health Services, *ex-officio*", the words, "A teacher of one of the Medical Colleges in the State of West Bengal to be elected by the teachers of such colleges" be substituted.

I also move that clause 4(8) be omitted.

I also move that clause 4(9) be omitted.

I also move that in clause 4(11), line 1, for the word "three" the word "five" be substituted.

I also move that in clause 4(11), line 1, for the word "professors", the words, "teachers of the Calcutta University" be substituted.

I also move that in clause 4(11), line 1, for the word "Syndicate", the word "Senate" be substituted.

I also move that in clause 4(11), in line 3, for the word "Professor", the word "teacher" be substituted.

I also move that for clause 4(13), the following be substituted, namely:—

"(13) one person elected in the manner prescribed by regulations by the members of the Samsad of Visva-Bharati University."

I also move that for clause 4(14), the following be substituted, namely:—

"(14) Four Heads of Junior High Schools, High Schools, Higher Secondary Schools or Multipurpose Schools, one of whom must be a Headmistress of a recognised Girls' Secondary School in the State of West Bengal, to be elected in the manner prescribed by rules, by the Heads of such schools".

I also move that for clause 4(15), the following be substituted, namely:—

"(15) five representatives of all teachers of Secondary Schools excepting the Heads of such schools to be elected from among them by such teachers one from each of the five Zones into which the entire State of West Bengal is to be divided for the purpose, by rules under this Act by such teachers serving in such schools within the Zone".

Sir, I also beg to move that clause 4(16) be omitted.

I also move that in clause 4(17), lines 2 to 7, for the words beginning with "one of whom" and ending with the word "Assembly" the following words be substituted, namely:—

"to be elected by the members of both the Houses jointly in accordance with the system of proportional representation by means of the single transferable vote".

I also move that in clause 4(18), lines 1 to 3, for the words beginning with "to be nominated" and ending with 'woman' the following words "to be elected by all other members of the Board in the manner prescribed by rules" be substituted.

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমরা মাধ্যমিক শিক্ষা পর্ষদের ৪নং ধারা আলোচনা করছি। এই ৪নং ধারায় পর্ষৎ কিভাবে সংগঠিত হবে, তার উল্লেখ আছে। আমরা প্রথমেই বলতে চাই যে, পর্ষৎ যেভাবে সংগঠিত হ'তে যাচ্ছে, এই আইনের খসড়া অনুযায়ী, এইরকমভাবে সংগঠিত পর্ষদের কোন প্রয়োজন আছে কিনা? আমি এইদিকে মন্ত্রীমহাশয়ের লক্ষ্য আকর্ষণ করছি। এবং এই পর্ষৎ প্রথমেই সরকারের এই দ্বৈত শাসনের অধীনে মাধ্যমিক শিক্ষা কিভাবে ব্যাহত হচ্ছে, তা নিজেদের অভিজ্ঞতার ভিতর থেকে দেখেছি—এই পর্ষৎকে কাজ করতে হয় ১৯৫০ সালের আইনে এই সরকারের শিক্ষা দপ্তরের মাধ্যমে। এখানে কোন একটা দরখাস্ত, যে-কোন আবেদন, যদি কোন শিক্ষকদের জন্য পর্ষদের কাছে আবেদন করতে হয়, তা সমস্তই পাঠাতে হয় ইন্সপেক্টর অব স্কুলস তার মাধ্যমে। ইন্সপেক্টর অব স্কুলস সেটা পাঠান টু দি ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন এবং ডিরেক্টর সেটায় তাঁর মন্তব্য লিখে আবার পাঠান বোর্ডএর কাছে। এবং বোর্ড আবার সরাসরি সিদ্ধান্ত স্কুলে না পাঠিয়ে ডিরেক্টরএর মধ্য দিয়ে ইন্সপেক্টর অব স্কুলসএর মাধ্যমে সেই স্কুলে গিয়ে পৌঁছায়। তার ফলে দেখা গেল যে, ইন্সপেক্টর অব স্কুলসএর মাধ্যমে যে দরখাস্ত করা হ'ল, সেই দরখাস্ত সেখানে ৩-৪ মাস পড়ে রইল। ইন্সপেক্টর অব স্কুলস ৩-৪ মাস পরে যখন তার সময় হ'ল, তখন সেটা পাঠালেন ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশনএর কাছে —সেখানে আবার ৩-৪ মাস পড়ে রইল। তারপর গেল সেটা বোর্ডএর কাছে। বোর্ড আবার সেটা ফেরত পাঠালেন—প্রতি স্তরে ৩-৪ মাস দেরী হয়ে গেল। এই অবস্থায় বিদ্যালয়গুলি কিরকম অসুবিধা ভোগ করছে তা এখানে বিধান পরিষদে যারা বিদ্যালয়গুলির সঙ্গে সংশ্লিষ্ট রয়েছেন তারা সকলেই জানেন। ২ বৎসর পূর্বে কোন শিক্ষক হয়ত শিক্ষকতার জন্য অ্যাপ্লিকেশন করেছিল—চাকরিতে ২ বৎসর বহাল হ'ল কিন্তু ২ বৎসরের মধ্যেও এই দ্বৈত কর্তৃত্বের ভিতর দিয়ে পর্ষদের সিদ্ধান্ত এসে শিক্ষকের কাছে পৌঁছায় না। তারা জানে না বৎসরের শেষ পর্যন্ত—

(Sj. Mohitosh Rai Choudhuri: কোন্ অ্যামেন্ডমেন্টের উপর বলছেন?)

Generally I am speaking on all the amendments, so I am giving a general picture.

Mr. Chairman: You are to speak specifically on your amendment.

Sj. Satya Priya Roy: I am speaking on the reduction of the number of officials on the Board My amendment is to have representation of teachers on the Board. It is just to say that the Board be not officialized. Once the Board is officialized, it will serve no purpose. That is what I mean to say here.

Sj. Nirmal Chandra Bhattacharyya: We are entitled to speak on clause 4 generally.

Mr. Chairman: It is proper that members should speak particularly on the amendments that stand in their name, and not on the principle arising therefrom. I think the honourable members when they have some amendments in their names should speak particularly on those amendments.

Sj. Satya Priya Roy: Sir, I am just giving a short background and context of the amendments that I have suggested.

Mr. Chairman: Do not make that background too long, please.

Sj. Satya Priya Roy: I won't Sir. At the same time I would seek some sort of sympathy from you, so that I may really place our views without interruption.

Mr. Chairman: All right.

Sj. Satya Priya Roy:

কাজেই আমার কথা হচ্ছে পরিষ্কার মন্ত্রীমহাশয় বলেছেন বিল উপস্থিত করবার সময় যে তিনি চান সরকারের সম্পূর্ণ নিয়ন্ত্রণ শিক্ষার উপরে আসুক। দায়িত্ব বাদ দিয়ে নিয়ন্ত্রণ নেবার ইচ্ছা যদি থেকে থাকে তাহলে আমি বলব এইভাবে পর্ষৎ সংগঠন করে কাজের ব্যাঘাত সৃষ্টি করার কোন প্রয়োজন নেই। আমরাও পর্ষৎ চাই। অবশ্য যদি স্বাধীনচেতা শিক্ষাবিদ্, যাদের এডুকেশন এক্সপার্ট বলা চলে তারা যদি পর্ষতে থাকে, তাহলে দেশের শিক্ষার সুনিয়ন্ত্রণ হবে, শিক্ষানীতি রাজনীতি থেকে দূরে থাকবে শাসনক্ষমতার পরিবর্তনের সংগে সংগে দেশের শিক্ষানীতিতে বিপর্যয় দেখা দেবে না। সেইজন্য আমরা যাতে স্বাধীনভাবে চিন্তা করতে পারি, শিক্ষা শুধু শিক্ষানীতি দ্বারা নিয়ন্ত্রিত হ'তে পারবে এইরকম একটা পর্ষতই দাবী করেছিলাম কিন্তু সরকার সেই জায়গায় এমন পর্ষৎ আমাদের সামনে উপস্থিত করেছেন যে পর্ষৎ কখনই সরকারের মতকে উপেক্ষা করে চলতে পারবে না। এই পর্ষৎ সর্বদাই সরকারের দিকে তাকিয়ে থাকবে নির্দেশের জন্য এবং সরকারী নির্দেশেই এবং সরকারী নির্দেশ অনুযায়ী মাধ্যমিক শিক্ষা নিয়ন্ত্রণ করবেন। অথচ সরকার যখন নিয়ন্ত্রণের ক্ষমতা নিচ্ছেন তার সংগে সংগে এই বিদ্যালয়গুলি চালাবার আর্থিক যে দায়িত্ব সেই দায়িত্ব গ্রহণ করছেন না। অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় দেখিয়েছেন আমাদের পশ্চিম বাংলায় বেশির ভাগ বিদ্যালয়ই প্রতিষ্ঠিত হয়েছে জনসাধারণের বদান্যতায়। এবং আজ ১৯৫৭ সাল পর্যন্ত বেশির ভাগ বিদ্যালয়ই সরকারের কাছ থেকে কোন রকম সাহায্য না নিয়ে চালিয়ে এসেছে। আমরা দে কমিশন রিপোর্টএ পরিষ্কার দেখতে পাচ্ছি ভারতবর্ষে পশ্চিমবংগই একমাত্র রাজ্য যেখানে এত অধিক সংখ্যক সাহায্যহীন বিদ্যালয় রয়েছে। পশ্চিমবংগ ছাড়া ভারতবর্ষে এমন আর কোন দুর্ভাগা রাজ্য নেই যেখানে অভিভাবকদের শিক্ষার খরচের শতকরা ৭০ ভাগ যোগাতে হয় এই বিদ্যালয়গুলিকে বাঁচিয়ে রাখার জন্য। বোম্বে ও মাদ্রাজে সরকারকে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার জন্য শতকরা ৭০ ভাগ দিতে হয় এবং অভিভাবকদের দিতে হয় শতকরা ৩০ ভাগ। সেখানে এই পশ্চিমবংগের দুর্ভাগ্য যে সেখানে অভিভাবকদের জোটাতে হয় শতকরা মোট খরচের ৭০ ভাগ।

Mr. Chairman: As far as I remember these things were already discussed in the course of consideration of the Bill.

Sj. Satya Priya Roy: Sir, this is the main point that I want to stress.

আমরা এই ৪ ধারার মধ্যে যে জিনিসটা দেখতে পাচ্ছি সে জিনিসটা হচ্ছে সরকারের নিয়ন্ত্রণে নিয়ে যেতে চেষ্টা করছেন--এমন পর্ষৎ গঠন করতে যাচ্ছেন যে পর্ষতে তাদেরই প্যাক্ট মেজরিটি বা সংখ্যাগরিষ্ঠতা থাকবে। অথচ তার আর্থিক দায়িত্ব বিদ্যালয়গুলির যে আর্থিক দায়িত্ব তার বিন্দুমাত্রও গ্রহণ করবেন তার কোন ইংগিত এই বিলের মধ্যে নাই। এই ৪নং ধারায় যেভাবে পর্ষৎ গঠন করছেন আমি তার বিরোধিতা করছি।

সরকার দে কমিশন ও মুদালিয়ার কমিশনএর কথা বার বার উল্লেখ করেছেন। এই বিলের মধ্যেও অবজেক্টস এ্যান্ড রিজন্সএ দে ও মুদালিয়র কমিশনএর কথা বলেছেন কিন্তু দে কমিশনএ যেসমস্ত সুপারিশ আছে সেগুলি পর্যন্ত এই ৪ ধারা, উপধারা পালন করা হয় নি।

[3-20—3-30 p.m.]

যেমন দে কমিশন বলেছেন মধ্যশিক্ষা পর্ষতের সুপারিশের সম্বন্ধে তাঁরা পরিষ্কার বলেছেন—২৫ জন সদস্য নিয়ে গঠিত হবে যে মধ্যশিক্ষার পর্ষৎ তার ১০ জন হবে ইলেকটেড অর্থাৎ শতকরা ৪০ জন হবে ইলেকটেড। সে জায়গায় মন্ত্রীমহাশয় যে বিল এনে উপস্থিত করেছেন তাতে দেখছি নাইন আউট অব টুয়েন্টি-সেভেন—অর্থাৎ শতকরা ৩৩ জন। যেখানে দে কমিশন শতকরা ৪০ জনের সুপারিশ করেছেন, সেখানে মন্ত্রীমহাশয় যে ব্যবস্থা করছেন তাতে শতকরা ৩৩ জন

মাত্র সদস্য নির্বাচিত হয়ে আসবেন। (**শ্রীযুক্ত মহীতোষ রায় চৌধুরী:** [illegible] কমিশন?) হ্যাঁ, সেটাও দেখাচ্ছি। তার আগে গবর্নমেন্ট অফিসিয়াল সম্পর্কে যে অভিযোগ সেইটে বড় করে দেখাচ্ছি, যে মন্ত্রীমহাশয় কিছুদিন আগে তাঁর নিজের পুস্তকে গভর্নমেন্ট অফিসিয়াল সম্বন্ধে—

Sj. Harendra Nath Mozumdar: That is repetition again.

Sj. Satya Priya Roy: It requires repetition.

সেই মন্ত্রীমহাশয় হঠাৎ আসনে বসেই কি করে সেটা বদলে ফেললেন বুঝতে পারি না। দে কমিশন এবং মুদালিয়ার কমিশনএর কথা মহীতোষ বাবু বলেছেন, আরও ৫ জন গভর্নমেন্ট অফিসিয়াল থাকবেন প্রেসিডেন্টকে বাদ দিয়ে সে জায়গায় আমাদের মন্ত্রীমহাশয় বর্তমানে যে বিল এনে উপস্থিত করেছেন তার মধ্যে দেখছি ৮ জন অফিসিয়াল আর একজন প্রেসিডেন্ট কিন্তু তিনিও নমিনেটেড বাই দি গভর্নমেন্ট- যে জায়গায় মুদালিয়ার কমিশনের ৫ জন+১ জন= ৬ জন। কাজেই দেখা যাচ্ছে তিনি এই বোর্ডকে সম্পূর্ণভাবে সরকারী অফিসিয়ালসদের কুক্ষিগত করতে চান। তার পরিষ্কার প্রমাণ হচ্ছে যে দে কমিশনএর যে সুপারিশ আছে সে সুপারিশকে সম্পূর্ণ অগ্রাহ্য করে, ৫+১=৬ দে কমিশন এ্যান্ড মুদালিয়ার কমিশনএর এই যে রেকমেন্ডেশন—

Mr. Chairman: Please avoid repetitions. This matter has been discussed before and you are also repeating the same thing over and over again Please confine yourself to the statement that you want to make before the House.

Sj. Satya Priya Roy: It is a point of my amendment.

Mr. Chairman: At this stage when you are discussing the various clauses, you need not go into the details of the recommendations of the Commissions.

Sj. Satya Priya Roy: But I can do that in relation to the points in my amendments.

তারপর হচ্ছে গভর্নমেন্টের নমিনেটেড মেম্বার সম্পর্কে এই বিলে যে সংবিধান দেওয়া হয়েছে তার সংগে দে কমিশনএর সুপারিশের কতখানি পার্থক্য তা দেখাতে চাই। গভর্নমেন্টের নমিনেটেড মেম্বার ৬ জন হবেন, ২৫ জনের মধ্যে এবং সেই ৬ জনের প্রত্যেকেই হবেন নন-অফিসিয়াল। এই নন-অফিসিয়াল কথাটা মন্ত্রীমহাশয় তুলে দিয়েছেন যাতে ৬ জন অফিসিয়াল নমিনেট করলে আইনে কোন বাধা না হয়। মন্ত্রীমহাশয়ের যেরকম আমলাপ্রীতি দেখতে পাচ্ছি যেরকম আমলাতান্ত্রিক নীতি বিলের মধ্যে এনে উপস্থিত করেছেন তাতে তাঁর উপর আমরা ভরসা রাখতে পারছি নে, দে কমিশন বার বার পরিষ্কার বলেছেন—নন-অফিসিয়াল মেম্বার্স মাস্ট বি নমিনেটেড। সেই নন-অফিসিয়াল কথাটা উনি তুলে দিয়েছেন। তুলে দিয়ে দে কমিশনএর সিক্স আউট অব টুয়েন্টি-ফাইভএর স্থলে করেছে সেভেন আউট অব টুয়েন্টি-সেভেন এই বিলের বিধানে নমিনেটেড মেম্বার হবে। তার ফলে দাঁড়াচ্ছে, গভর্নমেন্ট অফিসার্স, নমিনেটেড মেম্বার্স টু বি নমিনেটেড বাই দি গভর্নমেন্ট এবং এক্স-অফিসিও মেম্বার্স সমস্ত মিলিয়ে দাঁড়াচ্ছে গিয়ে ১৮ জন, ২৭ জনের মধ্যে। যে পর্ষৎ হবে তাতে বেশির ভাগ সরকারী কর্মচারী না হয় সরকারের মনোনীত ব্যক্তি. যাতে জনসাধারণের মধ্য থেকে নেওয়া হয় দে কমিশনএর এই যে সুপারিশ তার ফলে সরকারের সম্পূর্ণ কুক্ষিগত করবার পক্ষে যে বাধাটুকু ছিল সেই বাধাটুকুও তুলে দেওয়া হয়েছে।

Mr. Chairman: You have spoken for 10 minutes and you have not as yet come to the subject-matter of your amendment and this matter has been discussed by you.

Sj. Satya Priya Roy: These are subject-matters of my amendments.

নীতিগতভাবে বলছি বলে কোন নির্দিষ্ট নাম করছি না—যেমন—

omit Chief Inspector of Secondary Education
omit Director of Public Instruction.

All that I want, Sir, is to reduce the number of official and nominated members. I put it in a general way.

Mr. Chairman: Please confine yourself to the amendments.

Sj. Satya Priya Roy:

তাহলে ত বলতে হয় অমুককে কেন করলেন। অফিসার্স কেন কমাতে বলছি তার যুক্তির জন্য এসব কথা বলেছি। আমি যে-কথা গোড়াতে বলেছিলাম, সেই কথা এখনও বলছি, যদি পর্ষতকে আমলাতান্ত্রিক করতে হয় তাহলে এইরকম একটা পর্ষতের প্রহসন করবেন না, কেননা এই প্রহসনের পিছনে অন্তত ৬ লক্ষ থেকে ৭ লক্ষ টাকা এই বোর্ড চালাবার জন্য অপব্যয় হবে। ৬-৭ লক্ষ টাকা অপচয় করে এই রকম আমলাতান্ত্রিক পর্ষৎ গঠন করবার কোন প্রয়োজন নাই।

বোর্ডের গঠন সম্পর্কে বলতে গেলে দেখা যায় দে কমিশন যে সদস্য সম্বন্ধে সুপারিশ করেছেন টু বি নমিনেটেড বাই দি প্রেসিডেন্ট অব দি বোর্ড আর মুদালিয়ার কমিশন বলেছেন ৩ জন শিক্ষাবিদের কথা বলেছেন, মুদালিয়ার কমিশনএর সুপারিশ হচ্ছে—

These educationists are to be co-opted by other members of the Board

সেখানে মন্ত্রীমহাশয় অন্য রকম ব্যবস্থা করে রেখেছেন—তিনি বোর্ডের প্রেসিডেন্টকে বিশ্বাস করেন নি, বোর্ডের আদার মেম্বার্সদের বিশ্বাস করেন না, তাঁর বিশ্বাস হচ্ছে সম্পূর্ণ নিজের উপর সেইজন্য ঐ ব্যবস্থা করে রেখেছেন—৩ জন এডুকেশনিস্ট যে হবেন তারাও হবেন নমিনেটেড বাই দি গভর্নমেন্ট।

এই ৪নং ধারার যে ১৮নং উপধারা—

three persons interested in education to be nominated by the State Government,

এ সম্পর্কে মুদালিয়ার কমিশন এবং দে কমিশন কি বলেছেন সে সম্বন্ধে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুদালিয়ার কমিশন বলেছেন—

two distinguished educationists co-opted by the other members of the Board.

এখানে অবশ্য মুদালিয়ার কমিশন ৩-এর বদলে ২ বলেছেন। আর দে কমিশন সে জায়গায় বলেছেন—

three educationists of whom one should be a woman—to be nominated by the Chairman of the Board.

কাজেই, এই সমস্ত কমিশনের সুপারিশ অগ্রাহ্য করে মন্ত্রীমহাশয় ব্যবস্থা করেছেন যে থ্রি এডুকেশনিস্টস্ টু বি নমিনেটেড্ বাই দি গভর্ণমেন্ট। দে কমিশন বা মুদালিয়ার কমিশন সব জায়গা থেকে চিফ ইন্সপেক্টর অব স্কুল্স পুরুষই হোক বা মেয়েই হোক সম্পূর্ণ বাদ দিয়েছেন। বাদ দেবার যুক্তি ছিল, কারণ ছিল, ডি পি আই যখন বোর্ডের মেম্বার তখন তাঁর অধীন কর্মচারী সমমর্যাদা নিয়ে স্বাধীনচিত্ততা নিয়ে সেই পর্ষতের সদস্যপদে বসতে পারে না। একজন উচ্চ কর্মচারীর নিম্নপদস্থ কর্মচারীকে সহকর্মী করা যে অত্যন্ত অবৈজ্ঞানিক এবং অসঙ্গত তা পরিষ্কার বোঝা যায় বলেই মুদালিয়ার কমিশন বা দে কমিশন বোর্ডের কোথাও চিফ ইন্সপেক্টর অব স্কুলস বা চিফ ইন্সপেক্টর ফর উয়ামেনস এডুকেশনকে আসন দেবার ব্যবস্থার কোন সুপারিশ করেন নাই।

[3-30—3-40 p.m.]

এবং সেখানে হয়ত চিফ ইন্সপেক্টর অব স্কুলসকে তাদের ডি পি আইর সঙ্গে এক মর্যাদায় প্রতিষ্ঠিত করে দিতে চাচ্ছেন—শুধু সেদিক থেকে নয়, আমাদের নৈতিক দিক থেকেও আপত্তি

আছে। এখন চিফ ইন্সপেক্টর অব স্কুলসএর দায়িত্ব কি? তারা প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করেন, করে তার অভিমত বোর্ডের সামনে পেশ করবেন। নিজে তিনি যে অভিমত পেশ করবেন চিফ ইন্সপেক্টর হিসাবে, আবার বোর্ডের মেম্বার হিসাবে নিজেই বিচারক হয়ে আসবেন; যিনি অভিযোগ করবেন তিনিই আবার বিচারকের আসনে বসবেন, এরকম একটা অবস্থা যে কখনও আইনের ভিতর থাকতে পারে আমি কল্পনাও করতে পারি না। সেদিক দিয়ে আমি দেখছি, এ সমস্ত বিবেচনা করে দে কমিশন, মুদালিয়ার কমিশন চিফ ইন্সপেক্টর অব স্কুলসকে বাদ দিয়েছিলেন।

দ্বিতীয় হচ্ছে অনেক ডিরেক্টর বাড়িয়ে দেওয়া হয়েছে। ডি পি আই তিনি না হয় শিক্ষা-বিভাগের লোক। কিন্তু ডিরেক্টর অব এগ্রিকালচার, ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজ, ডিরেক্টর অব হেল্থ সার্ভিসেস, এদের রাখা হয়েছে। এই ডিরেক্টরদের সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এরা গত পর্ষদেও ছিলেন, যে পর্ষৎ বাতিল করে দেওয়া হয়েছে তাতে তারা সদস্য ছিলেন। ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজও একজন সদস্য ছিলেন। এবং একথা পরিষ্কার জানি যে, তিনি কখনও কোন সভায় উপস্থিত হ'তেন না বা হ'তে পারেন নি। ভাইস-চ্যান্সেলরও নাকি কোন সভায় উপস্থিত হতে পারেন নি এটাই যুক্তি হিসাবে অধ্যাপক মহীতোষ বাবু দাঁড় করিয়েছেন। সেজন্য তাঁকে সদস্য হিসাবে নিতে রাজী হন নি—কারণ কোন সভায় তিনি যোগ দেন নি। এবং একথা আমি পরিষ্কার এখানে ঘোষণা করতে চাই যে, তিনি—ডিরেক্টর মশায় গত পর্ষদেও ছিলেন কিন্তু কোন সভায় উপস্থিত হন নি।

Sj. Harendra Nath Mozumder: I have found the Director to attend a meeting of the Board.

Sj. Satya Priya Roy: I have taken it from the Secretary of the Board itself. I have been told by the Secretary himself that the Director of Industries never attended any meeting of the Board of Secondary Education. As for other Directors, I have already placed those figures.

অন্যান্য ডিরেক্টরদের সম্পর্কে বলতে চাই যে শতকরা ৮০টি সভা তারা বাদ দিয়েছেন এবং শতকরা ৮০টি সভায় তারা যোগ দেন নি। এই ডিরেক্টর অব এগ্রিকালচার এবং ডিরেক্টর অব ইন্ডাস্ট্রিজএর নিজেদের দপ্তরে কি কোন কাজ নাই? তাদের নিজেদের দপ্তরের জন্যই তো তাদের মাইনে দেওয়া হয়। তাই যদি দেওয়া হয় তাহলে বোর্ড থেকে যেসমস্ত কাজকর্মে প্রচুর সময় লাগবে সেই সময় দেবার মত প্রচুর সময় কি তাদের আছে? যদি থাকে তাহলে আমি বলব এতদিন পর্যন্ত যতক্ষণ পর্যন্ত না বোর্ডএর সদস্য পদ তাদের দেওয়া হয়েছিল ততক্ষণ তাদের এত উচ্চ বেতন দেওয়া হয়েছিল কেন? বাস্তবিক পক্ষে এদের পক্ষে সম্ভবপর নয় বোর্ডের কাজকর্ম চালান বিশেষ করে নীতিগতভাবে এই সমস্ত ডিরেক্টরদের নেওয়ায় আমার আপত্তি আছে। এ্যাক্ট অব ১৯৪৪এর কথা মন্ত্রীমহাশয় বললেন, তিনি বুঝিয়ে বলতে পারেন নি। তা ছাড়া অন্য কোন আলোচনা এই সম্পর্কে দেখেন নি, দেখলে নিশ্চয়ই চোখে পড়তো। সে অংশ এখানে উদ্ধৃত করছি—

A prolonged debate took place in the House of Commons concerning the composition of the Council.

সেখানে কন্সালটেটিভ কাউন্সিলএর কথা উল্লেখ করলে তার বক্তব্য পরিষ্কার হ'ত, এই কন্সালটেটিভ কাউন্সিলএ কাদের সভ্য নিয়ে গঠিত হবে। এই সম্পর্কে আলোচনা হয়েছে

various members desired to see direct representation of specific interests, industries, agriculture, technical, education, for example.

Mr. Butler resisted all such proposals saying that he wanted the council to be particularly as representative of the national life as possible. Despite strong pressure he started to replace the vagueness of section 14 and substituted that each Council should include persons with experience of the statutory system of education and persons connected with other educational institutions.

কাজেই যে স্ট্যাটুটরি সিস্টেম অব এডুকেশন আছে তাতে পার্সনস এডুকেশনএর সঙ্গে সংশ্লিষ্ট যারা তাদের নিয়ে কন্সালটেটিভ কমিটি হবে কিন্তু ট্রেড এ্যান্ড কমার্স ইত্যাদি জীবনের যে বিভিন্ন বিভাগ আছে সেই বিভাগগুলি থেকে কখনও কাউন্সিলএর সদস্য পদে প্রতিনিধি নিতে তারা রাজী হন নি। এটা পরিষ্কার বলা হয়েছে

It has been very well representative of the national life of England.

তেমনি করে লক্ষ্য করে

broadly representative of the national life of West Bengal.

সেদিকে যদি লক্ষ্য রেখে সদস্যদের নির্বাচন করতেন তাহলে কখনও

Director of Industries, Director of Agriculture, Director of Health Services

এই সমস্ত নাম যোগ দিতেন না। এই নামগুলির মধ্যে বেশির ভাগ নামই মুদালিয়ার কমিশনে নেই।

মুদালিয়ার এবং দে কমিশনের কথা বার বার আমাকে বলতে হচ্ছে এইজন্য যে, মন্ত্রীমহাশয় এখানে অবজেক্টস এ্যান্ড রিজন্সএ সেই দুটো কমিশনের কথা বলেছেন এবং তাঁর বক্তব্যেও ঠিক এই এক কথাই বার বার বলে গেছেন যে, আমি দে কমিশন এবং মুদালিয়ার কমিশনের রেকমেন্ডেশন অনুযায়ী কাজ করেছি। এটা দেখে আমার এক আখ্যানের কথা মনে পড়ছে—পাওনাদারকে ফাঁকি দেবার জন্য এক মক্কেলকে তার উকিল শিখিয়ে দিয়েছিলেন যে, সব সময় বলবে হতেও বা পারে। এবং সেই অনুযায়ী জে যা-কিছু বলে সব সময় বলে হতেও বা পারে। তখন আদালত থেকে তাকে মুক্তি দিয়ে দেওয়া হ'ল এই বলে যে, এর সঙ্গে কারও পাওনা আর কিছু নেই, এ পাগল হয়ে গেছে। এখানেও দেখতে পাচ্ছি মন্ত্রীমহাশয় সেই এক কথাই বলেছেন আমরা যা প্রশ্ন করেছি তা তিনি আমাদের বুঝাবার চেষ্টা করেন নি। যাহোক এখানে শুধু দু'জন ডিরেক্টরের কথা আছে। মুদালিয়ার কমিশন হেল্থ সার্ভিসেস বাদ দিয়েছেন।

Mr. Chairman: Please give your reasons.

Sj. Satya Priya Roy: I have pressed for the deletion of the Director of Health Services. That is not in the Mudaliar Commission neither in the Dey Commission. In this Bill there are other Directors and the Director of Health Services, and so on. It is not mentioned in the Mudaliar Commission.

কাজেই আমরা দেখলাম যে, ১৮ জন হচ্ছেন সরকারী কর্মচারী বা সরকার মনোনীত ব্যক্তি আর ৯ জন হচ্ছেন নির্বাচিত। এখানে এই নির্বাচিতদের সম্পর্কে এবং এই নির্বাচনের কি ব্যবস্থা তাঁরা করেছেন? দে কমিশন এবং মুদালিয়ার কমিশন থেকে কতটা তাঁরা সরে গেছেন সেটা এখানে আমাদের বিবেচনা করতে হবে। প্রথমত মুদালিয়ার কমিশন ইউনিভার্সিটির রিপ্রেজেন্টেশন সম্পর্কে পরিষ্কার বলেছেন—

five nominees of the universities of the region of whom two shall be professors dealing with technical education.

এই ফাইভ নমিনিজ। উনি বলেছেন—

three professors nominated by the Syndicate.

প্রথমত আমার কথা হচ্ছে যে, ফাইভ রিপ্রেজেন্টেটিভস আর এখানে বলা হচ্ছে থ্রি প্রফেসর্স—এই প্রফেসর্স শব্দের অর্থ মন্ত্রীমহাশয় বা যিনি এই বিল রচনা করেছেন তিনি বিচার করে দেখেছেন কিনা সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। প্রফেসার একটা টেকনিক্যাল কথা, যদিও সাধারণভাবে যে-কেউ কলেজে পড়ান আমরা তাঁদের বলি প্রফেসার। কিন্তু প্রকৃতপক্ষে সে অর্থ নয় এবং মন্ত্রীমহাশয় যদি এখানে প্রফেসার্স বলতে মনে করে থাকেন সে মুষ্টিমেয় যে কয়েকজন আছেন তাঁরা নমিনেটেড হয়ে এখানে আসবেন তাহলে আমি একথা বলতে পারি যে বিশ্ববিদ্যালয়ের যে নির্বাচনের পরিধি যার মধ্য থেকে বিশ্ববিদ্যালয় নির্বাচন করতে পারতেন ৩ জন প্রতিনিধি সেই নির্বাচনের পরিধিকে অত্যন্ত সঙ্কুচিত করে দেওয়া হয়েছে। যে ১০ জন বা ১২ জন প্রফেসার আছেন তার মধ্য থেকে যদি ৩ জনকে নির্বাচিত করতে হয় তাহলে বিশ্ব-বিদ্যালয়ের এমন অবস্থা হয়ত দাঁড়িয়ে যাবে যে তার মধ্য থেকে মধ্যশিক্ষা পর্যতে এত সময় দিয়ে

কাজ করবার মত ৩ জন লোককে পাওয়া যাবে না। বিশেষ করে প্রফেসার যাঁরা আছেন তাঁরা নিজেদের কাজে অত্যন্ত ব্যস্ত থাকেন নিজেদের পড়াশুনা নিয়ে, সমস্ত গবেষণার কাজ নিয়ে অত্যন্ত ব্যস্ত থাকেন। কাজেই তাঁদের মধ্যে এটাকে সীমাবদ্ধ করে দেওয়ার অভিপ্রায় যদি মন্ত্রীমহাশয়ের হয়ে থাকে তাহলে আমি বলব যে এখানে নির্বাচনের পরিধি এত সংকীর্ণ করে দেওয়া হয়েছে যে এই পরিধির মধ্য থেকে ৩ জনকে নির্বাচন করা সিন্ডিকেটের পক্ষে সম্ভবপর হবে না। আমার মনে হয় সাধারণত প্রফেসার্স বলতে যা বুঝায় মন্ত্রীমহাশয় প্রফেসার্স বলতে নিশ্চয়ই তাই বুঝেছেন।

[3-40—3-50 p.m.]

গত সেকেন্ডারী এ্যাক্টএ প্রফেসার শব্দের ভুল ব্যবহার ছিল। ১৯৫০ সালের এ্যাক্টএ দেখা যাচ্ছে প্রফেসার্স অব দি ইউনিভার্সিটি লিপিবদ্ধ ছিল, কিন্তু দেখা গেল যারা নির্বাচিত হয়ে এলেন তাঁরা মোটেই প্রফেসার পদবাচ্য নয়, তাঁরা ইউনিভার্সিটি টিচার্স, সেজন্যই এখানে আমার এই ডেফিনাইট এ্যামেন্ডমেন্ট, এখানে টিচার শব্দটা নিতে হবে। মন্ত্রীমহাশয়ের অভিপ্রায় বুঝা আমাদের পক্ষে সম্ভব নয়। ৩ জন প্রফেসার নির্বাচন করবেন এতে নির্বাচনের পরিধি সংকীর্ণ করে ফেলছেন, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটএর পক্ষে কাজটা অসম্ভব করে তুলছেন। এখানে আমার কথা হচ্ছে এই যে, আগের আইনে যে ভুল ছিল সেই ভুল যেন না থাকে। তারপর সিন্ডিকেট, ৩ জন প্রফেসার কে নির্বাচন করবে? মন্ত্রীমহাশয়ের বিলে নির্দেশ রয়েছে সিন্ডিকেট করবে। কিন্তু মুদালিয়ার কমিশন—

Mr. Chairman: I request you to avoid repetitions.

Sj. Satya Priya Roy:

কিন্তু মুদালিয়ার কমিশনে ফাইভ নমিনিজ অব দি ইউনিভার্সিটি আছে এবং তার ভার বিশ্ববিদ্যালয়ের উপর দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় যা ঠিক করে দেবেন, যাঁদের প্রতিনিধি করে পাঠাবেন তাই হবে। বিশ্ববিদ্যালয়ের উচ্চতম ও বৃহত্তম সংস্থা সিন্ডিকেট নয়, সেই সংস্থা হচ্ছে সিনেট। সিনেট বৃহত্তর সংস্থা বলে সেখানে বহু মত প্রতিফলিত হওয়ার অবকাশ আছে। এটাকে সংকীর্ণ করবার চেষ্টাই এখানে এর দ্বারা করা হচ্ছে। পরিষ্কারভাবে বুঝা যাচ্ছে মুদালিয়ার কমিশন—

Mr. Chairman: For your own sake I would request you once again to avoid repetitions because they are not helping in your arguments. For the fifth or sixth time you have repeated the expression like "Sankirna Paridhi".

Sj. Satya Priya Roy: I am speaking on my amendment.

Sj. Nirmal Chandra Bhattacharyya: He is speaking on one of his amendments.

Mr. Chairman: He may be speaking on the amendments but I am just asking him to avoid these repetitions.

Sj. Satya Priya Roy:

মুদালিয়ার কমিশন, যে কমিশন হচ্ছে ও'দের বাইবেল যদিও ওটা ভূতের মুখে রামনামের মত শোনায়। মন্ত্রীমহাশয় এই দুটো কমিশনের নাম বলেন, এখানে পরিষ্কারভাবে ইউনিভার্সিটি সম্পর্কে মন্তব্য রয়েছে যে, ইউনিভার্সিটি নাম পাঠাবেন, কিন্তু কিভাবে পাঠাবেন সেটা এখানে সীমাবদ্ধ করে দেওয়া হচ্ছে—এতবড় আমলাতান্ত্রিক স্বৈরাচার এখানে স্থান পেয়েছে। বিশ্ব-বিদ্যালয়ের উপর এতবড় অপমানের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। আমরা এর তীব্র প্রতিবাদ করি। বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের উপাধ্যক্ষকে কেন বাদ দেওয়া হয়েছে? মহীতোষ বাবু বলেছেন উপাধ্যক্ষ কখনও যান নি। বর্তমান উপাচার্য বোর্ডের এ্যাডভাইসরি কমিটির সদস্য এবং এ্যাডভাইসরি কমিটির প্রতি সভায় যোগদান করেছেন এবং প্রতি সভায় মূল্যবান উপদেশ দিয়ে বোর্ডের এ্যাডমিনিস্ট্রেটরকে সহায়তা করেছেন। এই খবরটা তাঁর জানা উচিত ছিল। কাজেই

কি তিনি শিক্ষকতা করেন? তার জবাব তিনি দেবেন। কবে কোন্ কালে একটা স্কুলের শিক্ষকতা করে অবসর নিয়েছেন! অথচ এখনো কি করে এই প্রধান শিক্ষক সমিতির সহ-সভাপতি হয়ে আছেন, তার উত্তর তিনি দেবেন। কাজেই এই প্রধান শিক্ষক সমিতি কিছুতেই শিক্ষকদের প্রতিনিধিত্ব করতে পারে না, কিছুতেই তারা প্রতিনিধি নির্বাচন করতে পারে না; সে অধিকার তাদের নাই—যে সমিতিতে প্রধান শিক্ষক ছাড়া ও সহকারী প্রধান শিক্ষক এবং সুপারিনটেন্ডেন্ট অব স্কুলসকে তাদের মেম্বার করেছেন, শুধু তাই নয়, যাঁদের স্কুলের সংগে কোন যোগ নাই, এমন লোকদেরও সদস্য শ্রেণীভুক্ত করে রাখা হয়েছে, এমন কোন সংস্থার প্রধান শিক্ষকদের পক্ষ থেকে পশ্চিমবাংলার কোন সদস্য মনোনয়নের কোন অধিকার নাই।

এখন আমার নিজের সমিতির সম্পর্কে বলতে হবে। আমাদের মোট সাবস্ক্রিপশন হচ্ছে তিন হাজার পাঁচশত ষাষট্টি টাকা চৌদ্দ আনা।

[4—4-10 p.m.]

এখানে পরিস্কার হচ্ছে হাই স্কুল ৩,৫৬৭ টাকা, জুনিয়ার হাই স্কুল ১৫৭ টাকা, এবং এটা যোগ দিলে হচ্ছে ৩,৭০০ টাকার মত। এটাকে চার দিয়ে গুণ করুন, কারণ চার আনা হচ্ছে মেম্বারশিপ ফী তাহলেই ১৫ হাজারে এসে যাচ্ছে এবং এটা হচ্ছে অডিটেড এ্যাকাউন্ট। এবং শুধু তাই নয় নিখিল বঙ্গ শিক্ষক সমিতির মধ্যে এক হাজার বিদ্যালয়ের প্রধান শিক্ষক আছেন —প্রধান শিক্ষক এবং শিক্ষিকা- কাজেই এই যে এ্যাসোসিয়েশন ওয়াইজ যে সিট এ্যালটমেন্ট করেছেন এই রকম সিট এ্যালটমেন্ট কখনই সমিতিগতভাবে করা চলে না। অবশ্য মুদালিয়ার কমিশন সমিতিগতভাবে কথা বলেছিলেন, কিন্তু সেখানে হেডমাস্টারদের সম্পর্কে মুদালিয়ার কমিশনএ যে ব্যবস্থা সেই ব্যবস্থার প্রতি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম হচ্ছে—

four Headmasters of high schools including Multipurpose schools nominated হয়ে যাবে কিন্তু কোথাও, ঐ যে একটা ভূয়া প্রতিষ্ঠান যা সরকারের অনুগ্রহে পুষ্ট হবার আকাঙ্ক্ষা রাখে এবং সরকারের মুখপত্র হিসাবে কথা বলে সেরকম কোন প্রতিষ্ঠানের কথা বলছি না কিন্তু তার পরে যে টিচারস রিপ্রেজেন্টেশনএর কথা হয়েছে সেখানে বলা হয়েছে—

two representatives of Provincial Secondary Teachers' Association elected by the executive of the Association—

এখানে পরিষ্কার মুদালিয়ার কমিশনএর এই অভিমত যে সমস্ত প্রদেশ জুড়ে একটা স্টেট টিচারস অরগেনাইজেশন আছে এবং সেই স্টেট টিচারস অরগেনিজেশন সেখানে সমস্ত শিক্ষকরা তার প্রতিনিধি থাকবেন এবং সেই শিক্ষক সমিতির যে সদস্য থাকবেন কিন্তু তার দুইজনকে সরকার নির্বাচন করবেন কিন্তু আমাদের সেই সমিতি সরকারের অনুগ্রহে নেই, পশ্চিমবঙ্গে যখন বিভিন্ন রকম প্রতিষ্ঠান আছে তখন কিছুতেই মুদালিয়ার কমিশনএর যে ইচ্ছা বা অভিপ্রায় সেটাকে কার্যকরী করা চলতে পারে না। বিশেষ করে আমি মন্ত্রী মহাশয়ের কাছে এই কথা বলি যে আইনের মাধ্যমে তিনি ঘোষণা করে দিন যে সমস্ত পশ্চিম বাংলায় মাত্র একটি শিক্ষক প্রতিষ্ঠান থাকবে, একটা মাত্র শিক্ষক সমিতি থাকবে, অল বেংগল টিচারস এ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেংগল টিচারস এ্যাসোসিয়েশনএর মধ্যে ঝগড়া করবার কোন প্রয়োজনীয়তা নেই, সমস্ত শিক্ষকদের একটা সমিতি হবে এবং সেই সমিতিতে আমি এই প্রতিনিধিত্ব দেব এই কথা যদি তিনি ঘোষণা করতে পারেন তাহলে আমি অন্ততঃ বুঝতে পারবো যে তার একটা সৎ অভিপ্রায় আছে। আমরাও চাই যে সমস্ত শিক্ষকদের সম্পর্কে একটা প্রতিনিধিত্ব হোক কিন্তু স্যার, এটা সম্পর্কে আমরা গোপন করি না যে সরকারী অভিসন্ধির দ্বারা ঐ শিক্ষা সমিতি উদ্বুদ্ধ হয়ে উঠছে এ সম্পর্কে যত বড় আপত্তি আসুক না কেন এই কথা আমি স্পষ্ট করে, তারস্বরে ঘোষণা করে যাবো যে তাকে বাঁচিয়ে রাখার জন্য যেখানে নিখিল বঙ্গ শিক্ষক সমিতির ১৫ হাজার শিক্ষক সভ্য থাকা সত্ত্বেও সেখানে পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির একটিও সভ্য আছে কিনা সন্দেহ, যদি থাকে, তাহলে দুই হাজারের বেশী কিছুতেই থাকতে পারে না সেখানে তিনি একই ব্যবস্থা করেছেন। এখানে মুদালিয়ারএর ব্যবস্থা অনুযায়ী তিনি যদি ব্যবস্থা করতে চান তাহলে আমি তাঁকে আহ্বান জানাবো যে তিনি ঘোষণা করে দিন যে

সারা পশ্চিমবাংলায় একটি মাত্র শিক্ষক সমিতি থাকবে এবং সেই শিক্ষক সমিতি পক্ষ থেকে এই যে এক্জিকিউটিভ কাউন্সিল যা গঠিত হবে সেই এক্জিকিউটিভ কাউন্সিলএ টিচারস রিপ্রেজেন্টেশন পাঠাবে অন দি বোর্ড এবং এটা যদি না করতে পারেন তাহলে দে কমিশন যা রিকমেন্ড করেছেন সেটা মন্ত্রী মহাশয়কে গ্রহণ করতে হবে। অবশ্য মুদালিয়ার কমিশনএর যিনি সম্পাদক ছিলেন অনাথনাথ বসু মহাশয় তিনি আবার এই দে কমিশনএর একজন বিশিষ্ট সভ্য ছিলেন এবং তিনি মুদালিয়ার কমিশনএর সুপারিশগুলিকে সামনে রেখে সেখানে পশ্চিম বাংলার বিভিন্ন অবস্থার পরিবর্তন দরকার সেখানে তিনি নিশ্চয়ই পরিবর্তনের সুপারিশ করেছেন। সেদিক থেকে দে কমিশন যে সমস্ত সুপারিশ করেছেন মুদালিয়ার কমিশনএর সেই সমস্ত পরিবর্তনের বিশেষ একটা প্রয়োজন আছে বলে মুদালিয়ার কমিশনএর যিনি সেক্রেটারী, অনাথনাথ বসু মহাশয়, তিনিও পরিষ্কার বুঝতে পেরেছিলেন এবং যেসমস্ত সুপারিশ করা আছে দে কমিশনএ তার একটা বিশেষ গুরুত্ব আছে এবং তা যেন মন্ত্রী মহাশয় ভাল করে অনুধাবন করে দেখেন। এখানে নির্বাচন সম্পর্কে শিক্ষকদের পরিষ্কার বলা হয়েছে—

Three Headmasters of whom one should be a Headmistress all preferably from non-Government institutions—elected in the manner described in the footnote and two teachers of High or Higher Secondary Schools of whom one should be a woman—elected as above described in the footnote .

এই ফুটনোটে কি আছে সেটা আমি পড়ে শুনাচ্ছি

Footnote.—For the election of the Headmasters, Headmistresses and Assistant Masters and the Principal of the multi-purpose Higher Secondary Schools when the system is fully established the following procedure is suggested: The entire State will be divided into a number of regional units consisting of approximately equal numbers of Secondary Schools. (For this purpose two or more districts may have to be grouped together.) Each region will elect all the five representatives three Headmasters and two teachers. These representatives of regional units will form the electoral college which will finally elect the five representatives on the Board......

কাজেই একটা পরোক্ষ নির্বাচন যদিও বলেছেন, কিন্তু সমস্ত শিক্ষক সমাজ যাতে ভোট দিতে পারে সেই জন্যে প্রত্যক্ষ নির্বাচনে তৈরী হবে ইলেকটোরাল কলেজ এবং সেই ইলেকটোরাল কলেজ পরে নির্বাচন করবেন এই পাঁচ জন থ্রি হেডমাস্টারস এ্যান্ড টু টিচারস। কাজেই এইরকম একটা নির্বাচনের ব্যবস্থা যেখানে দে কমিশন দিয়েছেন সেখানে কোন উদ্দেশ্যে প্রণোদিত হয়ে অল বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েশনকে একটা, ওয়েস্ট বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েশনকে একটা, দুইটি হেডমাস্টারস এ্যাসোসিয়েশনকে, এর যুক্তি কি আশা করি তিনি সেটা বলবেন। এখানে আমাদের শিক্ষকদের সম্পর্কে পরিষ্কার কথা হচ্ছে যে এখানে যে এক্জিকিউটিভ কাউন্সিলকে ইলেকশন করবার কথা বলা হয়েছে, বাস্তবিক কোন কনস্টিটিউশনএ যা নেই যার প্রতিষ্ঠান সেই ওয়েস্ট বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েশনএরও এক্জিকিউটিভ কাউন্সিলএ কনস্টিটিউশনএ সে পাওয়ার দেওয়া হয় নি এবং কনস্টিটিউশন তাঁরা ইচ্ছামত এখনই পরিবর্তন করতে পারবেন না। সে সমস্ত খোঁজ খবর না করে একটা চ্যারিটেবল সোসাইটি থেকে হঠাৎ একটা ইনকরপোরেট বডির মত রিকগনিশন দেবার পিছনে কি অভিপ্রায়, সেটা আমি আপনার অবগতির জন্য বলতে চাই, সে অভিপ্রায় হচ্ছে শিক্ষকদের মধ্যে যাতে বিভেদ চিরন্তন হয়ে বেঁচে থাকতে পারে সেই ইচ্ছা যদি তিনি কামনা করেন তাহলে বলবো যে তিনি জাতির কল্যাণ কামনা করেন না, তিনি শিক্ষার কল্যাণ কামনা করেন না, তাহলে বাস্তবিক এই কথা বলতে আমি বাধ্য হবো যে শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টি করলে শিক্ষার কল্যাণ হবে না......

Mr. Chairman: I think you are not justified in imputing motives.

Sj. Satya Priya Roy: I am not saying it straight.

আমি শুধু বলছি এ যদি করে থাকেন, তাহলে শিক্ষার কল্যাণ হবে না। এতে ওর গদীতে বসবার হয়তঃ সুবিধা হতে পারে। এসব বৈদেশিক সরকারের কাছে আমরা আশা করেছিলাম কিন্তু জাতীয় সরকার বলে যারা দাবী করে, সেই জাতীয় সরকারের কাছে ঐ রকম বিভেদমূলক নীতি, মানুষে মানুষে ঝগড়া বাঁধিয়ে দেবার নীতি, সেই নীতিকে আমরা কখনও স্বীকার করে

নিতে পারি না। এখানে আমার এই শিক্ষক প্রতিনিধি নির্বাচন সম্বন্ধে যে এ্যামেন্ডমেন্ট আছে--সেটাকে আরও সহজভাবে প্রত্যক্ষভাবে নির্বাচন করে নিতে পারেন। তা না হলে তারা দে কমিশন নেবেন স্বীকার করবেন, তাহলে আমি আমার এ্যামেন্ডমেন্ট প্রত্যাহার করে নিতে রাজী আছি। যে কয়জন হেডমাস্টার নির্বাচিত হবে তারা প্রত্যক্ষভাবে সমস্ত হেডমাস্টার এ্যান্ড হেডমিস্ট্রেস দ্বারা নির্বাচিত হবেন এবং যারা টিচারস আদার দেন হেড অফ দি ইনস্টিটিউশন তাদের যে কয়জন প্রতিনিধি নির্বাচিত হবেন সেই কজন প্রতিনিধি নির্বাচিত হবেন জোনাল বেসিসএ। আমাদের যে পাঁচজন প্রতিনিধির দাবী আছে, তার জন্য পশ্চিমবাংলাকে পাঁচটা অঞ্চলে ভাগ করা হবে এবং প্রতি অঞ্চলের শিক্ষকরা একজন প্রতিনিধি নির্বাচন করে পাঠাবেন। এটা সহজ হবে। এর মধ্যে সিন্ডিকেট যে মন্তব্য সেটা দেওয়া হয়েছে—সিন্ডিকেট মন্তব্য অনুযায়ী পরিষ্কার বলা হয়েছে যে সেকেন্ডারী স্কুল টিচারস রিপ্রেজেন্টেশন এ বিলে অত্যন্ত কম হয়েছে। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির এক্জিকিউটিভ কাউন্সিলএ যে সিদ্ধান্ত নিয়েছে সেটা বাস্তবিক বিজ্ঞানসম্মত যে অন্ততঃ one-third of the total members of the Board should be the Secondary School teachers. সেইজন্য আমার সংশোধনী হচ্ছে--যে পাঁচজন প্রধান শিক্ষক নির্বাচিত হবেন প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের দ্বারা--ইতিমধ্যে সিন্ডিকেটের মন্তব্য দেওয়া হয়েছে। সিন্ডিকেটের মন্তব্য অনুযায়ী বলা হয়েছে।

[4-10—4-20 p.m.]

সেকেন্ডারি স্কুল টিচারস রিপ্রেজেন্টেশন অত্যন্ত কম। আমাদের নিখিল বঙ্গ শিক্ষক সমিতির কমিটি যে সিদ্ধান্ত নিয়েছেন এবং যে ব্যবস্থা শিক্ষা বিজ্ঞানসম্মত, সেটা হল এক্জিকিউটিভ কাউন্সিলে অন্ততঃপক্ষে one-third of the total members of the Board should be secondary school teachers.

সেইজন্য আমার সংশোধন হচ্ছে যে চারজন প্রধান শিক্ষক বা শিক্ষিকা নির্বাচিত হবেন।

Mr. Chairman: You have spoken for an hour.

Sj. Satya Priya Roy: Sir, I have 13 amendments and it you allot five minutes to each I require more than an hour.

হেডমাস্টার এ্যাসোসিয়েশন থেকে ফোর হেডস হবেন, আর পাঁচজন যাঁরা ঐসব বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক নন অর্থাৎ ঐ জুনিয়ার হাই স্কুলস এ্যান্ড হাইয়ার সেকেন্ডারি স্কুলস--তাঁরাও সেকেন্ডারী শিক্ষক। অথচ প্রধান শিক্ষকের বেলা বলা হচ্ছে ফোর হেডস অফ হাই স্কুলস অর মালটিপারপাস স্কুলস- তা হলে তা হয় হাই স্কুল হবে, নয় মালটিপারপাস স্কুল হবে, অথচ হাই স্কুলও মালটিপারপাস স্কুল ছাড়া আরও দুই রকমের সেকেন্ডারী স্কুল--জুনিয়র হাই স্কুল, এবং হায়ার সেকেন্ডারী স্কুল আছে। কাজেই আমার এ্যামেন্ডমেন্ট ফোর হেডস অফ হায়ার স্কুলস এবং যেসব মালটিপারপাস স্কুলস—তার সঙ্গে যোগ করতে বলেছি—জুনিয়ার হাই স্কুল, আর হায়ার সেকেন্ডারী স্কুল—অর্থাৎ—

four Heads of Junior High Schools, High Schools, Higher Secondary Schools Multipurpose schools, one of whom must be a Headmistress of a recognised Girls' Secondary School in the State of West Bengal, to be elected on the manner prescribed by rules, by the heads of such schools. That is my amendment regarding the election of Headmasters on the Board. As for teachers, five representatives of all teachers of Secondary Schools excepting the Heads of such schools, to be elected from among them by such teachers one from each of the Zones into which the entire State of West Bengal is to be divided for the purpose, by rules under this Act by such teachers serving in such schools within the Zone.

বিলের ১৮ ধারায় যেটা আছে—

"three persons interested in education to be nominated by the State Government"

সেখানে আমার ৬৪নং এ্যামেন্ডমেন্টে দিয়েছি—

"to be elected by all other members of the Board in the manner prescribed by rules".

মোটামুটি এই সম্পর্কে শিক্ষক সমাজের পক্ষ থেকে বলতে চাই যে এই রকম আমাদের মত না নিয়ে সরকার আমলাতান্ত্রিক পর্ষৎ গঠন করছেন, তাতে দেশের কোন উপকার হবে না, এবং এই পর্ষৎকে বজায় রাখার জন্য যে লক্ষ লক্ষ টাকা খরচ হবে সেটা সম্পূর্ণ অপচয় হবে এবং যে এডুকেশনাল এক্সপার্টসএর কথা মুদালিয়ার কমিশন এবং দে কমিশন সুপারিশ করেছেন সেটা সম্পূর্ণ উপেক্ষিত হবে।

কাজেই আমার যে কয়টা এ্যামেন্ডমেন্ট আছে সেগুলি মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য উপস্থাপিত করলাম, এবং শিক্ষার কল্যাণের দিকে লক্ষ্য রেখে নিরপেক্ষভাবে বিচার কোরে আমার এ্যামেন্ডমেন্টগুলি গ্রহণ করবেন—এই আশা করছি।

Sj. Monoranjan Sen Gupta: Sir, I beg to move that in clause 4(8), for the words "Chief Inspector, Women's Education" the words "Principal, Government Girls' Training College at Hastings House or the Principal, Bethune College, Calcutta" be substituted.

Sir, I also beg to move that in clause 4(9), for the words "Chief Inspector of Secondary Education" the words, "Principal, David Hare Training College, Calcutta" be substituted.

Sir, I also beg to move that in clause 4(10), for the word "two" the word "one" be substituted.

Sir, I also beg to move that in clause 4(18), line 1, for the word "three" the word "two" be substituted.

Mr. Chairman: Your amendments are in common with other members' amendments. They have already spoken. You put your own arguments; do not repeat the old arguments, please.

Sj. Monoranjan Sen Gupta: No, sir, I shall try to be as brief as possible.

প্রথমে আমি ৪নং ক্লজের উপর মোটামুটি বলতে চাই যে পূর্ববর্তী বক্তারা যা বলেছেন এবং সংবাদপত্রেও যা বলা হচ্ছে তাতে বোঝা যাচ্ছে যে এই বোর্ড যে অফিসিয়েলাইজড হবে সে বিষয়ে কারও সন্দেহ থাকতে পারে না—যারা এই প্রভিশনগুলো পড়েছেন তাঁদের কাছে।

প্রথমে বোর্ড যে অফিসিয়েলাইজড হবে তার প্রমাণ দুজন অতিরিক্ত সরকারী সভ্য দেওয়া হয়েছে ২৫ জনের উপরে। সেই দুজনের একজন চীফ ইন্সপেক্টর অব মেনস এডুকেশন আর একজন চীফ ইন্সপেক্টর অব উইমেনস এডুকেশন 'চীফ ইন্সপেক্ট্রেস' বললেই ভাল হবে। এই দুইজন নেওয়ার আবশ্যকতা কোন রকম উপলব্ধি করতে পারছি না। এই দুজন সম্বন্ধে মুদালিয়র কমিশন বা দে কমিশন কোন কথা উল্লেখ করেন নি। আর মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তার স্টেটমেন্ট অব অবজেক্ট এ্যান্ড রিজনসএ পরিষ্কারভাবে বলা হয়েছে—

"In pursuance of their recommendation, Mudalaria Commission.............. Dey Commission...... ....a new Board of Secondary Education for West Bengal is proposed to be constituted with powers and functions as provided in this Bill."

তাহলে কি করে মন্ত্রী মহাশয় সে দায়িত্ব লঙ্ঘন করে নতুন ব্যবস্থা করতে পারেন, সেই কথা জিজ্ঞাসা করছি। আমরা যখন বিলটা সার্কুলেশনএর জন্য প্রস্তাব করেছিলাম তখন তিনি

বলেছিলেন এ বিলটা সার্কুলেশনে দেবার আবশ্যকতা নাই, কেন না মুদালিয়ার কমিশন ও দে কমিশনের রিপোর্ট জনসাধারণের সামনে দু-তিন বৎসর ধরে রয়েছে, কিন্তু তার মধ্যে যখন নতুন ব্যবস্থা ঢুকিয়ে দেওয়া হয়েছে তখন সে কথা মোটেই খাটতে পারে না। সুতরাং এই যে দুজন দেওয়া হয়েছে—চীফ ইন্সপেক্টর এবং চীফ ইন্সপেকট্রেস সেজন্য তিনি যে কথা বলেছেন—"In pursuance of the Mudaliar and Dey Commissions' Reports"—সেই অনুযায়ী হয় নি, এবং সেজন্য তাঁর ঐ কথা বলার কোন 'মরাল রাইট' নাই।

তারপরে আমরা দেখেছি যে মুদালিয়ার কমিশন ইন্সপেক্টরদের বাদ দিয়েছেন। তাঁরা বলেছেন যে ডেপুটি ডিরেক্টর হবেন সেক্রেটারী, মেম্বার, আর দে কমিশনও বলেছেন বোর্ডের সেক্রেটারী হবেন একজন ডেপুটি ডিরেক্টর, আর একজন চার্জে থাকবেন 'ডেপুটি ডিরেক্টর অব একজামিনেশনস' দেখা যাবে এঁরা ইন্সপেক্টরদের একেবারে বাদ দিয়ে গেছেন। আর ডি. পি. আই যখন বোর্ডের সভ্য থাকবেন তখন ইন্সপেক্টর দুজন আমদানী করবার কি যুক্তিসংগত কারণ থাকতে পারে তা বুঝতে পারি না। মন্ত্রী মহাশয় বলেছেন এক্সপার্ট নলেজ দরকার, সেইজন্য তাঁদের বোর্ডে আনা হচ্ছে। আমার মনে হয় ডি. পি. আই এবং দুই-তিনজন ডেপুটি ডিরেক্টর থাকবেন, তাঁদের এক্সপার্ট নলেজ কি কম? বরং যাঁরা আসবেন—ইন্সপেক্টর বা ইন্সপেকট্রেস—তাঁরা কি একটা সেটেল্ড মনোভাব নিয়ে আসবেন? তাদের প্রধান কাজ স্কুল ইন্সপেকশন করা এবং স্কুলকে, রেকগনিশন দেওয়া না দেওয়ার ব্যবস্থা করা। বোর্ডের প্রধান কাজ রেকগনিশনএর উপর একজামিনেশন। সুতরাং যাঁদের কাজটা বোর্ড বিচার করবেন তাঁদের সেখানে রাখবার কি প্রয়োজন আছে? এ কথা আমি কিছুতেই বুঝতে পারছি না। আমার মনে হয় তিনি যখন বলেছেন—

In pursuance of Mudaliar Commission Report

এবং তার দোহাই যখন দিয়েছেন তখন ইন্সপেক্টর দুজনকে বাদ দেওয়া উচিত।

[4-20—4-30 p.m.]

তা ছাড়া গার্লস স্কুলের সংখ্যা বাংলাদেশের যে রিপোর্ট পেয়েছি দে কমিশনের সময় তাতে ১৯৫৩-৫৪ সালে মাত্র ২৩৯টি ছিল। বর্তমানে কিছু সংখ্যা বাড়তে পারে। হয়ত ৩৫০টি হতে পারে, ৩৫০টি স্কুলের প্রতিনিধিত্ব করবার জন্য চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন এটা দেবার কি সার্থকতা আছে, মন্ত্রী মহাশয় আমাদের বুঝিয়ে বল্লে ভাল হয়। এখন যে বোর্ড আছে আমরা দেখতে পাই ইন্সপেক্টর যা বলে দিয়ে থাকেন সেটাই বোর্ড কেবল ডিটো দিয়ে থাকে তার আর অন্য কোন কাজ নাই। এখন যেভাবে ইন্সপেক্টর ক্ষমতা অপব্যবহার করে থাকে তার দুই-একটি দৃষ্টান্ত দিতে চাচ্ছি। ইন্সপেক্টর থাকলে কি কুফল হবে দেখুন। আমরা জানি কোন গার্লস হাই স্কুলএর রিকগনিশন চাওয়া হয়েছিল, কিন্তু চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন, ডিস্ট্রিক্ট ইন্সপেক্টএর রেকমেন্ডেশন সত্ত্বেও তিন-চার বছর ধরে ঘুরাচ্ছেন, যদিও সমস্ত কন্ডিশন যেমন এক হাজার টাকা জমা দেওয়া হয়েছে, পাঁচজন গ্রেজুয়েট আছে, দুজন থাকলেই যথেষ্ট হয়। ছাত্রীসংখ্যাও যথেষ্ট আছে। কিন্তু তাকে রিকগনিশন না দিয়ে নানা রকম অজুহাতে ঝুলিয়ে রাখলেন। অথচ ডি. পি. আই. সেটা অনুমোদন করেছেন। এবং এই সম্বন্ধে প্রশ্ন দিয়েছি গার্লস জুনিয়র হাই স্কুল রিকগনিশন দেবার কর্তা কে? প্রশ্ন দিয়েছি চার মাস হয়ে গেল কিন্তু এখন পর্যন্ত উত্তর পাওয়া যায় নি। এখানে বাস্তবিক এনোমেলাজ পজিসন। এখন এই জুনিয়ার হাই স্কুলএর রিকগনিশন দেবার ভার কার উপর রয়েছে, সে সম্বন্ধে শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি। কেননা চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন আমাদের ঘুড়াচ্ছেন এভাবে চার বছর ধরে।

আর একটা জুনিয়র স্কুলের কথা জানি সেখানে দুজন গ্রেজুয়েট টিচার আছেন, ৮০০ টাকা জমা দেওয়া হয়েছে, তার সম্প্রতি রিকগনিশন দেওয়া হয়েছে, এই যে অবিচার, এই অবিচারের বিচার কে করবে? ইন্সপেক্টর উপস্থিত যদি থাকে ডি. পি. আই, তাদের মতামতের দ্বারা প্রভাবান্বিত হতে বাধ্য—রিকগনিশন কমিটি যা গঠন করছেন তার প্রেসিডেন্ট হবে ডি. পি. আই, অথচ মন্ত্রী মহাশয় নিজেই বলেছেন যে এই বোর্ড

autonomous Board within certain limits.

যদি তার কথা ঠিক রাখতে চান তাহলে পর রিকগনিশন কমিটিতে কেন ডি, পি, আই,কে প্রেসিডেন্ট করেছেন? দুজন ইন্সপেক্টরকে কেন ঢুকিয়েছেন, সে কথা যদি আমাদের খুলে বলেন তাহলে আমরা খুব বাধিত হব। ইন্সপেক্টর সম্বন্ধে শিক্ষামন্ত্রী মহাশয় অবশ্য বলেছেন এটা আমাদের নেশন্যাল গভর্নমেন্ট—সমস্ত ক্ষমতা গভর্নমেন্টএর করায়ত্ত হবে। কিন্তু আমি বলতে চাই নেশন্যাল গভর্নমেন্ট সত্য কথা, আনন্দের কথা, সেই সংগে নেশন্যাল গভর্নমেন্টএর যারা কর্মচারী আছে, সেই যে পারসোনেল তাদের যদি চরিত্র ভাল হয় তারা যদি দেশের সেবা করবো এই মনোবৃত্তি দ্বারা অনুপ্রাণিত হয়ে কাজ করেন, দেশকে গড়ে তুলবো এই মনোভাব নিয়ে যদি কাজ করেন তাহলে বলবার আমাদের বিশেষ কিছু থাকে না। চিরকালই আমরা রাম রাজত্বের আদর্শে থাকতে অভ্যস্ত।

Mr. Chairman: You can avoid these principles. Please confine yourself to the amendments.

Sj. Monoranjan Sen Gupta:

ইন্সপেক্টর সম্বন্ধে যে ব্যবস্থা করা হয়েছে দেখা যাচ্ছে তাদের হাতে ক্ষমতা থাকবে রিকগনিশন দেবার এবং গ্রেন্ট দেবার। গ্রেন্ট দেবার ক্ষমতা থেকে বোর্ডকে বঞ্চিত করা হচ্ছে। সুতরাং যাদের হাতে ক্ষমতা থাকবে তারাই হবে সর্বেসর্বা অল ইন অল ইন এডুকেশন ডিপার্টমেন্ট সেখানে রিকগনিশন নিতে গেলে হেডমাস্টার শিক্ষক এবং স্কুলএর যারা ম্যানেজমেন্ট করে থাকেন তাদের ইন্সপেক্টরকে তোয়াজ করে চলতে হবে সে কথা বলাই বাহুল্য। বর্তমানে বলতে পারি যেসব ইন্সপেক্টর আছেন তাদের অনেকের খুব সুনাম নেই। কোন স্কুলএর রিকগনিশন নিতে গেলে কোন কোন ইন্সপেক্টারকে মিষ্টি না দিলে, খাসি পাঠা না দিলে রিকগনিশন পাওয়া যায় না। একথা আমাদের জানা আছে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, that is a charge levelled against a person who is not present here and has not got a right of reply.

Mr. Chairman: Mr Sengupta, that is improper Please avoid things to which objection may be taken.

Sj. Monoranjan Sen Gupta:

এসব অনেকের জানা আছে।

Sj. Kamini Kumar Ghosh:

আপনি কি সেগুলি নিতেন?

Sj. Monoranjan Sen Gupta:

কি বলছেন?

Sj. Harendra Nath Mozumdar:

উনি বলছেন আপনি ত রিকগনিশন কমিটির মেম্বার ছিলেন, আপনি কি ঐগুলি রিসিভ করতেন?

Sj. Monoranjan Sen Gupta:

আমি কেন করতে যাব?

Sj. Nirmal Chandra Bhattacharyya

ইন্সপেক্টরদের সম্বন্ধে বলা হয়েছে।

Sj. Monoranjan Sen Gupta:

এইরকমভাবে এডুকেশন ডিপার্টমেন্ট কোরাপশন প্রিভেল করছে। তাঁরাই অল ইন অল ইন এডুকেশন ডিপার্টমেন্ট। আপনারা জাতীয় গভর্নমেন্টের কথা বলেন—আজ সত্যই যদি দেশের

সেবা করতে হয়, শিক্ষার উন্নতিসাধন করতে হয় তাহলে এমন সমস্ত সরকারী কর্মচারী রাখতে হবে যাঁরা এ্যাবাভ অল কোয়াপসন থাকবেন। ইন্সপেক্টরদের উপর অতিরিক্ত ক্ষমতা দেওয়া হচ্ছে, রিকগনিশনের ও গ্রান্টের ক্ষমতা দেওয়া হচ্ছে তার ফলে আমাদের আশঙ্কা হয় যে ইন্সপেক্টরদের মধ্যে কোরাপসন প্রিভেল করবে। যেখানে শুধু একটা খাসী বা পাঁঠা দিলেই হতো হয়ত পরে হাজার টাকা না দিলে রিকগনিশন হবে না। এই আশঙ্কা করছি বলে সতর্কবাণী বা ওয়ার্নিং উচ্চারণ করে যাচ্ছি। তারপর দে কমিশন বলে গেছেন যে বোর্ড যেটা হবে তার কাজ হবে টু চেক অল দি অফিসিয়ালস মানে হচ্ছে, চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন। ইন্সপেক্টরস প্রভৃতি তাঁদের কাজ চেক করবে কে? চীফ ইন্সপেক্টররা যদি নিজেই বিচারক হয়ে বসেন তাহলে তাঁদের কাজ বোর্ড চেক করতে পারবেন না, বরং ডি, পি, আই, প্রভৃতি অন্যান্য মেম্বাররা তাঁদের দ্বারা প্রভাবিত হবেন বলে আমাদের আশঙ্কা হয়। তা ছাড়া আমার জানা আছে বোর্ডের সদস্যরূপে—একথা আমি পূর্বে বলেছি যে, বোর্ড যে বাতিল হয়ে গেছে তার মস্ত বড় একটা কারণ হচ্ছে ইন্সপেক্টর, চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশনএর কার্যকলাপ। আবার যদি তাঁদের এখানে আনা যায় তাহলে আমার আশঙ্কা হয় যে এই বোর্ডকে হয়ত আবার বাতিল করতে হবে। আমাদের উদ্দেশ্য শিক্ষাকে ডিসেন্ট্রালাইজ করা কিন্তু মন্ত্রী মহাশয় যেভাবে অগ্রসর হতে যাচ্ছেন তার ফলে সমগ্র শিক্ষাব্যবস্থাটা সরকারের কুক্ষিগত হয়ে যাবে এ কথা আমি জোর করে বলতে পারি এই বোর্ডের কম্পোজিশন দেখে। আমার নেকস্ট পয়েন্ট হচ্ছে শিক্ষকদের নির্বাচন সম্বন্ধে যে ব্যবস্থা করা হয়েছে সেটা বাস্তবিকই অত্যন্ত আপত্তিজনক। আমার মনে হয় যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় নিখিল বঙ্গ শিক্ষক সমিতি বা পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি বা প্রধান শিক্ষক সমিতির যে ব্যবস্থা সে বিষয়ে যথাযথভাবে অবগত নন। সেজন্য আমি বলবো তিনি যা ব্যবস্থা করেছেন তাতে সমগ্র শিক্ষক সমাজের প্রতি অবিচার করা হবে। দে কমিশন রিকমেন্ডেশন করে গেছে রিজিয়ানওয়াইজ, রিজিয়ানাল বেসিসে নির্বাচন আমার মনে হয় নৈতিকভাবে মন্ত্রী মহাশয় এই নীতি গ্রহণ করতে বাধ্য। তিনি বলছেন মুদালিয়ার কমিশন এবং দে কমিশনের রিপোর্টের উপর ভিত্তি করে এই বোর্ড গঠন করছেন, তা যদি হয় তাহলে এটা নিতে উনি বাধ্য। সুতরাং শিক্ষকদের মধ্যে বাস্তবিক যাতে কোন অভিযোগ না থাকে সেই ব্যবস্থা করতে হবে। শিক্ষা মন্ত্রী মহাশয় সমিতিগুলির দিকে নিরপেক্ষভাবে দেখছেন না এইভাবে যদি শিক্ষকদের মনে আসে তাহলে সেটা অত্যন্ত দুঃখের বিষয় হবে। তিনি সমস্ত পার্টির উপর থাকবেন এ বিশ্বাস আমাদের চিরদিন ছিল এবং এখনও আছে। তারপরে নেকস্ট পয়েন্ট, ম্যানেজিং কমিটির মেম্বারদের সম্বন্ধে বলেছেন, আমার পূর্ববর্তী বক্তারা এ সম্বন্ধে ভাল করে বলে গেছেন।

[4-30—4-40 p.m.]

অবশ্য যদি মন্ত্রী মহাশয় মুদালিয়ার কমিশনের রিপোর্ট বা দে কমিশনের রিপোর্টে আবদ্ধ থাকতে চান তাহলে আমার কোন বক্তব্য নেই। কিন্তু যদি মুদালিয়ার কমিশনএর রিপোর্ট বা দে কমিশনের রিপোর্ট সম্পূর্ণভাবে না মেনে নিজের মত চালাতে চান তাহলে আমার বক্তব্য হচ্ছে এই দুইজন সভাকে নেওয়া দরকার। তা না হলে বাংলাদেশে যাঁরা বিদ্যালয় গঠন করেছেন, বাংলাদেশে যারা শিক্ষাকে এই অবস্থায় উন্নত করেছেন তাদের উপরে ঘোরতর অবিচার করা হবে। এবং তার ফলে নতুন নতুন বিদ্যালয় হবে তারও সুযোগ বা সুবিধা হবে না। আমি সেইজন্য বলেছি ইন্সপেক্টরএর জায়গায় ডেভিড হেয়ার ট্রেনিং কলেজএর প্রিন্সিপালকে নেওয়া হউক। দে কমিশনও এই কথা বলেছেন। অথচ মন্ত্রী মহাশয় তা গ্রহণ করেন নি। সুতরাং তিনি যে বলে যাচ্ছেন দে কমিশন বা মুদালিয়ার কমিশনের সুপারিশ অনুযায়ী বোর্ড গঠন করছি এ কথা একেবারে খাটে না। তারপরে আমার আরেকটা বক্তব্য রয়েছে সেটা বোধ হয় রিডান্ডেন্ট হয়ে আছে। আমি চেয়েছিলাম নং ৬৭ এবং ৬৯। এখানে এই দুটি একইভাবে প্রকাশিত হয়েছে। আমি সেটাই গ্রহণ করতে চাই। আমি এখানে ৬৯ মুভ করছি।

"Two representatives of the Managing Committees of High Schools or Multipurpose schools co-opted by other members of the Board or elected by a representative body of members of the Managing Committees of the said schools recognised by the State Government."

তারপরে যে সমস্ত এক্স-অফিসিও মেম্বার নেওয়া হচ্ছে, তাদের এ্যাটেন্ডেন্স সম্বন্ধে কথা উঠেছে। যে সময় আমি বোর্ডের সভ্য ছিলাম বাতিল বোর্ডে। তাতে আমি জানি Director of Health Services, Principal of Bengal Engineering College খুব কমসংখ্যক বোর্ডএর মিটিংএ উপস্থিত থাকতেন। এ কথা আমি জোর কোরে বলতে পারি। সুতরাং আজ যদি ২৭ জন নিয়ে বোর্ড গঠিত হয় তাহলে বার-তেরজনের বেশী সভ্য উপস্থিত হবে না এবং এর মধ্যে বেশী থাকবে সরকারী এবং সরকারী মনোনীত যারা। সুতরাং যে কয়জন বেসরকারী সভ্য উপস্থিত থাকবেন তাদের কোন প্রভাবই থাকবে না। সুতরাং আমি বলতে পারি বোর্ড একেবারে সরকারী কুক্ষিগত হয়ে থাকবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। বাংলাদেশের শিক্ষার ইতিহাস আমি সেদিন বলেছি আজও আবার বলতে চাই মন্ত্রী মহাশয়ের কাছে......

Mr. Chairman: Mr. Sen Gupta, your amendment Nos. 67 and 69 are out of order, because you have suggested in the same amendment—one co-opted or elected and the other nominated or elected. You cannot have these two in the same amendment. These two amendments are out of order technically. Mention of either nomination or election in the same amendment is contradictory. You can, however, speak on it.

Sj. Monoranjan Sen Gupta:

আমার ৬৭ এবং ৬৯ দুটোই আউট অফ অর্ডার: আচ্ছা আমি আমার যা বক্তব্য তা বলেছি। ম্যানেজিং কমিটি সম্বন্ধে আরও আমার এ্যামেন্ডমেন্ট আছে সেগুলি বলেছি। আর বিশেষ কিছু বলবার নাই। কেবল একটা কথা বলছি এই বোর্ড কতখানি কার্যকরী হবে সে বিষয়ে মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি—কেননা শিক্ষা বিভাগে তিনি পাঁচ বছর অনুপস্থিত ছিলেন, সুতরাং এখনকার অভিজ্ঞতা কিছু সঞ্চয় করার প্রয়োজন তাঁর আছে। পুরাণো বোর্ড কিভাবে কাজ করে এবং নতুন বোর্ড কিভাবে কাজ করতে পারবে এবং এর ফল কিরকম দাঁড়াবে এই সমস্ত বিবেচনা করে এখনও সময় আছে যাতে তিনি সংশোধনী প্রস্তাব গ্রহণ করেন। যাতে বোর্ড স্বার্থক হতে পারে, শিক্ষা দেশের কল্যাণ করতে পারে, দেশে যাতে সুনাগরিক গঠন হতে পারে, এবং শিক্ষকরা যাতে স্বাধীনভাবে কাজ করতে পারেন, সেসব বিষয় মনে রেখে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—যদিও আমি জানি তিনি দেশের প্রকৃত কল্যাণ চান, এটা ঠিক কিন্তু আমার মনে হয় তিনি অফিসিয়াল ক্লিকএর মধ্যে পড়ে গিয়েছেন। তিনি তার হাত থেকে মুক্ত হয়ে, স্বাধীনভাবে এই বোর্ড যাতে পরিচালিত হয় তার ব্যবস্থা করুন যেন তাঁর নাম ইতিহাসে চিরস্মরণীয় হয়।

Janab Abdul Halim: Sir, I beg to move that after clause 4(18), the following be added, namely:—

> (19) two representatives of the Managing Committees of Secondary Schools to be elected by the members of such Committees in accordance with rules in this behalf."

Mr. Chairman: Some of your amendments have been moved and discussed.* I would request you only to refer to new points briefly.

Janab Abdul Halim: I am always brief.

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের সামনে এখন সেকেন্ডারী এডুকেশন বোর্ডএর ৪র্থ ধারা আলোচনা হচ্ছে। এই ধারা হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারা এবং এর উপর নির্ভর করবে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা কিভাবে পরিচালিত হবে এবং যারা এই বোর্ডএ যাবেন তারা কিভাবে শিক্ষা নিয়ন্ত্রণ করবেন। যখন আমরা প্রথম আলোচনার সময় বলেছিলাম এই বোর্ড

গভর্নমেন্টের সদস্যসংখ্যা হবে নয়জন, সিন্ডিকেট থেকে তিনজন নির্বাচিত করবেন, বিশ্বভারতী থেকে একজন, যাদবপুর ইউনিভার্সিটি থেকে একজন আর নমিনেটেড সাতজন আর ছয়জন বাকী আছে তার মধ্যে থেকে চারজন প্রকৃতপক্ষে সরকারের লোক আসবেন। কাজেই যেভাবে এই বোর্ড গঠন করা হচ্ছে তাতে সরকার যদি এই বোর্ড গঠন না কোরে শিক্ষার দায়িত্ব নিজের হাতে নিতেন তাহলে আমরা আপত্তি করতাম না। আমি জিজ্ঞাসা করি কেন এই বোর্ড?—কি প্রয়োজন এই বোর্ডের?—

Government can take complete control of education in their own hands. They are practically making it an officially controlled body.

কিন্তু তারা তা করবেন না। তারা একটা ব্যুরোক্রাটিক মেসিনারী গঠন করতে চাচ্ছেন, তারা এটা অফিসিয়েল কন্ট্রোল বডি করতে যাচ্ছেন। যার মাধ্যমে তারা যা খুসী তাই করতে পারবেন। যাতে তাদের অন্যের কাছে কোন কৈফিয়ত দেবার থাকবে না। তারা ২৭ জন মেম্বারএর একটা লিস্ট দিয়ে এখানে মেজরিটির জোরে তাহা এখানে পাশ করিয়ে নিতে চাচ্ছেন। এটা কি গণতান্ত্রিকতা। তারা নমিনেশন দিয়ে যাকে খুসী তারা বোর্ডে নিতে পারবেন। এই বোর্ডের দ্বারা শিক্ষা সম্পর্কে যে আমাদের সন্দেহ রয়েছে তা প্রকট হয়ে উঠছে। মুদালিয়র কমিশনের, সে কমিশনের রেফারেন্স তারাই বারে বারে দিয়েছেন, আমরা দিই নাই। তারা বলেন তাদের রিকমেন্ডেশন তারা মানেন অথচ সুবিধা অনুযায়ী বাদ দিয়ে দেন। সেই জন্য আমি বেশী কমিশনের কথা বলি না। কিন্তু বোর্ডের যা গঠন তা দেখেই আমরা বুঝতে পারি যে ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন, ডাইরেক্টর অফ এগ্রিকালচার, ডাইরেক্টর অফ ইন্ডাস্ট্রি, ইত্যাদি আসবেন, তারপরে আসবেন চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন, এক্স-অফিসিও।

[4-40—4-50 p.m.]

কিন্তু বোর্ড যেভাবে গঠিত হয়েছে তা থেকে আমরা বিচার করতে পারি, এখানে নয়জন যাঁরা আসবেন তার মধ্যে আছেন-

Director of Public Instruction, Director of Agriculture, Director of Industry

ইত্যাদি, তারপর আসবেন চীফ ইন্সপেক্টর অফ উইমেনস এডুকেশন, এক্স-অফিসিও, এবং চীফ ইন্সপেক্টর অফ সেকেন্ডারী এডুকেশন, এ'রা সকলেই সরকারী কর্মচারী বিভিন্ন জায়গায় কাজ করেন, এবং সেগুলি পরিদর্শন করেন, এর ত্রুটিবিচ্যুতি দেখেন, দুর্নীতি দেখেন ও সেই সম্পর্কে আলোচনা করেন, এখন তারা শিক্ষার ম্যানেজমেন্ট ব্যাপারে কমিটিতে এসে নিজেদের রিপোর্ট কি আলোচনা করবেন তা বুঝতে পারি না। তারপর যেখানে ডি পি আই সর্বেসর্বা, সেখানে তাঁর অধিনস্থ কর্মচারীরা কিভাবে তাদের নিরাপত্তা রক্ষা করতে পারবেন, তা বুঝতে পারি না। সেইজন্য আমার এ্যামেন্ডমেন্ট রেখেছি ক্লজ ৪(৯)এর উপর যে চীফ ইন্সপেক্টর অফ সেকেন্ডারী এডুকেশন, এক্স-অফিসিওর নাম ওমিট করতে বলছি, তাঁর থাকার কোন প্রয়োজন নেই। কারণ ডি, পি, আইএর অধিনস্থ এই সমস্ত কর্মচারীদের সেখানে সুষ্ঠুভাবে কাজ পরিচালনা করা সম্ভবপর নয়। আমি দীর্ঘ বক্তৃতা দেবো না। আমার আর একটা এ্যামেন্ডমেন্ট আছে ক্লজ ৪(১৭)এর উপর। যেখানে বলা হয়েছে লেজিসলেচার থেকে দুজন প্রতিনিধি নির্বাচিত হবেন। সেখানে সত্যিকারভাবে লেজিসলেচার থেকে লওয়ার হাউস ও আপার হাউজ থেকে দুজন রিপ্রেজেনটেটিভ যেতে পারবেন, নেচারেলি তাঁরা গভর্নমেন্টের কাছে ভোট বেশী পাবেন। সেইজন্য আমি সাজেশন দিচ্ছি—

to be elected by the members of both the Houses jointly in accordance with the system of proportional representation by means of the single transferable vote.

এটা যদি করা যায় তাহলে কিছুটা সত্যিকারের প্রতিনিধি যেতে পারবে, তা না হলে কোন মতেই সেখানে রিপ্রেজেন্টেটিভ ঠিকভাবে হবে না। সত্যিকার গণতান্ত্রিক মত পোষণ করে সেইরকম লোক যাবে না, সরকার পক্ষির লোক সেখানে যাবে।

তা ছাড়া বাংলাদেশে শিক্ষা সম্বন্ধে ১৭শো হাই স্কুল আছে, এবং শিক্ষাক্ষেত্রে সারাজীবন কাটিয়ে, যারা শিক্ষাকে গড়ে তুলেছে, যাঁরা নিজেদের অর্থ ব্যয় করে স্কুল গড়ে তুলেছেন, তাঁদের কোন রিপ্রেজেন্টেটিভ এই বোর্ডএ নেই। সেইজন্য আমি সাজেশন দিয়েছি—

two representatives of the Managing Committees of Secondary Schools to be elected by the members of such committees in accordance with rules made in this behalf.—

কেননা, এখানে সত্যিকারের কোন প্রতিনিধি নেই। এখানে অল বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েশনএর দুইজন প্রতিনিধি আছে, আর একজন মাত্র প্রতিনিধি ওয়েস্ট বেঙ্গল টিচারস এ্যাসোসিয়েশন থেকে আছে এবং চারজন হেডমাস্টার অফ হাই স্কুলস থেকে আছেন। কিন্তু বলা হয়েছে এই চারজন হেডমাস্টারস অফ হাই স্কুলসএর মধ্যে দুজন নমিনেটেড হবেন, আর দুজন রিপ্রেজেন-টেটিভ হবেন, হেডমাস্টারস এ্যাসোসিয়েশন, রিকগনাইজড বডি থেকে। কিন্তু প্রকৃতপক্ষে শিক্ষকদের কোন রিপ্রেজেন্টেটিভ থাকছে না। যে দুজন শিক্ষক থাকছেন, তাঁরাও হবেন সরকার ঘেঁসা লোক। ম্যানেজিং কমিটির প্রতিনিধি হিসাবে কোন স্বাধীনচেতা লোক নির্বাচিত হচ্ছেন না। সেইজন্য আমি বলছি সেদিকে লক্ষ্য রেখে এমন লোক নিযুক্ত করুন, যাঁরা নিজেদের ত্যাগে, আত্মোৎসর্গে নিজ অর্থব্যয়ে স্কুলসমূহ গড়ে তুলেছেন, তাঁদের মধ্যে থেকে রিপ্রেজেন্টেটিভ নেওয়া উচিত, তা না হলে শিক্ষা নিয়ন্ত্রণ ব্যাপারে তাদের কোন অধিকার থাকবে না বলে আমি মনে করি। তাঁদের মধ্য থেকে অন্ততঃ দুইজন রিপ্রেজেন্টেটিভ এই বোর্ডে রাখবার ব্যবস্থা করুন, নচেৎ এই বোর্ড, সরকারী বোর্ডে পরিণত হবে এবং সেখানে তাঁরা যদৃচ্ছাভাবে, যা খুসীভাবে কাজ চালিয়ে যাবে।

Sj. Devaprasad Chatterjea: Mr. Chairman, Sir, I do not like to move my amendment No. 49 and I hope I have permission of the House to withdraw it.

(The motion No. 49 of Sj. Devaprasad Chatterjea was then by leave of the House withdrawn.)

Regarding my amendment No. 66, I seek your permission to move it with a slight modification.

Sir, I beg to move that in clause 4(18), line 3, after the word "woman", the following words be added, namely:—

"and one at least shall be a member of the Managing Committee of a recognised Institution".

I move it in this way because the latter part of the amendment will be redundant in view of the definition clause where the word "recognised" has been clearly defined.

Sir, in moving this amendment I must be brief as per your directions. Regarding the role of the Managing Committees for the development of Secondary Education which has been said herebefore, Sir, I may be permitted to refer briefly to its history only to properly explain the role of the Managing Committee. The present system of Secondary Education had its beginning in the 18th century. The affairs of the country were then managed by an alien Government whose limited object was the promotion mainly of European literature and science and also to provide some sort of training for the personnel who would fill the posts of officers in the Government offices and mercantile offices. With this limited object it was never the intention of that alien Government to educate the masses of the people or to educate them properly. So, the main burden of Secondary education naturally devolved upon the people of the soil who had been managing the general education so far. Apart from this factor, in 1882, the Hunter Commission which was appointed by the then

Government recommended that the Government should adopt a policy of gradual withdrawal from direct management of the schools and should adopt instead a grant-in-aid scheme. Government of that time quickly followed that recommendation and the little initiative they had taken before for managing and founding secondary schools was stopped. From that time up till now the task of Secondary Education has been ably, as I told just now, carried out by the private enterprise who have been mainly responsible for founding of the secondary schools and also for creditably running them. In this connection I would like to quote certain figures from the Dey Commission because this would be relevant. In table 6, where they give figures on an all-India basis of the High Schools, it will be found that whereas the major States like Bombay had 1,030 schools, Madras 1,411 schools, and Uttar Pradesh 1,215 schools, the State of West Bengal had 1,323 schools in 1952-53. From this it would appear—as has been stated by the Commission—that barring Madras, West Bengal has the largest number of High Schools, in the whole of India alhtough West Bengal is much shrunken in area and scope.

[4-50—5 p.m.]

I am also quoting the figures relating to institutions which were either centrally-aided or state-aided or private or unaided. From the figures of 1952-53 we find that out of the total schools of 1,223 in West Bengal the number of centrally-managed schools were only six, State-managed schools only 29, the municipal-managed schools only one and the rest—aided and unaided—were all privately managed. The figures for 1954 also give us the same story. The number of centrally-managed schools were six, State-managed schools 29, municipal-managed school one and the rest are all privately managed, their number being 1,288. Another observation made by the Dey Commission is about the existence of a large number of high schools. These two relevant observations point out the role which the Managing Committees of private institutions have played in building up secondary education in West Bengal. Regarding the recurring expenditure borne by the different schools, the Dey Commission in another place observed that out of the total recurring expenditure about 11.5 per cent are borne by endowments, contributions and other sources, 14.75 per cent. by States and the balance of 73.75 per cent. by fee income. All these figures will prove the role of the private institutions and I read the conclusion of the Dey Commission : "On the whole the Managing Committees have played an important role in the development of secondary education in the State."

Sir, the figures which are available from the report of the Dey Commission can have only one conclusion. It is really unfortunate that while appreciating the role of the private schools, the Dey Commission, or as a matter of fact, the Mudaliar Commission did not propose any representation for the members of the Managing Committees. It appears to me a bit unfortunate that the very institutions and their Managing Committees whose members had been responsible for shouldering the burden of secondary education for more than a century were creditably ousted from sharing the burden in the future set up of secondary education. It is really unfortunate. I think this side of the picture did not occur to them. But it might be due to other factors. One of my friends have suggested that the Mudaliar Commission recommended that the Board should be composed of a body of experts (which the Managing Committees were not). Apart from the question that they are the persons who had been responsible for establishing so many institutions and who so far established a sort of a tradition in West Bengal, it was likely that they developed some expert knowledge which had been handed down to the members from generation to generation. So, Sir, I think in all fairness they should have some representation.

I would refer to the Calcutta University (Amendment) Act in which some representations had been given to the members of Governing Bodies of Colleges. That has some relevance to the future Board that is going to be set up under this Act. I think we should take a leaf out of that example. Apart from the rightful claim, I think it is also necessary on other grounds because various developments have been taking place in the secondary schools which have been established long, long ago. I will quote one or two instances.

Sir, I want to speak a few words. I will require only two minutes, Sir.

Mr. Chairman: All right, you just finish your speech, please.

Sj. Deveprasad Chatterjea: Sir, what I want to say is that many of the secondary schools will have to face many new problems when they will be fitted in with the new set-up of the proposed multipurpose and higher secondary schools. I think there must be somebody in the Board who may represent their views and who may appreciate their difficulties. From that aspect also the Board should have a member of the Managing Committee. Sir, I shall quote the Dey Commission report where it is stated that in the administration of secondary schools there are three interested parties—teachers, guardians and persons interested in education. Whereas teachers and also persons interested in education have some representation in the proposed Board, the guardians have no representation. I feel that this claim of mine on behalf of about 1,680 Managing Committees of West Bengal is very reasonable, and I am given to understand that the Hon'ble Minister-in-charge has kindly agreed to accept my amendment. I hope he will consider this matter seriously and my amendment would be accepted in the interest of secondary education.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I have already submitted an amendment with regard to representation of the Committee of Management. These two amendments are contradictory. So I pray for your permission to speak again on this amendment.

Mr. Chairman: You are entitled to vote against it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: That is the reason why we should speak on the amendment, so that we may support it or oppose it.

Mr. Chairman: You could have referred to that amendment which was circulated long ago.

Sj. Nirmal Chandra Bhattacharyya: We could not anticipate the amendment. Unless the amendment is moved, how could we discuss it?

Mr. Chairman: This amendment is in the agenda and it was before you and when you spoke, you could have also pointed out the difference between them and given your opinion on that.

Sj. Nagendra Kumar Bhattacharyya: If I remember aright when we were asked to move our amendments, we were asked not to say anything about any other amendment. Therefore, we did not make any submission with regard to the amendment which was tabled by Sj. Devaprasad Chatterjea. Therefore, Sir, I submit in all seriousness that we should be given an opportunity to oppose that amendment, because it seems to be a State-managed thing.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Before you give your ruling, Sir, will you permit us to make our submission on this particular point?

Mr. Chairman: When I said that members were to speak primarily on their own amendments. I did not make any hard and fast rule. I said that they were to include all other amendments relating to this particular clause. I allowed a certain amount of general discussion also. Members were also allowed to speak about the background of the whole thing and other matters connected with the amendments. So, in view of that I cannot allow that.

Sj. Nirmal Chandra Bhattacharyya: How could we anticipate this amendment. You frankly asked us to confine ourselves to our amendments and to general remarks. Therefore, we were placed in a very difficult position. If you had said that we were at liberty to refer to other amendments, then of course we might have done so. The amendments can be discussed on the floor of the House only when they are moved here, not otherwise.

Mr. Chairman: You know that you were allowed to speak on other amendments as well before you began to speak on your own.

Janab Abdul Halim: Mr. Chairman, Sir, According to the arrangement and order

আমরা বলছি এবং পর পর আমাদের এ্যামেন্ডমেন্ট আমরা মুভ করছি। অনিলা দেবী বসে গেলেন, মিঃ ভট্টাচার্য তাঁর এ্যামেন্ডমেন্ট দিয়েছেন, সত্যপ্রিয় বাবুকেও ইন অর্ডার বলতে দেওয়া উচিত।

[5—5-10 p.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, if you permit cross discussion, there will be endless discussion because each and every member of this side of the House might reply to the arguments advanced by the Opposition in support of their views.

Mr. Chairman: I have given my ruling in this conection and I think it is quite in order. Let us come to the next amendment.

Sj. Satya Priya Roy: Sir, I have some submissions to make. We could not anticipate the arguments put forward in support of his amendments. You really asked us to confine our speeches on the amendments but there are other amendments of other members on which we can speak after they have spoken.

Sj. Nagendra Kumar Bhattacharyya: There was some sort of misunderstanding because we thought that we were entitled according to your ruling to move our amendments and not to reply to the amendments which have been tabled by others and on that impression, Sir, I did not make any observations on others' amendments.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I would seek your permission to draw your attention to the unfairness of the situation. An amendment is moved and we are not allowed to say anything on it, that is to say, the amendment is not really discussed and the arguments for and against are not in effect placed before you. So we cannot really come to a decision without discussion. The procedure is undemocratic, and therefore we seek your permission to speak on other amendments also.

Mr. Chairman: The procedure is not undemocratic in the sense that it is followed in the Parliament. The practice is this that the mover of an amendment is the fittest person generally to speak on his own amendment, and it is only when he does not want to move it, another member can be

permitted to move it and speak on it. But normally it is the mover of the amendment who is to to stick to his amendment and in that sense he is the person who only has the objective of that amendment and he speaks on it. We agree to this principle and generally we do not speak on other amendments, but in this particular case I allowed you to speak, as you wanted, on other amendments.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I do not understand what other amendments I spoke on. I did not speak on any other amendment. I spoke on the amendments that had already been put before the House and on my amendment I did not speak on any other amendment.

Sja. Anila Debi:

মাননীয় সভাপতি মহাশয়। আমি আপনার কাছে একটা কথা নিবেদন করতে চাই। আপনি যে রুলিং দিয়েছেন তার মধ্যে আমরা সবাই পড়ি কিনা। বিভিন্ন যে সমস্ত বক্তাদের উপর রুলিং দিচ্ছেন তাঁরা এ্যামেন্ডমেন্ট মুভ করবার সময় এগুলো মেনশন করতে পারেন। কিন্তু ৪নং ধারার উপর আমি কোন এ্যামেন্ডমেন্টএর পক্ষে বা বিপক্ষে এখনও কোন কথা বলি নি। সুতরাং মাননীয় দেবপ্রসাদ চ্যাটার্জি যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তার বিরোধিতা করে কিছু বলতে চাই। আমাকে সেজন্য পারমিশন দেবেন কিনা?

Mr. Chairman: You can participate in the debate but as I said it was only the mover of an amendment who can speak on it. Any member has the right to speak on it, I do not deny that. But in this particular case, what I say is that it is the mover who has moved an amendment is the person who knows what is in his mind and he is the fittest person to speak on it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Will there be no discussion on it?

Mr. Chairman: A member who has not spoken can speak if he likes.

Janab Abdul Halim:

তাহলে আমিও এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে ডিসকাশন করার যে প্রসিডিওর তার কথা বলি। আমি দেবপ্রসাদবাবুর এ্যামেন্ডমেন্টের জন্য কিছু বলি নি, কেননা সেই এ্যামেন্ডমেন্ট এখনও মুভ করা হয় নি।

Sj. Nirmal Chandra Bhattacharyya: I think the procedure which I have followed is correct. If at the last moment, the Government brings a surprise and you give a ruling that we are not entitled to speak on any amendments, we are helpless.

Mr. Chairman: It is not bringing a surprise. The procedure is already there. If, Sja. Anila Debi wants to speak, she can.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I do not understand the position. Is she the only person to speak on it? Will there be no discussion on it? We want a ruling from you on this. Could we not oppose the amendment?

Mr. Chairman: Usually a member who has not spoken can speak.

Sj. Jagannath Kolay will please move his amendment now.

Sj. Jagannath Kolay: Sir, I beg to move that for sub-clauses (14), (15) and (16) of clause 4, the following sub-clauses be substituted, namely:—

"(14) (a) two Heads of recognised High Schools or recognised Multi-purpose Schools nominated by the State Government;

(b)' two Heads of recognised High Schools or recognised Multipurpose Schools elected in the manner prescribed by rules by and from the Executive Committee of the West Bengal Headmasters' Association, one of the two elected being the Head of such a High School or such a Multipurpose School for girls;

(15) one representative of the All-Bengal Teachers' Association, elected in the manner prescribed by rules by and from the Executive Committee of such Association;

(16) one representative of the West Bengal Teachers' Association, elected in the manner prescribed by rules by and from the Executive Committee of such Association;".

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[*After adjournment*]

[5-25—5-35 p.m.]

Mr. Chairman: I think we can proceed with the work of the House. As I have indicated, the members who have not spoken are now in a position to speak if they so choose. This amendment was there in the agenda, and it was quite up to the speakers to refer to it. I did not intend that no other speaker should speak. Otherwise I would not have allowed Sj. Satya Priya Roy to speak so much on the general principles. Now if you do not agree with any of the amendments you can oppose it, you can express your views, when it comes for voting, by voting against it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: On a point of order, Sir. The amendment concerned was not moved and so long as it is not moved we are not entitled to refer to it. The amendment in question, viz., amendment No. 66, was not on the floor of the House and as such it was not before the House, and therefore, we cannot anticipate it and discuss it. This is my first point.

My second point is that unless the amendments are moved formally a member is not entitled to refer to them. In this connection I will draw your attention to the procedure that is followed in the House of Commons. The procedure there is this: All the amendments in the printed book, in the order papers, are moved first by the members formally, the members are asked if they want to move their amendments. When they say that they do then of course discussion begins and the consent given by the members is regarded as being tantamount to moving the amendments. So, in the House of Commons the special procedure is adopted in order that the amendments may be before the House.

Here the amendment was not before the House and therefore we could not anticipate it and discuss it. Actually, Sir, you asked us to confine ourselves to the amendments that were put in our names and to general principles. We did so, and we did not, therefore, refer to any of the other amendments. In view of this I would request you to give a ruling whether the amendment was at all before the House and whether you will depart from the procedure that is followed in the House of Commons.

Sj. Nagendra Kumar Bhattacharrya: Mr. Chairman, Sir, I would like to say a few words in this connection. Sir, in order to oppose the amendment it was necessary to give replies to the arguments which are advanced in support of the amendment. So, unless we hear the arguments which are put forward in support of the amendment how can we give replies? Thus there is a practical difficulty in the matter regarding the procedure which has

been suggested. There was a misunderstanding on my part. I understood your ruling in that way and therefore I did not oppose that amendment and say things against it. So at least for this time you should give us an opportunity to say our say with regard to the amendment which has been moved just now Sj. Devaprasad Chatterjea. On all future occasions we shall abide by the ruling you will be pleased to give.

Sj. Satya Priya Roy: It is a very vital question of privilege of the members of the House. It is not possible to speak on all amendments.

Mr. Chairman: It is a question of procedure.

Sj. Satya Priya Roy: It is a question of privilege. Anyway, it may be a question of procedure. When an amendment is moved by the mover and when he supports his argument on the amendment which is before the House, every Member must be given the right to speak on the amendment. It is the procedure which is followed everywhere and in all Parliaments and we on behalf of the Opposition—at least we on this side of the House—insist on it.

Mr. Chairman: It was decided, more or less as I understand, that all the amendments have been taken as moved without being necessary for members formally to move them. In the case of individuals who moved their amendments in support of the clause or in opposition to it, their amendments have been taken as moved. It is only in the case of one Member who wanted to withdraw his amendment that the permission of the House was necessary for it. This procedure is not universally followed and we do not follow it here.

Now in the case of your amendments, you say that the practice in the House of Commons is different because they can move all their amendments. Mr. Bhattacharyya, I want to tell you this that you should try to confine your discussion as far as practicable to particular amendments and not to speak of other matters, because the Members moving the amendments are most competent persons to give expression to their views. You should not make reference to other matters while speaking on the amendments as that does not come exactly within the limit of the amendments. We have listened to Sj. Satya Priya Roy speaking in general for about 20 minutes on the general principles and referring to other amendments. Now if you wish to speak on the amendment you may do so. This, I think, is the proper procedure to be followed in this case. Two members have not spoken, —there are many members who have not spoken either. I would like the Members on the Opposition side to follow this procedure

Sj. Nirmal Chandra Bhattacharyya: As a protest against the ruling that you have just given, we withdraw for some time.

[The honourable Members of the Opposition except Sjta. Anila Debi withdrew from the House.]

(**এ ভয়েস:** আপনিও যান না:)

Sjkta. Anila Debi:

আমি যথেষ্ট সাবালিকা, নিজের পায়ে দাঁড়িয়ে কথা বলার ক্ষমতা আমার আছে বলেই আমি দাঁড়িয়েছি এবং শ‍ূন্যঘরে কিছ‍ু পাস করতে দেবো না।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শ্রীয‍ুত দেবপ্রসাদ চাটার্জি মহাশয় ৪ নম্বর ধারা ১৮নং সাব-ক্লজএ যে এ্যামেন্ডমেন্ট উপস্থিত করেছেন তার বিরোধিতা করতে চাচ্ছি। বিরোধিতা এজন্য করতে চাচ্ছি না যে ম্যানেজিং কমিটির যাঁরা সভ্য তারা বোর্ডের মধ্যে আসবেন না। আমি লক্ষ্য করলাম যে শ্রীয‍ুত চ্যাটার্জি ম্যানেজিং কমিটির মেম্বারদের এই বোর্ডে স্থান দেবার সপক্ষে যে

সমস্ত যুক্তি দাঁড় করিয়েছেন সেই সমস্ত যুক্তি সম্বন্ধে কোন দ্বিমত নাই। কিন্তু সেই যুক্তির সময় ম্যানেজিং কমিটির প্রতিনিধির স্থান নির্দেশ করবার জন্য তিনি যে যুক্তি উপস্থিত করেছেন তার সঙ্গে আমি একমত হতে পাচ্ছি না। এ যদি তিনি বুঝে থাকেন যে পশ্চিম বাংলার বহু বেসরকারী বিদ্যালয়ে বেসরকারী ম্যানেজিং কমিটির কল্যাণে আমাদের শিক্ষাব্যবস্থা এতদূর অগ্রসর হয়ে এসেছে। এবং সেই ম্যানেজমেন্টএর কোন সদস্যকে বোর্ডের মধ্যে নিলে বোর্ডের কার্য পরিচালনার সুবিধা হবে বলে তিনি যদি মনে করে থাকেন তাহলে প্রথম উক্তি হচ্ছে আমার—তিনি কেন পরিষ্কারভাবে বলতে পারলেন না সেই ম্যানেজমেন্ট, যে ম্যানেজমেন্টএর বহু চেষ্টায় আমাদের পশ্চিমবঙ্গের বেসরকারী শিক্ষালয়গুলি টি'কে রয়েছে সেই সমস্ত বিভিন্ন ম্যানেজমেন্ট কমিটির মেম্বাররা তাঁদের প্রতিনিধি নির্বাচন করে পাঠাবেন। এত যুক্তি উত্থাপন করেও এটা কেন বলছেন না আমি বুঝতে পারলাম না। যদিও ব্যক্তিগতভাবে তাঁর প্রতি কোন রকম আমার বিতৃষ্ণা বা বিদ্রূপ প্রকাশের ইচ্ছা নাই, তাহলেও অত্যন্ত দুঃখের সঙ্গে আমি বলতে বাধ্য হচ্ছি যে এই বোর্ডের কম্পোজিশন নিয়ে বিভিন্ন সদস্যবর্গ যেসব কথা উল্লেখ করেছেন কেউ বোধ হয় নিজের দিকে তাকান নি। নীতিগতভাবে যাঁদের ত্যাগ, যাঁদের বদান্যতা, যাঁদের অধিকার প্রতিষ্ঠা করবার কথা তিনি বল্লেন তাঁদের নির্বাচন করে প্রতিনিধি পাঠাবার কথা না বলে তিনি যে তিনজন এডুকেশনিস্টকে সরকার নমিনেট করবেন তার মধ্যে একজন মেয়ে থাকবেন আর একজন ম্যানেজিং কমিটির সদস্য থাকবেন প্রস্তাব করছেন।

তিনি সরকারের হাতে নমিনেশনের ভারটা তুলে দিচ্ছেন। নিজের দিকে তাকাবার কথা কেন মনে হয়েছে সে সম্বন্ধে আজকে অবাক হচ্ছেন, আমি জানি কিন্তু ম্যানেজিং কমিটি সম্পর্কে ....

Mr. Chairman: This is a kind of insinuation. This should not be done.

Sjkta. Anita Debi:

আমি বিদ্রূপ করতে চাই না, সত্য কথাই আমি বলতে চাচ্ছি।

Sj. Satya Priya Roy: What is harm if we speak the truth?

Mr. Chairman: This would amount to a pensonal reflection.

Sjkta. Anita Debi:

সভাপতি মহাশয়ের কাছে আমি নিবেদন করছি, আমার কানে এসেছে যে, কেন একথা আমি বলছি। সুতরাং আমার উত্তর—এই যে, একজন সেক্রেটারী একথা বলেছেন, আমি আগের কানেকশনে তাঁকে সেক্রেটারী বলে যতক্ষণ বলি নি ততক্ষণ আপনি ধরে নেবেন না যে আমি পার্সোনালি সেক্রেটারী বলে বিদ্রূপ করছি কিন্তু যেটা আশা করেছিলাম সেটা তাঁর কাছ থেকে পাই নি সেটা আমি এখানে বলতে চাই।

Mr. Chairman: This sort of insinuation is not allowed.

Sjkta. Anila Debi:

সেত আর ঠেকানো যাবে না।

আমি সত্য কথা বলতে চাচ্ছি, তার মধ্য থেকে যদি কেউ অন্য কিছু চিন্তা করে কিছু বের করেন তারজন্য আমি অপরাধী হব না, সমস্ত সত্য তথ্য থেকে যাঁরা অন্য জিনিস আবিষ্কৃত করতে চাইবেন তার জন্য অপরাধী হবেন তাঁরাই। সুতরাং আমি মনে করি যে দেবপ্রসাদ চ্যাটার্জী মহাশয় যে এ্যামেন্ডমেন্ট এখানে উপস্থিত করেছেন সেই এ্যামেন্ডমেন্টের বিরোধীতা করা সবারই উচিত এবং পশ্চিমবাংলার বেসরকারী বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যদের বদান্যতা বা দানের দিক থেকে যদি তাঁদের স্বাধীনভাবে বোর্ডের মধ্যে সদস্য পদের অধিকার দেওয়া হয় তাহলে আমি পরিষ্কার ভাষায় এখানে বলতে পারি যে, আব্দুল হালিম সাহেব যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব চাটার্জি মহাশয়েরও সমর্থন করাই উচিত ছিল। নৈলে পর শুধু সরকারের নমিনেশনের উপর নির্ভর করে ম্যানেজিং কমিটির সদস্যকে বোর্ডের সদস্য পদ দেওয়া মানে আমার মনে হয় যেন সমস্ত ম্যানেজিং কমিটির সদস্যকে এখানে সম্মান দিতে গিয়ে তাদের প্রতি ব্যঙ্গ করাই হবে।

[5-35—5-45 p.m.]

অবশ্য আরেকটা এ্যামেন্ডমেন্ট শ্রীজগন্নাথ কোলে মহাশয় দিয়েছেন, তার যুক্তি আমি বুঝতে পারছি না। তিনি হঠাৎ একটা 'কিন্তু' কেটে 'কিন্তু' বসিয়ে কি সংস্কার করলেন। অবশ্য তার উদ্দেশ্য আছে তা আমি জানি এবং 'কিন্তু' কেটে 'কিন্তু' বসানোর প্রয়োজন আছে—সেদিক থেকে আমি তাঁর কিন্তু কাটা প্রস্তাবের সমর্থন বা বিরোধীতা করছি না আমি কেবল আমার মতামত ব্যক্ত করছি। তিনি যে উদ্দেশ্যে এটা এনেছেন এই আনাটা সমীচীন হতো যদি তিনি অন্যান্য স্থানে যে সকল স্থানে তিনিও জানেন যে পরে বহু 'কিন্তু' কেটে 'কিন্তু' করতেই হবে, সেই সমস্ত স্থানে যদি তিনি আমাদের সমর্থন করতেন। তা যদি করতেন এখানে হয়ত আমার বিরোধীতা করবার প্রশ্ন আসত না। কিন্তু যেহেতু তিনি এক জায়গায় একটা সত্যকে স্বীকার করতে পারলেন না অথচ আর একটা জায়গায় সত্য বজায় রাখার তার এই যে চেষ্টা এই চেষ্টা একটা উদ্দেশ্যমূলক তাই তার এই চেষ্টাকে আমি বিরোধীতা করছি। সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয়কে আমি নিবেদন করছি যে প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষক তাদের নির্বাচনের জন্য যে নীতি নির্ধারণ করেছেন তার নিন্দা কোরে বিরোধী পক্ষের সদস্যরা যে সমস্ত নীতির কথা বলেছেন সেসব বিষয়ে তাঁর চিন্তা করা উচিত। নইলে তিনি একটা জায়গায় এসে 'কিন্তু' কেটে 'কিন্তু' গ্রহণ করলেন আরেকটা জায়গায় যেখানে আইনজ্ঞ বা মনে করছেন 'কিন্তু' করতেই হবে সেখানে সেই কিন্তু সংশোধন তিনি গ্রহণ করতে পারলেন না। তাকে আমি আবার অনুরোধ করব যেখানে বিরোধী পক্ষের সদস্যরা হেডমাস্টারসদের ইলেকশনএর কথা বলেছেন এবং সহকারী শিক্ষকদের জন্য যেখানে নির্বাচনের কথা বলেছেন সেগুলিকে গ্রহণ করবেন।

আরেকটা কথা এখানে বলতে চাই যে ম্যানেজিং কমিটি সদস্যদের কথা তাঁর জানা উচিত। কারণ তিনিও ম্যানেজিং কমিটির সদস্য ছিলেন। আমি তাঁকে অনুরোধ করছি তাঁদের প্রতিনিধিত্ব শুধু নমিনেটে করবার প্রথার মধ্যে না রেখে এই প্রতিনিধিত্ব স্বাধীনভাবে নির্বাচিত করে আনলে মনে হয় স্বাধীনচেতা ম্যানেজিং কমিটির সদস্যরা আসবেন। সেইজন্য আব্দুল হালিম সাহেবের এ্যামেন্ডমেন্টটা যেন গ্রহণ করেন। ঐ জগন্নাথ কোলে মহাশয়ের প্রস্তাবের 'কিন্তু' কেটে 'কিন্তু' অর্থাৎ ৫৭ এবং ৬০ এই দুইটি প্রস্তাবের আমি বিরোধীতা করছি। এবং সকল সদস্যরা আমার এই যুক্তিতে সাড়া দেবেন আশা করি এবং মন্ত্রী মহাশয়ের কাছে আমি আবার আবেদন জানাচ্ছি শুধু বিরোধীভাব নিয়ে নয়, শুধু নিজের বলে নয়, বিরোধী সদস্যরা যে সমস্ত সংশোধনী প্রস্তাব এনেছেন সেগুলি গ্রহণ করুন।

Sj. Satish Chandra Pakrashi: Sir, I beg to move that in clause 4(10), lines 1 and 2, for the words "nominated by the State Government from" the words "elected by" be substituted.

Sir, I also beg to move that in clause 4(14), lines 2 and 3, for the words "two of whom shall be nominated by the State Government and two" the words "shall be" substituted.

Sir, I also beg to move that in clause 4(18), lines 1 and 2, for the words "nominated by the State Government" the words "elected by the Managing Committees of the Institutions" be substituted.

মাননীয় সভাপতি মহাশয়, আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি—তার আগে বলে বিরোধী পক্ষ যে সমস্ত সংশোধনী প্রস্তাব এনেছে তা আমি সমর্থন করি। আমি আমার সংশোধনীর প্রস্তাবের একটা বিশেষ দিকে আমার যা বক্তব্য তা আমি বলব। আমি বিশেষ কোরে নমিনেটেড মেম্বারদের অপসারণ করার কথাই আমি বলব। এক দিকে সরকারী মেম্বার তাদের আমরা বুঝি আর এক দিকে বেসরকারী। এক দিকে অফিসিয়েল আর এক দিকে নন-অফিসিয়েলএর মাঝখানে মনোনীত সদস্য বোর্ডের মধ্যে রেখে বোর্ড সরকারীভাবে ভারাক্রান্ত করবার চেষ্টা করা হচ্ছে। এই যে বোর্ডের যে কম্পোজিশন যেটাতে নন-অফিসিয়েলদের কমাবার জন্য অফিসিয়েলএর সংখ্যা প্রত্যক্ষভাবে বেশী না দেখিয়ে কৌশলে নমিনেটেড মেম্বারকে তাদের মধ্যে ঢুকিয়ে দিয়ে

অফিসিয়েলদের সংখ্যা বাড়ানোর চেষ্টা হচ্ছে। এর ফলে বোর্ডের যে ফাংশন হবে সেটাও ভারাক্রান্ত হবে এবং তার ফলে যে শিক্ষা তাকে অশিক্ষা কিংবা কুশিক্ষা যা হয় বলতে পারেন। বোর্ডের মধ্যে যে কয়জন নমিনেটেড মেম্বার আছে তাদের সকলকে বাদ দেওয়াই হচ্ছে আমার সংশোধনী প্রস্তাবের সার কথা। অবশ্য মন্ত্রীমহাশয় বলেছেন নমিনেটেড মেম্বার থাকার কোন আপত্তির কারণ তিনি দেখেন না। কিন্তু আমরা তা যথেষ্ট আপত্তি বলে মনে করি। অবশ্য মুদালিয়ার কমিশন, যে কমিশন, নমিনেটেড মেম্বার সম্বন্ধে যদি বলে থ.কুন—দেশের জনসাধারণ নমিনেটেড মেম্বারদের খুব সুনজরে দেখেন না। এ'দের সম্পর্কে কোন আস্থা নাই। ইংরেজ রাজত্বে এটা খুব বেশী পরিমাণে ছিল, কিন্তু ইংরেজ রাজত্ব যাওয়ার পরে ১০ বছর স্বাধীন ভারতেও আমাদের জাতীয় সরকারের আমলেও নমিনেটেড মেম্বারদের প্রতি লোকের আস্থা ফিরে আসে নাই। কাজেই আমার প্রস্তাবের মূল কথা হল নমিনেটেড মেম্বারদের সব বাদ দিতে হবে। এখানে আমি দুইজনই থাকবেন—কিন্তু এখানে আমি নমিনেটেড পরিবর্তন করে ইলেকটেড করতে চাচ্ছি। এগার নম্বর সাবক্লজে আমি ক্যালকাটা ইউনিভার্সিটি নমিনেটেড তিনজন প্রফেসারের বিরুদ্ধে বলি নি ; সিন্ডিকেট অফ দি ক্যালকাটা ইউনিভার্সিটি নমিনেট করবেন, তিনজন প্রফেসার। এখানে অবশ্য এই নমিনেশনএর বিরুদ্ধে আমি বলি নি। এটা গভর্নমেন্ট-এর নমিনেশন নয়। এখানে তিনজনের জায়গায় চারজন প্রফেসার করতে বলেছি। অবশ্য আমার বন্ধু সত্যপ্রিয়বাবু যেসব সংশোধন এর সঙ্গে যোগ করেছেন প্রফেসার এবং সিন্ডিকেট সম্পর্কে যা বলেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করি।

তা ছাড়া

four heads of high schools or multipurpose schools two of whom shall be nominated by the State Government.

প্রত্যেক পদে পদে প্রত্যেক ক্লজএ রয়েছে যেখানে ইলেকশন কথা আছে সেখানে নমিনেটেড লোক ঢুকিয়ে দেওয়া হয়েছে। যেন হাই স্কুলএর হেডমাস্টাররা বা মাল্টিপারপাস স্কুলের মাস্টাররা তাদের যেন নিজেদের বিবেচনা শক্তি নাই। তারা ইলেকশন কোরে উপযুক্ত লোককে বোর্ডএ পাঠাতে পারবে না। সব সময় কশন করা হয়েছে, দুই যদি ইলেকশন আসে আর দুই গভর্নমেন্ট নমিনেশন করবে। এই রকম সন্ত্রস্থভাব। নিজেদের তোষামদকারী লোক না এসে আন্দোলনকারী লোক এসে পড়ে তার জন্য ইলেকশনএর বদলে নমিনেশন রাখা হয়েছে। সর্বশেষে যেখানে শিক্ষাবিদদের অর্গেনিজেশন আছে, সবকিছুর ভিতর একটা অনাস্থার ভাব গভর্নমেন্টের রয়েছে, তাদের মনে অবিশ্বাস রয়ে গিয়েছে পাছে গভর্নমেন্টের সমর্থকারী না আসে, এবং এই ভয়ে সব সময় সন্ত্রস্থ থাকার ফলে, সব জায়গায় নমিনেশনএর ব্যবস্থা রাখা হয়েছে।

[5-45—5-55 p.m.]

তারপর সাব-ক্লজ (১৮), যেখানে ম্যানেজিং কমিটির কথা বলা হয়েছে। আমরা এখানে দেখছি পিপল ইন্টারেস্টেড ইন এডুকেশন, তাঁদের মধ্যে থেকে, যাঁরা ইলেক্টেড বাই দি ম্যানেজিং কমিটি, তাদের কোন স্থান এই বোর্ডে নাই। অর্থাৎ এই বোর্ডে ম্যানেজিং কমিটির প্রতিনিধিদের কোন স্থান নেই। আমি এখানে বলছি তাঁদের দ্বারা নির্বাচিত হয়ে কিছু কিছু প্রতিনিধি এই বোর্ডে আসুক, নমিনেটেড হিসাবে নয়। সর্বসাকুল্যে আমার কথা হল, এখানে সাতজন নমিনেটেড মেম্বার যাঁরা আছেন, তাদের সরকারী অফিসিয়েল ও নন-অফিসিয়েলএর মাঝখানে শিখণ্ডীর মত দাঁড় করিয়ে রেখে কোন লাভ নেই, কারণ তাঁদের উপর জনসাধারণের কোন আস্থা নেই। জনসাধারণের আস্থা তাদের উপর নেই, অথচ বোর্ডকে ভারাক্রান্ত করা হয়েছে—এই সকল নমিনেটেড মেম্বার দ্বারা।

আমার প্রস্তাবের মূল কথা হচ্ছে নমিনেটেড মেম্বারএর পরিবর্তে সেখানে নির্বাচিত প্রতিনিধি বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান থেকে আনা হোক, এবং তার সঙ্গে নিছকভাবে অন্যান্য যে সমস্ত কথা আমার বন্ধুরা এখানে বলেছেন সেগুলিও সংযোজন করে দিতে বলছি। এটা [illegible] পরে, নমিনেটেড মেম্বারের পরিবর্তে নির্বাচিত হয়ে যে সকল মেম্বার আসবেন, তাঁদের [illegible] সার্থক হবে এবং বোর্ডের ফাংশনও ভাল হবে। ডাঃ সম্ভু ব্যানার্জি মহাশয় [illegible]

ও ফাংশন অফ দি বোর্ডএর কথা উল্লেখ করে বলেছেন যে কম্পোজিশন অফ দি বোর্ড যাই হোক, তার ফাংশনটা ভাল হলেই হল। কিন্তু এখানে আমি বলতে চাই বোর্ডের কম্পোজিশনটা যদি এইভাবে পরিবর্তন করা যায়, তাহলে তার ফাংশনটায় হাজার দোষ থাকা সত্ত্বেও কিছুটা ভাল হবে। তা ছাড়া সাতজন নমিনেটেড মেম্বার এলেই যে বোর্ডের সমস্ত কাজ ভালভাবে চলবে, তা মোটেই নয়। এই যে অফিসিয়েলএর একটা প্রাধান্য রয়ে গিয়েছে, এর ফলে অফিসিয়েলরা যা খুসী তাই করতে পারবে। কিন্তু নন-অফিসিয়েল মেম্বার, যারা নমিনেটেড না হয়ে, ইলেক্টেড হয়ে আসবেন, তাদের দ্বারা কাজ কিছুটা ভালর দিকে যাবে এবং বোর্ডের ফাংশনিংটা কিছুটা ভাল হবে, এই হল আমার প্রস্তাব।

Sj. Mohitosh Rai Choudhuri: On a point of information. I spoke yesterday opposing some amendment of Janab Abdul Halim and Sj. Nagendra Kumar Bhattacharyya. Am I entitled to speak again?

Mr. Chairman: A Member can speak only on one occasion if he has not moved his own amendment.

Sj. Mohitosh Rai Choudhuri: I have not moved my own amendment. I have opposed amendments yesterday.

Mr. Chairman: It is the practice in the other House that a Member can speak on an amendment regarding a particular clause only once.

Sj. Mohitosh Rai Choudhury: Sir, I bow down to your ruling. It comes to this that because I spoke yesterday by opposing the amendment of my friend, Sj. Nagendra Kumar Bhattacharyya, I am refrained from speaking on any other amendment moved by anybody.

Mr. Chairman: You have spoken once and you are not to speak on any amendment.

Sj. Satya Priya Roy: Sir, you have said that a man can speak only once in connection with one amendment. But in relation to other amendments he can speak once again.

Das, Sjta. Santi
Ghose, Sj. Kamini Kumar
Ghosh, Sj. Asutosh
Gupta, Sj. Manoranjan
Majumdar, Sj. Sudhirendra Nath
Mallah, Sj. Pashupati Nath
Mohammad Sayeed Mia, Janab
Mookerjee, The Hon'ble Kali Pada
Mookerjee, Sj. Kamala Charan
Mazumder, Sj. Harendra Nath
Mukherjee, Sj. Biswanath
Mukherjee, Sj. Kamada Kinkar
Mukherjee, Sj. Sudhindra Nath
Poddar, Sj. Badri Prasad
Prasad, Sj. R. S.
Prodhan, Sj. Lakshman
Rai Choudhuri, Sj. Mohitosh
Saha, Sj. Jogindralal
Sarkar, Sj. Nrisingha Prosad
Sawoo, Sj. Sarat Chandra
Singh, Sj. Ram Lagan
Singha, Sj. Biman Behari Lall

NOES—10.

Abdul Halim, Janab
Bhattacharyya, Sj. Nagendra Kumar
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chakraborty, Dr. Monindra Mohan
Choudhuri, Sj. Annada Prosad
Dobi Sjta. Anila
Chakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sanyal Dr. Charu Chandra
Sen Gupta, Sj. Manoranjan

The Ayes being 31 and the Noes 10, the motion was carried.

Clause 17

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

[6-20—6-31 p.m.]

Clause 18

Sj. Nagendra Kumar Bhattacharyya: Mr. Chairman, Sir, I beg to move that in clause 18, in line 2, after the word "constitute" the words "an Executive Council and" be inserted.

The object of the amendment is to bring this clause in line with section 20 of the Act XXXVII of 1950. If a reference be made to section 20 of the Act it appears that there is a Council called Executive

Council in that section and it is said therein that the Board shall constitute an Executive Council and the Committees as specified below. Therefore my amendment relates to constitution of an Executive Council. The Board of Secondary Education shall have to perform some duties and it would facilitate the execution of those duties if there be an Executive Council in order to help the President. Therefore I would submit that there would be no harm if there is an Executive Council with the functions given to it as in the Act of 1950. Then Sir, my amendment is No. 112 wherein I have said that after the word "Recognition" the words "and Grants" be inserted. Sir, if we refer to the same section, namely, section 20 of the Act of 1950, Committee is described here: I mean section, clause (d) dealing with Recognition and Grants Committee. I have therefore suggested that the Committee should be named not only Recognition Committee, but Recognition and Grants Committee. Sir, the Report of the Dey Commission was used, and if I am permitted to say, the Education Minister has used it *ad nauseum*. Whenever the Hon'ble Minister wanted to support the Bill, he used to make a reference to it. I hope he will not forget that and in this particular case he has not accepted the recommendation contained in the Dey Commission. If reference be made to page 39 of the Report of the Dey Commission, we find in paragraph 58: The Board will have the following Standing Committees:—

(a) Planning and Development Committee;

(b) Recognition and Grants Committee;

Well, it is not proper to make reference to the recommendations of the Dey Commission whenever it suits one's findings and to reject them whenever it does not suit him. There ought to be some consistency in the matter of legislation also. Let us follow the recommendation of the Dey Commission in this connection and the functions of the Recognition and Grants Committee have been clearly stated on page 39 of the Report of the Dey Commission. There it has been distinctly stated that the Recognition and Grants Committee will consider application and make recommendation to the Government on such application. What is the harm in following the recommendation of the Dey Commission? Well, there is the harm—if it is the sole intention of Government as I have been saying from the beginning and I shall continue to the end—for whenever you look at any clause, you will find it expresses one thing very clearly and we have said that it is the intention of Government to centralise all powers in itself. Therefore the Committee has been named the Recognition Committee in the Bill. The Committee will have nothing to do with Grants. So I would invite the attention of the Hon'ble Minister to page 39 of the Report of the Dey Commission and ask him to follow the recommendations in this particular case, to agree to name the Committee as Recognition and Grants Committee and to give the Committee the same powers and the same duties as have been recommended by the Dey Commission.

Mr. Chairman: The House stands adjourned till 2 p.m. on Friday, the 20th December, 1957.

Adjournment

The Council was then adjourned at 6-31 p.m. till 2 p.m. on Friday, the 20th December, 1957, at the Legislative Buildings, Calcutta.

Members absent

Banerjee, Sj. Tara Sankar,
Basu, Sj. Gurugobinda,
Dutt, Sjta. Labanyaprova,
Guha Ray, Dr. Pratap Chandra,
Majumdar, Sj. Sudhirendra Nath,
Maliah, Sj. Pashupati Nath,
Mohammad Jan, Janab Shaikh,
Musharruf Hossain, Janab,
Roy, Sj Surendra Kumar,
Saraogi, Sj. Pannalal,
Sarkar, Sj. Pranabeswar,
Sen, Sj. Jimut Bahan,
Sinha, Sj. Rabindralal.

COUNCIL DEBATES

Friday, the 20th December, 1957.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 20th December, 1957, at 2 p.m. being the Thirteenth-day of the Thirteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

GOVERNMENT BILL

[2—2-10 p.m.]

The West Bengal Board of Secondary Education Bill, 1957

Clause 18.

Sjkta. Anila Debi: Sir, I beg to move that in clause 18(a) after the word "Recognition" the words "and Grants" be inserted.

I also beg to move that in clause 18(e) the following items and the proviso, be added, namely:—

"(f) Planning and Development Committee;

(g) Girls' Education Committee;

(h) Technical Education Committee;

(i) University Correlation Committee;

(j) Primary Correlation Committee:

Provided that all these Committees shall be set up by the Board in accordance with regulations under this Act and with duties to be prescribed by such regulations."

মাননীয় অধ্যক্ষ মহাশয়—আমার এখানে প্রথম সংশোধনী যেটা সেটা হচ্ছে ১১১-১১২। বিলের মধ্যে বিভিন্ন কমিটিগুলির উল্লেখ করা হয়েছে। যে রেকগনিশন কমিটির কথা এখানে রয়েছে সেখানে আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে যে রেকগনিশনএর সংগে গ্র্যান্ট কথাটা বসিয়ে দিন অর্থাৎ রেকগনিশন এ্যান্ড গ্র্যান্টস কমিটি করুন। এখানে গ্র্যান্ট কথাটা কেন বসাতে চাই সে সম্বন্ধে কয়েকটা যুক্তি উপস্থিত করছি। এ সম্বন্ধে মুখ্য মন্ত্রীমহাশয় দীর্ঘ ইতিহাসের বিবৃতি দিয়েছেন কিন্তু কোন্ ইতিহাস থেকে সেটা সংগৃহীত জানি না, মুদালিয়ার কমিশন এবং দে কমিশনএর বিশেষ কোন সূত্র মন্ত্রীমহাশয় গ্রহণ করেন নি সাধারণভাবে কি কি হবে ও কাকে রেকমেন্ডেশন দেওয়া হবে। মুদালিয়ার কমিশনএর পরে পশ্চিমবঙ্গ-সরকার যে দে কমিশন করেছিলেন—এই দুটো কমিশনএর কথা ভুলে গিয়ে যদি শুধু দে কমিশনএর কথাই চিন্তা করেন, তাহলে দেখবেন যে দে কমিশন বিভিন্ন কমিটির কথা বলতে গিয়ে রেকগনিশন এ্যান্ড গ্র্যান্টস কমিটির কথা বলেছেন। সেই দে কমিশনএর সদস্য শ্রীঅনাথনাথ বসু মুদালিয়ার কমিশনএর সম্পাদক ছিলেন। সুতরাং অনাথনাথ বসু মহাশয় যেখানে বিভিন্ন কমিটি করতে গিয়ে রেকগনিশন এ্যান্ড গ্র্যান্ট দুটো কথাই বসিয়েছিলেন, ন্যায়, যৌক্তিকতা ও কাজের সুবিধার দিক থেকে—সেখানে কেন যে এখানে মন্ত্রীমহাশয় গ্র্যান্ট কথাটা উঠিয়ে দিয়েছেন আমি তা বুঝতে পারছি না। অবশ্য এটা যদি তিনি বলেন যে এই বোর্ডএর মাধ্যমে সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে তিনি একখানি সুন্দর গৃহস্থালীর চিত্র অঙ্কিত করতে চান চাবিকাঠি অপর হাতে রেখে লোককে বুঝাতে পারবেন হয়তো—

Mr. Chairman: Will the honourable member refer to the subject matter on the agenda.

Sjkta. Anila Debi:

সব কথাগুলি সম্পূর্ণ না বললে যেমন বুঝান যায় না, তেমনি সম্পূর্ণ না শুনলে কিছু বোঝাও যায় না। রেকগনিশন এ্যান্ড গ্র্যান্ট কমিটি এ দুটোর একসঙ্গে দরকার কেন—বক্তব্য সম্পূর্ণ না বললে চলবে কেন? এই মাধ্যমিক শিক্ষার গৃহস্থালীর ভার দেওয়া হচ্ছে বোর্ডের উপর অনুমোদনের কাজ তিনিই করবেন। কিন্তু গৃহস্থালী চালাতে গেলে পরে—অর্থাৎ অনুমোদনের পরে অনুমোদিত বিদ্যালয়কে উন্নততর পর্যায়ে নিতে গেলে যে অর্থমঞ্জুরীর প্রয়োজন হবে, সেটা যদি তাকে না দেওয়া হয় তাহলে অনুমোদন ক্ষমতার ভবিষ্যৎ কি হবে? বোর্ডের হাতে ফাঁকা গৃহস্থালীর ভার দিলে অধিকাংশ ক্ষেত্রে সেটা কার্যকরী হবে না। অর্থাৎ জীয়নকাঠি যদি অন্যত্র রেখে দেন তবে বোর্ড ঠুটো জগন্নাথের মত হবে। সম্পূর্ণভাবে এবং সুষ্ঠুভাবে পরিচালনা করা তার পক্ষে সম্ভবপর হবে না। দে কমিশনএ যাঁরা সদস্য ছিলেন তাঁরা এই অতি সত্য কথাটা বুঝতে পেরেছিলেন বলেই এই রেকগনিশন এবং গ্র্যান্ট এ দুটোই দেবার ব্যবস্থার ভার একটা কমিটির উপর অর্পণ করেছিলেন। এটা না হলে অসুবিধা হবে বহুবিধ। বোর্ড বিদ্যালয়গুলিকে রেকগনিশন দিলেন মন্ত্রীমহাশয়ের বিবৃতি মতো সেখানে নমিনেটেড সদস্য থাকবেন—শুভবুদ্ধি-সম্পন্ন সরকারী কর্মচারীও সেখানে থাকবেন। তাঁরা দেশের শিক্ষাবিস্তার ও উন্নতির দিকে বিশেষ জোর দেবেন তা আমরা নিশ্চয় মনে করতে পারি। সকলের শুভেচ্ছার এবং তার ফলে দিনের পর দিন বিদ্যালয়ের সংখ্যা বেড়ে যাবে—নূতন নূতন বিদ্যালয় অনুমোদন পাবে। কিন্তু বিদ্যালয়গুলিকে বেঁচে থাকতে গেলে যে সাহায্যের প্রয়োজন, সেটা পেতে হবে অপর কর্তা অর্থাৎ যাঁদের উপর মঞ্জুরী দেবার ভার থাকবে তাঁদের মধ্যে যদি তেমন শুভবুদ্ধিসম্পন্ন লোক না থাকেন তাহলে রেকগনিশন পাওয়ার পরেও হা-হুতাশ নিয়ে তাকিয়ে থাকতে হবে—ঐ গ্র্যান্ট দেবার ভার যে কর্তৃপক্ষের হাতে তাদের কৃপা-অঙ্গুলি নির্দেশের প্রত্যাশায়।

Mr. Chairman: You need not refer to the subject-matter as mentioned in the clause itself.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, she is speaking on her amendments.

Sjkta. Anila Debi:

অনুমোদিত বিদ্যালয়গুলি প্রাণ রক্ষা করার জন্য রেকগনিশন কমিটি, না নূতন গ্র্যান্ট দেবার ভারপ্রাপ্ত কর্তৃপক্ষ—কার কাছে যাবে? রেকগনিশন কমিটি বিদ্যালয়গুলিকে রেকগনিশন দিলেন কিন্তু গ্র্যান্ট সম্পর্কে থাকবেন নির্বাক। বিদ্যালয়গুলি যখন গ্র্যান্টএর প্রয়োজনে গ্র্যান্ট কর্তৃপক্ষের কাছে যাবে তখন গ্র্যান্ট কর্তারা অঙ্গুলি নির্দেশ করবেন রেকগনিশন কমিটির দিকে এবং হয়তো বলবেন, "মুই নই, ঐ"। আবার রেকগনিশন কমিটির কাছে গেলে তারা বলবেন, "মুই নই, ঐ"। ফলে বিদ্যালয়গুলি একবার এখান থেকে ধাক্কা খেয়ে ওখানে যাবে, ওখান থেকে ধাক্কা খেয়ে এখানে আসবে। এই দুয়ের ধাক্কাধাক্কির মাঝখানে পড়ে এই বিদ্যালয়গুলির মৃত্যু না ঘটলেও তাদের জীবনীশক্তি স্তিমিত থেকে স্তিমিততর হ'তে থাকবে। সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যখন উনি বলেছেন যে, এখানে দে কমিশন ও মুদালিয়ার কমিশনএর ব্যবস্থা অনুযায়ী কাজ করছেন তখন যে কমিটির কথা স্পষ্টভাবে মুদালিয়ারের পরবর্তী দে কমিশন বলে গিয়েছেন তাকে পূর্ণাঙ্গই রাখুন। কেন তার একটা হাত কেটে অক্ষম করছেন, পা কেটে খোঁড়া করে দিচ্ছেন? দে কমিশন যে কমিটির কথা বলেছেন সেটা রেখে দিলে অন্তত আমাদের মুখ এক জায়গায় বন্ধ করতে পারবেন। অর্থাৎ দে কমিশনএর সুপারিশ শিক্ষাকল্যাণের জন্য এ ক্ষেত্রেও রক্ষা করছেন না একথা তো বলতে পারব না।

[2-10—2-20 p.m.]

তার জন্য তাঁকে অনুরোধ করব তিনি যেন আমার এই সংশোধনী রেকগনিশনএর সঙ্গে এ্যান্ড গ্র্যান্টস এই কথাটা বসিয়ে ১নংএ যে কমিটি সেই কমিটিটাকে তিনি করবেন রেকগনিশন এ্যান্ড গ্র্যান্টস কমিটি গ্রহণ করেন।

তারপরে ১১৩নং আমার আর একটা সংশোধনী। সেটা হচ্ছে এই কমিটিগুলি তিনি বসিয়েছেন—(এ) (বি) (সি) (ডি) (ই) করে, তারপরে আরও কতকগুলি কমিটির কথা আমি

আমার এই সংশোধনী প্রস্তাবে উত্থাপন করছি। একটা হচ্ছে প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট কমিটি, আর একটা গার্লস এডুকেশন কমিটি, আর একটা টেকনিক্যাল এডুকেশন কমিটি, আর একটা ইউনিভার্সিটি কোরিলেশন কমিটি এবং আর একটা হচ্ছে প্রাইমারী কোরিলেশন কমিটি। তারপরে আর একটু যোগ করতে বলছি—

"Provided that all these Committees shall be set up by the Board in accordance with the regulation under this Act and with the duties to be prescribed by such regulations".

অবশ্য মন্ত্রীমহাশয় বিলে (এ) (বি) (সি) (ডি) (ই) করে যে বিভিন্ন কমিটির কথা বলে গিয়েছেন সেই বিভিন্ন কমিটির পরে যে (এফ) কমিটির কথা আমি বলেছি প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট কমিটি, সুখী হতাম যদি মন্ত্রীমহাশয়ের আনীত বিলে ঐ কমিটির কথা থাকত ; তাহলে বুঝতে পারতাম ১৯৫৪ সালে বোর্ড যোগ্যতার পরিচয় দিতে পারে নি বলে সরকার তাকে বাতিল করে দিয়ে অন্য বোর্ড প্রতিষ্ঠা করতে যাচ্ছেন শিক্ষার মূল লক্ষ্যে পৌঁছাতে চান বলে; লক্ষ্য রক্ষিত হবে বলে। যদি দেখতে পেতাম যে, প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট কমিটির কথা রয়েছে, বুঝতাম মুদালিয়ার ও দে কমিশনকে মূল্য দেওয়া হচ্ছে। মাধ্যমিক শিক্ষা সংস্কারের দাবী বা পুনর্গঠনের দাবী যেটা সর্বভারতীয় হয়ে উঠেছিল, সেই সর্বভারতীয় দাবীর জন্যই কেন্দ্রীয় সরকার সে সম্পর্কে সব কিছু পরীক্ষা করে দেখবার জন্য মুদালিয়ার কমিশন বসিয়েছিলেন, নিশ্চয়ই প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্টএর সমাধি রচনা করবার লক্ষ্যে নয় সুষ্ঠুভাবে প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট হতে পারে তারই লক্ষ্য ছিল। মুদালিয়ার কমিশনের পরে পশ্চিমবঙ্গ-সরকার এখানে যে দে কমিশন বসিয়েছিলেন সেই দে কমিশন একটা মূল সুপারিশ হিসেবে প্ল্যানিং এ্যান্ড ডেভেলপ-মেন্টএর কথা বলেছেন। যেখানে বিভিন্ন কমিটির কথা বলেছেন দে কমিশন সেখান থেকে সামান্য একটু অংশ আমি পড়ে শোনাতে চাই—যাঁদের যাঁদের হাতে দে কমিশনএর কপি নাই তাঁদের যাতে একটু সুবিধা হতে পারে। সেটা হচ্ছে দে কমিশনএর রিপোর্ট

Page 39, No. 15—The Board will have the following Standing Committees
(a) Planning and Development Committee

আর যেটা তাঁরা ২য়তে বসিয়েছেন এবং সে সম্বন্ধে আমার সংশোধনীতে আছে সেটা কমিশনের রিপোর্টে (বি)তে আছে। সুতরাং দে কমিশনএর (এ)তেই সুপারিশ রয়েছে—প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট কমিটির। আমি বুঝতে পারি না মন্ত্রীমহাশয় কেন দে কমিশনএর এই যে রেকমেন্ডেশন এবং মুদালিয়ার ও দে কমিশন যে উদ্দেশ্যে রচিত এবং তাদের যে মূল বক্তব্য রয়েছে সেটা এখানে সন্নিবেশিত করলেন না। তিনি হয়ত উত্তর দেবার সময় সেকথা বলবার চেষ্টা করবেন। কিন্তু আমি দে কমিশন থেকে উদ্ধৃত করে তাঁর কাছে নিবেদন করছি এবং অন্যদেরও বিবেচনা করতে বলছি যে দে কমিশনএ এই কথা সন্নিবেশিত থাকবার পর অন্য কিছু বলবার অকেশন থাকে কিনা :

"all this would need careful planning; when the new Board of Secondary Education comes into existence it will be one of its main functions to conduet a careful survey of the educational requirements and to prepare a detailed plan for reconstruction of the entire State for the consideration of the Government." (page 33.)

কমিশনের যে উক্তি আছে সেই উক্তির মধ্যে এই কথাগুলি রয়েছে। সুতরাং মন্ত্রীমহাশয়ের কাছে আমি আরও নিবেদন করব যে দে কমিশন থার্টি-সেভেন পেজএ এই ডেভেলপমেন্ট এ্যান্ড প্ল্যানিং সম্বন্ধে উল্লেখ করে বলেছেন। এখানে ডেভেলপমেন্ট এ্যান্ড প্ল্যানিংএর প্রয়োজনের কথা আছে এবং বোর্ডের ফাংকশনএর কথা দে কমিশন যেখানে নির্দেশ করেছেন সেখানেও পরিষ্কার হয়ে রয়েছে বোর্ড এই ডেভেলপমেন্ট প্ল্যানিং করবে। দে কমিশনএর ৩৭ পাতার ১২ প্যারায় রয়েছে—

The Board will have the following functions :—

(a) to prepare the plans for the development of secondary education, and

(b) a better and more equitable distribution of the facilities for secondary education in the State.

তাহলে এডুকেশনকে উন্নতির পর্যায়ে আনতে হলে, এডুকেশনাল ইনস্টিটিউশনকে ভালভাবে গঠিত করতে হলে এবং সমস্ত বিদ্যালয়গুলির ভালভাবে ডিস্ট্রিবিউশন করতে গেলে পর দে কমিশন মনে করেছিলেন এবং আমরাও নিশ্চয়ই মনে করি যে তারজন্য একটা ভাল প্ল্যানিংএর প্রয়োজন। এই প্ল্যানিংএর অভাবে অনেক কিছু বিপর্যয় ঘটতে পারে। এবং সেটা কি করে ঘটছেও সেকথা আমি আপনাদের কাছে সংক্ষেপে নিবেদন করে যাব। কিন্তু তার আগে আমি এই দে কমিশনএর ৮০ পৃষ্ঠার দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Chairman: You have taken more than fifteen minutes.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, she is referring to Government documents.

Sjkta. Anila Debi:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার বিবেচনার জন্য একটা কথা বলে নিতে চাই, আমি যদি (এফ) (জি) (এইচ) (আই) (জে)এর প্রত্যেকটার জন্য আলাদা এক-একটা সংশোধনী উপস্থিত করতাম তাহলে আপনার নির্দেশিত যে সময় ৮ মিনিট, সেই ৮ মিনিট এক-একটা সংশোধনীর জন্য পেতাম সেরকম কিছু করবার ইচ্ছা নাই বলেই আমি এখানে সবগুলি সংশোধনী একসঙ্গে উপস্থিত করেছি।

Mr. Chairman: Sometimes you know it is possible the speaker may think that it might be necessary for her to go to generalities by referring to the Dey Commission and the Mudaliar Commission. But that would be hardly in the interest of the business before this House. I want to draw the attention of the members of the House to this.

Sj. Nirmal Chandra Bhattacharyya: She is speaking on Planning and Development Committee and reading from those passages in the Dey Commission which deal with Planning and Development and emphasising its importance.

Sjkta. Anila Debi:

আমাদের বাংলাদেশের অবস্থা দেখাতে গিয়ে দে কমিশন উল্লেখ করেছেন—ডেভেলপমেন্ট প্ল্যানিং না থাকার ফলে কি করে ৯টি জেলা অবজ্ঞাত হয়েছে সেই বিদ্যালয় ডিস্ট্রিবিউশনএর ব্যাপারে পেজ কুড়ির প্যারাগ্রাফ ছাব্বিশএ এই কথা তাঁরা উল্লেখ করেছেন:

"We have said above from the point of view of numbers only of high schools in West Bengal, there is perhaps little room for expansion."

"This will show the high schools are not evenly distributed over the State. It will be seen that the majority of the high schools are clustered in Calcutta and the five districts of Burdwan, Midnapore, 24-Parganas, Hooghly and Howrah. The remaining nine districts are comparatively speaking supplied poorly with high schools."

এখানে টোটাল নাম্বার দিয়ে দেখানো হয়েছে, আমি সেদিকে যাচ্ছি না সময় বেশি নেব না বলে।

[2-20—2-30 p.m.]

এখানে ডেভেলপমেন্ট স্কীমএর অভাব এতদিন পর্যন্ত পশ্চিম বাংলার বিভিন্ন জেলা কি করে অবজ্ঞাত হয়েছে এটা অত্যন্ত স্পষ্টাক্ষরে দে কমিশন বলতে চেয়েছেন। আর এখানে আমরা দেখতে পাচ্ছি যে ডেভেলপমেন্ট প্ল্যানিং না থাকার ফলে অর্থাৎ মুদালিয়ার কমিশনের পর থেকে পশ্চিমবঙ্গ-সরকার অন্তত রিঅর্গানিজেশনএর যে পন্থা গ্রহণ করেছিলেন তার পেছনে কোন পরিকল্পনা না থাকার ফলে দে কমিশন অতীতের চিত্রে যে শোচনীয় অবস্থা দেখেছিলেন বর্তমান মধ্যশিক্ষা ক্ষেত্রে সেই শোচনীয় চিত্রই আমরা দেখতে পাচ্ছি। মন্ত্রীমহাশয় অবশ্য বলতে পারেন তাঁর আইনে ২৪ রুলে তিনি বলেছেন যে এ সম্বন্ধে সরকার বোর্ডকে নির্দেশ দিতে পারেন বা

... সঙ্গে পরামর্শ করতে পারেন। আমি সে ধরনের কথা বলছি না, কারণ সময় বেশি লেগে যাবে। কিন্তু আমার এখানে একটি মাত্র বক্তব্য হচ্ছে যে, বোর্ডের ক্ষমতাকে এত সংকীর্ণ করে দেওয়া হচ্ছে, যে বোর্ডের হয়ত কিছু করবার ক্ষমতাই থাকবে না। বিশেষ করে দি কমিশন স্ট্যান্ডিং কমিটি বলতে গিয়ে, স্ট্যাটুটরি কমিটি বলতে গিয়ে যে প্ল্যানিং ডেভেলপমেন্টএর কথা বলেছেন সেই প্ল্যানিং ডেভেলপমেন্টএর কথা এখানে না থাকার ফলে কিছু করা সম্ভব হবে বলে মনে করি না। এখানে আমাদের ডেভেলপমেন্টএর কোন প্ল্যানিং না থাকার ফলে আমরা দেখতে পাচ্ছি যে, মাল্টিপার্পাস, হায়ার সেকেন্ডারী ইত্যাদি খুলবার যে পলিসি সরকার নিয়েছেন সেটা কত অবাস্তব। এবং এই পলিসি সম্বন্ধে যদি স্থিরভাবে বিবেচনা করেন, অস্থির হয়ে যদি না উঠেন তাহলে পরিষ্কারভাবে বুঝতে পারবেন আমার এই কথাটা সঠিক। এইসব বিদ্যালয় প্রতিষ্ঠা ব্যাপারে ওয়েল ডিস্ট্রিবিউশন একেবারেই হয় নি। আঞ্চলিকভাবে কোন বিচার করা হয় নি, কত সংখ্যক ছাত্রসংখ্যা হবে কোন অঞ্চলে সে সম্বন্ধেও চিন্তা করা হয় নি, পরীক্ষার ফল কি হবে, রেজাল্ট কিরকম হবে সে সম্বন্ধেও চিন্তা করা হয় নি, স্টাফ কিরকম হবে সে সম্বন্ধেও চিন্তা করা হয় নি। সেখানে হয়েছে কেবল অনুগ্রহ বিতরণ। এর মাধ্যমে কারও কিছু সুবিধা আছে কিনা জানি না। কিন্তু সেখানে ফেভারিটিজম চলেছে, অভয়দান চলেছে, আশীর্বাদ চলেছে। আসল ইঙ্গিত হচ্ছে সেখানে যদি আমাদের পেছনে থাক, তোমরা টিকে থাকবে নইলে টিকে থাকতে পারবে না। কাজে কাজেই আমার মনে হয় যে এমনতর ঘটনা যেখানে ঘটছে নিশ্চয়ই রাজ্যে নতুন বোর্ডের ক্ষমতায় প্ল্যানিং এবং ডেভেলপমেন্টএর কথা থাকা উচিত ছিল। সুতরাং এই সংশোধন মন্ত্রীমহাশয়ের গ্রহণ করা শুধু উচিত বলি না, অবশ্য কর্তব্যও বলব। অনুরোধ উপরোধে তিনি টলেন না, জোর করে বললেও তিনি শুনেন না, দেখি যদি কর্তব্যের দোহাই দিলে শুনেন। তাই বলি ডেভেলপমেন্টএর দিক থেকে, মধ্যশিক্ষার মঙ্গলের দিক থেকে তাঁর অবশ্য কর্তব্য ডেভেলপমেন্ট প্ল্যানিংএর ভার বোর্ডকে দেওয়া এবং তার জন্য প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট করা। আমি আর একটা কমিটির কথা এখানে বলব। গার্লস এডুকেশন সম্বন্ধে আমাদের রাজ্যপালিকা তাঁর ভাষণের মধ্যে উল্লেখ করেছেন, পরে পশ্চিমবঙ্গ-সরকার ঘোষণা করেছেন যে, এই রাজ্যের অন্তত পল্লী অঞ্চলে ক্লাস এইটএ মেয়েদের শিক্ষাকে অবৈতনিক করবেন। এই প্রচেষ্টা আমি মেয়ে হিসাবে দ্বিগুণভাবে এবং নাগরিক হিসাবে তো বটেই অভিনন্দন জানাচ্ছি। উদ্দেশ্য যেখানে শুভ সে উদ্দেশ্যকে অভিনন্দন জানাতে কোথাও কোন কারণে আমাদের কুণ্ঠা নাই। এবং সেই উদ্দেশ্য যাতে যথার্থ মঙ্গলজনক হয়ে উঠে, যথার্থ কার্যকরী হয়ে উঠে তার জন্য আমরা কতকগুলি সাজেসশন দিতে চাই। কিন্তু দুঃখের বিষয় এই যে সেই সাজেসশনকে একেবারে ঠেলে ফেলে দেওয়া হয় যেহেতু সেগুলি বিরোধীপক্ষ থেকে এসে থাকে--

Mr. Chairman: These observations do not have any immediate bearing on the subject you are discussing and these may be avoided for quick transaction of business.

Sjkta. Anila Debi:

গার্লস এডুকেশন কমিটি থাকা উচিত কেন সেটাই বলছি। আমাদের মত অনগ্রসর দেশে সাধারণভাবে শিক্ষার দিক থেকে মেয়েরা যথেষ্ট পিছনে রয়েছে। দীর্ঘদিন ধরে পরাধীনতার গ্লানি ছাড়াও এদেশে সামাজিক উৎপীড়নে মেয়েরা উৎপীড়িত হয়ে এসেছে। সুতরাং মেয়েরা শিক্ষার সুযোগ তারা পায়ই নি বলা চলে।

আমাদের বর্তমানে মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ১৭শ যদি আমরা ধরি, সেখানে দেখবো বালিকা বিদ্যালয়ের সংখ্যা ৪শর বেশি বোধহয় উঠবে না। হয়ত সেখানে কেউ কেউ মনে করতে পারেন যদি পপুলেশন হিসাব করে দেখা যায়—

[At this stage blue light was lit.]

Mr. Chairman: You are taking a long time over each of your points.

Sjkta. Anila Debi:

এখানে যদি সমস্ত কথা শেষ করতে না দেন তাহলে অসমাপ্ত রেখেই আমি বলব কিন্তু গার্লস এডুকেশন কমিটি সম্বন্ধে আমি আমার বক্তব্য বলছি, তারপর আর যে তিনটা কমিটি

সম্বন্ধে সংশোধন রয়েছে সেগুলো না হয় আমি শুধু রেফার করে যাব। আমাদের দেশে ছেলে এবং মেয়েদের একই বিদ্যালয়ের ব্যবস্থা আমরা করতে পারি নি। সেটা করা ঠিক কি ঠিক নয় সেই সমস্ত বিতর্কের মধ্যে আমি যাচ্ছি না। গার্লস স্কুলগুলি আলাদা আছে, তার প্রয়োজন হয়ত আছে, সেগুলির ম্যানেজমেন্ট আমাদের দেখতে হবে। তার কি সমস্যা, কোথায় করলে পর আমাদের রাজ্যপালিকার শুভ ইচ্ছাকে পশ্চিমবঙ্গ-সরকার সহজেই কার্যকরী করতে পারেন এই সমস্ত দেখবার ভার নেবেন কে? বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন স্থাপিত হচ্ছে কিন্তু সেই বোর্ডের এ সম্পর্কে কোন রকম ক্ষমতা থাকবে না এর চেয়ে হাস্যকর ব্যবস্থা আর কি হতে পারে? যদি এই বোর্ড রাজ্যপালিকার ঘোষণার আগে, পশ্চিমবঙ্গ সরকারের ঘোষণার আগে, সংগঠিত হোত তাহলে হয়ত আমি একথা বলবার অবকাশ পেতাম না। কিন্তু বার বার যখন শিক্ষাজগতের উন্নতিকল্পে এই সমস্ত জিনিস করতে যাচ্ছেন বলে আমাদের অন্তত বুঝাতে চান তখন আমি বলতে চাই যে কেন এই বোর্ডের মধ্যে গার্লস এডুকেশন কমিটি আলাদা থাকবে না? এটা আলাদা থাকবার প্রয়োজন আছে। মেয়েদের শিক্ষাব্যবস্থাপনার মধ্যে তাদের জন্য কোন স্পেশাল ব্যবস্থার দরকার হবে কিনা, তার সিলেবাস কিরকমভাব হবে, কোন্ কোন্ বিদ্যালয়গুলির পক্ষে কো-এডুকেশন দেওয়া সম্ভব, কোথায় কোথায় নূতন বিদ্যালয় খুললে পর উদ্দেশ্য সাধিত হয়ে উঠতে পারে সেই যেসমস্ত পরিকল্পনা, সেগুলি নিয়ে ভাববেন কে? বলতে পারেন যাঁরা বোর্ডের মধ্যে থাকবেন কিম্বা যাঁরা এডুকেশন ডিপার্টমেন্টে বসে আছেন তাঁরা ভাববেন, কিন্তু এতদিন পর্যন্ত যখন ডিপার্টমেন্ট এটা ভাবতে পারেন নি তখন তাঁদের নূতন করে করবার আর কিছু নেই। বোর্ড গঠিত হবার পর যদি তাঁরা ভাবতে পারেন, তবে এই নবগঠিত বোর্ডের হাতে কেন সেই ভারটা দেওয়া হবে না আমি তা বুঝতে পারছি না। যদি গার্লস এডুকেশন কমিটি এসে মেয়েদের শিক্ষার নবতর ব্যবস্থার কোন পন্থা গ্রহণ করতে পারেন তাহলে সেটা পশ্চিমবঙ্গ-সরকারের পক্ষে নিশ্চয়ই গৌরবের কথা সে বিষয়ে আমি একটুও সন্দিহান নয়।

[At this stage the red light was lit.]

কাজে কাজেই মন্ত্রীমহাশয়কে বলছি যে আমার বক্তৃতার সামনে লাল আলো জ্বলে উঠলেও পশ্চিম বাংলার শিক্ষাজগতে লাল বাতি জ্বালিয়ে দেবার ইচ্ছা যদি তাঁর না থাকে, তাহলে আমি যে সংশোধনী প্রস্তাবগুলি এনেছি সেগুলি তিনি যেন গ্রহণ করেন। আমি সভাপতি মহাশয়ের নির্দেশ মেনে বসে পড়ছি কিন্তু তার আগে আমি একথা বলব যে, টেকনিকাল এডুকেশন কমিটি, ইউনিভার্সিটি কোরিলেশন কমিটি, প্রাইমারী কোরিলেশন কমিটি সম্বন্ধেও আমার সংশোধনী আছে। আমি ঐগুলি তুলে নিচ্ছি না, ঐগুলি বিবেচনার জন্য আমি হাউসের সামনে উপস্থিত করছি।

[2-30—2-40 p.m.]

আমি এখানে আরেকটা কথা বিবেচনার জন্য আপনার মাধ্যমে এই হাউসের সামনে উপস্থিত করছি। কথাটা হচ্ছে—হ্যাঁ, আমাদের রিপিটিশন হয়ে যায়, আমরা হয়ত কোন প্রসঙ্গে এমন কথা বলে ফেলি যে যার জন্য সভাপতি মহাশয় আমাদের সংযত করে দেন—এটা ও'র পক্ষে ঠিক আমরা বুঝতে পারি কিন্তু কথা হচ্ছে যে, এমন অবস্থা হয়ে পড়ে যে আগে বলা হয়ে থাকলেও আমাদের পুনরুক্তি না করে উপায় থাকে না, আগের কথাই পুনরায় বলতে হয়। এই পুনরুক্তিকে বিচার করবার আবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman: There has been a good deal of rhetoric and recital of past history as was witnessed in the peroration of the last speaker, but I would like to tell honourable members that it does not help progress of the debate. Motives should not be ascribed in the way it has been done. Honourable members should avoid these things. Of course they are perfectly at liberty to hold those views, but there is hardly any place for them in the course of the debate. Let us take things in a businesslike manner. I would request honourable members to finish their speeches as quickly as possible.

Sj. Satya Priya Roy: But, Sir, there is scope for rhetoric in parliamentary speeches.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, you have said that there should be no rhetoric. Will you kindly give us models of speeches to show that this is rhetoric and that is not rhetoric?

Mr. Chairman: Professor Bhattacharyya, that is beside the point. I cannot give you a model of a speech. You know what is what. I really depend upon your good sense.

Janab Abdul Halim: Sir, I beg to move that after clause 18(e), the following item be added, namely:—

"(f) the Committee for the Secondary Education of the Educationally Backward Classes."

মাননীয় চেয়ারম্যান, স্যার, এই ১৮নং ক্লজ (ই) যেখানে বোর্ড কথা আছে তার জায়গায় "(এফ) অর্থাৎ—

"the Committee for the Secondary Education of the Educationally Backward Class". The Board shall constitute following Committees, viz., Recognition Committee, Syllabus Committee, Examination Committee, Appeal Committee, Finance Committee.

এটা যোগ করবার জন্য বলেছি। এখানে শিক্ষা প্রসারের কথা হচ্ছে। বাংলাদেশে শিক্ষাপ্রতিষ্ঠান কম। আমাদের বাংলাদেশে এডুকেশনালি ব্যাকওয়ার্ড ক্লাসও যথেষ্ট আছে। আমাদের সমাজের বিভিন্ন স্তরে তারা রয়েছে এবং তারা শিক্ষাদীক্ষায় অনুন্নত। তাদের শিক্ষাব্যবস্থা করতে হ'লে এই শিক্ষা বোর্ড তার জন্য কি সিদ্ধান্ত করেছেন এবং তা কিভাবে পরিচালনা করবেন তা আমাদের সামনে যে বিল এসেছে তার মধ্যে কিছুই পাচ্ছি না। সেজন্যই আমি বলেছি সেসব করতে হ'লে secondary education for educationally backward classes বিশেষভাবে যত্ন নিতে হবে। আমি জানি সম্প্রতি গভর্নমেন্ট অব ইন্ডিয়ার যে রিপোর্ট প্রকাশিত হয়েছে তাতে রয়েছে বাংলাদেশের শিক্ষিত শ্রেণীর কথা বাদ দিয়ে দেখা যায় অনুন্নত শ্রেণীর অবস্থা মোটেই ভাল হয় নি। এখানে আমার কথা হচ্ছে, যদি ব্যাকওয়ার্ড ক্লাসদের আমরা শিক্ষা-দীক্ষায় উন্নত না করতে পারি তাহলে আমরা কখনও অগ্রসর হতে পারব না। কিন্তু দুঃখের বিষয় সেদিকে কোন প্রচেষ্টা দেখি না। আমরা দেখেছি সেন্ট্রাল গভর্নমেন্ট ১৯৫৬-৫৭ সালের জন্য ৯ লক্ষ ৯৪ হাজার টাকা বরাদ্দ করেছেন। আমাদের বাংলাদেশেও একটা বোর্ড গঠন করে শিক্ষার দায়িত্ব সরকার নিচ্ছেন, কিন্তু বাংলাদেশের ব্যাকওয়ার্ড ক্লাসএর শিক্ষা বিস্তারের জন্য কি ব্যবস্থা করা হবে তার কোন নির্দেশ এখানে নাই। সেদিক থেকে আমার বক্তব্য হচ্ছে, অনুন্নত শ্রেণীর মধ্যে শিক্ষা প্রসারের জন্য আজকে এখানে একটা কমিটির প্রয়োজন। সেই কমিটি হবে, the Committee for secondary education of backward classes. এই কমিটি না করলে অনুন্নত শ্রেণীর মধ্যে বিদ্যালয় স্থাপন করে শিক্ষা পরিচালনা করা সম্ভব হবে না, শুধুমাত্র একটা কাগজ কলমের ব্যবস্থার মধ্যেই তা পর্যবসিত হবে। তাই আমার বক্তব্য হচ্ছে এই বিষয়ে একটা ব্যবস্থা থাকা দরকার এই বিলে। আমি মনে করি আমি যে প্রস্তাব করেছি সেটা রাখা দরকার। আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব—তিনি বলেছেন শিক্ষাব্যবস্থার সম্পূর্ণ দায়িত্ব গভর্নমেন্ট নেবেন এটা সরকারের কর্তব্যও বটে। আমি এখানে তাঁকে অনুরোধ করব যে, একটা ইন্ডিপেন্ডেন্ট এবং ডেমক্রেটিক গণতান্ত্রিক বোর্ডের প্রয়োজন আছে যদি প্রকৃতই অনুন্নত এবং ব্যাকওয়ার্ড শ্রেণীর মধ্যে শিক্ষাপ্রসার করতে চান—যদি এটাই আপনাদের অভিপ্রায় হয় তাহলে আমার নির্দেশিত একটি কমিটির দরকার।

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১১২নং সংশোধনী শ্রীমতী অনিলা দেবী এবং শ্রীযুক্ত নগেন ভট্টাচার্য মহাশয়ের নামে এসেছে। রেকগনিশন কমিটির নাম গ্র্যান্টস কমিটি করা হবে। এখানে একটি নীতিগত প্রশ্ন থেকে যাচ্ছে। [illegible] মঞ্জুরী দেওয়ার জন্য একটা থাকবে, তাদের সাহায্য

দিয়ে বাঁচিয়ে রাখার কর্তব্য একজনের হাতে থাকবে, আর সব রকম দায়িত্ব অন্যের হাতে থাকবে এই ব্যবস্থায় কখনও শিক্ষাব্যবস্থার উন্নতি ও কল্যাণ হ'তে পারে না। আমরা আমাদের অভিজ্ঞতায় জানি বিদ্যালয়গুলিকে মঞ্জুরী দেয় বিশ্ববিদ্যালয়, আর তাদের সাহায্য দেওয়ার কর্তব্য হচ্ছে সরকারের। আজকে বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় একটা অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে যার কথা দে কমিশন উল্লেখ করেছেন। অন্য প্রদেশে এই ব্যবস্থা ছিল না। বাংলাদেশে মঞ্জুরী দেবার অধিকার একজনকে দিয়ে সাহায্য দেবার অধিকার আরেক জনের হাতে আছে বলে দে কমিশন এ সম্পর্কে পরিষ্কার বলেছেন, আমি এখানে টেবল সিক্সএ যা দেখছি তা সংক্ষেপে বলছি।

[2-40—2-50 p.m.]

বোম্বেতে ১.০৩০টি স্কুল আছে, তার মধ্যে সাহায্যহীন বিদ্যালয়ের সংখ্যা মাত্র ৪৪টি; মাদ্রাজে ১,৪১১টি স্কুল আছে, তার মধ্যে সাহায্যহীন স্কুলের সংখ্যা মাত্র ১৪টি; আর আমাদের পশ্চিম বাংলায়, ১৯৫২-৫৩ সালের যা পরিসংখ্যান দেওয়া হয়েছে এবং দে-কমিশনের রিপোর্টেও দেওয়া হয়েছে. ১,৩২৩টি বিদ্যালয় ছিল, তার মধ্যে সাহায্যহীন বিদ্যালয়ের সংখ্যা ৪৬৮টি, বর্তমানে পশ্চিম বাংলায় সতের শ' উপর বিদ্যালয় আছে। তার মধ্যে নয় শ' বিদ্যালয় সাহায্যপ্রাপ্ত এবং আট শ' সাহায্যহীন। অবশ্য সরকারী পরিসংখ্যানে অনেক জোড়াতালির ব্যবস্থা আছে। তাঁরা এগারো শ' দেখাতে চান সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়, আর সাহায্যহীন ছয় শ' বিদ্যালয়। ঐ এগারো শ' বিদ্যালয়ের মধ্যে দু'শো স্কুল আছে, যার হিসেব আমরা নিয়েছি—যে দু'শো স্কুল সাহায্য বাবত এক কাণাকড়িও সরকারের কাছ থেকে পায় না। যদি সরকারী পরিসংখ্যান ধরি তাহলে দেখব ১,৭০০ বিদ্যালয়ের মধ্যে ৬০০ বিদ্যালয় সাহায্যহীন। অর্থাৎ সাহায্যহীন বিদ্যালয়ের সংখ্যা মোট বিদ্যালয়ের ⅓ অংশ। এই সাহায্যহীন বিদ্যালয় সম্পর্কে দে-কমিশন বার বার করে পরিষ্কার বলেছেন যে, দু' ধরনের বেসরকারী বিদ্যালয় থাকা উচিত নয়—এক সাহায্যপ্রাপ্ত, আর এক সাহায্যহীন। এই বিভেদ ও পার্থক্য তুলে দিতে হবে। সাহায্যহীন ও সাহায্যপ্রাপ্ত এই দু'রকম বিদ্যালয় রাখলে শিক্ষার কোন কল্যাণ হতে পারবে না। পেজ ফিফটি-ফোর-এতে দে-কমিশন বারে বারে যা সুপারিশ করেছেন তার উল্লেখ আছে, সেটা মন্ত্রীমহাশয়ের গোচরে আনতে চাই।

We have already stated that there should no longer be any un-aided schools.

Mr. Chairman: You have explained that in Bengali.

Sj. Satya Priya Roy: Sir, it is not my own opinion. It is as authoritative as the report of the Dey Commission. Whenever our Minister speaks he swears by this Commission. That is why I have taken the trouble of finding out the lines that go against him, against the Bill.

Mr. Chairman: You have given in Bengali first and you are repeating it.

Sj. Satya Priya Roy:

দে-কমিশন কি বলেছেন সেটা আগে বলা দরকার। কারণ মাননীয় মন্ত্রীমহাশয় বারে বারে দে-কমিশনের কথা বলেছেন। সেই দে-কমিশন বলেছেন—

We have already stated that there should no longer be any un-aided schools. All schools which are approved, that is recognised, must be offered and given proper aid from the State.

এই যদি করতে হয়, দে-কমিশন যে সুপারিশ করেছেন, তা যদি মানতে হয় এবং সাহায্যহীন ও সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের যে পার্থক্য আছে তা যদি তুলে দিতে হয়, তাহলে শুধু রেকগনিশন কমিটি বোর্ডে গঠন করলে চলবে না এবং সেইজন্য বোর্ডের রেকগনিশন ও গ্র্যান্ট কমিটি হবার প্রয়োজনীয়তা আছে। দে-কমিশন সেইজন্য শুধু এই রেকগনিশন কমিটির কথা বলেন নাই। তাদের সুপারিশে পরিষ্কার দেওয়া আছে রেকগনিশন কমিটি ও গ্র্যান্টস কমিটি হবে। তাই

আমি আশা করব মন্ত্রীমহাশয় যে দে-কমিশনের সুপারিশ সম্পর্কে এত কথা বলেছেন, সেই দে-কমিশনের এই সুপারিশ তিনি মেনে নেবেন। মাননীয় মন্ত্রীমহাশয় হয়ত খসড়া আইনের ২৪ ধারা উল্লেখ করবেন। সেখানে আছে বটে—

the Board may with the approval of the State Government constitute such other committees as it thinks fit and such committees may be composed wholly or in part of the members of the Board.

মন্ত্রীমহাশয় হয়ত বলবেন যে আপনারা অনেকগুলি কমিটি গঠন করবার কথা বলেছেন বা দে-কমিশনও অনেকগুলি কমিটি করবার সুপারিশ করেছেন। তার ব্যবস্থা আছে বিলের খসড়ায় ২৪ ধারায়। ২৪ ধারায় এখানে বোর্ড ইচ্ছা করলেই কোন কমিটি করতে পারবে না। কিন্তু বোর্ড সেখানে করতে পারবে—

with the approval of the State Government

তাই যদি হয়—স্টেট গভর্নমেন্টএর পক্ষ থেকেও সম্মতি থাকবে, তাহলে তাঁরা এই খসড়া বিলের মধ্যে এর একটা স্ট্যাটুটরি মর্যাদা দিতে পারতেন। কাজেই আমাদের আশঙ্কা আছে টাকা দিয়ে সাহায্য করবার অধিকার ও ক্ষমতা দুটোই সরকার নিজের হাতে রেখে দিতে চান। এটা দেখেছি ইংরেজ আমলে, আমাদের তিক্ত অভিজ্ঞতা আছে, তাঁরা সাহায্যহীন ও সাহায্যপ্রাপ্ত এই দুরকম বিদ্যালয় সৃষ্টি করেছিলেন। কারণ তাঁরা মনে করতেন সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলি বেশি রাজভক্ত। এখন মন্ত্রীমহাশয়ও মনে করতে পারেন তাদের সাহায্য দেব, আর তার মূল্য হিসেবে ভক্তি ও আনুগত্য আদায় করে নেব।

Mr. Chairman: Now, that is analysis of motives which is hardly called for.

Sj. Satya Priya Roy: But the fact remains that......

Mr. Chairman: It is hardly fair to say that it has been done with an intention.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I wonder if we are in a church or in a parliament.

Mr. Chairman: I have got to consider that there are two points of view on this matter. What I suggest is that you may state facts but do not suggest that it has been done with this intention.

Sj. Satya Priya Roy:

তা কি ক'রে হয়?

Mr. Chairman: That would be in order.

Sj. Satya Priya Roy:

আমি তো আর অন্তর্যামী নই! তাঁদের ইন্টেনশন আমি বলতে পারবো না। এর ফল কি হতে পারে? দেশের অকল্যাণ হতে পারে। দেশের সেই অকল্যাণের কথা এখানে আমি প্রকাশ করছি মাত্র। এখানে ঐ ২৪ ধারার পিছনে দাঁড়িয়ে যদি মন্ত্রীমহাশয় যুক্তি হিসেবে সেটা দাঁড় করান, যে যখন যেরকম খুশি কমিটি বোর্ড গঠন করতে পারবে, তাহলে, আমি বলব সে যুক্তি অচল হবে। দ্বিতীয় যুক্তি তিনি রেকগনিশন ও গ্র্যান্টস কমিটির বিরুদ্ধে দিতে পারেন, আমরা টাকা দেব, আর গ্র্যান্ট যদি অন্যে মঞ্জুরী করেন, তাহলে কত টাকার দায়িত্ব আমাদের নিতে হবে তা আমরা জানতে পারব না। এই রকম অবস্থায় গ্র্যান্ট দেবার ক্ষমতা রেকগনিশন ও গ্র্যান্টস কমিটিকে দিতে পারব না। মন্ত্রীমহাশয়ের টাকা দেবার কি ক্ষমতা আছে জানি না। সাধারণে যে রাজস্ব দিয়েছেন, তা থেকেই এ টাকা তিনি দেশের কল্যাণের জন্য খরচ করবেন। শিক্ষা খাতে কত টাকা তিনি খরচ করতে পারবেন, তা বাজেটে ঠিক করবেন। কোন্ বিদ্যালয়কে কত টাকা সাহায্য দেওয়া হবে, সেই অনুযায়ী বাজেটে টাকার ব্যবস্থা করবেন এবং সেই অনুযায়ী তিনি

বোর্ডকে বলে দিতে পারবেন এই বছর এত করে সাহায্য করতে পারব। কাজেই গ্র্যান্ট ও রেকগনিশন কমিটি সেই অনুযায়ী তার বাজেট তৈরি করতে পারবেন। সুতরাং তাঁরা যে যত খুশি গ্র্যান্ট দিতে পারবেন তা নয়। মন্ত্রীমহাশয় যে মঞ্জুরী করে দেবেন, তার মধ্যেই তাঁদেরকে সীমাবদ্ধ থাকতে হবে। কাজেই মন্ত্রীমহাশয় যে যুক্তি দেবেন, তার সম্বন্ধে আমার বক্তব্য বললাম।

তার পরের সংশোধনী সম্বন্ধে বলতে চাই, সেটা হচ্ছে টেকনিক্যাল এডুকেশন কমিটি, ইউনিভার্সিটি কোরিলেশন কমিটি, প্রাইমারী কোরিলেশন কমিটি—এই তিনটি কমিটির সম্বন্ধে অনিলা দেবী ১১৩ নম্বরে যে সংশোধনী উপস্থাপিত করেছেন, তার প্রত্যেকটির প্রয়োজনীয়তা কতটা, সে সম্বন্ধে আমি খুব সংক্ষেপে বলব। অবশ্য আমি সভাপতি মহাশয়ের ব্যস্ততার কারণ বুঝতে পারি। আমরা বলেছিলাম—এমন একটা গুরুত্বপূর্ণ বিল যখন এসেছে, এ সম্বন্ধে সকলে মিলে ভাল করে এর আলোচনা করি। কিন্তু দুঃখের বিষয় আমাদের বিরোধীপক্ষকে সে সুযোগ দেওয়া হয় নাই। তাঁরা বলেছেন সভাপতি মহাশয় যখন আপনাদের উদারভাবে আলোচনার সময় দিচ্ছেন, তখন আর সিলেক্ট কমিটির কি প্রয়োজন আছে? সেই ঔদার্য্যের খানিকটা তো আমরা ব্যবহার করবই।

[2-50—3 p.m.]

প্রথম হচ্ছে ইউনিভার্সিটি কোরিলেশন কমিটির একটা বিশেষ প্রয়োজনীয়তা আছে। বিশেষ করে যে পর্ষৎ গঠিত হতে যাচ্ছে—আমরা দাবী করেছিলাম যে সেখানে বিশ্ববিদ্যালয়ের অন্তত ৫ জন প্রতিনিধি থাকুক। যেখানে গত বোর্ড-এতে ৪০ জন সদস্যের মধ্যে উপাচার্যকে নিয়ে ৯ জন সদস্য ছিলেন সেখানে এবার ২৭ জনের বোর্ডে শুধুমাত্র ৩ জন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি থাকবার ব্যবস্থা করা হয়েছে। কাজেই এই প্রতিনিধিদের ভিতর দিয়ে মাধ্যমিক শিক্ষার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার যোগসূত্র স্থাপিত হতে পারবে না। এই যোগসূত্র স্থাপন করবার জন্য ইউনিভার্সিটি কোরিলেশন কমিটির বিশেষ প্রয়োজনীয়তা আছে। এই প্রয়োজনীয়তার কথা দে-কমিশনও উপলব্ধি করতে পেরেছিলেন। সেইজন্য দে-কমিশন, স্ট্যান্ডিং কমিটিগুলির মধ্যে ইউনিভার্সিটি কোরিলেশন কমিটির কথা উল্লেখ করেছেন। এটার কেন প্রয়োজন সেটাই আমি আপনার কাছে নিবেদন করতে চাই। বিশ্ববিদ্যালয় ও মাধ্যমিক শিক্ষার মাঝখানে যে হাইফেন ছিল, সেই হাইফেনটিকে তুলে দেওয়া হচ্ছে। অর্থাৎ যে ইন্টারমিডিয়েট স্টেজটা ছিল সেই স্টেজটাকে তুলে দেওয়া হচ্ছে এবং মাধ্যমিক শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরস্পরের সঙ্গে দূরে হয়ে যাচ্ছে। যেখানে দেখা যাচ্ছে যে মাধ্যমিক শিক্ষার এক বৎসর বিভিন্ন কলেজগুলিতে দিতে হবে প্রি-ইউনিভার্সিটি কোর্স হিসেবে, সেখানে ছেলেরা এক বছর প্রি-ইউনিভার্সিটি কোর্সএ যেটুকু পড়বে, সেটা একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরাই পড়বে। এই প্রি-ইউনিভার্সিটি কোর্সএর কি সিলেবাস হবে—এর কোর্সএর পর পরীক্ষা হবে কিনা সে সম্বন্ধে তারা কোন সার্টিফিকেট পাবে কিনা সেসমস্ত খুঁটিনাটি ব্যবস্থা করবার প্রয়োজন হবে এবং এটা অন্তর্বর্তীকালীন হিসাবে ২০-২৫ বৎসর চলতে থাকবে।

(শ্রীযুক্ত মহীতোষ রায় চৌধুরীঃ সিলেবাস কমিটিকে ত ভার দেওয়া হয়েছে)—

ওটাতে এ সিলেবাস কমিটির ব্যাপার নয়। সমস্ত জিনিসটার ব্যবস্থা করতে হবে যে এই প্রি-ইউনিভার্সিটি কোর্সএ সিলেবাস কমিটি থাকবে না। অধ্যাপক মহীতোষ বাবু যা বললেন সেটা ঠিক নয়। সিলেবাস কমিটির পাওয়ার আছে—সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে যেসমস্ত সিলেবাস করতে হবে, সেটা সে করতে পারবে কিন্তু ইতিমধ্যে মন্ত্রীমহাশয় বলে দিয়েছেন যে, প্রি-ইউনিভার্সিটি কোর্স, মাধ্যমিক শিক্ষার অংশ নয়—সেটা কলেজিয়েট শিক্ষা। কাজেই কলেজীয় শিক্ষার সিলেবাস করার অধিকার সিলেবাস কমিটিকে দেওয়া হয় নাই। সেইজন্য ইউনিভার্সিটি কোরিলেশন কমিটির উল্লেখ যা দে-কমিশনএ ছিল সেটার বিশেষ প্রয়োজনীয়তা আছে বলে আমি সেই সংশোধনী সমর্থন করছি।

দ্বিতীয় হচ্ছে প্রাইমারী কোরিলেশন কমিটি। এখানে শিক্ষা সম্পর্কে একটা স্পষ্ট ধারণা করা উচিত শিক্ষক হয়ত দিলেন—শিক্ষা আইনের খসড়া আনবার আগে। সাধারণভাবে কেন্দ্রীয় সরকার স্বীকার করে নিয়েছেন যে প্রাথমিক ও মাধ্যমিক স্তর বিভাগটা তাঁরা তুলে দেবেন। এবং

৫ বছরে প্রাথমিক ও ৩ বছরে মাধ্যমিক—এ মিলিয়ে ৮ বছরে একটা ইন্টিগ্রেটেড কোর্স তারা তৈরি করবেন। কাজেই প্রাথমিকের সঙ্গে মাধ্যমিকের একটা যুক্তশিক্ষা পরে পরিণত হবে। কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট নীতিই হচ্ছে তাই। তাই যদি হয়, তাহলে প্রাইমারী শিক্ষার সঙ্গে মাধ্যমিক শিক্ষার যাতে একটা যোগাযোগ থাকে, তারজন্য প্রাইমারী কোরিলেশন কমিটির একটা বিশেষ প্রয়োজনীয়তা আছে। বিশেষ করে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আমি এই সুযোগে আকৃষ্ট করতে চাই যে, আজকাল প্রাইমারীতে যা পড়াশুনা করান হচ্ছে তার সঙ্গে মাধ্যমিক স্তরেতে যা পড়াশুনা করান হয় তার কোন যোগাযোগ নেই। এবং প্রাথমিক স্তর থেকে বেরিয়ে এসে যেসমস্ত ছাত্র-ছাত্রী মাধ্যমিক বিদ্যালয়ে যোগদান করে তারা মাধ্যমিক পড়াশুনার সঙ্গে কিছুতেই খাপ খাইয়ে উঠতে পারে না। তার কারণ হচ্ছে যে শিক্ষার বিভিন্ন যে স্তর সেই স্তরের মধ্যে যোগসূত্র আনবার কোন চেষ্টা করা হয় নি। সেই যোগসূত্র রাখবার জন্যই আমি প্রাইমারী কোরিলেশন কমিটির সমর্থন করছি।

তৃতীয়ত, টেকনিকাল এডুকেশন কমিটি। এই সম্বন্ধে বললেই কমিটিগুলি সম্বন্ধে আমার যা বক্তব্য তা শেষ হয়ে যাবে। টেকনিকাল এডুকেশন কমিটি সম্পর্কে বলতে গিয়ে মন্ত্রীমহাশয়ের বক্তৃতার পুনরুল্লেখ করেই বলব যে, তিনি বলেছেন যে, আমাদের এখন আর সেই গতানুগতিক শিক্ষার ধারা নয়, আক্ষরিক শিক্ষা নয়, কেরাণী-প্রস্তুতি নয়। শিক্ষা বহুমুখী হতে যাচ্ছে। শিক্ষা এক ধারায় প্রবাহিত না হয়ে নানা রকম কারিগরি শিক্ষার ব্যবস্থা করা হচ্ছে। তাই যদি করতে হয়, তাহলে কারিগরি শিক্ষা-ব্যবস্থা সম্পর্কে উপদেশ দেবার জন্য একটা স্ট্যান্ডিং কমিটি এই বোর্ডের থাকা উচিত। মন্ত্রীমহাশয় অবশ্য বলবেন যে আমাদের এই বোর্ডএ
Director of Agriculture or Director of Industries
আছেন। কিন্তু একজন
Director of Agriculture or Director of Industries
বোর্ডে থেকে কারিগরি শিক্ষা সম্পর্কে কোন রকম সুফল ফলাতে পারবেন বলে মনে হয় না।

Mr. Chairman: You need not anticipate what answer he will give.

Sj. Satya Priya Roy: We have to discuss amendments from all points of view. I know for certain that this may be the argument levelled from the other side and if I am dilating, it is only to refute his argument.

Sj. Nagendra Kumar Bhattacharyya: We anticipate this argument.

Sj. Satya Priya Roy:

টেকনিক্যাল এডুকেশনএর সূত্র সম্পর্কে আমি এখন আর কিছু বলছি না। এর প্রয়োজনীয়তা আছে। এই ২৭ জনের বোর্ডের ঘন ঘন সভার অধিবেশন হতে পারবে না, প্রত্যেকটি বিষয় পরামর্শ দেবার জন্য বিশেষজ্ঞ কমিটি থাকা দরকার। টেকনিকাল এডুকেশন মাধ্যমিক শিক্ষার যে একটা গুরুত্বপূর্ণ দিক, সেটা মন্ত্রীমহাশয় নিজেই বলেছেন। সেইজন্য টেকনিকাল এডুকেশন কমিটি থাকা উচিত। এটা শুধু আমার বা অনিলা দেবীর বা নগেন বাবুর মত নয়, এটা যে কমিশনএর সমর্থন তিনি খোঁজেন সেই সে-কমিশনএও এইরকম কমিটির কথা আছে। কাজেই আমি আশা করব বিভিন্ন কমিটি গড়ে পর্ষৎকে সাহায্য করবার জন্য যে সংশোধনী প্রস্তাব তাঁর সামনে রয়েছে সেই প্রস্তাবগুলি তিনি সহৃদয়তার সঙ্গে বিচার করবেন এবং শিক্ষার কল্যাণে সেই সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করবেন। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, I shall be as brief and as business-like as possible. I beg to oppose the amendments of my sister, Sjkta. Anila Debi as well as of my friend, Janab Abdul Halim and also of my friend Nagendra Kumar Bhatacharyya. I oppose amendment No. 110 on the ground that this Board will be a small Board and there is no necessity for an Executive Council. A Board of 27 members does not make it necessary that there should be an Executive Committee. Then as

regards the amendment No. 113, Sjkta. Anila Debi wants several Special Committees, viz., Planning and Development Committee, Girls' Education Committee, Technical Education Committee, University Correlation Committee and Primary Correlation Committee. She has supported her amendment by arguments which have been reinforced by my friend, Sj. Satya Priya Roy. They have been quoting from the report of the Dey Commission whenever it suited their purpose against the specific recommendation of the Mudaliar Commission.

[3—3-10 p.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, is Mr. Rai Chaudhuri entitled to impute motives? Mr. Rai Chaudhuri is imputing motives to us. He said "whenever it suits us."

Sj. Mohitosh Rai Chaudhuri: I am not ascribing any motive to anybody.

Mr. Chairman: I would request you to avoid personal reference.

Sj. Mohitosh Rai Chaudhuri: They are quoting the Dey Commission's report when it suits their purpose. What I mean to say is this: in order to support their points they sometimes quote Dey Commission's report and at other times they quote extracts from the Mudaliar Commission's report. They are trying to support their amendment for Planning and Development Committee by quoting from the Dey Commission's report, but if they be good enough to turn to page 13, paragraph 10, they will find in the last line specifically stated that "our welfare State must take upon itself the task of planning and development of secondary education along sound lines." That is to say that the task of planning and development of secondary education must be the task of the Government. This recommendation has been made for very good reasons, namely, that, as I have been repeating again and again, the primary education must be the sole charge of the National Government, and therefore planning and development of secondary education must be the charge of the National Government. At the same time the Dey Commission has been a little bit inconsistent. Contrary to what they have specifically stated on page 13, paragraph 10, last three lines, they have stated that the task of planning and development must be delegated to the Board. Either they have forgotten what they recommended in the earlier part of their report or what they meant to say is that—'the principal responsibility of planning and development is that of the Government, but in this task of the national Government they should be assisted by the Board of Secondary Education.' If they meant this, I do not want to contradict them, but I think that for that assistance a separate committee for planning and development would not be at all necessary. It is the duty of the Government to plan a comprehensive development of secondary education, and in that task they would certainly seek the advice of the Board when they think it necessary.

Then there is another thing. If you go through the report of the Mudaliar Commission you will find that it is stated there that because the funds will be in the hands of the Government, therefore it would be very much better if planning also is in the hands of the Government. The Dey Commission has also endorsed this argument in more than one page of its report. Therefore I say that it is absolutely unnecessary to have a Planning and Development Committee. The work which may be done by the Planning and Development Committee will be done by the Board itself.

Then as regards Girls' Education Committee, my sister Shrimati Anila Debi thinks that planning of girls' education cannot be done by a committee which has a predominance of male members and that only a woman member is competent to plan for the education of girls.

(A voice from the Opposition benches: Never said so.)

Now, is it reasonable to suppose that we are incompetent to advise what should be the education of our daughters, grand-daughters, sisters and others? Are we so incompetent? Besides, you see in the composition of the Board there is the Chief Inspector of Women's Education. If my sister thinks that male members of the committee would not be quite competent to plan education for girls, there will be the Chief Inspector of Women's Education to advise them. Then as regards the Syllabus Committee, you will find that in one of my amendments I have proposed that on the Syllabus Committee there should be the Principal of the Institute of Education of Women and......

Sj. Satya Priya Roy: Sir, can he refer to his amendment before it is moved?

Mr. Chairman: Yes, he can by way of explaining the present subject.

Sj. Mohitosh Rai Choudhuri: And I understand that the Syllabus Committee's most important duty will be to plan the syllabus for women. There will be a woman in that Committee. So you need not fear that unless there is a Girls' Education Committee, the education of girls will suffer: there is no cause for such apprehension.

Now, I will turn to my friend Janab Halim's plea for having a Committee of Secondary Education for the educationally backward classes. My friend has forgotten that the education of the educationally backward classes and education of the handicapped is the charge of everyone of us. Therefore, there is no necessity for a separate Committee of Secondary Education. Besides as my friend Sj. Satya Priya Roy was saying, the Bill provides for as many committees as the Board would think proper for the proper discharge of its duties.

Sir, as my time is up I shall take my seat only by once more recording my views against the amendments of Shrimati Anila Debi and Sj. Nagendra Kumar Bhattacharyya and making a small observation as regards the question of grant. I will appeal to the Minister to see if he could accept an amendment like this. I would ask him to see if he could include among the functions of the Board a provision namely that the Board will make recommendations about the conditions of grant-in-aid, the condition which should be fulfilled by a school in order to have a grant. I would appeal to him to see how far he can accept an amendment like this.

[3-10—3-20 p.m.]

Sj. Monoranjan Sen Gupta: I have an amendment, amendment No. 133, but I shall not speak on that at this time.

এখানে দেখা যাচ্ছে যে, গার্লস সেকেন্ডারী এডুকেশন সম্বন্ধে অনিলা দেবী ও অন্যান্য বক্তারা বলেছেন, কিন্তু অার একটা ইম্পরট্যান্ট কমিটি, ফিজিক্যাল এডুকেশন কমিটি সম্বন্ধে কেউ কিছু বলেন নি, অথচ এটা বিশেষভাবে আবশ্যক রয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ১৯৫০ সালে—

Mr. Chairman: But there is no amendment to that effec

Sj. Monoranjan Sen Gupta: I am speaking on the clause.

১৯৫০ সালে ওয়েস্ট বেংগল সেকেন্ডারী এডুকেশন এ্যাক্ট যা ছিল, তার মধ্যে ফিজিক্যাল এডুকেশন কমিটি, গার্লস এডুকেশন কমিটি প্রভৃতি কমিটি অন্তর্ভুক্ত ছিল। এখন কেবল এ্যাপিল কমিটি, সিলেবাস কমিটি ছাড়া আর কিছুই নাই। আমি জানি যে নতুন যে বিল হবে, সেই বিল—পূর্ববর্তী যে-সমস্ত বিল হয়ে গেছে তাদের চেয়ে উন্নতিসূচক হবে। কিন্তু আমি দেখছি যে বিল আনা হয়েছে তাতে তেমন কিছু উন্নতিসূচক প্রস্তাব নাই, যা পাচ্ছি সেগুলি অধোগতিসূচক, যাকে 'বলে রিট্রোগ্রেড।

Mr. Chairman: No general remarks please.

Sj. Monoranjan Sen Gupta: But the Bill is retrograde, I am quite justified in saying that.

মাননীয় মন্ত্রীমহাশয় ইংল্যান্ড এ্যাক্ট অফ ১৯৪৪-এর উপর জোর দিয়েছেন, কিন্তু ইংল্যান্ড-এর ইতিহাস আলোচনা করলে দেখা যায় যে, যত আইন হয়েছে ১৮১৭-এর পর, সেটা আলোচনা করলে দেখা যাবে প্রত্যেকটিই উন্নতিমূলক আইন হয়েছে, সেখানে শিক্ষা-ব্যবস্থাকে নিম্নদিকে নিয়ে যাবার চেষ্টা হয় নি। কিন্তু বর্তমান বিলে দেখছি শিক্ষামন্ত্রী মহাশয় পূর্ববর্তী যে কমিটি বাতিল হয়ে গেছে, কি কারণে তা হয়েছে, সে সম্বন্ধে অনুসন্ধান না করে তার উপর প্রস্তাব নিয়ে এসে এই বিল গঠন করেছেন, যার ফলে এরকম অবস্থা হয়েছে—সেখানে শিক্ষার কল্যাণের যে-সমস্ত মান থাকা উচিত, সে-সমস্ত কিছু নাই, সে সমস্ত ব্যবস্থা একেবারে নাই। তিনি বলেছেন, অাদার কমিটিজ-এর উল্লেখ আছে। কি ক্ষতি ছিল সেগুলি ভাল করে লিপিবদ্ধ করে জনগণের সামনে ধরতে ; শিক্ষা উন্নতির পথে যাচ্ছে, না অবনতির দিকে যাচ্ছে বুঝা যেত।

সেজন্য বলবো যে, এটা একটা ইনোসেন্ট প্রস্তাব, এর মধ্যে দলগত প্রশ্ন কিছু নেই, এর মধ্যে প্রেস্টিজের প্রশ্ন কিছু নেই। আশা করি এই সামান্য এ্যামেন্ডটা মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন।

গ্রান্টটা সম্বন্ধে আমার এ্যামেন্ডমেন্ট আছে। গ্রান্টসের ব্যাপারটা রেকগনিশন কমিটির হাত থেকে বের করে নেওয়া হয়েছে এবং কাকে গ্রান্ট দেওয়া হবে সেটা একেবারে ইন্সপেক্টরদের হাতে বা ডিপার্টমেন্টের হাতে তুলে দেওয়া হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে এই যে, ইন্সপেক্টরদের দৃষ্টিভংগী সম্পর্কে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, আমি বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন কমিটির সভ্য ছিলাম, ইউনিভার্সিটিতেও ১৫।২০ বছর সভ্য ছিলাম স্কুল কমিটির। সেখানে দেখেছি যে, ইন্সপেক্টরদের দৃষ্টিভংগী অত্যন্ত সংকীর্ণ, তাঁরা লাল-ফিতার বাইরে যেতে পারেন না; তাঁদের উদার দৃষ্টিভংগী নেই। এই সংকীর্ণ মনোভাব নিয়ে এবং আইন-কানুনের গণ্ডীর মধ্যে আবদ্ধ থেকে তাঁরা যে-সমস্ত ব্যবস্থা করেন, সেগুলি স্কুলের পক্ষে উন্নতিমূলক হয় না এবং এমন সমস্ত বিধান তাঁরা নিয়ে আসেন, যেগুলি স্কুলের পক্ষে মেনে চলা সম্ভবপর হয় না। সেজন্য আমি বলবো, রেকগনিশন কমিটিতে যাঁরা শিক্ষাবিদ বা শিক্ষা সম্বন্ধে উৎসাহী, তাঁদের থাকা উচিত, কারণ শিক্ষার গুণগত উৎকর্ষ সাধনের আবশ্যকতা তাঁরা ভাল বুঝেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। সুতরাং শিক্ষা সম্বন্ধে যাঁরা উৎসাহী, তাঁরা যদি থাকেন তাহলে তাঁরা সহানুভূতিসূচক দৃষ্টিভংগী নিয়ে এই সমস্ত জিনিষ আলোচনা করবেন। সেজন্য রেকগনিশন কমিটির উপর গ্রান্টস দেবার ভারটাও দেওয়া উচিত। আশা করি মন্ত্রীমহাশয় এসম্বন্ধে সুবিবেচনা করবেন।

Sj. K. P. Chattopadhyay: Sir, I beg to support the amendments of Sjkta. Anila Debi and Sj. Nagendra Kumar Bhattacharyya that in clause 18(a) after the word "Recognition" the words "and Grants" be inserted. I am not going to quote the Mudaliar Commission or the Dey Commission. These names have been freely quoted in support or against various arguments. I believe Commissions are appointed to examine facts and to make recommendations on the basis of facts in a logical manner. Whether they

do so or not is not for us to decide. Therefore the mere quoting of names do not carry us any distance at all. It is only when we find that reasonable recommendation has been made by a Commission that it is worth mentioning as additional support of one's own argument. We are not discussing the accuracy of dates of empires or ancient social rites that we could quote them like Manu and Yagnabalka. I am afraid this is what is happening and it has never appealed to me and I do not propose to resort to that procedure. We are here going to have a Board. A particular clause regarding the constitution of the Board has been passed in the teeth of opposition from this side and also a good deal of public feeling against it. In the preliminary discussion we pointed out the effect of passing this Act, viz., the Board practically would be an official body. The Hon'ble Minister of Education stated very clearly that he thought that only an official Board should be there to look after secondary education. He did not believe that there could be an autonomous Secondary Education Board. He said that it was an anachronism. He made his point clear, otherwise his logic would not be tenable. The Minister made his position perfectly clear and that is obvious. But the point is having instituted a Board, having decided to set up a Board which will be run practically by officials, it must do something; otherwise it would be a sheer waste of money. Here we are having a Committee to grant recognition to secondary schools. We are having on the Committee the Director of Public Instruction, ex-officio, the Chief Inspector of Women's Education, ex-officio, the Chief Inspector of Secondary Education, ex-officio, and three persons to be elected by the Board. I do not know what is the meaning of the words "they are to be elected". Only one of them will be the Headmaster of a school. Well, this Board therefore cannot be particularly an autonomous sort of a Board. I do not refer to the constitution of other committees, because they are not relevant to this particular amendment. Inspection work will be carried on by the officials of the Education Directorate and not of the Board. I am aware that there is one gentleman who has been appointed for special investigation. I suppose on an average he investigates two or three cases per annum. Normal work of inspection is done by the Directorate and the report has been that the Director of Public Instruction and his Assistants do the work of inspection. Now, the committee of the proposed Board will see whether the school is worthy of recognition.

[3-20—3-30 p.m.]

The Government have accepted a policy of granting aids to various institutions on a deficit basis. We are aware of that. After all this is done, what will the Board do? What will the committee say? They will say "well, my dear friends, we are pleased to recognise you" and they will just sit twiddling their thumbs. The schools will ask "what about money?". They will say "Oh, we have nothing to do with money, the Directorate will see about it." They might say "Why all this pother then? Why not the Directorate recognise and make a grant"? That may be easier and less costly. What I would say is this that if you set up a Board like this without giving it the power to grant money to the schools, you are merely setting up a facade beind which there is nothing. That is why I support this particular amendment.

There is one other point I wish to stress. You have already appointed a fairly large staff to deal with the question of grant under the Secondary Education Board. I want to know what the Government are going to do with them. Will they say "Well, we may just tell you that the Board is defunct, and therefore from our point of view you are also dead, you go away". Is that the thing what they are going to do? I do not know.

You often talk of absorption of surplus hands. Will you absorb those men and women employed under the Secondary Education Board into this new Board? I would like to have an assurance on this point as well since is appears that the Hon'ble Minister is not likely to accept any amendment from this side of the House.

Sj. Naren Das:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি ১১১।১১২।১১৩ এই তিনটি সংশোধনী প্রস্তাব সমর্থন করার জন্য দাঁড়িয়েছি। আমি এখানে মুদালিয়র কমিশন বা দে-কমিশনের কথা তুলব না, তার কারণ কখনো মন্ত্রীমহাশয় তা মানছেন, কখনো আবার ছুঁড়ে ফেলে দিচ্ছেন। কিন্তু আমি বুঝতে পারি না যেখানে মন্ত্রীমহাশয় একটা বোর্ড করছেন, সেই বোর্ডে যখন মনোনীত এক্স-অফিসিও সদস্য থাকবেন, সেই বোর্ডকে তাঁরা কেন বিশ্বাস করতে পারছেন না। কেন তাকে ক্ষমতা দিতে পারছেন না বুঝি না। এই প্রসঙ্গে তিনি বলেছেন, বাংলাদেশের মধ্যশিক্ষা প্রসারের জন্য তিনি অত্যন্ত ব্যস্ত এবং খুব অল্প সময়ের ভিতর মাধ্যমিক শিক্ষাকে বাড়িয়ে দিতে চান। তাই যদি হয়, তাহলে যে বোর্ড তাঁর নিজস্ব সেই বোর্ডকে কেন ক্ষমতা দিতে পারছেন না? এখানে আমার কথা হচ্ছে, যাকে কাজ করার ক্ষমতা দিচ্ছেন, তাঁকে সম্পূর্ণ দায়িত্ব দিন। রেলওয়ে বোর্ডকে ক্ষমতা দেওয়া হয়েছে। রেলওয়ে মিনিস্টারও আছেন, কিন্তু তাঁর থাকা সত্ত্বেও রেলওয়ে বোর্ডকে সম্পূর্ণ ক্ষমতা দেওয়া হয়েছে। এখানে আপনারা একটি কমিটি করছেন, রেকগনিশন কমিটি এবং এর মধ্যে আপনারা দ্বৈত-শাসন নিয়ে আসছেন। আপনি আগেই বলেছেন যে, মাধ্যমিক শিক্ষা সরকারী সাহায্যের ভিতর আনতে চাচ্ছেন; এই আপনাদের পলিসি। যদি মাধ্যমিক শিক্ষা সত্যিই সরকারী আওতায় আনতে চান, তাহলে খুব ভাল কথা, কিন্তু তাতে যে দ্বৈত-শাসন চালু করছেন তার অনিবার্য ফল দে-কমিশনের রিপোর্টে পড়েছি, এই দ্বৈত-শাসনের জন্যই পুরানো বোর্ড ভেঙ্গে দেওয়া হয়েছে। এখানেও আপনারা এই দ্বৈত-শাসন ইন্ট্রোডিউস করছেন। তারপর, আমাদের কনস্টিটিউশন-এ আছে যে, ১৪ বৎসর পর্যন্ত শিক্ষাকে বাধ্যতামূলক করতে হবে। সেই নীতি যদি মেনে চলতে চান, যদি মাধ্যমিক শিক্ষাকে বাড়িয়ে নিতে চান, তাহলে সেখানে যদি প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট-এর জন্য কোন কমিটি না থকে, তাহলে কেমন করে কাজ করবেন? ভারত-সরকারের সর্বত্রই হচ্ছে

planning, without a Planning and Development Committee

কাজ হতে পারে না। তাই যদি মাধ্যমিক শিক্ষাকে প্রসার করতে হয়, তাহলে প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট ছাড়া হতে পারে না। বাংলাদেশের শিক্ষা সম্বন্ধে যতদূর খবর রাখি তাতে জানি ⅓ স্কুল হচ্ছে কলকাতায় এবং তার আশপাশে এবং ৩০০-৪০০ স্কুল সমস্ত প্রদেশময় আজকে এই আনইভন অবস্থার মধ্যে যদি শিক্ষার প্রসার করতে হয় তাহলেই প্ল্যানিং-এর প্রশ্ন আসে। বিশেষ ক'রে ভারত সরকার ব্যাকওয়ার্ড ক্লাসেস এ্যান্ড সিডিউল কাস্ট-এর জন্য বিশেষ ব্যবস্থা করছেন, সমস্ত শিক্ষাক্ষেত্রে এবং চাকরীর ক্ষেত্রে, কিন্তু তার এক্তিয়ার কেন ডি. পি. আই-এর উপর রাখেন, সরকারী আমলাতন্ত্রের উপর রাখেন, ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর জন্য কেন বোর্ড করেন না? ১৯৫০ সালের বোর্ডের কথা স্মরণ করিয়ে দিচ্ছি। সেখানে যে বোর্ড ছিল, তার থেকে ৪টি জিনিস বাদ দিয়েছেন, কমিটি অফ টেকনিক্যাল এডুকেশন। এই চারটি কমিটি আগের আইন থেকে বাদ দিয়েছেন। বাংলাদেশে ফিজিক্যাল এডুকেশন-এর ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাঙ্গালীকে ভীতু বাঙ্গালী বলা হয়, বাংলাদেশে শরীর-চর্চা ভাল হয় না। ১৯৫০ সালের আইনে ফিজিক্যাল এডুকেশন কমিটি যা ছিল, এবার তাও তুলে দিলেন। এখানে আমার বক্তব্য হচ্ছে, যাই করুন, সম্পূর্ণভাবে করুন যাতে তার একটা সম্পূর্ণ রূপ আমাদের সামনে পরিষ্কার হয়। তারপর, শ্রীমতী অনিলা দেবীর ১১৩নং প্রস্তাব, যেখানে ইউনিভার্সিটি কোরিলেশন কমিটির কথা আছে, এসম্বন্ধে আমি দুয়েকটা কথা বলব। আজকে আমাদের দেশে শিক্ষা এমন একটা জায়গায় এসেছে, যাতে করে মাধ্যমিক শিক্ষা, প্রাথমিক শিক্ষা এবং উচ্চ-শিক্ষা মাঝামাঝি একটা জায়গায় বসে আছে। প্রাইমারী শিক্ষা এবং উচ্চ-শিক্ষার মাঝখানে একটা হাইফেনের মত আছে। নিম্নস্তরে যাইহোক, উচ্চস্তরে যেমন আই, এ, এস প্রভৃতি প্রতিযোগিতামূলক পরীক্ষায় বাঙ্গালীর কোন নাম হয় না, এর কারণ হচ্ছে আমাদের

কোন প্ল্যানিং নাই, আমরা গোড়াতে ভাবি না। তাই আমাদের কথা হচ্ছে, একটু সুষ্ঠু প্ল্যান করে প্রাইমারী শিক্ষা এবং উচ্চ-শিক্ষা এর মধ্যে উপযুক্ত সংযোগ-সাধন করে, আমাদের শিক্ষাক্ষেত্রে অগ্রসর হতে হবে। শিক্ষাকে সম্পূর্ণতার দিকে এগিয়ে নিতে হবে, মাতৃগর্ভের শিশুর পর্যায় থেকে শিক্ষাকে একটা পরিকল্পনার ভিতর আনতে হবে। ১৪ বৎসর বয়স পর্যন্ত শিক্ষাকে বাধ্যতামূলক করতে হবে, আমাদের কনস্টিটিউশন-এ এই নির্দেশ আছে, এই নির্দেশকে যদি কার্যে রূপায়িত করতে হয় তাহলে নিশ্চয়ই প্ল্যানিং এ্যান্ড ডেভেলপমেন্ট কমিটি করতে হবে এবং বাঙ্গালীর সুনাম তথা ভারতবর্ষের সভ্যতার উপযুক্ত মর্যাদা দিতে হয়, তাহলে শিক্ষাকে প্রাথমিক পর্যায় থেকে উচ্চ-শিক্ষা পর্যায় পর্যন্ত একটা পূর্ণাঙ্গ পরিকল্পনার মধ্যে আনতে হবে, যা নাকি ইট উইল বি ওয়ান ইনডিভিজিবল হোল।

[3-30—3-40 p.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, after your ruling I feel very much subdued like a school boy in the presence of the master.
I do not know if I shall be able to explain my point of view so far as clause 18 is concerned. Sir, the first submission that I would like to place before you relates to the general organisation of the Committees of the Board. Under the West Bengal Secondary Education Act, 1950, a number of Committees were created. Practically the same Committees were recommended by the Dey Commission. Mudaliar Commission was silent on the question. Our Education Minister in his wisdom has thought fit to omit some of the Committees mentioned either by the Act of 1950 or the Dey Commission. The Education Minister has not yet given us any reasons for not retaining the Committees which found favour with him in 1950 and which, practically all of which, came to be recommended by the Dey Commission. Why was the Dey Commission appointed? Certain recommendations were made by the Mudaliar Commission and those recommendations were in fact judged by the Dey Commission in the light of the special requirements of Bengal. But the recommendation of the Dey Commission was disregarded by the Minister. That is my observation with regard to the Organisation of Committees of the Board.

Sir, I will next come to certain other points which are of equal importance. My friend Shri Kamini Kumar Ghose as well as the Education Minister waxed eloquent on the greatness of the West Bengal Teachers' Association. I will not quarrel with them at the present moment.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Is it relevant?

Sj. Nirmal Chandra Bhattacharyya: I am relevant as you will see immediately.

Let us hear what the West Bengal Teachers' Association has said regarding the Organisation of Committees. Here is a note forwarded to the Government of West Bengal by the President of the West Bengal Teachers' Association. With reference to clause 18 they say as follows:— "We find that the following Committees have been abolished:—(1) Girls' Secondary Education Committee, (2) Committee for Secondary Education for Backward Classes, (3) Technical, Commercial and Agricultural Education Committee". And then the President of the West Bengal Teachers' Association, of which my friend Shri Kamini Ghose is a great admirer, adds sarcastically, "Is it intended that these types of education will not fall within the purview of the Board?" Then the President of the Association adds, "In our opinion these Committees should be reintroduced else the Board would be useless for educational reconstruction and development". Sir, this is what the West Bengal Teachers' Association has said.

I entirely agree with him. If the Girls' Secondary Education Committee, the Committee for Secondary Education for the Backward Classes and the Committee for Technical, Commercial and Agricultural Education are not given a place in the organisation of Committees the Board would be useless for educational reconstruction and development in the true sense of the term. I hope that my friends Mr. Ghose and Mr. Mozumder will adhere to this and be very speeific in their demands here in this Council.

I will next come to amendment No. 113 tabled by Shrimati Anila Debi regarding "Planning and Development". Sir, Mr. Rai Choudhuri has quoted scripture, but he has quoted only a part, even that partially. I will most respectfully draw his attention to certain other parts of the report of the Dey Commission. The Dey Commission no doubt says that it is the duty of the State Government to plan secondary education. There is no doubt about it. After having said so they make certain other recommendations and go on to say that the Board that will be instituted, viz., the Board of Secondary Education, will be entrusted with the task of planning education. On page 33, section 34 the Dey Commission says: "All these would need careful planning. When the new Board of Secondary Education comes into existence it will be one of its main functions to conduct a careful survey of the educational requirements and to prepare a detailed plan for reconstruction for the entire State for the consideration of Government." That is to say, the Board is to function in this respect in an advisory capacity. This was the scheme as contemplated by the Dey Commission. They therefore specifically stated on page 37 that to prepare plans for the development of Secondary Education and a better and more equitable distribution of the facilities for Secondary Education in the State should be one of functions of the State. As a matter of fact, this is put first in view of the great importance that the Dey Commission attached to it. The Hon'be Minister would have lost nothing at all if this function were assigned to the Board. The Minister can rely on two safeguards. First, the Board is to be an Advisory Board. Secondly, he has a bloc of 18 out of 27 to support his policy. So there was no difficulty at all in assigning to the Board an advisory function as to Planning and Development of Secondary Education.

Sir, I will next go over to amendment No. 113 (i), University Correlation Committee. In this respect permit me to refer to the report of the Syndicate. That has already been forwarded to the Hon'ble Education Minister and he is still withholding it from us.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: He is imputing motive.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I am not imputing any motive to him.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Am I bound to place it? Then why does he say "withholding"?

Sj. Nirmal Chandra Bhattacharyya: Can I explain my, position? The day before yesterday he said that the report has been received by the Secretariat. The Secretariat will prepare a note on it and place it before him and then he will communicate to the House.

Mr. Chairman: That is his discretion. He has said what he has said.

Sj. Nirmal Chandra Bhattacharyya: The report has been withheld from us. As a member of the Senate, I am in possession of the report Let me quote the relevant passages from it. It runs as follows. In

his connection, the University would emphasise that under present condi-tions which are likely to continue for a number of years every one who is successful in the School Final Examination desires to continue his study n the University". Then they quote figures for 1955: the number of passes n School Final Examination was 27,830......"

3-40—3-50 p.m.]

Mr. Chairman: I think you need not read this.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, these figures are very important. These figures go to establish the very close relationship between secondary education on the one hand and University education on the other. You will easily see the point, Sir, as I finish reading the statistics which are not very long. In 1955, 27,830 passed the School Final Examination and the number of fresh admissions including some who did not get admission before was 28,770. In 1956, 34,280 passed the School Final Examination and out of 34,770. In 1956, 34,280 passed the School University. In 1957, 35,592 passed the School Final Examination of whom 34,890 sought admission in the University. The University, the report runs, is thus almost entirely dependent on the Board of Secondary Education for the methods and standards of teaching which must correspond to those of the majority of students who are going to prosecute their studies in the University, that is to say, the relationship—the report of the Syndicate holds—between secondary education andthigher education is very close. It is for this reason necessary that there should be a University Correlation Committee in the Board in order to establish a link between secondary education on the one hand and higher education on the other, in order to function as a sort of Liaison Committee between the two. It is absolutely necessary that the two systems of education should be properly integrated, because without integration neither secondary education nor higher education can flourish. It is for this reason that I hold very strongly that it has been very wrong on the part of the Hon'ble Minister not to think of the very relevant recommendation of the Dey Commission with regard to the University Correlation Committee and incorporate it in the Bill.

Sir, I will next refer to the Committee on educationally Backward Classes which does not find any place in the Bill. In this connection I will draw your attention to the task that has been imposed by the Constitution upon us, particularly upon responsible persons like our friend Rai Harendra Nath Chaudhuri. Article 46 of the Constitution of India runs as follows: "The State shall promote with special care the educational and economic interests of the weaker sections of the people, and, in particular, of the Scheduled Castes and the Scheduled Tribes, and shall protect them from social injustice and all forms of exploitation". In this Article special emphasis has been laid upon educational facilities to backward classes. It is, therefore, necessary that there should be a special committee to look after the educational interests of the backward classes. Our Minister in failing to create such a committee has, in fact, gone against the sacred principles of the Constitution as laid down in Article 46. Possibly he is aware of this Article. If not, I will request him to read it up during his leisure.

Sir, this is my observation on the amendments that have been tabled by Mr. Abdul Halim. I hope the Hon'ble Minister may feel persuaded to reconsider the position and make suitable provisions for a committee to look after the educational interests of the backward classes.

Then, finally, Sir, I will speak on the motion tabled by my friend Sj. Nagendra Kumar Bhattacharyya. Sir, according to this what is demanded is an executive council. You are aware, under the Act of 1950 the total number of members of the Board was 44 and that Board had an Executive Committee of 17 and it was through this Executive Committee that the major part of the work of the Board was done. This is a Board of 27—a fairly large body. This large body will not be able to function properly unless it is assisted by an Executive Council. An Executive Council will be a sort of right hand of the Board and under all principles of sound administration wherever there is a large body, a small Executive Council is attached to it. It is for this reason that I very strongly feel that it has been a great mistake on the part of the......

Sj. Mohitosh Rai Choudhuri: What is the numerical strength of the Syndicate?

Sj. Nirmal Chandra Bhattacharyya: I will ask my friend Sj. Mohitosh Rai Choudhuri to read up the University Act; read and know and grow wiser.

It is for this reason that I feel, Sir, there ought to be an executive body to help the Board, to assist it and to impart to it a kind of executive efficiency without which it cannot really stand up to the functions that have been assigned to it. With these words, Sir, I support all the amendments moved by my friends Sj. Bhattacharyya, Sjkta. Anila Debi and Janab Abdul Halim.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, I rise to oppose all the amendments simply because of the fact that the members opposite have not taken care to read either the report of the Dey Commission or the clause in the Bill which makes the provision that was recommended by the Dey Commission. Sir, the Dey Commission recommended...........

Sj. Nirmal Chandra Bhattacharyya: On a point of order, Sir. Is the Hon'ble Minister entitled to say that we have not read? It is a reflection on us.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is not a reflection. We heard *ad nauseum* that we have not read the report, that we have not understood the report and such criticisms for days together. Sir, my friend Sj. Mohitosh Rai Choudhuri has pointed out as regards the Planning and Development Committee, quoting from page 13 of the Dey Commission's report, that the opinion of the Dey Commission was that the task of planning and development of secondary education should be entrusted to the State Government as the State Government only can do it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Read page 33.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, I am coming to that. I do not require your advice in this respect. Sir, so far as page 33 is concerned, there it is said in paragraph 34—"all this would mean careful planning. When the new Board of Secondary Education comes into existence, one of its main functions is to conduct a careful survey of the educational requirements and to prepare a detailed plan for reconstruction for the entire State for the consideration of Government". Sir, it is quite impossible for any Board to conduct a careful survey and to prepare a detailed plan. It is only the State Government which can do it. It will require an army of officers to do it; it will require a Statistical Department

to do it and so it is only the State Government which can do it. The Dey Commission only made this observation but could not envisage the mass of facts that have to be collected and the army of officers that would be required to make the survey before making plans and recommendations.

[3-50—4 p.m.]

For the last two or three months, Sir, we have been trying to make a survey about the Primary Education through our Statistical Department and other departments. I have not been able as yet to secure a careful and complete survey of the needs of Primary Education even, not to speak of Secondary Education, and it will be quite impossible for any Board to act up to the recommendation of the Dey Commission.

To turn to the report of the Dey Commission. They have said that there will be five committees, and they observed that there will also be Standing Committees for girls' education, technical education, correlation with the University on matters of common interest, and for other matters as required. Such committees may be wholly or in part composed of members of the Board. I would only point out clause 24 of the Bill. It runs thus:—"24(1)—The Board may, with the approval of the State Government, constitute such other committees as it thinks fit and such committees may be composed wholly or in part of members of the Board". We have taken exactly the words of the Dey Commission. The Board is empowered to constitute any committee it thinks fit. (Sj. NIRMAL CHANDRA BHATTACHARYYA: With the approval of the State Government). Yes, certainly with the approval of the State Government. After all, the words "as required", are there. It will be for the Board to determine which committee or committees they will have to set up. And if the Board asks for Government's consent to set up any of those committees the Government will have no objection. We have proposed five committees in the Bill. They will be functioning to discharge day to day duties. Other committees may be required and it will surely be for the Board to determine that. And then if they come for the consent of the Government, Government will be only too glad to give their consent.

Sir, I believe I have disposed of all the arguments that have been put forward.

The motion of Sj. Nagendra Kumar Bhattacharyya that in clause 18, in line 2, after the word "constitute" the words "an Executive Council and" be inserted was then put and a division taken with the following result:—

AYES—11.

Abdul Halim, Janab
Bhattacharyya, Sj. Nagendra Kumar
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chattopadhyay, Sj. K. P.
Choudhuri, Sj. Annada Prosad
Debi, Sjta. Anila
Nausher Ali, Janab Syed
Pakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sanyal, Dr. Charu Chandra
Sen Gupta, Sj. Manoranjan

NOES—28.

Bagchi, Dr. Narendra Nath
Banerjee, Dr. Sambhu Nath
Biswas, Sj. Raghunandan
Bose, Sj. Aurobindo
Bhuwalka, Sj. Ram Kumar
Chatterjea, Sj. Devaprasad
Chatterjee, Sjta. Abha
Chatterjee, Sj. Krishna Kumar
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Ghose, Sj. Kamini Kumar
Gupta, Sj. Manoranjan
Majumdar, Sj. Sudhirendra Nath
Mallah, Sj. Pashupati Nath
Mohammad Sayeed Mia, Janab
Mookerjee, The Hon'ble Kali Pada

NOES—11.

Abdul Halim, Janab
Bhattacharyya, Sj. Nagendra Kumar
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chattopadhyay, Sj. K. P.
Choudhuri, Sj. Annada Prosad
Debi, Sjta. Anila
Nausher Ali, Janab Syed
Pakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sanyal, Dr. Charu Chandra
Sen Gupta, Sj. Manoranjan

The Ayes being 28 and the Noes 11, the motion was carried.

Mr. Chairman: Amendment No. 115 technically falls through.

[4—4-10 p.m.]

Clause 19

Sj. Jagannath Kolay: Sir, I beg to move that in clause 19—

(a) before paragraph (a) of sub-clause (1), the following paragraph be inserted, namely:—

"(1a) the President, ex-officio;";

(b) in sub-clause (2), in line 1, for the words "The Director of Public Instruction", the words "The President" be substituted.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I accept that amendment.

Sj. Nagendra Kumar Bhattacharyya: Sir, I beg to move that in clause 19(1), line 2 after the words "the following member:—" the following new paragraph be inserted, namely:—

"(a1) President ex-officio".

Here probably for the first time both sides of the House meet on a particular point. The amendment which stands in the name of Sj. Jagannath Kolay is also to the same effect, namely for the addition of the words "the President ex-officio" as my amendment. So I am confident that my amendment together with the amendment of Mr. Kolay would be accepted.

Mr. Chairman: The amendment of Sj. Jagannath Kolay has been accepted. So your amendment falls through.

Sj. Nagendra Kumar Bhattacharyya: My amendment No. 128 should also be accepted in view of the amendment No. 116 which is accepted. Otherwise there could be no meaning.

Sir, I beg to move that in clause 19(2), line 1, for the words "The Director of Public Instruction" the words "The President" be substituted.

Sir, I would refer first of all to clause 19(1) which runs thus: "The Recognition Committee shall consist of the following members:—the Director of Public Instruction, *ex-officio;* three persons to be elected by the Board in the manner prescribed by regulations from among its members, one of whom shall be from the four heads of high schools or multipurpose schools referred to in clause (14) of section 4; the Chief Inspector of Women's Education, *ex-officio*; the Chief Inspector of Secondary Education. *ex-officio*. This committee, according to the clause, excludes the President of the Board. In my humble submission, this committee is a very important committee for it will deal with the question of recognition of secondary schools. In all fairness, Sir,......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: The amendment of Mr. Kolay has been accepted.

Sj. Nagendra Kumar Bhattacharyya: No, Sir, this amendment is not identical...............

Sj. Mohitosh Rai Choudhuri: It has already been accepted.

Sj. Nagendra Kumar Bhattacharyya: Has amendment No. 128 been accepted? I am now making a submission with regard to amendment No. 128. In this amendment I have proposed that for the words "Director of Public Instruction" the words "the President" be substituted.

Mr. Chairman: There is no scope for speech because the amendment of Mr. Kolay has been accepted.

Sj. Monoranjan Sen Gupta: I am glad that the Hon'ble Education Minister has been pleased to accept at least one amendment, viz., amendment No. 118.

Sir, I beg to move that in clause 19(1)(b), line 3, for the word "one" the word "two" be substituted.

Sir, I also move that in clause 19(1), sub-clauses (c) and (d) be omitted.

Sir, I also move that in clause 19(1), after sub-clause (d), the following new sub-clause be added, namely:—

"(e) one member of the Managing Committee who is a member of the Board or to be nominated by the Board".

Sir, I also move that in clause 19(1), after sub-clause (d), the following new sub-clause be added, namely:—

"(e) two Professors who are members of the Board".

Sir, I also move that in clause 19(2), line 1, for the words "The Director of Public Instruction", the words "President of the Board" be substituted.

Sir, I also move that clause 19(4) be omitted.

Sir, I also move that after sub-clause (4) of clause 19, the following new sub-clause be added, namely:—

"(5) The Recognition Committee shall be vested with the power of distribution of grant-in-aid to schools".

এখানে আমি বলতে চাই চীফ ইন্সপেক্টর অফ উইমেন্স এডুকেশন এবং চিফ ইন্সপেক্টর অফ সেকেন্ডারী এডুকেশন, এই দুটি (সি) এ্যান্ড (ডি) বাদ দেওয়া হোক। তার কারণ হচ্ছে এই আমি রয়েছি অন প্রিন্সিপল বলেছি যে, এগুলো এই দু'জন থাকবার একেবারে আবশ্যক নেই। কারণ এদের সুপারিশে এটা বিবেচিত হবে রেকগনিশন কমিটিতে। সুতরাং যাদের কাজ বিবেচিত হবে সেখানে, তারাই সভ্য থাকবেন এবং মতামত দেবেন, এটা অসমীচীন বলে মনে হয়। কেন তারা সেখানে খোলা মন নিয়ে যেতে পারেন না, তাঁরা নিজেদের যে পয়েন্ট অফ ভিউ আছে তার উপরই জোর দেবেন এবং সেটা যদি গৃহীত না হয়, তাহলে তাঁদের মধ্যে অসন্তোষের সৃষ্টি হবে। নিজের অভিজ্ঞতা থেকে বলছি যে, বাতিল পর্ষতে যে-সমস্ত গোলযোগের সৃষ্টি হয়েছে, তার কারণ হচ্ছে ইন্সপেক্টর, ইন্সপেকট্রেস, এদের উপস্থিতি। তাদের সুপারিশ যেখানে বোর্ড-এর রেকগনিশন কমিটি গ্রহণ করেন নি, সেখানে তারা উষ্মা প্রকাশ করেছেন এবং সেখানে তারা যোগসাজসে ষড়যন্ত্র করে যাতে বোর্ডের ক্ষমতা হরণ করা যায়, সে সম্বন্ধে সচেষ্ট হয়েছেন।

[4-10—4-20 p.m.]

আমি, আমার অভিজ্ঞতা থেকে বলছি, বাতিল পর্ষৎ-এ যেসমস্ত গোলযোগ সৃষ্টি হয় তার কারণ হচ্ছে ইন্সপেক্টরদের উপস্থিতি। যেখানে তাঁদের সুপারিশ বোর্ডের রেকগনিশন কমিটি গ্রহণ করেন নি, তাঁরা সেখানে ষড়যন্ত্র করে যাতে বোর্ডের ক্ষমতা হরণ করা যায় তার জন্য সচেষ্ট হন। আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি, বোর্ড বাতিল হবার কারণ হচ্ছে প্রেসিডেন্ট এবং ইন্সপেক্টর এই দুইজনের উপস্থিতি। সুতরাং তাঁদের কেন দিচ্ছেন, আমি বুঝতে পারি না। তারপর এক্সপার্ট নলেজ-এর কথা, এখানে এক্সপার্ট নলেজ-এর কোন আবশ্যকতা নাই। এখানে রেকগনিশন কমিটির কাজ এবং তাদের রিপোর্ট তাঁদের সামনে থাকবে, এটা আমি আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে বলতে পারি। আমি বাতিল বোর্ডে চার বৎসরের জন্য সভ্য ছিলাম। ইন্সপেক্টর যা রিপোর্ট করেন তার ৯৯ পারসেন্ট গ্রহণ করা হয়। আমার বিশ্বাস ৯৯·৯ পারসেন্ট সুপারিশ গ্রহণ করা হয়। সেখানে তাঁদের উপস্থিত থাকবার কি প্রয়োজন আছে তা আমার বুদ্ধির অগম্য। যদি এমন ঘটনা হয় যে, তাঁদের সুপারিশ গৃহীত হয় নি, তখন তাঁদের যদি কিছু বলার থাকে তাহলে তাঁহাদিগকে ডেকে সেটা জানা যেতে পারে। আমরা দেখতে পাচ্ছি, আজকাল ইন্সপেক্টররা সমস্ত স্কুলে যা করে থাকেন তা বাস্তবিকই অত্যন্ত অসন্তোষজনক। আমি অভিজ্ঞতা থেকে জানি তাঁরা পরিদর্শনের কাজে গিয়ে বাজে ব্যাপারে সময় অতিবাহিত করেন, হিসাব দেখেন, খাতাপত্র দেখেন, স্কুলের এ্যাকাডেমিক সাইড-এর প্রতি তাঁদের কোন দৃষ্টি থাকে না এবং তার জন্য পরিদর্শনের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। দে-কমিশন পরিদর্শন সম্বন্ধে অনেক কথা বলেছেন। তাঁরা যা বলেছেন, তার দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা বলেছেন যে, সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এর কাজ সুষ্ঠুভাবে করা সম্ভব হবে না, যতক্ষণ পর্যন্ত না ইন্সপেক্টরেট ডিপার্টমেন্ট রি-অর্গানাইজ করা হয়। এ-সম্বন্ধে মুদালিয়র কমিশনও বিশেষভাবে অনেক কথা বলেছেন, যাতে ইন্সপেক্সন-এর কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে।

The Inspectorate too is in need of a thorough reorganisation which we shall discuss presently. The present system of inspection was subjected to criticism by many of our witnesses.

Mr. Chairman: Mr. Sen Gupta, please avoid repetition.

Sj. Monoranjan Sen Gupta: I need not mention then.

তারপর, শিক্ষামন্ত্রী যদি ১৯৫০ এ্যাক্ট দেখেন, তাহলে দেখবেন যে, গ্রান্টস কমিটিতে ইন্সপেক্টর থাকতে পারেন, কিন্তু তাঁকে কোন স্থান নির্দিষ্ট করে দেওয়া হয় নি বা কোন স্ট্যাটুটরী প্রভিশন করা হয় নি, তার জন্য—

One of the important recommendations of the Dey Commission was that Recognition and Grants Committee shall consist of the following members—the President, *ex-officio;* the Director of Public Instruction, *ex-officio;* the Vice-Chancellor of the University of Calcutta, *ex-officio;* three persons appointed by the State Government; two persons elected by the Senate of the University of Calcutta, of whom one shall be a Principal or a Professor of a College affiliated to the University or a Professor or a Teacher of the said University; two persons elected by the Board in the manner prescribed by regulations from among the members of the Board specified in clauses (12) to (15) of section 4; two members of Managing Committees of recognised High Schools elected by the Board in the manner prescribed by regulations from among the members of the Board specified in clause (16) of section 4; three persons elected by the Board in the manner prescribed by regulations from among the members specified in clauses (8) and (9) and clauses (19) to (23) of section 4.

সুতরাং গ্রান্টস কমিটিতে ইন্সপেক্টর-এর কোন স্থান ছিল না, আবার কেন তাঁকে আনা হচ্ছে, এ-বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি এ-কথা আগেরবার বলেছি, আমি বাতিল বোর্ডের সবসময়ই প্রশংসা করি। মন্ত্রীমহাশয় যদি সাধুতার সঙ্গে অনুসন্ধান

করেন, তাহলে দেখবেন যে, প্রেসিডেন্ট এবং ইন্সপেক্টর থ.কার দরুনই সেখানে গণ্ডগোল হয়। তাঁরা বোর্ডের ডেমোক্র্যাটিক ফর্ম গণতান্ত্রিকভাবে মানতে পারেন নি, সবসময়ই তাঁরা বসিং করবার চেষ্টা করেছেন। সেজন্যই বোর্ডের কার্যের সঙ্গে তাঁদের বিরোধ দেখা দেয়। তারপর তাঁদের হাতে এমন ক্ষমতা আছে, যা রেকগনিশন এ্যান্ড গ্রান্টস কমিটির নাই। তাঁদের হিসাবের কাজে বিশেষভাবে ব্যস্ত থাকতে হয়। আমাদের ইন্সপেক্টর-এর সংখ্যা অল্প। দে-কমিশন এসম্পর্কে বলেছেন যে, তাঁরা এজন্য ভালভাবে পরিদর্শন করতে পারেন না। যদি স্কুলের হিসাব তাঁদের দেখতে হয় তাহলে তাঁদের দ্বারা পরিদর্শনের কাজ ভালভাবে সম্পন্ন হতে পারে না। তারপর, তাঁদের হাতে এত ক্ষমতা দেওয়া হয়েছে, যার ফলে, আমি জানি শিক্ষকেরা তাঁদের হাতে সুবিচার পান না। সুতরাং আমি সেদিক থেকে বলব, গ্রান্ট এবং রেকগনিশন এক ব্যক্তির হাতে দেওয়া উচিত নয়। তারপর, চিফ ইন্সপেক্টর, তাঁর অধস্তন কর্মচারীদের কাজকর্ম যেভাবে সমর্থন করেন তাতে আমি বিশেষভাবে আপত্তি করব এবং বলব যে, ইন্সপেক্টর-এর সভ্য থাকা উচিত নয়। পূর্বে ম্যানেজিং কমিটিতে দুইজন সভ্য ছিলেন, বর্তমান বিলে একজন মেম্বারও নাই। ম্যানেজিং কমিটির সভ্য বোর্ডে থাকা উচিত। তারপর, ইউনিভার্সিটির প্রফেসার যাঁরা আসবেন, তাঁরা খোলা মন নিয়ে আসবেন; রেড ট্যাপিজম-এ তাঁদের মন আবদ্ধ থাকবে না, শিক্ষায় যাতে শিক্ষা বিস্তৃতি লাভ করবে সেদিকেই তাঁদের দৃষ্টি থাকবে। শিক্ষা-বিস্তারের দিকে যাতে বোর্ড মনোযোগ দিতে পারেন তার জন্য আমি দুইজন প্রফেসারের কথা বলেছি। যিনি প্রেসিডেন্ট অফ দি বোর্ড, তিনিই ডি, পি, আই ; সুতরাং এই এ্যামেন্ডমেন্ট-এর দরকার নাই। তারপর আমি ১১৩ ডিলিট করতে চাই। আপনারা এক-হাতে ক্ষমতা দিচ্ছেন, অপর-হাতে কেড়ে নিচ্ছেন। মন্ত্রীমহাশয় বলেছেন, ইন ইটস ওন স্ফিয়ার অটোনোমাস, এই বোর্ডকে অটোনোমাস করবার চেষ্টা করেছেন। রেকগনিশন-এর ক্ষমতা এই বোর্ড-এর হাতে দেওয়া হচ্ছে বটে, এখানে বেটার সেন্স হ্যাজ প্রিভেল্ড।

[4-20—4-30 p.m.]

কিন্তু ক্লজ ১৯(৪)-এ বলা হচ্ছে—

'Recognition of the Board shall not be accorded to any Institution except on the recommendation of the Recognition Committee'.

এটা আমার মনে হয় অত্যন্ত অসংগত। রেকগনিশন কমিটিতে ২ জন ইন্সপেক্টর থাকবেন ব্যবস্থা করা হয়েছে। তারপর—

three persons elected by the Board

এবং

'Director of Public Instruction, *ex-officio*

হিসাবে থাকবেন। যদি কোন প্রস্তাব রেকগনিশন কমিটিতে পাশ না হয়, তা হ'লে বোর্ড সে সম্বন্ধে বিচার করতে পারবেন না। সেই হিসাবে এখানে বোর্ডের ক্ষমতাকে বিশেষভাবে সীমাবদ্ধ করে নেওয়া হচ্ছে। যদি কোথাও রেকগনিশন কমিটি অবিচার করেন, তাহলে সেই অবিচারের বিরুদ্ধে এ্যাপিল করবার ক্ষমতা কাহারও থাকবে না। সুতরাং আমার মনে হয়, মন্ত্রীমহাশয় যদি বোর্ডকে অটোনোমাস করতে চান, অবশ্য তাঁর উদ্দেশ্যের প্রতি আমাদের সন্দেহ নাই, তাহলে তাঁর কাছে বিনীত নিবেদন, এই ক্লজটা উঠিয়ে দিবেন। তা না হলে বোর্ডের হাতে রেকগনিশনএর ক্ষমতা দেওয়ার কোন অর্থ থাকে না।

এ বিষয়ের প্রতি আমি মন্ত্রীমহাশয়ের মনোযোগ বিশেষভাবে আকর্ষণ করছি। তারপর বলা হচ্ছে—

The Recognition Committee shall be vested with power of distribution of grants-in-aid to schools.

এই প্রস্তাবের বিরুদ্ধে একটা আরগুমেন্ট হতে পারে, দু-বার করে গ্রান্টের হিসাব হচ্ছে—একবার ইন্সপেক্টরেট থেকে, আবার বোর্ড থেকে। বোর্ডে একদল অতিরিক্ত স্টাফ রাখা হয়েছে এইজন্যে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে, আমরা গ্রান্টস কমিটিতে থেকে দেখেছি ইন্সপেক্টরদের

কাজেই দেখা যাচ্ছে যে একজন প্রধান শিক্ষক হবেন, এবং এখানে ক্লজ (১৪) অফ সেকশন (৪) সেটার অবশ্য দ,টা ভাগ—প্রধান শিক্ষক মনোনয়ন হবেন এবং নির্বাচিতও হবেন। কিন্তু এই বিলের যে খসড়া আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে, তার একটা ধারাতে অন্য রকম ব্যবস্থা ছিল, সেখানে বলা হয়েছিল—

four heads of high schools or multi-purpose schools two of whom shall be nominated by the State Government and two elected by the Executive Council or Committee of the West Bengal Headmasters' Association

কাজেই এখানে আমরা ব,ঝতে পারছি না যে, এখানে একটা পরিবর্তন না এলে এই ক্লজ (১৪) অফ সেকশন ৪, সেটা কি আগে যেরকম ব্যবস্থা ছিল, সেইরকম হবে? অর্থাৎ চারজনের মধ্যে থেকে একজন আসবে, সেইরকম ব্যবস্থা ছিল। এখনও কি সেইরকম ব্যবস্থা প্রচলিত রইলো? এখানে মস্তবড় একটা সন্দেহ দেখা যাচ্ছে। আমার মনে হয় আইনের দিক থেকে মস্তবড় একটা ত্র,টী থেকে যাবে।

আমার মনে হয় যে, দ,ইজন হেড-মাস্টার মনোনীত হবেন, তার মধ্যে থেকে একজন রেকগনিশন কমিটির সদস্য হয়ে আসবেন, আর যে দ,ইজন মেম্বার হবেন, বোর্ড রেকগনিশন করে কাকে দেবেন, তার কোন নিশ্চয়তা নেই। সেটা তাঁরা বোর্ডের হাতে ছেড়ে দিচ্ছেন। এই বোর্ডের গঠন হচ্ছে ২৭ জন সদস্য নিয়ে, তার মধ্যে ১৮ জন হচ্ছেন সরকারী কর্মচারী, আর না হয় সরকারী মনোনীত ব্যক্তি, কাজেই স্বাভাবিকভাবে, ঐ যে দ,ইজন ব্যক্তি, তিনজনের মধ্যে তাঁরা যে সরকারের মনোনীত ব্যক্তি হতে পারেন এরকম আশংকা যদি কেউ করেন, তা হ'লে তাঁর আশংকাকে সম্প,র্ণ অম,লক বলা চলে না। এই তিনজনকে যদি বাদও দিই, তাহলে দেখা যাবে ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন, এই বিলের খসড়ার ব্যবস্থা অন,যায়ী, তাঁর দ,ইজন কর্মচারীকে নিয়ে রেকগনিশন কমিটি গঠন করে, তাঁদের ভোটের জোরে যা খ,সী তাই করে যেতে পারবেন। এই রেকগনিশন কমিটির গঠন ও ক্ষমতা সম্পর্কে আমি বিশেষ গ,র,ত্ব দিতে বলছি। আমরা জানি ইংরাজ আমলের শেষের দিকে, অনেকের মনে ধারণা ছিল যে, পশ্চিম-বাংলায় অনেক বিদ্যালয় হয়ে গিয়েছে, এবং এই নিয়ে একটা রব উঠেছিল। আমরা জানতাম এতদিন ধরে যে ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন, ডাঃ জেনকিন্স, তিনি চেয়েছিলেন পশ্চিমবাংলায় বিদ্যালয়ের সংখ্যাগ,লি কমিয়ে আনতে হবে।

আমরা দেখতে পাচ্ছি দে-কমিশন-এর রিপোর্ট সম্পর্কে যে এত করে মন্ত্রীমহাশয় বলেছেন; সেখানেও দেখতে পাচ্ছি শিক্ষা-সম্প্রসারণের জন্য একটা পরিস্কার স,পারিশ রয়েছে। দে-কমিশন পরিস্কার বলেছেন চারশো উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় বাংলাদেশে গড়ে উঠলে, তা বাংলাদেশের পক্ষে যথেষ্ট। এই যে ১৭শোটি বিদ্যালয় যা আছে, সেগ,লি মাধ্যমিক বিদ্যালয় হিসাবে গড়ে তোলবার কোন প্রয়োজনীয়তা নেই। মন্ত্রীমহাশয় অবশ্য আশ্বাস দিয়েছেন, উনি নন, ওঁর আগে যিনি শিক্ষামন্ত্রীর ভার নিয়েছিলেন, ম,খ্যমন্ত্রী মহাশয়, উনি বলেছিলেন এবং সমর্থন করেছিলেন যে, ১৭শোটি বিদ্যালয় আছে, সেগ,লিকে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করবেন না। কিন্তু দে-কমিশন-এর রিপোর্টে যা বলা হয়েছে, তা যদি সাধারণভাবে গ,হীত হয়ে থাকে, তাহলে এটা আমার শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে পরিষ্কার প্রশ্ন, তিনি বল,ন দে-কমিশন-এর এই যে প্রশ্ন, যে অংশে, যেখানে বলা হয়েছে ১৭শোটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রয়োজন নাই; স,তরাং পশ্চিমবাংলায় তার জায়গায় চারশোটি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় যদি হয়, তাহলে আমাদের মাধ্যমিক শিক্ষার প্রয়োজন মিটতে পারবে, এটা তিনি জানেন কি না?

[4-30—4-40 p.m.]

Mr. Chairman: It is irrelevant.

Sj. Satya Priya Roy: I am coming to my amendment, Sir,—
আমি যে এই সংগঠনের এ্যামেন্ডমেন্ট দিয়েছি, এই এ্যামেন্ডমেন্টই শিক্ষাকে সংকুচিত করে আনবার যে একটা অভিপ্রায় আছে, সেটাকে নিলে আমার মনে

হয় সেটা খুব অমূলক বা অযৌক্তিক হবে বলে কেউ মনে করবেন না। এবং এখানে ৬ জনের মধ্যে ৩ জনের ব্যবস্থা ছিল সরকারী কর্মচারী হবেন। একজন উচ্চপদস্থ কর্মচারী, ডাইরেক্টর অফ পাবলিক ইনস্ট্রাকশন, আর ২ জন হল তার নিম্নতম কর্মচারী, যাদের তাঁর নির্দেশেই চলতে হবে, নিজেদের চাকরী রাখবার জন্য। এইরকম অদ্ভূতভাবে এই রেকগনিশন কমিটি গঠনের সুপারিশ এই বিলের খসড়াতে কেন আসে, সেই সম্বন্ধেই আমাদের আশঙ্কা এবং সেই আশঙ্কার কথাই আমরা প্রকাশ করেছি। আমার যে সংশোধনীগুলি আছে, সেগুলিতে আমি বলেছি যে, এইরকমভাবে গঠন করা চলবে না বা চলা উচিত নয়। আমি বলেছি এই রেকগনিশন কমিটিতে আমার ১১৯নং সংশোধনীতে যে ৩ জন সদস্য নিতে হবে এবং সেই ৩ জন সদস্য বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হয়ে মধ্যশিক্ষা পর্ষতে আসবেন।

Three members to be elected from among the members nominated on the Board by the Calcutta University,

এই হচ্ছে আমার ১১৯নং সংশোধনী। আমি আরও বলেছি, এই যে চিফ ইন্সপেক্টর—আমার ১২১নং সংশোধনীতে, ১৯(১)(সি)তে—

the Chief Inspectress of Women's Education.

তাকে এই রেকগনিশন কমিটিতে স্থান দেবার প্রয়োজনীয়তা নেই। এই হচ্ছে আমার দ্বিতীয় সংশোধনী। আমার তৃতীয় সংশোধনী হচ্ছে, এখানে শুধুমাত্র একজন শিক্ষক প্রতিনিধি, তিনি হবেন একজন প্রধান শিক্ষক এবং মনোনীত প্রধান শিক্ষক। সেই জায়গায় আমি বলেছি ২ জন অন্ততঃ শিক্ষক এই রেকগনিশন কমিটিতে থাকবে। একজন হবেন প্রধান শিক্ষক, তিনি নির্বাচিত হবেন। আর একজন হবেন প্রধান শিক্ষক ব্যতীত অন্যান্য শিক্ষকদের প্রতিনিধি, মাধ্যমিক শিক্ষা পর্ষতে থাকবেন। তিনি হবেন আর একজন। তা ছাড়া আমার আর একটা সংশোধনী প্রস্তাব আছে, সেটা হচ্ছে ১৩১নং, ভাষাগত। এখানে ইংরাজীতে আছে—

recognition by the Board shall not be accorded to any Institution except on the recommendation of the Recognition Committee.

এটার ব্যাখ্যা সম্বন্ধে হয়ত মতভেদ দেখা দিতে পারে, কিন্তু এখানে ভাষাটা যে খুব অস্পষ্ট সে বিষয়ে কোন সন্দেহ নেই। মনে হচ্ছে রেকগনিশন কমিটি সুপারিশ যদি না করে, তাহলে বোর্ড কোন বিদ্যালয়কে রেকগনিশন দিতে পারবে না। তাই যদি হয়, তাহলে বোর্ডকে রাবার স্ট্যাম্প করবার জন্য এই রেকগনিশন দেবার ক্ষমতা বোর্ডে আবার দেবার কোন প্রয়োজন ছিল না। একটা রাবার স্ট্যাম্প, একটা সংস্থা হিসাবে বোর্ড কেন বসে থাকবে, তা আমরা বুঝতে পারি না। আমাদের সেই জায়গায় সংশধোনী হচ্ছে—হ্যাঁ, রেকগনিশন কমিটি সুপারিশ করবে, সেগুলি বিবেচনা করে—

except on consideration of the recommendation of the Recognition Committee—

এই রেকগনিশন কমিটির সুপারিশ বিবেচনা না করে বোর্ড বা পর্ষৎ কোন বিদ্যালয়কে রেকগনিশন দিতে পারবে না। অবশ্য মন্ত্রীমহাশয় বলবেন, যাদের রেকগনিশন দেবে রেকগনিশন কমিটি, তাদের ইচ্ছা করলে বোর্ড বাদ দিতে পারে। কাজেই বোর্ড যাদের রেকগনিশন করা হল না, যাদের সুপারিশ করা হল না, বোর্ড কখনও পুনর্বিবেচনা করে সেই স্কুলগুলির আর রেকগনিশন দিতে পারবে না। অবশ্য যেগুলিকে রেকগনিশন দেওয়া হয়েছে, তার থেকে কিছুটা বাদ দিয়ে দেওয়ার ক্ষমতা বোর্ডের হাতে দেওয়া হয়েছে অর্থাৎ যত পারা যায় বিদ্যালয়গুলিকে একের পর একে বাদ দেওয় যায়, তারই যেন একটা ইচ্ছা এখানে একেবারে ফুটে উঠেছে।

আমার সংশোধনী সম্পর্কে বক্তব্য আছে যে, বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি ৩ জনকে কেন রাখতে বলেছি। বিশ্ববিদ্যালয়ে সিনেট-এর মিটিং হয়েছিল। বিশ্ববিদ্যালয়ে এই ১১ শ্রেণীর

পরিকল্পনা গৃহীত হয়েছিল কতকগুলি শর্তাধীনে। তার মধ্যে একটা পরিষ্কার শর্ত বলেছে যে, এই ১১ শ্রেণীর বিদ্যালয়গুলি পরিদর্শন এবং তার মঞ্জুরী সম্পর্কে একটা—
Joint Committee of the University—the Board—
অবশ্য সরকার বিশ্ববিদ্যালয়ের সেই দাবী এখানে স্বীকার করছেন না। এবং ভবিষ্যতে বিশ্ববিদ্যালয় ও সরকারের মধ্যে একটা সংঘর্ষ বাধবার আশঙ্কা এই বিলের মধ্যে রয়ে গিয়েছে। হয়ত এমন একটা অবস্থা এসে যাবে, যখন সরকারের নিয়ন্ত্রণাধীনে মাধ্যমিক শিক্ষার স্বীকৃতি তাঁরা দিচ্ছেন কিন্তু বিশ্ববিদ্যালয় এই মাধ্যমিক শিক্ষা সমাপ্তিতে পরীক্ষা দেবে যে ছেলে-মেয়েরা সেই পরীক্ষা দিয়ে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের কোন অধিকার তারা পাবে না। বিশ্ববিদ্যালয়ে—
entrance examination or qualifying examination
হিসাবে এটাকে হয়ত স্বীকার করবে না, যদি যথেষ্ট সংখ্যক প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের না থাকে এই রেকগনিশন কমিটিতে। সিনেট-এ যে কথা তাঁরা দাবি করেছিলেন......

Mr. Chairman: You are anticipating too much of the future, it is not suitable for your argument here.

Sj. Satya Priya Roy:

বিশ্ববিদ্যালয় ইতিমধ্যে এই সিদ্ধান্ত নিয়েছেন যে, এই একাদশ বর্ষের বিদ্যালয়গুলিকে একটা যুক্ত পরিদর্শন ও যুক্ত মঞ্জুরী দেবার ব্যবস্থা থাকতে হবে। এটা যদি থাকে, তবেই তারা একাদশ শ্রেণীর বিদ্যালয়গুলিকে স্বীকার করে নিতে রাজী আছেন। এবং একাদশ শ্রেণীর পরীক্ষা দিয়ে পরে যেসব ছেলে-মেয়েরা আসবে, তাদের ৩ বৎসর পরে স্নাতক উপাধি দেবার জন্য সম্মত হয়েছেন। কিন্তু এখানে যে ব্যবস্থা, তাতে বিশ্ববিদ্যালয়ের উল্লেখমাত্র নেই। কোথায়ও নেই যে, বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধি এই রেকগনিশন কমিটিতে থাকবে। এইরকম একটা আজগুবি সুপারিশ কোন শিক্ষামন্ত্রীর কাছ থেকে আসতে পারে, কোন দেশের শিক্ষা-ব্যবস্থা নিয়ন্ত্রণে—একথা আমরা যারা শিক্ষাবিদ, তারা কল্পনাও করতে পারি না। মাধ্যমিক শিক্ষা সমাপনের পরে যে প্রতিষ্ঠানে আমাদের প্রবেশ করতে হবে, সেই প্রতিষ্ঠানের সঙ্গে আমাদের যোগাযোগ রাখতে হবে সর্বক্ষেত্রে। সেখানেও দেখতে পাচ্ছি, বিদ্যালয়গুলিকে রেকগনিশন দেবার জন্য যে কমিটি গঠন করেছেন, আমাদের মন্ত্রীমহাশয় সেখানে ৩ জন সরকারী কর্মচারীকে তিনি ঢুকিয়ে দিচ্ছেন। অথচ একজন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিকেও সেখানে রাখবার প্রয়োজনীয়তা অনুভব করছেন না। সেইজন্য সিনেট যে-কথা বলেছিল—যে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরবর্তীকালে সংঘর্ষ না বাধে। সেইজন্য আমার সংশোধনী হচ্ছে, ৩ জন যদি সরকারী কর্মচারী থাকেন, তাহলে ৩ জন অন্ততঃ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি সেখানে থাকবেন। তাঁরা দেখে নেবেন, যে-সমস্ত বিদ্যালয়ে মঞ্জুরী দেওয়া হচ্ছে, সেই সমস্ত বিদ্যালয়ের শিক্ষার মান ঠিক এইরকম কি না—যে শিক্ষা সমাপনান্তে তারা ঐ পরীক্ষার ফলের উপর নির্ভর করে তারা বিশ্ববিদ্যালয়ে প্রবেশাধিকার দিতে পারবে। এই বিশ্ববিদ্যালয় তাদের নিজেদের কোয়ালিফাইং একজামিনেশন থাকবে—যদি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে মাধ্যমিক শিক্ষার কোন যোগাযোগ না থাকে, তাহলে কলকাতা বিশ্ববিদ্যালয় এইরকম নীতি গ্রহণ করতে নিশ্চয়ই বাধ্য হবে। এবং তখন ছাত্র-ছাত্রীর কি অবস্থা হবে, সে-কথা আমাদের ভেবে দেখতে হবে। সেইজন্যই আমি বলছি, বিশ্ববিদ্যালয়ের সম-সংখ্যক প্রতিনিধি থাকা উচিত সরকারী কর্মচারীর সঙ্গে। এবং তার সঙ্গে আমার ১২৩ নং সংশোধনী, আমি বলেছি—

(Sj. Mohitosh Roi Choudhuri—on what basis?)
Calculate, 3 on the Government side—3 on the University side and 2 on the teachers.

এই হচ্ছে আমার সংশোধনী প্রস্তাবে যা আছে।

তারপরে হচ্ছে আমার ১২৩—

"(d) two members from among those members on the Board who are either Heads of Teachers other than Heads of Secondary Institutions to be elected jointly by them, one of these members being a Head of an Institution and the other a teacher other than the Head of an Institution"

আমার বক্তব্যের প্রধান কথা হচ্ছে যে, শিক্ষকদের প্রতিনিধিত্ব এখানে থাকা উচিত। বিদ্যালয়ের অস্তিত্বে যারা সবচেয়ে বেশী দরদী, যারা বিদ্যালয়গুলিকে বাঁচিয়ে রেখেছে এতদিন ধরে, আজকে যে রেকগনিশন কমিটির হাতে বিদ্যালয়গুলির অস্তিত্ব তুলে দিতে যাচ্ছে—সেই রেকগনিশন কমিটিতে মাত্র একজন হেড-মাস্টার থাকবে, এই ব্যবস্থা কল্পনাও করতে পারি না।

[4-40—4-50 p.m.]

এখানে আমাদের অন্ততঃ ন্যূনতম দাবী হচ্ছে যে, দুজন শিক্ষক অন্ততঃ থাকবেন। একজন থাকবেন প্রধান শিক্ষকদের নির্বাচিত—একজন প্রধান শিক্ষকদের মধ্য থেকে নির্বাচিত, আর একজন হবেন—

teacher other than heads of Secondary Schools.

সেখানে নির্বাচক কে হবেন, সেটা আমার সংশোধনীতে বলা আছে। সেটা সরকার মনোনয়ন করে দেবেন না। সরকার মনোনয়ন করলে হয়ত শিক্ষকদের আস্থাভাজন যিনি, তিনি তাঁদের মনোনীত না হতে পারেন। সেইজন্য যাঁরা বোর্ডের মেম্বার হবেন—'টীচার্স এ্যান্ড হেড-মাস্টারস'—তাঁরাই জয়েন্টলি ইলেক্ট করে দেবেন। রেকগনিশন কমিটিতে এদের কে থাকবেন। কাজেই আমার মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন, অবশ্য রেকগনিশন কমিটির হোল ক্রজ সম্বন্ধে বলতে গেলে বলতে হয় যে, দে-কমিশন এবং মুদালিয়র কমিশন বোর্ড সম্পর্কে যে ধারণা করেছিলেন, সেই ধারণা অনুযায়ী বোর্ড হচ্ছে তা মনে হয় না। তাঁরা বোর্ডকে এ্যাডভাইসরি বলেছিলেন এবং রেকগনিশন-এর উপরে একটা এক্জিকিউটিভ ফাংশন দিয়ে দিয়েছেন। মুদালিয়র কমিশন বলেছিলেন, বোর্ডের এক্জিকিউটিভ ফাংশন থাকবে না, সমস্ত পলিসি-মেকিং এবং ল-মেকিং ফাংশন থাকবে। সেইজন্য এক্জিকিউটিভ কাউন্সিল রাখার যে ন্যায্য প্রস্তাব নগেনবাবু করেছিলেন, আমি আশা করেছিলাম মন্ত্রীমহাশয় তা গ্রহণ করবেন, কিন্তু তা করেন নি। কিন্তু দেশের লোক তাঁদের স্বার্থত্যাগের ভিতর দিয়ে যে বিদ্যালয়গুলো গড়ে তুলেছেন, ১০০ বছর ধরে, সেই বিদ্যালয়গুলোর অস্তিত্ব আজ শিক্ষামন্ত্রীর হাতে বিপন্ন হবে না। সেই ব্যাপারে এরা যাতে আশ্বস্ত হতে পারেন সেজন্য রেকগনিশন কমিটি গঠন সম্বন্ধে বিশেষ সাবধান হওয়া দরকার এবং সেজন্য শিক্ষকদের দুজন এবং বিশ্ববিদ্যালয়ের ৩ জন থাকা দরকার, যাতে শিক্ষা বেশ প্রসার লাভ করতে পারে। আমাদের দেশে বলা হয় অনেক বিদ্যালয় হয়ে গেছে, মন্ত্রীমহাশয়ের কাছে শুনেছি, কিন্তু ২১ বর্গমাইল জায়গায় আমাদের পশ্চিমবাংলায় একটি কোরে বিদ্যালয় আছে। এই নদী-নালার দেশে ২১ স্কোয়ার মাইলে যদি একটি কোরে বিদ্যালয় থাকে, তাহলে কি মনে করা যায় প্রচুর বিদ্যালয় হয়েছে? এখন সমস্যা হয়েছে বিদ্যালয় কি কোরে তুলে দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। তাহলে বলব মন্ত্রীমহাশয় জাতীয় কল্যাণের দিক থেকে এই বিল রচনা করেন নি। কাজেই শেষকালে মন্ত্রীমহাশয়কে বলি যে, এই রেকগনিশন কমিটিটা গণতান্ত্রিকভাবে করুন, শিক্ষাবিদদের নিয়ে করুন, এবং যে বিদ্যালয়গুলো গড়ে উঠেছে, সেগুলোর অকালমৃত্যু যেন তাঁর আমলে না ঘটে।

Sj. Devaprasad Chatterjea: Mr. Chairman, Sir, I gave notice of this amendment No. 124, because in the original Bill there was no provision for any member of the Managing Committee to be represented in the Board. Since the Hon'ble Minister has accepted my amendment and a member of the Managing Committee has a chance to be represented in the Board and since he also might have a chance to be represented in the Recognition Committee I do not want to move this amendment. I want to withdraw it.

Amendment No. 124 of Sj. Devaprasad Chatterjea was then by leave of the House withdrawn.

Janab Abdul Halim: Sir, I beg to move that after the proviso to clause 19(4), the following proviso be added, namely:—

> "Provided further that every Secondary School which on the date of commencement of this Act is recognised by the Board of Secondary Education established in pursuance of Act XXXVII of 1950 or any subsequent Ordinance or Secondary Education Act shall continue to be recognised in the following manner:—Schools enjoying temporary recognition shall continue to be so recognised for a period of two years after the commencement of this Act or until the expiration of the period of temporary recognition whichever is greater."

মিঃ চেয়ারম্যান, স্যার! এই ক্লজ (১৯) প্রভাইসোতে আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে, সেকেন্ডারী বোর্ড যখন আইনে রূপায়িত হবে তখন দেশে যে ১,৭০০ বিদ্যালয় আছে, তার অনেকগুলির টেম্পোরারী রেকগনিশন আছে, এবং ১৯৫৮ সালের মার্চ মাসে ঐসমস্ত স্কুলের রেকগনিশন বন্ধ হতে পারে। সেইজন্য আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে যে, যে-সমস্ত স্কুল টেম্পোরারী রেকগনিশন পেয়ে আসছে বা যে-সমস্ত স্কুল ১৯৫০ সালের আইনে এবং অর্ডিন্যান্সের পরে সেকেন্ডারী বোর্ড কর্তৃক রেকগনাইজড হয়েছে, সেই স্কুলগুলির রেকগনিশন যাতে বন্ধ না হয়, এবং সেগুলি যাতে চলতে পারে সেজন্য আরও ২ বছর পর্যন্ত সেগুলি যাতে চলতে পারে তার ব্যবস্থা রাখা দরকার। তা না হলে পর গভর্নমেন্ট যে সিদ্ধান্ত করেছেন, শিক্ষাকে সংকুচিত ক'রে ৩০০ বা ৪০০ স্কুল করার, সেজন্য ১,৭০০ বিদ্যালয়ের অনেকগুলি বাদ পড়ে যাবে। ১৯৫৮ সালের মার্চ মাসের পরে অনেক বিদ্যালয়ের অস্তিত্ব বন্ধ হয়ে যাবে। অনেকগুলি রেকগনিশন পাবে না, গ্রান্ট পাবে না, এবং টাকা-কড়িও পাবে না। তাই এই প্রভিশন থাকা দরকার। তা না হলে ঐ ১,৭০০ স্কুলের অধিকাংশের কি অবস্থা দাঁড়াবে তা ভেবে শঙ্কিত হচ্ছি। তাই আমি আশা করি, আমার এই সহজ এ্যামেন্ডমেন্ট মন্ত্রীমহাশয় গ্রহণ করবেন।

বোর্ডের হাতে শিক্ষার সুব্যবস্থার ক্ষমতা দিতে আপনারা ভয় পাচ্ছেন কেন জানি না। মুদালিয়র এবং দে-কমিশনের নির্যাস নিয়ে যে বোর্ড করছেন তাকে একটা ক্ষমতাহীন বোর্ডে পরিণত না করে সে যাতে শিক্ষার সুব্যবস্থা করতে পারে, শিক্ষাকে নিয়ন্ত্রণ করতে পারে, শিক্ষার প্রসার করাতে পারে সেই ক্ষমতাই বোর্ডের হাতে দেওয়া উচিত। কিন্তু সেখানে আপনারা আশঙ্কিত হচ্ছেন কেন? আপনাদের যদি উদ্দেশ্য হয় বাংলাদেশের শিক্ষার সুব্যবস্থা করা, অল্প সময়ের মধ্যে শিক্ষার প্রসার বাড়ান তাহলে সেই বোর্ডের হাতে বা কমিটির হাতে সেই ক্ষমতা দেওয়া দরকার। আর তা না হলে সেখানে বোর্ডের এ্যাডভাইসরি ক্ষমতা রাখছেন—গভর্নমেন্ট যতক্ষণ পর্যন্ত কোন ব্যাপারে তাদের রেফার না করবে ততক্ষণ পর্যন্ত তারা কোন ব্যবস্থা করতে পারবে না। এইভাবে এ্যাডভাইসরি ক্যাপাসিটিতে বোর্ড গঠন করে বিশেষ কোন লাভ হবে না। সেজন্য আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি—

"Government to take such measures from time to time as it deems necessary for making suitable provisions for secondary education throughout the State"

অতএব বাংলাদেশে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থাকে উন্নততর করার ব্যাপারে কোথায় শিক্ষার জন্য নূতন ব্যবস্থা গ্রহণ করতে হবে, কিভাবে শিক্ষাকে প্রণয়ন করতে হবে, কোথায় কারিকুলাম তৈরি করতে হবে, কোথায় সিলেবাস তৈরি করতে হবে ইত্যাদির জন্য বোর্ডের হাতে ক্ষমতা দেওয়া দরকার। সেজন্য আমি মনে করি যে, মন্ত্রীমহাশয় আমার এই এ্যামেন্ডমেন্টটি গ্রহণ করবেন।

Sja. Anila Debi: Sir, I beg to move that in clause 27(1), in line 3, for the words "referred to it by the State Government" the words "and while the State Government shall not act in this respect without prior consultation with the Board, the advice of the Board on all such matters shall be binding on the State Government" be substituted.

I also move that in clause 27(2) for item (*e*), the following items be substituted, namely:—

"(*e*) to make regulations for the institution, holding and controlling of such examinations as it thinks fit including any examination qualifying for admission to a course instituted by the University of Calcutta".

I also move that in clause 27(2) after item (l), the following items be inserted, namely:—

"(m) to prescribe by regulations the conditions which shall govern the admission of students to and the transfer of students to and from Secondary Schools;

(n) to supervise the administration of secondary schools by means of inspection and the issue of directions".

I also move that in clause 27(3) in line 5, after the word "fit" the words "on prior consultation with the Board" be inserted.

I also move that the following proviso be inserted to clause 27(3), namely:—

"Provided however, that if no communication sanctioning, modifying or rejecting a regulation is received from the Government within three months from the date on which a regulation is communicated to the State Government for sanction, the regulation shall be deemed to have been sanctioned by the Government."

আমার এই এ্যামেন্ডমেন্টগুলি ১৭৩নং, ১৭৭নং, ১৭৯নং, ১৮০নং ও ১৮১নং যে ক্লজ ২৭এর উপর মুভ করছি অর্থাৎ এই ধারাটাতে বোর্ডএর ফাংশন সম্বন্ধে যা কিছু বিধি-নিষেধ সম্বন্ধে বলা হয়েছে তারই উপর। প্রথমেই ২৭(১)এ বলা হয়েছে—

It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referred to it by the State Government.

[illegible] বোর্ডের এই যে ফাংশন নির্দিষ্ট করে দিচ্ছেন তার সঙ্গে আমি এই কথাগুলি যোগ করতে বলছি—

"and while the State Government shall not act in this respect without prior consultation with the Board, the advice of the Board on all such matters shall be binding on the State Government."

তার কারণ হচ্ছে এই, বোর্ডকে আইনের মাধ্যমে যে ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে এইটুকু মাত্র বলে দেওয়া হচ্ছে, স্টেট গভর্নমেন্ট বোর্ডকে যা রেফার করবেন সেকেন্ডারী এডুকেশন সংক্রান্ত বিষয়ে সেই বিষয়েই বোর্ড শুধু রায় দিতে পারবে। কিন্তু এমনও ত হতে পারে সেকেন্ডারী এডুকেশন-এর কোন পদ্ধতি নিয়ে কেউ বোর্ডের কাছে কিছু রেফার করলেন না, কিম্বা বোর্ড যে এ্যাডভাইস দিলেন সে এ্যাডভাইস সরকার গ্রহণ করলেন না; যদিও মন্ত্রীমহাশয় বলছেন—এই বোর্ড এ্যাডভাইসরি ক্যারেকটারএর হবে; কিন্তু স্টেট গভর্নমেন্টএর উপর তার এ্যাডভাইস বাইন্ডিং যদি না থাকে তাহলে এর যে কোটা বলেছেন দে-কমিশন তার কোন অর্থ থাকে না। তারা বোর্ডের ক্যারেকটার বিশ্লেষণ করতে গিয়ে বলেছেন—

"advisory in character and authoritative in its sphere"

সুতরাং বোর্ডের যে ফাংশন বিলের মাধ্যমে, আইনের মাধ্যমে করে দেওয়া হচ্ছে সেই ফাংশন বোর্ড যাতে ভালভাবে করতে পারে সমস্ত সেকেন্ডারী এডুকেশন সংক্রান্ত ব্যাপারে সেইজন্যই আমি আমার সংশোধনী উপস্থিত করেছি।

দ্বিতীয়ত আর একটা জিনিস দেখা যাচ্ছে—এই ২৭(৩)তে রয়েছে—

"no regulations shall be valid unless and until they are sanctioned by the State Government and before sanctioning any regulations, the State Government may make such eliminations, additions, alterations and modifications therein as it thinks fit".

এখানে আমার বক্তব্য হচ্ছে নিশ্চয়ই স্টেট গভর্নমেন্ট সে সম্বন্ধে সিদ্ধান্ত নিয়ে যেটা সঙ্গত বলে মনে করবেন সেইটে তারা করবেন, কিন্তু যখন বোর্ডকে ক্ষমতা কিছুটা দিচ্ছেন, যদিও একথা আমরা স্বীকার করি না, বা আমাদের পক্ষ থেকে বলা হয় নাই যে বোর্ডকে অসীম ক্ষমতাসম্পন্ন করা হয়েছে, বরং দেখছি প্রতি পদে বোর্ডের ক্ষমতা ব্যাহত করবার সমস্ত রকম ব্যবস্থা করা হচ্ছে, যেটুকু ক্ষমতা তাকে দেওয়া হচ্ছে সেটুকু যেন কিছু দেওয়ার মতই না হয়। স্টেট গভর্নমেন্ট নিশ্চয়ই সিদ্ধান্ত নেবেন বোর্ড যা পাঠাবেন সে সম্বন্ধে, কিন্তু যে-কোন সিদ্ধান্তই তাঁরা নেবেন বা নিতে চান বোর্ডকে না জানিয়ে যেন না নেন। সেইজন্য আমি ১৮০নং এ্যামেন্ডমেন্টে বলেছি —২৭ ধারার (৩) উপধারার শেষ লাইনের 'ফিট'এর পরে

"on prior consultation with the Board" be inserted.

যেটুকু ক্ষমতা দেওয়া হ'ল, সেই ক্ষমতার সদ্ব্যবহারের জন্য আমি এই সংশোধনীটা উপস্থিত করেছি।

[12-5—12-15 p.m.]

তার পরে এই বোর্ডের কয়েকটা বিশেষ ক্ষমতা সম্বন্ধে আমার সংশোধনী রয়েছে। এই সংশোধনীর মাধ্যমে বোর্ডের কাজ করবার ক্ষমতা যাতে তারা কাজে লাগাতে পারে বোর্ডকে সেইরকম শক্তিসম্পন্ন করবার চেষ্টা করেছি। এই ধারায় যেটুকু লিখিত হয়েছে তাতে বোর্ডের বিশেষ রকম শক্তিসম্পন্ন হবার উপায় নাই—আর সেজন্যও আমি সংশোধনী উপস্থিত করছি না, এখানে আমার বক্তব্য হচ্ছে ক্লজ ২৭, সাব-ক্লজ ২, আইটেম নং ৪ অর্থাৎ (ই)টা যা রয়েছে সেখানে আমি সাবস্টিটিউট করতে বলছি—

"to make regulations for instituting the Secondary School Final Examination and for instituting such other examinations as the State Government may direct........"

এখানে আমার বক্তব্য হচ্ছে শুধু ইনস্টিটিউট করবে কথাটা থাকবে কেন? সেখানে এগজামিনেশনের কি কন্ডিশন হবে বা সে সম্বন্ধে কি কি রেগুলেশন করতে হবে তার ক্ষমতা কেন বোর্ডের

থাকবে না এই আইনের ধারা তাঁরা এগজামিনেশন ম্যাটারএর সমস্ত ক্ষমতাই যাতে পরিচালনা করতে পারেন সেইটেই করা উচিত। সেইজন্য সে বিষয় সংক্রান্ত সমস্ত ক্ষমতা সীমাবদ্ধ না করা উচিত ছিল, সেইজন্য এখানে আমি বলতে চাইছি—

"........ to make regulation for the institution holding and controlling of such examinations as it thinks fit including any examination qualifying for admission to a course instituted by the University of Calcutta."

সেকেন্ডারী এডুকেশন সংক্রান্ত সমস্ত কিছু এ্যাডভাইস করবার ক্ষমতা যদি শুধু বোর্ডকে দেওয়া হয়, তাহলে আমার মনে হয় এগজামিনেশন সম্বন্ধে রেগুলেশন করার, কন্ডাক্ট করার সমস্ত ক্ষমতা সম্পূর্ণ বোর্ডকে দেওয়া উচিত। ছাত্র-ছাত্রীদের ইউনিভার্সিটিতে যাওয়ার যোগ্যতা বা অন্য সব দিকে যাওয়ার যোগ্যতা কি করে হতে পারে সে সম্বন্ধে বোর্ডকেই চিন্তা করতে দিন। মন্ত্রী-মহাশয় বলবেন স্টেট গভর্নমেন্ট তো তা করতে পারেন। পারেন না যে তা আমি বলতে চাই না। কিন্তু যখন বিশেষ কার্য পরিচালনার জন্য একটা সংস্থা করতে যাচ্ছেন তখন সেই সংস্থার উপর কাজ চালাবার অধিকার সম্পূর্ণ না দিয়ে তা কেবল কতকগুলি বিধিবদ্ধ সীমানার মধ্যেই আবদ্ধ করে রেখে দিচ্ছেন কেন?

এরপর আমার আর একটা এ্যামেন্ডমেন্ট আছে, যেটা আমি আগেই মুভ করেছি—সেটা হচ্ছে ১৭৯নং, তাতে আমি In clause 27(2) after item (i)
যোগ করতে বলেছি—

"To prescribe by regulations the conditions which shall govern the admission and transfer of students to and from Secondary Schools."

এটা যোগ করার উদ্দেশ্য—

admission and transfer of students to and from Secondary Schools

কি কি কন্ডিশন ফুলফিল করলে পর তা নির্ধারণের ভার বোর্ডের উপরই থাকা উচিত; যেমন ধরুন ১০ম শ্রেণীর স্কুলের থেকে একাদশ শ্রেণীর স্কুলে ট্রান্সফার নিতে পারবে কিনা, কিম্বা আগে যারা বাড়িতে পড়াশোনা করেছে তারা ইলেভেন্থ ক্লাসে এ্যাডমিশন পেতে পারবে কিনা এবং পারলে কি কন্ডিশন ফুলফিল করলে পর পারবে, কিম্বা ধরুন যে ছেলে দু'বছর আগে মাইগ্রেট করে এসেছে, যেহেতু তার বাবা পাকিস্তানে থাকে, তার ন্যাশনালিটি কি হবে এবং সে স্কুল ফাইনাল দিতে পারবে কিনা, সে সম্বন্ধে আমাদের ট্রাবল হয়েছে বলেই আমি বলছি।

তারপর আমি ২৭(৩) ক্লজে এ্যামেন্ডমেন্ট দিয়েছি এটা যোগ করবার জন্য—

"Provided, however, that if no communication sanctioning, modifying or rejecting a regulation is received from the Government within three months from the date on which a regulation is communicated to the State Government for sanction, the regulation shall be deemed to have been sanctioned by the Government."

বলতে পারেন যে এটা আমি কেন দিয়েছি। আমার নিজের অভিজ্ঞতা আছে বলেই বিশেষ করে আমি এই সংশোধনী উপস্থিত করেছি। আমরা যখন বোর্ডের সদস্য ছিলাম তখন দেখেছি বোর্ড গঠিত হবার পর সেখানে সুষ্ঠু পরিচালনার জন্য, শিক্ষকদের বেতন, শিক্ষকদের সার্ভিস কন্ডিশন প্রভৃতি সম্বন্ধে নূতন করে বোর্ড থেকে স্কুল কোড রচিত হয়েছিল এবং সেই স্কুল কোড সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠিয়ে দেবার পর দেখা গেল যে, কোড বাতিল হয়ে গেল, দু'বছরের মধ্যে কিন্তু বোর্ড রচিত স্কুল কোড অনুমোদিত হয়ে বোর্ডের কাছে ফিরে এল না। সরকারের স্যাংকশন না পেয়ে রুলস এ্যান্ড রেগুলেশন বোর্ডের পক্ষ থেকে করা সম্ভব হ'ল না এবং তারজন্য বোর্ডকে যথেষ্ট অপবাদ সহ্য করতে হয়েছে। আমি মনে করি এই বোর্ডকে সেই রকম কোন অপবাদের মুখে ফেলে না দিয়ে সেখানে যদি এই হয় যে, স্টেট গভর্নমেন্ট থেকে স্যাংকশন আসতে গিয়ে একটা নির্দিষ্ট সময় যদি অতিক্রম করে যায়, তাহলে ধরে নিতে হবে সে বিষয়ে স্টেট গভর্নমেন্টের স্যাংকশন আছে। আমি আর একটু জোর করেই বলতে পারি—অবশ্য কোন রকম বিক্ষোভ প্রকাশের জন্য না হোক দুঃখ প্রকাশের জন্যই বলবো যে সরকারের শিক্ষাবিভাগের কার্যকলাপ যে শম্বুক গতিতে এগিয়ে চলে সেটা তো একটা সমালোচনার বিষয়

হয়েছে এবং সে সমালোচনা শুধু সমালোচনাই নয়, একেবারে বাস্তব সত্য ঘটনাই বলা যায়। সুতরাং যদি একটু সতর্কীকরণ থাকেই তাহলে আমার মনে হয় যে সরকার একটু এ বিষয়ে অবহিত হবেন। এবং এই যে শম্বুকত্ব সমস্ত বিভাগে দেখা যাচ্ছে অন্তত শিক্ষাবিভাগে তার অস্তিত্ব শেষ হয়ে যাবে। সেদিক থেকে এই যুক্তিগুলি মন্ত্রীমহাশয়ের কাছে উপস্থিত করলাম, আশা করি তিনি এগুলি গ্রহণ করবেন। তার এ্যাডভাইসরি বোর্ড অসীম ক্ষমতাপন্ন হচ্ছে কিংবা অটোনমাস বোর্ড হবার সম্ভাবনা দেখা দিচ্ছে এদিক দিয়ে বিচার করবার কিছু নেই—সরকারেরই দেওয়া শক্তির মধ্যে, যাতে প্রাপ্ত ক্ষমতা কাজে লাগিয়ে ঠিকমত কাজ করতে পারেন বোর্ড তারজন্য আমি এই সংশোধনীগুলি উপস্থিত করলাম।

[12-15—12-25 p.m.]

Sj. Jagannath Kolay: Sir, I beg to move that in clause 27 in paragraph (c) of sub-clause (2), in line 3, after the word "syllabus" the words "and courses" be inserted.

Sj. Mohitesh Rai Choudhuri: Sir, I beg to move that in clause 27 to sub-clause (3), the following proviso be added, namely:—

> "Provided that where any eliminations, additions, alterations or modifications are proposed to be made by the State Government, the Board shall be requested to express its views thereon within such period not being more than one month as may be specified by the State Government."

Sir, this section 27 is next to section 4 the most important section in the Bill. It defines the powers and functions of the Board and the President. Here various powers relating to secondary education and control over secondary schools have been given to the Board and these powers the Board will have to exercise in accordance with regulations to be framed by the Board. These regulations are very important. The Board will prescribe by regulations the syllabus and course of studies to be followed, will make regulations for instituting secondary school final examination; will prescribe by regulations the conditions to be fulfilled by the examinees; and will also frame regulations to grant permission to candidates to appear in the examinations, etc. Now, these regulations which the Board will frame will require the sanction of the State Government—very naturally and very properly—because the Board is not an autonomous Board as it ought not to be. But there is a provision in clause (3) which is important, viz., "before sanctioning any regulations, the State Government may make such eliminations, additions, alterations and modifications therein as it thinks fit". Now, the Board frames certain regulations; these are sent to the Government for approval and Government alters some of these regulations, revises them or eliminates some of them, puts in something new, and if the Board is not given power to have its say on the changes introduced by the Government in the regulations framed by it, then it will be doing a great injustice to the Board. Therefore, I have suggested a proviso here that after the Board has framed the regulations and sent them for approval to the Government and the Government in its wisdom decides to make any alterations, these alterations should be forwarded to the Board for expressing its opinion, provided that where any eliminations, additions, alterations or modifications are proposed to be made by the State Government, the Board shall be requested to express its views thereon within such period not being more than one month as may be specified by the State Government. The Board should be given time to say its say on the revisions proposed by the Government and this chance of saying its say on the proposed changes is conferred on the Board in my amendment. Then there is also another thing. Supposing Government sends its recommendations—the changes it wants to

make to the Board but the Board sleeps over the matter, keeps its decision hanging, does not do anything and in this way wastes time. The amendment provides that the Board will not be allowed to do this. It must submit what it has got to say on the proposed changes to the Government within one month failing which Government will have the right to do whatever they like. This is in short the gist of the amendment which I have proposed. Similar power has been conferred on the Board in the matter of framing budget. The budget is framed by the Board, then it is submitted to the Government and Government may like to make some changes. Here the Education Minister has proposed in the Bill that the Board will be given a second chance to say its say on the proposed changes in the Budget. This salutary power of making their submission has been conferred on the Board in my amendment. I have proposed a similar change in case of the regulations which will form the most important part of the functions of the Board and which will be instrumental in the success of the administration of the Board. I hope the Education Minister will be good enough to accept my amendment and I hope the House will also endorse the amendment.

Now I would like to say a few words on amendment No. 178 proposed by my friend Sj. Satya Priya Roy. He wants that one of the functions of the Board will be to prescribe by regulations the conditions to be fulfilled by the Secondary Schools. That power is already there. If he cares to look to 19(3)(b) he will find that Recognition Committee, which will be a Sub-Committee of the Board, has been specifically given the power to make recommendations to the Board on the granting or refusing of recognition.

Then as regards amendment No. 179 moved by my sister Sjkta. Anila Debi, the changes which she wants to make are very important, but they are unnecessary because it is covered by the provisions under section 27(2)(l). Certainly the Board will have to frame conditions of admission of intending students to schools under that sub-section. Therefore, it is not necessary to make specific provision for this. These powers are already covered by the provision under 27(2)(l). Therefore, I think all other amendments except that of my humble self are unnecessary and may be rejected, and the Education Minister will be good enough to approve my amendment.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I beg to move that after clause 27(2)(c) the following be inserted, namely:—

"(cc) to undertake the preparation, publication and sale of text books written by experts for use in recognised institutions on such terms as may be agreed upon by the Board on the one hand and the experts on the other;".

Sir, this amendment is a novel one in nature. It is suggested that the Board will have the power of preparing and publishing text books, and paying such remunerations to experts who will write such text books according to an agreement that will be arrived at between the Board on the one hand and the experts on the other. The idea behind this amendment is that the Board itself will undertake the publication of text books. You are aware, Sir, that publication of text books and their sale have really become a sort of racket.

[12-25—12-35 p.m.]

One of the causes of the failure of the Board established under the West Bengal Secondary Education Act, 1950 was, as alleged by the Government, the mutual rivalry between persons interested in the publication of the books. The rivalry even affected the members of the Board. That suspicion is there; so something should be done to allay even the risk of such

suspicion. It is absolutely necessary that the students and guardians and the Board entrusted with Secondary Education should be protected from such unscrupulous publishers and their agents. It is for this reason that I suggest that on a very large scale ultimately and to begin with a small scale, the Board should itself undertake the publication of books. It is also well-known that a tremendous profit is made by the publishers out of the sale of text-books. A part of this profit may go into the coffers of the Board of Secondary Education if these books are to be published by the Board itself. In the third place, it has been the policy of the Government of India—not only the Government of India after independence, but even the British Government in India—that text-books should be made available to students at cheap price. This is not possible if we depend on the publishers who make very large profits. It is therefore necessary that the Board should undertake the publication of books. I feel that if a step is taken towards that direction, one day relief may be offered to the student community as well as the guardians in the shape of text-books at cheaper prices. It may also be hoped that the standard of the books will be of a higher order as they will be written under the direct supervision of recognised experts. Sir, people who are connected with publishing companies will certainly question, but I will ask them to think of what the Mudaliar Commission said in this respect. On page 104 the Mudaliar Commission proposes that a high-power Committee should be constituted for the purpose of looking after the proper prescribing of books and preparation of books also. On page 105 where the functions of the Committee are stated, it is laid down amongst other things: The Committee should have the power "to invite experts to write text-books and other books for study, if necessary, to arrange for the publication of text-books and other books needed for the schools, to maintain a fund from the amount realised from the sale of publications." There are other sections to which I would not like to draw your attention, however relevant they may be. The gist of it all is that the Mudaliar Commission is definitely of the opinion that the Board should take a hand in the matter of preparation of books, publication of books and sale of books. That is the substance of the amendment that stands in my name. I do not suppose that the Education Minister of a welfare State will have any difficulty in accepting this amendment.

I will next speak generally on the functions that have been given to the Board. I will not raise the broad question as to whether the Board should be an autonomous one or an advisory one. Whether the Board should be an autonomous one or an advisory one is a matter into which I won't enter for the simple reason that according to the spirit and letter of the sections which are adopted up till now the Board for all intents and purposes is to be an advisory one. I will, therefore, take my stand on the report of the Dey Commission which recommends an advisory board. I suggest that the functions of the Board have been considerably restricted, so that the Board will not be able to function for the purpose to which it should be created. What does the Dey Commission say? On page 33 it is clearly laid down by the Dey Commission that when the new Board of Secondary Education comes into existence it will be one of its main functions to conduct a careful survey of the educational requirements and to prepare a detailed plan for reconstruction of Secondary Education in the entire State for the consideration of Government. Coming to the functions of the Board the Commission clearly observe in the first place as follows: "to prepare plans for the development of secondary education and the better and more equitable distribution of the facilities......

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: That has been disposed of in the House already.

Sj. Nirmal Chandra Bhattacharyya: I am discussing the functions and these are the functions stated in the Dey Commission.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: In connection with clause 18 this question was raised—whether planning and development should be the power of the Board or not. It was decided that the Board would not have the power.

Sj. Nirmal Chandra Bhattacharyya: That was the power of setting up a Committee of the Board. That was another matter. Here we are discussing the powers and functions of the Board. This matter is very relevant and powers and functions are mentioned by the Dey Commission on page 37.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It has been once disposed of by the House.

Sj. Nirmal Chandra Bhattacharyya: No, Sir. This question—functions of the Board—has not been disposed of. Here the question is what functions should be given to the Board as a whole. There the question was what powers should be given to the committee. When we are discussing this particular chapter that deals with powers and functions of the Board, I maintain that we are entitled to refer to functions. Sir, the functions include preparation of development schemes. Sir, I do not challenge the proposition that the Government will ultimately check whatever recommendation may be made in this behalf by the Board and finally make its own plan. Nobody can take away the power of the Government to prepare development plans, but what I suggest is this: give this Advisory Board the power of making their own recommendation. It is a body that should be entrusted with this task, because it is a body of experts and this is an Expert Committee, and this Expert Committee or the Board of Experts should be given this particular task. The Hon'ble Minister argues that it is for the Government to do it. Can a Government Department with a few officials whose visions are very narrow and restricted frame a plan of the development of education for West Bengal as a whole? I submit, Sir, that in order to do that larger vision is necessary, and it is necessary that people who belong to different fields of education should co-operate in the development of such a plan.

[12-35—12-45 p.m.]

It is therefore absolutely necessary that the Board should be given this function even if it be an advisory capacity. I do not question the advisory capacity of the Board at the present moment. I say that give this Board the function of advising the Government as to the plan of development. Therefore, Sir, it has been a tremendous mistake on the part of the Minister not to give the Board, which is certainly an advisory one, this power of framing the developmental schemes for the examination and subsequent finalisation by the Government.

Sir, the Hon'ble Minister in charge of the Bill refers to the report of the Dey Commission very often. Is he aware that amongst the functions, Dey Commission recognised two categories with regard to one of which the function of the Board was advisory and with regard to another, the function of the Board was not advisory at all. It was definitely stated that with regard to those functions "Government will act according to the advice

given by the Board". In other words, when the Board is called an Advisory Board by the Dey Commission, it is really partly advisory and partly it is a Board whose recommendation has to be accepted by the Government. What are the subjects regarding which the recommendations of the Board are to be acted upon the Government? They are as follows: "to appoint committees of experts, to advise on the syllabus etc. for the different courses of study and also other committees as the Board may consider necessary for discharging its functions; to frame courses of study in different subjects on the recommendations of the expert committee that may be appointed by it for this purpose; to lay down rules for the conduct of the junior school certificate examination and higher certificate examination or any other such examinations that it may institute and generally to deal with all matters relating to the conduct of such examinations; to consider disputes between teachers, and committees of management; and finally, generally to advise the Government on all matters pertaining to secondary education". These are the distinct functions with regard to which it is clearly stated that the Government will act according to the advise tendered by the Board. I take my stand on the recommendations of the Dey Commission. Dey Commission was appointed for the purpose of making recommendations with regard to the special problems of West Bengal within the framework of the larger principles enunciated by the Mudaliar Commission. That has been done by the Dey Commission and I do not understand why the Hon'ble Minister will not accept the very reasonable and very moderate recommendations of the Dey Commission. I will threfore hope that he will reconsider his position and divide the functions into two categories, with regard to one of which the Board will be completely advisory and with regard to another the Government will act according to the recommendations of the Board.

Sir, I have nearly finished. With regard to sub-clause (1) of clause 27. I have some observations to make. The manner in which the functions of the Board have been restricted is of a far-reaching character and I did not expect this from a Minister who calls himself democratically minded. In section 27(1) it is said, "It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to secondary education referred to it by the State Government". Sir, what is the use of retaining this power of reference by the State Government? Let certain functions be clearly defined, as I have urged, in accordance with the recommendations of the Dey Commission. The final powers of the Government are there and there are so many other clauses by means of which powers of the Board have been restricted. So far as the functions are concerned it is not necessary to restrict it further by the use of the sentence and the words to which I have drawn your attention. This clause goes to the very root of the matter and I will beseech the Hon'ble Minister to consider it once again in the light of the recommendations of the Dey Commission. What I say is not revolutionary in nature. I don't just at the present moment say that let the Board be an autonomous one. I say accept the recommendations of the Dey Commission. I would appeal to the Hon'ble Minister, don't play the machiavellian game, once relying on the Dey Commission and again on the Mudaliar Commission. We want a straight deal from the Hon'ble Minister.

Sj. Naren Das: On a point of information, Sir. You promised that some time will be fixed for discussion on food and refugees problems and that was to be on Monday. In the programme of business for Monday, distributed just now, we find no mention of it.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, you promised that you would discuss with the Leader of the House about this and arrange things with him. We would like to know what arrangements have been made.

Mr. Chairman: I shall refer it to the Food Minister.

Sj. Satya Priya Roy: Sir, I beg to move that in clause 27(2), after item (1), the following new item be added, namely:—

> "(m) to prescribe by regulations the conditions to be fulfilled by Secondary Schools for recognition".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিলের খসড়া আমাদের সামনে রেখেছেন তার ৪র্থ অধ্যায় ২৭ ধারাতে মধ্যশিক্ষা পর্ষতের কি ক্ষমতা ও অধিকার তা লিপিবন্ধ করেছেন। তা দেখে অধ্যাপক ক্ষিতীশ বাবু যে-কথা বলেছিলেন হাঁস আর সজারু মিলে হাঁসজারু হয়ে যায় সেটা যেমন আজগুলি তেমনি এর পাওয়ার্স এ্যান্ড ফাংশনস এবং মুদালিয়র, দে এবং নিজের মনগড়া সব কিছু মিলে একটা অদ্ভুত চেহারা এই বোর্ডের হচ্ছে। প্রথমত মুদালিয়র কমিশন একথা অবশ্য বলেছেন কিন্তু মন্ত্রীমহাশয় সে কথার অর্থ ঠিক কিভাবে বুঝেছেন আমি জানি না, মুদালিয়র কমিশন এই কথাই বলেছেন—

> "......functions of the Board will be limited to the formulation of broad policies and the Board is not expected to function as an executive body which is the province of the Director of Education........"

এই উক্তির উপর নির্ভর করে মন্ত্রীমহাশয় বলেছেন—মুদালিয়র কমিশন বোর্ডকে এ্যাডভাইসরি করতে বলেছেন এবং বোর্ডএর হাতে এক্জিকিউটিভ পাওয়ার দেবে না। কিন্তু এক্জিকিউটিভ পাওয়ারএর উলটোই যে এ্যাডভাইসরি হয় সেটা আমি বুঝতে পারি না। এক্জিকিউটিভ পাওয়ার হচ্ছে একটা, আর পাওয়ার অব লেজিসলেশন অথবা ল-মেকিং পাওয়ার হচ্ছে আলাদা। শিক্ষা-ক্ষেত্রে মুদালিয়র কমিশন ভেবেছিলেন যে বোর্ডএ একটা কমপ্যাক্ট বডী থাকলে অব এডুকেশনাল এক্সপার্টস, তাঁরা নিয়ম কানুন সমস্ত তৈরি করবেন, শিক্ষানীতি তাঁরা নির্ধারণ করবেন এবং তাঁদের শিক্ষানীতিকে কার্যে পরিণত করবেন ডিরেক্টর অব এডুকেশন কিন্তু মন্ত্রীমহাশয় এখানে দেখছি অনেক এক্জিকিউটিভ ফাংশন বোর্ডের কাছে নিয়ে এসেছেন। অবশ্য উনি বলবেন যে আপনারা যে দাবী করেছিলেন যে বোর্ড স্বয়ংসম্পূর্ণ হোক সেটাই ত আমি মেনে নিয়েছি কিন্তু তার সঙ্গে সঙ্গে কথা হচ্ছে যে নীতি বড় কথা। সেই নীতিকে যিনি কার্যে পরিণত করছেন তিনি ত প্রশাসনিক কাজ করছেন, সেই নীতি নির্ধারণের ক্ষমতাকে সীমাবদ্ধ করে দিয়ে পর্ষতের যেটা বাস্তব ক্ষমতা হওয়া উচিত ছিল তা থেকে তাকে বঞ্চিত করে সেটাকে প্রচ্ছন্ন করে কতকগুলি এক্জিকিউটিভ পাওয়ার এই বোর্ডের হাতে দিয়ে দিয়েছেন। তার ফলে দাঁড়িয়েছে মুদালিয়র কমিশনএর বোর্ডের যে কনস্টিটিউশন ছিল সেই কনস্টিটিউশন অনুযায়ী বোর্ড গঠিত হবার ফলে বোর্ড বাস্তবিক কার্য করতে পারবে না। তার কারণ হচ্ছে দেখা যাচ্ছে যে প্রত্যেক স্কুলকে রেকগনিশন দেবার দায়িত্ব বোর্ডের হাতে দেওয়া হয়েছে, ২৭(২) উপধারার (এ)তে বলা আছে—

> "In accordance with such regulations as may be made in this behalf and subject to the provisions of sub-section (4) of section 19, to grant or refuse recognition to Institutions for such purposes as may at the time of recognition be specified, and to withdraw such recognition, if it thinks fit, after considering the recommendations of the Recognition Committee."

[12-45—12-55 p.m.]

প্রতিটি স্কুলকে মঞ্জুরী দেবার সময় প্রতিটি স্কুল সম্পর্কে রিকগনিশন কমিটি কি সুপারিশ করেছে তাকে বিচার বিশ্লেষণ করে এই বোর্ডকে বিদ্যালয়ের মঞ্জুরী দিতে হবে। তারপর

কোন্ ছেলে পরীক্ষা দেবে এবং কোন্ ছেলে পরীক্ষা দেবে না সেই সম্পর্কে এই পর্ষৎকে কাজ করতে হবে ২৭ ধারার ২ উপধারার (১) আইটেম অনুযায়ী, সেখানে বলছে—

"In accordance with such regulations as may be made in this behalf to grant permission to candidates to appear at examinations instituted by the Board and to refuse or withdraw such permission if it thinks fit......Mudaliar Commission."

১ লক্ষ পরীক্ষার্থী ছেলেমেয়েকে দেখে কাকে পার্মিশন দেওয়া হবে আর কাকে পার্মিশন দেওয়া হবে না সেটা দেখবার ভারও এই পর্ষতের উপর দেওয়া হচ্ছে। পর্ষৎ সম্পর্কে মুদালিয়র কমিশন বলেছেন এবং মন্ত্রীমহাশয়ও বললেন, তাঁর রচিত পুরাণো পর্ষৎ যে বাতিল হয়েছে সেদিকে লক্ষ্য করে নাকি তারা বলেছিলেন যে কোন কোন স্টেটএ দেখা যাচ্ছে যে খুব আনউইলিং মেম্বার নিয়ে পর্ষৎ তৈরি হয়েছে বলে সে পর্ষৎ কিছুতেই কার্যকরী হতে পারে না। আমার প্রশ্ন মন্ত্রীমহাশয়ের কাছে ২৭ জন নিয়ে এই যে পর্ষৎ সেই পর্ষতের পক্ষে প্রতিটি বিদ্যালয়ের মঞ্জুরী বিবেচনা করা এবং প্রত্যেকটি পরীক্ষার্থীর যোগ্যতা আছে কিনা তা বিবেচনা করার সময় বা সুযোগ পর্ষতের আছে কি এবং থাকলেও এইজন্য পর্ষতের মূল্যবান সময় ব্যয় করা উচিত কিনা সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় ভেবে দেখেছেন কি? অবশ্য মন্ত্রীমহাশয় যখন এ্যাক্ট অব ১৯৫০ করেছিলেন তখন বলতে হবে যে তিনি বিজ্ঞতর ছিলেন এবং তাঁর ধারণা ছিল অন্য রকম। সেইজন্য এ্যাক্ট অব ১৯৫০তে মুদালিয়র কমিশনএর সুপারিশকে অনেকটা কার্যকরী করা হয়েছিল। মুদালিয়র কমিশন বলেছেন যে পলিসি মেকিংটা থাকবে বোর্ডের হাতে সেই অনুযায়ী ১৯৫০র এ্যাক্টএ পলিসি মেকিংটা বোর্ডের হাতে দেওয়া হয়েছিল এবং ১৯৫০র এ্যাক্টএ ছিল যে সেই পলিসিকে কার্যকরী করবে এক্জিকিউটিভ ফাংসন অব দি বোর্ড। মুদালিয়র কমিশন সেই জায়গায় বলেছিল যে এক্জিকিউটিভ কাউন্সিলএর দরকার নেই বরং সেই এক্জিকিউটিভ কাউন্সিলএর পরিবর্তে তাকে কার্যকরী করবে ডিরেক্টর অব এডুকেশন কিন্তু ১৯৫০এর ৩৬ ধারাতে যেখানে পাওয়ার্স অব দি বোর্ড বলা হয়েছে সেখানে (এ) থেকে (কিউ) পর্যন্ত নানারকম ক্ষমতার তালিকা এখানে দেওয়া আছে। কিন্তু সমস্ত ক্ষমতাগুলি হচ্ছে—টু মেক রেগুলেশনস—যেমন আমি দু' তিনটা প'ড়ে—মন্ত্রীমহাশয়কে এ সম্পর্কে অবহিত হ'তে বলি—

"in particular and without prejudice to the generality of the foregoing power the Board may prescribe by regulations the procedure to be followed by the Executive Council in granting, withholding and withdrawing recognition."

কাজেই রেকগনিশন দেবার যে নীতি সেই নীতিটা বোর্ড নির্ধারণ করবে, কিন্তু সেই নীতিকে কার্যে পরিণত করবার জন্য দায়িত্ব দেওয়া হচ্ছে এক্জিকিউটিভ কাউন্সিলকে। সেই রকম—

prescribe by regulation the conditions which shall govern the admission of students to and the transfer of students to and from high schools, make regulations for the institution, holding and controlling of such examinations—

এই রকম করে অন্য যেসমস্ত রেগুলেশন করবার ভার ১৯৫০ সালের আইন অনুযায়ী এই বোর্ডকে দেওয়া ছিল তাকে কার্যে পরিণত করবার দায়িত্ব ছিল এক্জিকিউটিভ কাউন্সিল অব দি বোর্ডএর উপর। কিন্তু এক্জিকিউটিভ কাউন্সিলে মাত্র ১৭ জন সদস্য ছিলেন। এই ১৭ জন সদস্য এক্জিকিউটিভ কাউন্সিল থেকে এক্জিকিউটিভ পাওয়ার পরিচালনার দায়িত্ব নিয়েছিলেন আজকে দেখা যাচ্ছে—সেই এক্জিকিউটিভ পাওয়ার দেওয়া হচ্ছে বোর্ডএর হাতে, যে বোর্ডের সদস্য সংখ্যা ২৭। কাজেই বোর্ডের নীতি নির্ধারণ করবার কথা যখন মুদালিয়র কমিশন বলেছেন তখন তার যৌক্তিকতা বুঝতে পারি, কিন্তু বোর্ডের হাতে এ কেন দেওয়া হ'ল তা বুঝতে পারি না। যদি বোর্ডের হাতে প্রত্যেকটা রেকগনিশন কেস দেখাবার ভার পড়ে তাহলে সহজেই বুঝতে পারব যে এই ২৭ জনের ১৭ জন নিয়ে যে এক্জিকিউটিভ কাউন্সিল ছিল তার জায়গায় আজকে সমস্ত বিদ্যালয়ের অবস্থা বিচার ক'রে দেখতে গেলে এই ২৭ জন সদস্য নিয়ে গঠিত যে বোর্ড তার পক্ষে প্রত্যেকটি বিদ্যালয়ের অবস্থা বিচার করে মঞ্জুরী দিতে কত বছর কেটে যাবে তার ধারণা করতে পারবেন। এটায় মনে হয় মন্ত্রীমহাশয় মুদালিয়র কমিশনের এ সম্পর্কে যেসমস্ত

সুপারিশ আছে তা মোটেই বুঝতে পারেন নি এবং সেইজন্য এক্জিকিউটিভ এবং পলিসি মেকিং এই দুটোতে তালগোল পাকিয়ে এমন ক্ষমতা দিয়েছেন যাতে দেখা যায়, আজ ফর দি ফার্স্ট ক্লজ ২৭(১) তাতে আছে—

"It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referred to it by the State Government."

এ সম্পর্কে মন্ত্রীমহাশয় একটা বিলাতী আইনের প্রতি নজর রেখে এই আইন রচনা করেছেন, এবং এই আইনের যুক্তি হিসাবে তিনি বলেছেন—এ্যাক্ট অব ১৯৪৪। তাহলে নিশ্চয় মন্ত্রীমহাশয় জানেন যে এখানকার অবস্থায় 'রেফার্ড টু ইট বাই দি স্টেট গভর্নমেন্ট' এটা বলে যে পজিশন নিচ্ছেন সেই পজিশন ইংলন্ডের কন্সালটেটিভ কমিটিগুলোর ছিল ১৯৪৪ সালের আইনের আগে বিলাতে যে প্রকার কন্সালটেটিভ কমিটি ছিল সেই কন্সালটেটিভ কমিটি নিজের দায়িত্বে কোন রকম পরামর্শ সরকারকে দিতে পারত না। যেখানে সরকার যেগুলোর জন্য তাদের কাছে পরামর্শ চাইতেন শুধু সেইগুলোতেই কন্সালটেটিভ কমিটির পরামর্শ দেবার ক্ষমতা ছিল হ্যাডো কমিটির যে রিপোর্ট, সেই হ্যাডো কমিটির কাছে ডেভেলপমেন্ট এ্যান্ড প্ল্যানিংএর জন্য রেফার করা হয়েছিল ব'লে হ্যাডো কমিটি ঐরকম যুগান্তকারী সুপারিশ তখনকার সরকারের সামনে রাখতে পেরেছিলেন। বর্তমানে কন্সালটেটিভ কমিটির ক্ষমতা অনেকটা বাড়িয়ে দেওয়া হয়েছে। কন্সালটেটিভ কমিটি আগে শুধু পরামর্শ দিতে পারতেন যেসমস্ত ব্যাপার তাঁদের কাছে পরামর্শের জন্য যেত, এখন সেখানে ক্ষমতা দেওয়া হয়েছে যে-কোন মাধ্যমিক শিক্ষাসংক্রান্ত ব্যাপারে সে পরামর্শ দিতে চায় সেই সম্পর্কে কন্সালটেটিভ কমিটি সরকারকে পরামর্শ দিতে পারবে। এতটা জোর তার হয়েছে।

[12-55—1-7 p.m.]

ইংলন্ডে শিক্ষার এই বিরাট নীতির বৈপ্লবিক পরিবর্তনটাকে ইংলন্ডের শিক্ষাবিদরা স্বীকার করেছেন। এখানে আমি মন্ত্রীমহাশয়ের অবগতির জন্য আবার পড়ে শোনাচ্ছি। ইংলন্ডের এডুকেশন এ্যাক্ট অব ১৯৪৪ তার ৮এর পৃষ্ঠায় আছে—

"A further check is imposed upon the Minister by section 4 which provides for two Central Advisory Councils for Education—one for England and one for Wales and Manmouthshire. The duty of these Councils is to advise the Minister upon such matters connected with educational theory and practice as they think fit and upon any questions referred to them by him" এই 'as they think fit' এই শব্দগুলো ইটালিকসে লিখেছেন the vitally important words in this clause are those which I have italicised "as they think fit" and there was previously as part of the machinery of the Board of Education a Consultative Committee to which President could and did refer matters for detailed enquiry and report and some exceedingly valuable reports resulted from the investigations of this Committee. But it had no power to conduct enquiries on its own initiative. The new Councils have this power and provided they are composed of men and women of independent mind with courage and convictions, they should be not only of the greatest assistance to the Minister but also an effective deterrent to arbitrary or irresponsible action on his part".

এটা মন্ত্রীমহাশয়ের স্বেচ্ছাচারিতার উপর মস্তবড় চেক হতে পারে আর একটা হচ্ছে—

If some mad man comes into power, how to check him—

কি কি চেক দেওয়া হয়েছে তা একটা মস্তবড় জিনিস। কন্সালটেশনএর ব্যাপারে সরকার যে যে ব্যাপারে পরামর্শ চান সেই ব্যাপারে সীমাবদ্ধ না রেখে যে ব্যাপারে সেই কমিটি মনে করে যে সরকার যে পথে এগিয়ে যাচ্ছেন সেটা ঠিক নয়, সেখানে সে পরামর্শ দিতে পারবে। সেখানে শিক্ষা আইনে এটার সম্বন্ধে বলা হয়েছে 'ইট ইজ এ গ্রেট ডেটারেন্ট' অর্থাৎ সরকারের স্বেচ্ছাচারিতার উপর এটা একটা মস্তবড় প্রতিবন্ধক হবে। কিন্তু এখানে দেখতে পাচ্ছি এ্যাক্ট অব

১৯৪৪এর আগে কন্সালটেটিভ কমিটির যে পাওয়ার ছিল যে শুধু যে ব্যাপারে সরকার তাদের কাছে পরামর্শ চাইবেন সেই ব্যাপারেই তারা পরামর্শ দিতে পারবে—সেটা লিপিবন্ধ করে রেখেছেন ২৭(১)তে। কাজেই এখানে শ্রীযুক্তা অনিলা দেবীর যে এ্যামেন্ডমেন্ট আছে ২৭(১) সম্পর্কে—সেটা সমর্থন করে বলছি যে ঐ যে 'রেফার্ড টু ইট বাই দি স্টেট গভর্নমেন্ট'এর পরে যোগ করা হউক—

"and while the State Government shall not act in this respect without prior consultation with the Board, the advice of the Board on all such matters shall be binding on the State Government."

ঐ শব্দগুলো যোগ করে দিলে রাজ্যসরকার সেকেন্ডারী বোর্ডের পরামর্শ না নিয়ে মাধ্যমিক শিক্ষা সম্পর্কে কোন রকম ব্যবস্থা অবলম্বন করতে পারবেন না। অন্তত মাধ্যমিক শিক্ষাজগতে এইরকম ব্যবস্থা করতে গেলে পর এই সংশোধন গৃহীত হ'লে মাধ্যমিক পর্ষদের সঙ্গে আলোচনা করতে হবে এবং মাধ্যমিক শিক্ষা পর্ষদের যে পরামর্শ সেই পরামর্শ গ্রহণ করা এবং পালন করা সরকারের পক্ষে বাধ্যতামূলক হবে। এই মৌলিক প্রশ্ন সম্পর্কে এটা শিক্ষক সমাজের মত বলে নয়, এ সম্পর্কে দে-কমিশন কি বলেছেন এবং মুদালিয়র কমিশনই বা কি বলেছেন তা বিবেচনা করে দেখার দরকার আছে। মুদালিয়র কমিশন কি বলেছেন তার কথা অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় বলেছেন। তার পুনরাবৃত্তি করব না।

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, it is already 1 o'clock. He will take some more time; he is the principal speaker on this side.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, I want to know from Professor Bhattacharyya whether he referred to the Mudaliar Commission or the Dey Commission.

Sj. Nirmal Chandra Bhattacharyya: So far as functions are concerned, I referred to the Dey Commission.

Sj. Satya Priya Roy:

(জে)তে বিভিন্ন তালিকার প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। (জে)তে বলেছেন—

generally to advise the Government on all matters pertaining to Secondary Education.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, it is more than 1 p.m., and we would request you to adjourn now.

Mr. Chairman: Let Mr. Satya Priya Roy finish his speech.

Sj. Satya Priya Roy: Sir, I will take some time as I will have to discuss this with reference to University Commission Report, Mudaliar Commission and the Dey Commission.

Mr. Chairman: Please try to finish as quickly as you can.

Sj. Satya Priya Roy:

এই ধারাতে যা আছে তার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—জেনারেলি টু এ্যাড-ভাইস দি গভর্নমেন্ট যেটা হচ্ছে রেসিডুয়ারি পাওয়ার যখন দুটো কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয় তখন ঠিক করতে হয় ফেডারেল স্টেটএর কনস্টিটিউশনএ নির্দিষ্ট ক্ষমতার কথা বলা হয়েছে। বাকি ক্ষমতাগুলি কার কাছে থাকবে। রেসিডুয়ারি পাওয়ার সোজাসুজি দে-কমিশন দিয়েছেন বোর্ডের কাছে। (জে) আইটেমগুলিতে—

"generally to advise the Government on all matters pertaining to secondary education এবং (j)সম্পর্কে বলা আছে while in respect of the items (f), (g), (h), (i), (j), the Government will act according to the advice given by the Board."

কাজেই দে-কমিশন পরিষ্কার বলতে চেয়েছেন যে সরকারকে কাজ করতে হবে, বোর্ড যে পরামর্শ দিয়েছে সেই পরামর্শ অনুযায়ী। সেই পরামর্শকে শুধু রূপায়িত করবার জন্য দায়িত্ব থাকবে সরকারের।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: It is advice and not order.

Sj. Satya Priya Roy: Advice means order. British King's advisors are the Ministers.

এটা নূতন করে মন্ত্রীমহাশয়ের কিছু বলার নেই। রাজার উপদেষ্টা মন্ত্রীরা, সেই এ্যাডভাইসএর অর্থ কি এখানে সেটা সমস্ত বলে দেওয়া হয়েছে পেজ ৩৮তে—

"in respect of items (a), (b), (c), (d) and (e), Government will take the views of the Board into consideration. In respect of the items (f), (g), (h), (i), (j), the Government will act according to the advice given by the Board." That is taken absolutely from the British Constitution. And the King acts according to the advice of the Ministers......Government will act according to the advice of the Board."

এরমধ্যে 'জে' থাকাতে—'জে' হচ্ছে রেসিডুয়ারি যে ক্ষমতাগুলি সরকারের হাতে দেওয়া হয়েছে সেগুলি সরকার করবে, যেগুলি মধ্যশিক্ষা পর্যন্তকে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে সেগুলি মধ্যশিক্ষা পর্ষৎ করবে। এই তালিকার মধ্যে যেগুলি স্থান পায় নি সেই সমস্ত ক্ষমতা এই সেকেন্ডারী বোর্ডের কাছে যাবে এবং সেকেন্ডারী বোর্ডের পরামর্শ অনুযায়ী সেইসব ক্ষেত্রে মন্ত্রীমহাশয়কে কাজ করতে হবে এটা দে-কমিশনের রেকমেন্ডেশন। মুদালিয়র কমিশন সম্পর্কে উনি বলেছেন—আমি প্রথমে যখন বিলের নীতি সম্পর্কে আলোচনা করেছিলাম তখন বলেছিলাম এটা যদি এ্যাডভাইসরি বোর্ড হিসাবে মুদালিয়র কমিশন মনে করে থাকেন তাহলে আবার ১৮৩ পৃষ্ঠায় কেন বলেছেন প্রভিন্সিয়াল এ্যাডভাইসরি বোর্ডস?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: You cannot understand, that is the difficulty.

Sj. Satya Priya Roy:

আপনি বুঝেছেন, তা হলেই হবে, আমাদের একটু বুঝিয়ে দিলে আমরা খুশি হব। আপনি নিশ্চয়ই আমাদের চেয়ে বেশি ভাবেন এবং বুঝার চেষ্টা করেন। কাজেই আপনার কাছ থেকে কিছু আলো পেতে পারি কিনা দেখব।

Sj. Mohitosh Rai Choudhuri: Sir, we request that the House be adjourned now.

Mr. Chairman: I would like Mr. Roy to finish this particular point.

Sj. Satya Priya Roy:

আমি, স্যার, পরের দিন শেষ করে দেব, ওয়াটার টাইট কিছু নেই, লেট আস স্টপ হিয়ার।

Mr. Chairman: Before we adjourn, I suggest that on Monday I intend to take two sessions, in the morning from 9-30 to 12 and in the afternoon from 3.p.m. I would invite the members to lunch with me on Monday, because it is a very important Bill and we ought to finish it on that day. The House stands adjourned till 9-30 a.m. on Monday, the 23rd December, 1957.

Adjournment

The Council was then adjourned at 1-07 p.m. till 9-30 a.m. on Monday, the 23rd December, 1957, at the Legislative Building, Calcutta.

Members absent

Bagchi, Dr. Narendranath.
Banerjee, Dr. Sambhu Nath.
Banerjee, Sj. Tara Sankar.
Basu, Sj. Gurugobinda.
Chakrabarty, Dr. Monindra Mohan.
Chatterjea, Sj. Devaprasad.
Chattopadhyay, Sj. K. P.
Dutt, Sjta. Labanyaprova.
Ghose, Sj. Bibhuti Bhusan.
Guha Ray, Dr. Pratap Chandra.
Majumdar, Sj. Sudhirendra Nath.
Maliah, Sj. Pashupati Nath.
Mohammad Jan, Janab Shaikh.
Mukherjee, Sj. Sudhindra Nath.
Musharruf Hossain, Janab.
Roy, Sj. Surendra Kumar.
Saraogi, Sj. Pannalal.
Sarkar, Sj. Pranabeswar.
Sen, Sj. Jimut Bahan.
Sinha, Sj. Rabindralal.

COUNCIL DEBATES

Monday, the 23rd December, 1957.

THE COUNCIL met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 23rd December, 1957, at 9-30 a.m. being the Fifteenth-day of the Thirteenth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

GOVERNMENT BILL

The West Bengal Board of Secondary Education Bill, 1957

Clause 27.

[9-30—9-40 a.m.]

Mr. Chairman: Sj. Roy, will you kindly conclude your speech?

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর আগে আমি সেদিন বলেছিলাম যে, বোর্ড অব সেকেন্ডারি কমিশন সম্পর্কে মুদালিয়র কমিশন যে তাঁদের উপদেষ্টা সংস্থা হিসেবে চিন্তা করেন নি তা পরিষ্কার প্রমাণ হয়েছে। এই কমিশন রিপোর্ট'এর ১৩৮ পৃষ্ঠায় দেখা যাচ্ছে যে, মুদালিয়র কমিশন প্রভিন্সিয়াল অ্যাডভাইসরি বোর্ড'এর সুপারিশ করেছেন। কাজেই এই বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনএ যদি উপদেষ্টা সংস্থা হিসেবে পরিকল্পিত হয়ে থাকত তা হ'লে তার পাশাপাশি ১৮৩তে আবার প্রভিন্সিয়াল অ্যাডভাইসরি বোর্ড'এর কথা কিছুতেই মুদালিয়র কমিশন বলতে পারতেন না। এই প্রভিন্সিয়াল অ্যাডভাইসরি বোর্ড'এর গঠন এবং বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনএর গঠনের মধ্যে অনেকটা পার্থক্য আছে। এবং অ্যাডভাইসরি বোর্ড আরও অনেক উদার ভিত্তিতে প্রতিষ্ঠিত করবার সুপারিশ মুদালিয়র কমিশন করেছিলেন। সেই সুপারিশ কি, আমি মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য পড়ে শুনাচ্ছি—

The Provincial Advisory Board may function on line similar to the Central Advisory Board of Education and should be composed of representatives of the teaching profession, the Universities, Managements of high schools and higher secondary schools, Heads of Departments dealing with different spheres of education, representatives of industry, trade and commerce and the legislature and the general public.

কাজেই গণতান্ত্রিক উদার ভিত্তিতে এই অ্যাডভাইসরি বোর্ড বা উপদেষ্টা সংস্থা গঠন করবার সুপারিশ মুদালিয়র কমিশন করেছিল। এটা নিশ্চয় এই বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন যা আইনগতভাবে তার যেসমস্ত ক্ষমতা থাকবে তা দিয়ে রচিত হবে। মন্ত্রিমহাশয় আমাকে বলেছিলেন যে, আমি ঠিক বুঝতে পারি নি। আমি হয়ত বুঝতে পারি নি, কিন্তু এই ব্যাপারে সিন্ডিকেট যে সিদ্ধান্ত নিয়েছেন এবং যা ইতিমধ্যে শিক্ষাদপ্তরে এসে পৌঁছিয়ে গিয়েছে এবং যে সিদ্ধান্ত সম্বন্ধে মন্ত্রিমহাশয় ইতিমধ্যে প্রতিশ্রুতি দিয়েছেন যে, তিনি সেগুলি বিবেচনা ক'রে দেখবেন এবং প্রয়োজনমত সে সিদ্ধান্তগুলিকে এই আইনের মধ্যে অন্তর্ভুক্ত ক'রে নেবেন। সেই সিন্ডিকেটের সিদ্ধান্ত এই অ্যাডভাইসরি বোর্ড'এর কথা বলা হচ্ছে। সেই সিন্ডিকেটের যে মন্তব্য এই মধ্যশিক্ষা পর্ষৎগুলি সম্পর্কে যা মন্ত্রিমহাশয়ের দপ্তরে এসে পৌঁছিয়েছে তার থেকে আমি উদ্ধৃত ক'রে শুনাচ্ছি—

It was recognised by the Mudaliar Commission that there should be Provincial Advisory Boards to advise the Government in all matters pertaining to education. No such Board is contemplated in the proposed Bill. We

suggest the inclusion of provision for the constitution of such a Board which is indispensable in an era of development as plans for development should be first scrutinised by a representative Board of this type before being examined either by the Committees of the Secondary Education Board or by the Government itself.

কাজেই এইরকম উদার ভিত্তিতে একটা অ্যাডভাইসরি বোর্ড স্থাপনের প্রয়োজনীয়তা আছে সেখানে জাতীয় জীবনের সমস্ত মত প্রতিফলিত হতে পারে। এবং এই বিল আনার আগে এইরকম একটা অ্যাডভাইসরি বোর্ডএর মতন যদি মন্ত্রিমণ্ডলী গঠন করতেন এবং সেই অ্যাডভাইসরি বোর্ডএর মাধ্যমে বিচার বিবেচনার পর যদি বিল এখানে আনতেন তা হ'লে আমার মনে হয় এই বিল সম্পর্কে যেসমস্ত বিতর্ক দেখা দিয়েছে, যে তীব্র বিরোধিতা দেখা দিয়েছে তার কোন অবকাশ থাকত না। আশা করি মন্ত্রিমহাশয় ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি এবং কলেজ টিচার্স অ্যাসোসিয়েশন এই মধ্যশিক্ষা পর্ষৎ বিল সম্পর্কে যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা বিবেচনা ক'রে দেখেছেন বা দেখবেন। কারণ, বিশ্ববিদ্যালয়, কলেজ এবং শিক্ষক সমিতি শিক্ষাবিদ্‌গণের প্রতিনিধিস্থানীয় প্রতিষ্ঠান। এই দাবিকে কেউ অস্বীকার করতে পারে না এবং তাঁরা বার্ষিক সম্মেলনে এই ঘোষণা করেছেন যে, মধ্যশিক্ষা পর্ষৎ বিল অত্যন্ত প্রতিক্রিয়াশীল। এবং অবিলম্বে প্রত্যাহার ক'রে নেওয়া উচিত। এবং নতুন বিল রচনা ক'রে শিক্ষাবিদ্‌দের সামনে রেখে তাঁদের সঙ্গে পরামর্শ ক'রে তারপর এই মধ্যশিক্ষা নিয়ন্ত্রণ সম্পর্কে এই আইন প্রণয়নে সরকারের উদ্যোগী হওয়া উচিত। কাজেই প্রথম ২৭এর (১) উপধারাতে যে ক্ষমতা এই বোর্ডকে দেওয়া হচ্ছে সে ক্ষমতা অত্যন্ত সীমাবদ্ধ এবং সে ক্ষমতার অধিকারী হয়ে পর্ষদের পক্ষে বাস্তবিক মধ্যশিক্ষা নিয়ন্ত্রণের বা উন্নয়নের কিছু করা সম্ভবপর নয়। বাস্তবিক বলতে হবে পর্ষৎকে অতিক্রম ক'রে গিয়ে পর্ষৎকে কোনরকম পরামর্শ না ক'রেই সরকার শিক্ষা সম্পর্কে সমস্ত কর্তৃত্ব পরিচালনা করতে পারেন। সেই উদ্দেশ্যেই ২৭এর (১) উপধারা রচিত হয়েছে। এবং তা হচ্ছে

> "it shall be the duty of the Board to advise the State Government on all matters relating to secondary education referred to it by the State Government."

এ সম্পর্কে মুদালিয়র কমিশনের মন্তব্য এবং দে কমিশনের মন্তব্য আমি মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য পড়ে শুনাচ্ছি। অবশ্য মুদালিয়র কমিশন এক হাতে রেখে এবং দে কমিশন আর এক হাতে রাখলে হয়ত মন্ত্রিমহাশয় কিছু যুক্তি পাবেন কারণ ফাংকশন অব দি বোর্ড বলতে গিয়ে মুদালিয়র কমিশন বলেছেন—

The Board will be generally responsible for the following matters.

এই সমস্ত ব্যাপারেতে বোর্ডএর দায়িত্ব থাকবে, উপদেশ দেবে, শুধু তাই নয়—উপদেশ দিয়ে তার কর্তব্য শেষ করবে তাই নয়। তালিকাতে যেসমস্ত বিষয়গুলি উল্লেখ রয়েছে সে সম্পর্কে সম্পূর্ণ দায়িত্ব আসবে বোর্ডএর। কিন্তু সেখানে অবশ্য তালিকার ৬ নম্বর আইটেমএতে বলা আছে—

generally to advise the Director of Education when required on all matters pertaining to Secondary Education.

এখানে অবশ্য আছে হোয়েন রিকোয়ার্ড যখন প্রয়োজন হবে তখন ডাইরেক্টর অব এডুকেশন সে বিষয়ে পরামর্শ দেবার দায়িত্ব এই পর্ষদের থাকবে। কিন্তু এর আগেতে অ্যাক্টএর ১, ২, ৩, ৪ বা ৫ এখানে যেসমস্ত ক্ষমতার কথা বলা হয়েছে সে ক্ষমতা সম্পর্কে সম্পূর্ণ দায়িত্ব বোর্ডএর থাকবে। এই ৬ নম্বর ধারা থাকা সত্ত্বেও দে কমিশন পর্ষদের ক্ষমতা সম্পর্কে এই ধারার যা পরিবর্তন করেছেন—বিশেষ ক'রে দে কমিশনেতে আমাদের মনে রাখতে হবে যে, মুদালিয়র কমিশনের যিনি সম্পাদক ছিলেন এবং শিক্ষাবিদ্‌ যিনি শ্রীঅনাথনাথ বসু মহাশয়, যিনি এখন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বিনয় ভবনের অধ্যক্ষ হয়ে যোগ দিয়েছেন তিনিও দে কমিশনের সদস্য ছিলেন এবং মুদালিয়র কমিশনের সমস্ত সুপারিশ সম্পর্কে নিশ্চয়ই তাঁর স্পষ্ট ধারণা ছিল এবং মুদালিয়র কমিশনে যেখানে বলা হয়েছে যে প্রত্যেক রাজ্যে তার অবস্থানিক পরিবর্তন সুপারিশগুলি ক'রে তারা নেবে—এই মুদালিয়র কমিশন যেসব

সুপারিশ করেছেন তা প্রত্যেক রাজ্য তার নিজের প্রয়োজন অনুযায়ী পরিবর্তন ক'রে নিতে পারবে। এই সুপারিশের কথা মনে রেখে দে কমিশন এই সম্পর্কে যে মন্তব্য করেছেন সেটাই আমাদের বিশেষ মনোযোগের সঙ্গে অনুধাবন করতে হবে। ৩৮ পৃষ্ঠায় দিয়েছে যেখানে মুদালিয়র কমিশন ৬ নম্বর ধারায় যেকথা বলেছেন তারই উল্লেখ করতে গিয়ে দে কমিশন বলছে যে,

generally to advise the Government on all matters pertaining to Secondary Education.

এখানে কোনরকম শর্ত দিয়ে কণ্টকিত করা হয় নি। বোর্ডকে মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত সমস্ত ব্যাপারে পরামর্শ দেবার দায়িত্ব এবং অধিকার মধ্যশিক্ষা পর্ষৎকে দেবার সুপারিশ দে কমিশন করেছেন।

[9-40—9-50 a.m.]

The Government will act according to the advise given by the Board.

এবং (জ) সম্পর্কে এই মন্তব্য দে কমিশন করেছেন যে—

generally to advise the Government on all matters pertaining to Secondary Education.

কাজেই শ্রীযুক্তা অনিলা দেবী এখানে যে সংশোধন প্রস্তাব এনেছেন—

> "while the State Government shall not act in this respect without prior consultation with the Board the advice of the Board on all such matters shall be binding on the State Government."

শ্রীযুক্তা অনিলা দেবীর এই যে সংশোধনী এটা দে কমিশন যে সুপারিশ করেছেন, সেই সুপারিশের ভিত্তিতে রচিত হয়েছে। সেদিক থেকে এর যথেষ্ট গুরুত্ব আছে। মাননীয় মন্ত্রিমহাশয় দে কমিশনের এই সুপারিশ বাস্তবিক যদি মানতে চান, দে কমিশনের সুপারিশের সত্যই যদি মূল্য দিতে চান, তা হ'লে শ্রীযুক্তা অনিলা দেবীর এই সংশোধনী তাঁকে গ্রহণ করতে হয়।

তারপর বোর্ডের অধিকার সম্পর্কে খসড়া বিলে যেসমস্ত ধারা সংযোজিত হয়েছে, সেগুলো বিচার করলে দেখতে পাব যে, তার মধ্যে এমন সব ত্রুটি ও অস্পষ্টতা রয়ে গেছে যার ভেতর দিয়ে পর্ষতের কাজ করা কখনও সম্ভব হবে না যদি না সরকার পরবর্তী অধিবেশনে নানারকম সংশোধনী এনে উপস্থিত করেন। যেমন ২৭(২) এবং (এ), যেখানে বলা হচ্ছে এই বোর্ড রেকগনিশন সম্পর্কে বিদ্যালয়কে অভিজ্ঞতা, স্বীকৃতি বা মঞ্জুরি দিতে পারবেন

after considering the recommendations of the Recognition Committee.

রেকগনিশন কমিটি যে সুপারিশ করেছেন সেই সম্পর্কে বিবেচনা ক'রে তারপর ইচ্ছা করলে পর্ষৎ সেই বিদ্যালয়গুলিকে অভিজ্ঞতা, স্বীকৃতি বা মঞ্জুরি দিতে পারেন বা প্রত্যাখ্যান করতে পারেন। এখানে রেকগনিশন কমিটি সম্পর্কে আলোচনা করবার সময় বলেছিলাম যে, রেকগনিশন কমিটি সম্পর্কে খসড়া বিলের ভাষা কিছু ত্রুটিপূর্ণ ব'লে মনে হয়। সেখানে লেখা আছে—

> "recognition by the Board shall not be accorded to any institution except on the recommendation of the Recognition Committee."

এর ইংরেজী ভাষার সূক্ষ্ম অর্থ একেবারেই বোধগম্য হচ্ছে না। আমার মনে হয় দুটোর মধ্যে অসামঞ্জস্য আছে, বিরোধ আছে। এখানে পরিষ্কার বলা হয়েছে যদি সুপারিশ না করেন রেকগনিশন কমিটি, তা হ'লে বোর্ড কোন বিদ্যালয়কেই রেকগনিশন দিতে পারবেন না। আমার মনে হয় মন্ত্রিমহাশয়—এই সম্পর্কে আমার যে সন্দেহ জেগেছে, তাঁর উত্তরে সে সন্দেহ তিনি নিরসন করবার চেষ্টা করবেন। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি ১৯(৪) ধারার প্রতি আকর্ষণ করছি।

> "the recognition by the Board shall not be accorded to any institution except on the recommendation of the Recognition Committee."

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, have we not disposed of clause 19?

Sj. Satya Priya Roy: I only refer to this to show the contradiction between 19(4) and 27(2)(a).
তারা পরস্পরবিরোধী। ওখানে বলা হয়েছে, রেকগনিশন কমিটির সুপারিশ ছাড়া কোন বিদ্যালয়কে অভিজ্ঞতা, স্বীকৃতি বা মঞ্জুরি দেওয়া বোর্ডের পক্ষে সম্ভবপর হবে না। আবার এখানে বলা হচ্ছে
After considering the recommendation.
তার সুপারিশ বিবেচনা ক'রে তারপর ইচ্ছা করলে বিদ্যালয়কে বোর্ড স্বীকৃতি বা মঞ্জুরি দিতে পারবেন—রেকগনিশন কমিটির সুপারিশের বিপক্ষেও। এই দুটি ব্যবস্থার মধ্যে প্রচুর অসংগতি রয়েছে ব'লে আমি মনে করি।

দ্বিতীয়ত, রেকগনিশন শব্দটার অর্থ কি? কোথাও তার কোন সংজ্ঞা দেওয়া হয় নাই। পুরানো আইনে তার প্রচুর সংজ্ঞা দেওয়া ছিল। সেখানে বলা ছিল যে

> "Recognition means permission to present candidates for the School Final Examination or for any other examination instituted by the Board."

বোর্ড কর্তৃক প্রবর্তিত যে-কোন পরীক্ষায় উপস্থিত হবার জন্য ছাত্র পাঠাবার যে অনুমতি সেটা হচ্ছে রেকগনিশন। সেখানে আরও অর্থ দেওয়া ছিল। রেকগনিশন অর্থে কতকগুলি সুযোগসুবিধা দেওয়ার বিষয়ও আছে। যদি কোন রেকগনাইজড স্কুলে ছাত্র না পড়ে তা হ'লে তাকে কোন স্টাইপেন্ড দেওয়া হবে না বা কোন স্কলারশিপ ইত্যাদি পেতে পারবে না। এখানে ২৭ ধারায় এর কোন সংজ্ঞা নাই। রেকগনিশন বলতে কি বোঝায়, তার কি সুযোগসুবিধা, কি কি তার অধিকার, কি তার দায়িত্ব, সে সম্বন্ধে কোন উল্লেখ এই রেকগনিশন ব্যবস্থার মধ্যে নাই।

এই যে রেকগনিশন দেবার অধিকার বোর্ডকে দেওয়া হচ্ছে, এই রেকগনিশন দিতে হ'লে পর্ষৎকে বিদ্যালয়গুলি থেকে অনেক তথ্য সংগ্রহ করতে হবে। বিদ্যালয়গুলি কি অবস্থায় চলছে, তার শিক্ষার মান কি ইত্যাদি, তাদের যেসমস্ত আইনকানুন ক'রে দেওয়া আছে, তারা সেগুলি পালন করছে কিনা, সেগুলি দেখবার একটা ক্ষমতা এই পর্ষতের না থাকলে বা সেই-সমস্ত তথ্য সরকারী দপ্তর থেকে সংগ্রহ করবার কোন ক্ষমতা যদি পর্ষতের না থাকে, তা হ'লে কোন্ সংবাদের ভিত্তিতে সেই রেকগনিশনএর সুপারিশ হবে? অথবা এই বোর্ড কিভাবে রেকগনিশন কমিটির সুপারিশ অনুযায়ী বিদ্যালয়গুলিকে অভিজ্ঞতা, স্বীকৃতি বা মঞ্জুরি দেবেন তা আমি বুঝতে পারছি না। এখানে কোথাও সে সম্বন্ধে কোন ধারা নাই যেখানে পর্ষৎ সরকারের কাছ থেকে বা বিদ্যালয়গুলির কাছ থেকে সরাসরি তথ্য সংগ্রহ করতে পারবেন। এখানে কোন ব্যবস্থা নাই যাতে বিদ্যালয়গুলি ঠিকমত কাজ করছে কিনা—তা তদন্ত করবার কোন অধিকার পর্ষতের আছে বলে কোন উল্লেখও নাই। সেই সেইজন্য শ্রীযুক্তা অনিলা দেবী এখানে যে সংশোধনী এনেছেন, সেই সম্পর্কে আমি বলছি ও সে সংশোধনী আমি সমর্থন করছি।

সংশোধনী ১৭৯। সেখানে (এম) এবং (এন) এই দুটো ধারা সংযোজিত করবার সুপারিশ করা হয়েছে। একটায় বলা হয়েছে—
"to supervise the administration of Secondary Schools by means of inspection and the issue of directions".
এটা যদি না করেন, স্কুলগুলি তদন্ত করবার যদি কোন ক্ষমতা না থাকে, স্কুলগুলির উপর কোন অধিকার না থাকে তা হ'লে স্কুলগুলিকে পর্ষৎ কি ক'রে মঞ্জুরি দেবেন বা স্বীকৃতি দিতে পারবেন? এই অধিকার পর্ষতের থাকা নিতান্ত প্রয়োজন আছে। কারণ তা না থাকলে পর্ষৎকে কাজ করতে হবে অন্ধ হিসেবে, বধির হিসেবে। বিদ্যালয়গুলির মঞ্জুরি সম্পর্কে

যা কিছু বোঝবার ও জানবার আছে, তা তাদের বুঝতে হবে, শুধু সরকারী ইন্সপেক্টররা যে রিপোর্ট দেবেন, তার মাধ্যমে। সেই রিপোর্ট তাঁরা দেবেন কিনা, সেই রিপোর্ট দেবার জন্য, বাধ্য করবার জন্য কোন ব্যবস্থা এই খসড়া বিলের মধ্যে নাই। কাজেই এখানে পর্যন্তের সেই অধিকারের কথা উল্লেখ করা হয়েছে, যা এই খসড়া বিলের মধ্যে থাকা উচিত ব'লে আমি মনে করি।

তারপর সিলেবাস সম্পর্কে ২৭(২)(সি), সেখানে জগন্নাথ কোলে মহাশয় একটা সংশোধনী এনেছেন। সেই সংশোধনীতে অবস্থা যে আরও খারাপ হয়েছে, সেটা এখানে উল্লেখ করতে চাই।

[9-50—10 a.m.]

এখানে জগন্নাথ কোলে মহাশয় একটা সংশোধনী এনেছেন, সেই সংশোধনীর যে প্রস্তাব সেটা থেকে বোঝা যায়, যিনি বিলের রচয়িতা তিনি বুঝতে পারছেন না যে, কোর্স ও সিলেবাস এক নয়। কোর্স সম্বন্ধে মুদালিয়র কমিশন যা আভাস দিয়েছেন তার একটা হচ্ছে হিউ-ম্যানিটিজ, একটা হচ্ছে এগ্রিকালচার, একটা হচ্ছে টেকনিক্যাল, একটা কমার্স এই রকম সে পাঠের ধারা। আর সিলেবাস হচ্ছে সেই পাঠের ধারার সম্বন্ধে যে নির্ধারণ—এগুলি হচ্ছে শিক্ষাবিজ্ঞানের কথা। এই শিক্ষাবিজ্ঞানের কথাগুলি বিলের রচয়িতার জানার কথা নয়, কিন্তু বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করলেই তিনি জানতে পারতেন যে সিলেবাস, কোর্স এবং কারিকিউলাম কি জিনিস। এই বিলের আলোচনা প্রায় শেষ হয়ে এসেছে। এই ২৭ ধারায় সিলেবাসএর সঙ্গে "অ্যান্ড কোর্সেস অব স্টাডি" যোগ ক'রে দেবার জন্য শ্রীজগন্নাথ কোলে মহাশয় যে প্রস্তাব এনেছেন এটা যদি গ্রহণ করা হয় তা হ'লে আগে যেসমস্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সঙ্গে এর কোন সঙ্গতি থাকে না। সিলেবাস কমিটির কোথাও কোর্স শব্দটির উল্লেখ নাই। কোর্স সম্বন্ধে কোথায় কি বিধান হবে তা বলবার কোন অধিকার সিলেবাস কমিটিকে দেওয়া হয় নাই। এ সম্পর্কে কোন সুপারিশ করবার অধিকার পর্যন্ত সিলেবাস কমিটিকে দেওয়া হয় নাই। অথচ এখানে বলা হচ্ছে, সিলেবাস কমিটির যে সুপারিশ সেই সুপারিশ বিবেচনা ক'রে কোর্স অব স্টাডি কি হবে তা নির্ধারিত হবে। ২০ ধারার (৩) উপ-ধারায় সিলেবাস কমিটিকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, তাতে যে ক্ষমতার উল্লেখ আছে সেটা পড়ে গেলে দেখি—

> "(a) to make recommendations to the Board about the syllabus of studies to be followed in recognised institutions."

(বি)তে বলেছেন—

> "to advise the Board about the books to be recommended for use in recognised institutions."

এবং (সি)তে বলেছেন—

> "to advise the Board about any matter relating to such syllabus as may be referred to it by the Board". কাজেই "relating to such syllabus and course of studies."

এ নাই। সিলেবাস শব্দটা যে কোর্স অব স্টাডি নয় তা সরকারপক্ষ থেকে শ্রীজগন্নাথ কোলে মহাশয়ের যে সংশোধনী আনা হয়েছে সেই সংশোধনী থেকেই পরিষ্কার বোঝা যায় যে, সিলেবাস অ্যান্ড কোর্স অব স্টাডিজ আলাদা। যদিও একের সঙ্গে অন্যের অঙ্গাঙ্গী আছে, কিন্তু এই দুটি শব্দ এক জিনিস নয়। কলেজে অধ্যাপনা ক'রে অধ্যাপক রায়চৌধুরীর শিক্ষা-বিজ্ঞানে যেসব জিনিস গড়ে উঠেছে তার সঙ্গে পরিচিত হওয়া দরকার ছিল। তাঁর অন্তত জানা উচিত ছিল যে, কোর্স অব স্টাডিজ হচ্ছে একটা পাঠধারা তার সঙ্গে সিলেবাসএর কোনই সম্বন্ধ নাই। পাঠধারা ঠিক করতে হ'লে প্রথমে ঠিক করতে হয় কারিকুলাম কি হবে সেটার সঙ্গে এই বিলের সিলেবাস কমিটির কোন সম্পর্ক নাই। কাজেই আমি বলব শ্রীজগন্নাথ কোলে মহাশয়ের যে সংশোধনী সেই সংশোধনী গ্রহণ করলে বিলের সঙ্গতি রক্ষা হবে না, কেননা সিলেবাস কমিটির ক্ষমতা নাই কোর্সেস অব স্টাডি সম্পর্কে রেকমেন্ড করবার, অথচ এখানে বলা হচ্ছে কোর্স অব স্টাডি সম্পর্কে রেকমেন্ড করবার।

এমন, এখানে অধ্যাপক নির্মলচন্দ্র ভট্টাচার্য মহাশয়ের যে সংশোধনীটা আছে সে সম্পর্কে আমি কিছু বলতে চাই। তাঁর সংশোধনী হচ্ছে—

"to undertake the preparation, publication and sale of text-books written by experts for use in recognised institutions on such terms as may be agreed upon by the Board on the one hand and the experts on the other."

অবশ্য এই সংশোধনীটার আক্ষরিক সমর্থন আমি করতে পারছি না। কিন্তু এ সম্পর্কে একটা সমস্যা আছে। সেই সমস্যার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কতকগুলি পাঠ্যপুস্তক—ইংরেজী, বাংলা ও সংস্কৃত বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন নিজেরাই প্রকাশিত করেন। অবশ্য নিজেরা স্বত্বাধিকারী—প্রকাশক অন্যান্য প্রকাশকদের দ্বারাও করিয়েছেন। আমাদের আজকে ঠিক করতে হবে পাঠ্যপুস্তক রচনা এবং প্রকাশ যা চলছে সেটা চলতে দেওয়া হবে কিনা—অবশ্য এ সম্পর্কে বিভিন্ন মত আছে। কিন্তু টেক্সট বুক পাবলিকেশন গভর্নমেন্টের হাতে গেলে তার যে কি অমর্যাদা হয় সে সম্বন্ধে আমরা দেখতে পেয়েছি কিশলয়ের ব্যাপারে যা নিয়ে তীব্র আলোচনা হয়েছে—এই পরিষদে এবং বিধানসভায়—

Mr. Chairman: Which section or sub-section of clause 27 you are speaking on?

Sj. Satya Priya Roy: (d) sub-section and particularly on amendment No. 176 in the name of Sj. Nirmal Chandra Bhattacharyya.

কিশলয় সম্পর্কে আমাদের শিক্ষাবিদদের এই অভিমত যে, তার মান সম্পর্কে কোনরকম ধারণা নাই। অংস সম্পর্কে গণিত সম্পর্কে দেখা যাচ্ছে যে, পাশাপাশি একেবারে অতি কঠিন প্রশ্ন তারপরেই অতি সহজ প্রশ্ন রয়েছে। এতে বোঝা যায়, পাঠ্যপুস্তক রচনা সম্বন্ধে রচনাকারীর কোনরকম ধারণা নাই। শুধু তাই নয় পাঠ্যপুস্তক যাতে ছাত্ররা সহজে পেতে পারে তার কোন ব্যবস্থা শিক্ষাদপ্তর থেকে আজ পর্যন্ত হয় নাই। তা যদি না হতে পারে, তা হ'লে মাধ্যমিক শিক্ষা পর্ষতের হাতে যে পাঠ্যপুস্তক রচনার অধিকার ছিল তা থাকা উচিত ব'লেই আমি মনে করি। কারণ ব্যক্তিগত মুনাফা যেখানে হতে পারে, তার চেয়ে যদি বোর্ডের হাতে থাকে যে বোর্ড শিক্ষা সম্পর্কে কিছুটা নিয়ন্ত্রণ করতে পারবেন, তার হাতে যদি পাঠ্যপুস্তক বিক্রয়ের অর্থ আসে তা হ'লে আমরা মনে করব যে, তাতে দেশের কল্যাণ হবে, শিক্ষার কল্যাণ হবে। এই আলোচনায় শ্রীহরেন্দ্র মজুমদার মহাশয় যে মন্তব্য করেছিলেন নিখিল বঙ্গ শিক্ষক সমিতি প্রকাশিত পাঠ্যপুস্তক সম্পর্কে তার সম্বন্ধে একটা কথা বলতে চাই—

[10—10-10 a.m.]

সেটা হয়েছে, তিনি বলেছিলেন যে, এ, বি, টি এ-র স্বার্থ আছে এই পাবলিকেশন বোর্ডের পাঠ্যপুস্তক সম্পর্কে। তিনি এ, বি, টি, এ-কে ভুল বুঝেছিলেন। এ, বি, টি, এ, একটি দাতব্য প্রতিষ্ঠান। এমন একটি প্রতিষ্ঠান যা চ্যারিটেবল সোসাইটি অ্যাক্টএ রেজিস্টার্ড। এ, বি, টি, এ, কখনও মুনাফা করে না, লাভ করে না। এ, বি, টি, এ, প্রতি বছর দুঃস্থ শিক্ষকদের এবং মৃত শিক্ষকদের অসহায় পরিবারের জন্য দশ হাজার টাকা খরচ করে। অন্যান্য দেশে—চীনদেশে আমি গিয়েছিলাম, সেখানে দেখেছি টিচার্স অ্যাসোসিয়েশনএ খরচ করে। এ বাবত তাদের দ্বিগুণ টাকা দেওয়া হয় তাদের হাতে যাতে দুঃস্থ শিক্ষকদের সাহায্য করতে পারে। আজ পর্যন্ত হরেনবাবুর অবগতির জন্য বলছি যে, আজ পর্যন্ত ১ লক্ষ ৭০ হাজার টাকা সাহায্য করেছে নিখিল বঙ্গ শিক্ষক সমিতি দুঃস্থ শিক্ষকদের পরিবারকে—যে দায়িত্ব ছিল সরকারের, সে দায়িত্ব যথাসম্ভব এই নিখিল বঙ্গ শিক্ষক সমিতি করেছে—ক্ষমতা তাদের যতই ক্ষুদ্র হোক। সে দায়িত্ব তাঁরা নিয়েছিলেন।

Sj. Harendra Nath Mazumdar:

ইলেকশনএ তারা কত এক্সপেন্স করেছিল আপনার এবং অনিলা দেবীর জন্য?

Sj. Satya Priya Roy:

এ সম্বন্ধে, স্যার, ও'র বিশেষ তিক্ত অভিজ্ঞতা আছে, ওখানে ইলেকশনএ তিনি পরাজিত হয়েছিলেন। [হাস্য] এটা আপনি জানবেন যে, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি নিজের পায়ের ওপর দাঁড়াতে জানে। সংস্কৃত পাঠ্যপুস্তক হরেনবাবুদের মত হিতৈষীদের চক্রান্তেই বহু পূর্বেই নিখিল বঙ্গ শিক্ষক সমিতির হাত থেকে নিয়ে নেওয়া হয়েছে এবং নিয়ে নিজের ব্যক্তিগত মুনাফা যারা করে তাদের হাতে দিয়ে দেওয়া হয়েছে। তার জন্য দুঃখ করি না। কাজেই এইটা ঠিক নিখিল বঙ্গ শিক্ষক সমিতিকে প্রকাশের ভার দেওয়া হয়েছিল কিনা, সেটা বাস্তবিক তাদের স্বার্থে হচ্ছে কিনা, নাকি কারও বিশেষ স্বার্থে হচ্ছে—সেদিকে বিশেষ তীক্ষ্ম দৃষ্টি রাখার দরকার। তা সত্ত্বেও বোর্ডএর এখন টেক্সট বইগুলো প্রকাশ করবার যে অধিকার রয়েছে সেই অধিকার থেকে এখানে সম্পূর্ণ বঞ্চিত করা হয়েছে। বোর্ডকে সেই পূর্বের অধিকার দেবার জন্য অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয়ের যে সংশোধনী তা ঠিক অক্ষরে অক্ষরে সমর্থন না করলেও মোটামুটি কথা হ'ল এই যে, এই অধিকার পর্ষতের থাকা উচিত।

তারপর হচ্ছে (সি) উপধারা, ২৭ ধারার। আমার মনে হয় এটা অত্যন্ত ত্রুটিপূর্ণ। বলা হচ্ছে—

"(e) to make regulations for instituting the Secondary School Final Examination and for instituting such other examinations as the State Government may direct."

এখানে পুরানো আইনে যা ছিল সেই পুরানো আইনের ব্যবস্থা এ বিষয়ে অনেক বিজ্ঞানসম্মত। এখানে পরিষ্কার ব'লে দেওয়া হয়েছিল এই স্কুল ফাইন্যাল এক্সামিনেসন অথবা যে-কোন এক্সামিনেসন ক্যালকাটা বিশ্ববিদ্যালয়ে প্রবেশের জন্য প্রয়োজনীয় পরীক্ষার ব্যবস্থা এই বোর্ড করতে পারবে। এই স্কুল ফাইন্যাল পরীক্ষা, এনট্রান্স এক্সামিনেসন—কোয়ালিফায়িং এক্সামিনেসন হবে কিনা সে সম্পর্কে পুরানো যে আইন ১৯৫০ সালে ছিল তাতে পরিষ্কার ব্যবস্থা ছিল।

শুধু তাই নয়, এখানে আর একটা মস্ত বড় ত্রুটি হচ্ছে যে,

instituting such other examinations as the State Government may direct.

স্টেট গভর্নমেন্ট যে পরীক্ষার জন্য নির্দেশ দেবে সেই পরীক্ষা বোর্ডকে করতে হবে। অনেক সময় হয়ত দেখা যাবে যে, সরকারপক্ষ থেকে যে নির্দেশ দেওয়া হয়েছে সেই নির্দেশ এই আইনের বিরোধী, হয়ত দেখা যাবে যে, এমন পরীক্ষা প্রবর্তনের জন্য পর্ষতকে নির্দেশ দিয়েছে যে পরীক্ষা আইনের বলে পর্ষৎ নিতে পারে না, যা মাধ্যমিক শিক্ষার আওতার মধ্যে পড়ে না। তখন যদি স্টেট গভর্নমেন্ট নির্দেশ দিয়ে দেয় তা হ'লে পর্ষৎকে সেই পরীক্ষা প্রচলন করতে হবে। পুরানো ধারাতে ছিল যে, যেসমস্ত পরীক্ষা পর্ষৎ প্রয়োজনীয় মনে করবে সেই সমস্ত পরীক্ষার প্রবর্তন পর্ষৎ করতে পারবে। কাজেই এখানে গভর্নমেন্ট কতদূর ক্ষমতাপ্রমত্ত হয়ে পড়েছেন তার প্রমাণ হচ্ছে এই যে, পর্ষৎকে বলা হচ্ছে যে-কোন পরীক্ষার কথা স্টেট গভর্নমেন্ট বলুক না কেন সেই পরীক্ষা প্রচলন করতে হবে এই মধ্যশিক্ষা পর্ষৎকে। আমি বলি যে, এটা বিজ্ঞানসম্মত বা আইনসংগত নয় এবং অনেক জায়গায় হয়ত সরকারী নির্দেশের সঙ্গে আইনের প্রভিসনের বিরোধ বাধবে। কিন্তু বোর্ডের কর্তব্য কি হবে তা নির্ধারণ করা পর্ষতের পক্ষে ভয়ানক কঠিন হবে। এখানে বলা হচ্ছে যে-কোন পরীক্ষা স্টেট গভর্নমেন্ট ডাইরেক্ট করবে সেটা তাদের করতে হবে। যদি এখানে থাকত উইদিন দি প্রভিসনস অব দি অ্যাক্ট তা হ'লে হয়ত হোত। কিন্তু শুধু বলা হচ্ছে ইনস্টিটিউটিং এক্সামিনেসনস, পরীক্ষা প্রচলন করা। আরম্ভ ক'রে, হয়ত প্রচলন করা। আর একটা দেওয়া হচ্ছে পর্ষৎ এক্সামিনেসনস ইনস্টিটিউট করবে কিন্তু হোল্ডিং এবং কন্ট্রোলিং —যে দুটো শব্দ পুরানো আইনে আছে—শুধু প্রচলন নয়, পরীক্ষা কি ক'রে নেওয়া হবে, পরীক্ষা কি ক'রে নিয়ন্ত্রণ করা হবে, সে সম্পর্কে আইন-কানুন রচনা করবে এই বোর্ড বাই রেগুলেশনস। এখানে এক্সামিনেসনস কমিটি সম্পর্কে যে ধারা আছে তার প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২১(৩) ধারায় বলা আছে

"it shall be the duty of the committee to arrange for holding of examination instituted by the Board."

এই যে হোল্ডিং অব এক্সামিনেসনস এটা দেওয়া হচ্ছে এক্সামিনেসনস কমিটিকে। কিন্তু এই হোল্ডিংটা কোন্ নিয়মকানুন অনুযায়ী হবে—এখানে যে হোল্ড এবং কন্ট্রোল করবে সেই নিয়ম কে রচনা করবে, সেই রেগুলেশন কে তৈরি করবে তার কোন ব্যবস্থা নেই এবং পুরানো আইনের সঙ্গে মিলিয়ে দেখুন, ঐখানে বলা আছে—

"to make regulations for instituting the Secondary School Final Examination, not for holding it, not for controlling it."

অন্যান্য ব্যবস্থা করবার জন্য কোন আইনকানুন করবার অধিকার এই পর্ষতকে দেওয়া হচ্ছে না অথচ পরিষ্কার বলা হচ্ছে যে, এই পরীক্ষা পরিচালনার দায়িত্ব হচ্ছে এক্সামিনেসন কমিটির।

[10-10—10-20 a.m.]

আমরা অনেক চিন্তা ক'রে সমস্ত ধারা দেখেই বলছি।

(এফ)তে আছে—

"to prescribe by regulations the conditions to be fulfilled by candidates presenting themselves for examinations instituted by the Board."

ওখানে হচ্ছে পরীক্ষার্থীরা কি কি শর্ত পালন করতে বাধ্য হবে। কিন্তু পরীক্ষার্থী ছাড়াও পরীক্ষার অনেক ব্যাপার আছে। বিশেষ ক'রে এখন পরীক্ষার যেসমস্ত নিয়মকানুন বদলানোর ব্যাপার—সেইসব আমি গুরুত্ব দিচ্ছি বিশেষ করে; কারণ, মুদালিয়র, দে কমিশন ইত্যাদি পরীক্ষা পদ্ধতি সম্পর্কে যেসব পরিবর্তনের সুপারিশ করেছেন সে পরিবর্তন করবার জন্য যেসব আইনকানুন করতে হবে সে আইনকানুন রচনা করবে কে? যেমন এখন বলা হচ্ছে স্কুল রেকর্ডসএর উপরেতে ছাত্রের যে প্রতিদিনকার কাজের যে প্রগতি তার মাপ, তার জন্য যে বিদ্যালয়ে নম্বর দেওয়া হয় তার একটা মূল্য ফাইন্যাল পরীক্ষায় দিতে হবে। কাজেই সেখানে আমাদের মৌখিক পরীক্ষা নেবার ব্যবস্থা করতে হবে। অবজেক্টিভ টেস্ট করতে হবে। ঠিক এখন যে এসে টাইপ এক্সামিনেশন আছে সেই টাইপ চালালে হবে না।

Mr. Chairman: I will request you to consider this. Without being unduly prolix you can make all your observations to the point.

Sj. Satya Priya Roy: Can I not say about these objective tests or the necessity of school records?

Mr. Chairman: I do not want you to be hypercritical.

Sj. Satya Priya Roy: These are to be introduced in the examinations and we are to make regulations about them.

কাজেই এখানে অনিলা দেবীর যে সংশোধনী প্রস্তাব আছে তা আমি সমর্থন করছি, যে সংশোধনীতে আছে—

"to make regulations for the institution, holding and controlling of such examinations as it thinks fit including any examination qualifying for admission to a course instituted by the University of Calcutta."

এ না করে এখানে যে ব্যবস্থা করেছেন যে স্কুল ফাইন্যাল এক্সামিনেসন শুধু করতে পারবে আর যেগুলি স্টেট গভর্নমেন্ট ডাইরেক্ট করবে তা করতে পারবে সে জিনিসটা ভয়ানক ত্রুটি-পূর্ণ। তারপর হচ্ছে ১৯৫০ সালের যে আইন পর্ষৎএর যে ক্ষমতা দেওয়া ছিল এবং যে ক্ষমতা এই আইনের খসড়াতে স্বীকৃত হয়েছে—সেইসব জিনিসগুলি সম্পর্কে ১৯৫০ সালের আইনে যা ছিল তা এই আইনে নেই। এর প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পর্ষৎকে এই ক্ষমতাগুলি না দিলে কি দোষত্রুটি হবে তার উল্লেখ আমি করতে চাই। প্রথমত হচ্ছে পুরানো আইনে দেখছি

"to prescribe by regulations the conditions which shall govern the admission of students and their transfer to and from Higher Schools."

এই যে ছাত্রদের ভর্তি অথবা ট্রান্সফার এই সম্পর্কে নির্দিষ্ট আইন করবার প্রয়োজনীয়তা আছে। এই আইন করবার অধিকার পর্ষৎকে আগে দেওয়া হয়েছিল। এখন তা নিয়ে নেওয়া হচ্ছে। তা হ'লে এইগুলি সম্পর্কে কে আইন রচনা করবে? সরকার কি রচনা করবেন ব'লে মনস্থির করেছেন? তারপর আছে—

"Prescribe by bye-laws the procedure to be followed at meetings of any committee constituted under this Act."

এ ক্ষমতা পর্ষৎকে দেওয়া ছিল যে, বাই লজ ক'রে, রেগুলেশন ক'রে তারা এই যেসব বিভিন্ন কমিটি ছিল পর্ষৎদের সেই কমিটির কার্যের চালনার নিয়মকানুন তাঁরা রচনা করতে পারবেন। এখানে মস্তবড় একটা ত্রুটি এই বিলের খসড়ায় রয়েছে যে, এখানে অনেকগুলি কমিটির কথা বলা হয়েছে তাদের ডিউটির কথা বলা হয়েছে। কিন্তু এই কমিটিগুলির সভা-সমিতি কি আইন অনুযায়ী হবে—এই কমিটিগুলি কি নিয়ম অনুযায়ী কাজ করবেন তার কোন উল্লেখ কোন ধারাতে নাই। গত আইনে ছিল না, তার কারণ হচ্ছে বোর্ডকে অধিকার দেওয়া হয়েছিল যে, বোর্ড এই সম্পর্কে আইনকানুন তৈরি করবে। এই অধিকার বোর্ডেরই থাকা উচিত এটা আমি মনে করি। অবশ্য এ'রা বলবেন—

"For the purpose of this Act the Government may frame rules."

এইসমস্ত রুলস ক'রে আইনের যেখানে ত্রুটি আছে সেখানে কাজ চালাবার জন্য তাঁরা রুলস করতে পারেন। এই সামান্য অধিকারটুকু পর্যন্ত থাকবে না, সরকারী দপ্তর থেকে এটা আসবে। এ বিষয়ে মন্ত্রিমহাশয়কে আমি একটু ভেবে দেখতে বলি। তারপর হচ্ছে বোর্ড যেসব রেগুলেশন করবে সেই রেগুলেশন সম্পর্কে সরকারের কি ক্ষমতা থাকবে? ১৯৫০ সালের আইন আর ১৯৫৭এ আকাশপাতাল তফাত। পুরানো আইনে ছিল গভর্নমেণ্ট সমস্ত রেগুলেশনকে অ্যাপ্রুভ করতে পারবেন, অনুমোদন করতে পারবেন, প্রয়োজনীয় সংশোধন ক'রে এবং সংশোধনের আগে পর্ষতের সঙ্গে আলোচনা ক'রে নেবেন। বাস্তবিক পর্ষৎ যদি একটা মর্যাদাসম্পন্ন প্রতিষ্ঠান ক'রে থাকেন তার যেসমস্ত সুপারিশ সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠানো হবে তার রচিত যেসমস্ত রেগুলেশন, আইনকানুন সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠান হবে সেই আইনকানুনগুলোর মধ্যে যদি পরিবর্তন করা সরকার প্রয়োজন মনে করেন তা হ'লে তা করবার আগে পর্ষতের সঙ্গে একবার পরামর্শ ক'রে নেবেন, এইটুকু আমরা দাবি করতে পারি। আমার বন্ধুবর শ্রীযুক্ত মহীতোষ রায়চৌধুরী মহাশয় এ সম্পর্কে একটা সংশোধনী প্রস্তাব দিয়েছেন, শ্রীযুক্তা অনিলা দেবীও এ সম্পর্কে সংশোধনী প্রস্তাব দিয়েছেন, আমি সরকারকে এ সম্পর্কে অবহিত হতে বলব। এইটুকু মর্যাদা দেবার জন্য আমি শিক্ষা-মন্ত্রীকে অনুরোধ জানাব। আর একটা পরিবর্তন হচ্ছে সেখানে ছিল উইথ সার্টেন মডি-ফিকেশানস, কিন্তু এখানে বলা হচ্ছে,

eliminations, additions, alterations and modifications.

অর্থাৎ হুকোর সম্পূর্ণ বদলে দিয়ে একেবারে নতুন জিনিসই হয়ত রেগুলেশনএর নামে নিয়ে আসবেন। অথচ এ সম্পর্কে পর্ষতের সঙ্গে কোন রকম শুধু যে পরামর্শ করা তার পর্যন্ত প্রয়োজন হবে না। এই রকম অদ্ভুত ব্যবস্থা যদি থাকে তা হ'লে আমি বলব এই মধ্যশিক্ষা পর্ষৎএ কোন আত্মমর্যাদা জ্ঞানসম্পন্ন লোকের থাকা উচিত নয়। যেখানে তাদের গভীর চিন্তার ফলে তাঁরা যে আইনকানুন রচনা ক'রে পাঠাবেন সরকারের অনুমোদনের জন্য তাকে সম্পূর্ণ বদলে দিয়ে, কোনরকম তার সঙ্গে সম্পর্ক না রেখে নতুন আইনকানুন সরকার সে সম্পর্কে করতে পারবেন—এতে কোন আত্মমর্যাদা জ্ঞানসম্পন্ন লোক পর্ষতে থাকতে পারেন না।

তারপর (জি)তে আছে বোর্ডের

executive function, to publish the results of any examination instituted by the Board and to award diplomas, certificates, prizes and scholarships in respect thereof.

এগুলি দেবার অধিকার শুধু পর্ষতকে দেওয়া হচ্ছে। দেবার সম্পর্কে যেসমস্ত নিয়ম নীতি প্রণয়ন করতে হবে—যে নিয়ম অনুযায়ী এগুলি দেওয়া হবে সেই নিয়মকানুন কে রচনা করবে? এই বিলে তার কোন উল্লেখ নাই। এখানে যদি বোর্ডকে বলা হ'ত দে উইল প্রেসক্রাইব

রেগুলেশন—নিয়মকানুন তাঁরা রচনা করবেন, সেই নিয়মকানুন অনুযায়ী তারা ডিপ্লোমা, সার্টিফিকেট প্রাইজেস, স্কলারশিপস এগুলি দেবার ব্যবস্থা করবেন, তা হ'লে আমি বলতাম যে একটা সুসংগত ব্যবস্থা হয়েছে।

[10-20—10-30 a.m.]

এইসমস্ত দিক থেকে (২৭) ধারায় যেকথা বলা হয়েছে—

> "no regulation shall be valid until and unless they are sanctioned by the State Government and before sanctioning any regulations the State Government may make such eliminations, additions, alterations and modifications therein as it thinks fit."

এটার সম্পর্কে পুরান আইনে যে ব্যবস্থা ছিল, সেটা গ্রহণ করতে বলা হয়েছে। সাধারণভাবে পর্ষৎকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, তার আলোচনা আমি প্রথম রিডিংএ করেছি। এই পর্ষৎকে একটা ঠুটো জগন্নাথ করেছেন তার তালিকা দেখলেই বোঝা যায়। এটা একটা শিখন্ডীমাত্র। পর্ষৎকে সামনে রেখে সরকার পিছন থেকে সমস্ত ক্ষমতা কুক্ষিগত করবার চেষ্টা করছেন।...... কারণ, সাধারণ মন্তব্য যেগুলি আছে—পর্ষৎকে পরিকল্পনা রচনা করবার ক্ষমতা, অর্থ ব্যয় করবার ক্ষমতা দেওয়া হয় নি। বিদ্যালয়গুলিকে সাহায্যদানের কোন ক্ষমতা এই পর্ষৎকে দেওয়া হয় নি। একটা সম্পূর্ণ পংগু পর্ষৎ তৈরি করা হয়েছে। কিন্তু যেটুকু ক্ষমতা দেওয়া হয়েছে, তার বিধিব্যবস্থা এত ত্রুটিপূর্ণ, যে তার জন্য আমি আবার মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব এদিকে—বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষক সমিতি যে অনুরোধ জানিয়েছেন সরকারের কাছে, এই বিলকে প্রত্যাহার ক'রে নেবার জন্য এবং নূতন ক'রে, ত্রুটিমুক্ত ক'রে আবার একটা বিল রচনা ক'রে আমাদের সামনে উপস্থাপিত করুন বলে, তা সরকারের মেনে নেওয়া উচিত। বিলের এই (২৭) ধারার আলোচনার মাধ্যমে এই সমস্ত ত্রুটি স্পষ্ট হয়ে উঠেছে। পূর্বে আমি যেসমস্ত সংশোধনীর কথা উল্লেখ করেছি সেগুলি আমি সমর্থন করছি।

Sj. Manoranjan Sen Gupta:

মিঃ চেয়ারম্যান, স্যার, (২৭) ধারাতে যেসমস্ত সংশোধনী আনা হয়েছে তার মধ্যে কতকগুলি আমি দেখছি বিশেষ যুক্তিযুক্ত। বিলটি যে খুব তাড়াহুড়া করে আনা হয়েছে, সেটা এই বিলের যেসমস্ত সংশোধনী প্রস্তাব জগন্নাথ কোলে মহাশয় এনেছেন তা থেকে আমাদের সকলের কাছে বেশ বোধগম্য হচ্ছে। তারপর, বিলটাকে সুস্পষ্ট করবার জন্য যেসমস্ত ধারা রাখা উচিত ছিল, সেগুলি এর মধ্যে সন্নিবেশিত হয় নি দেখা যাচ্ছে। সুতরাং যেসমস্ত প্রস্তাব সংশোধনী আকারে এসেছে, আমি সাধারণভাবে বলব, জনাব আবদুল হালিম ১৭২নং যে সংশোধনী এনেছেন সেটা বিশেষভাবে প্রণিধানযোগ্য। তারপর মহীতোষবাবুর যে ১৭৫নং অ্যামেন্ডমেন্ট সেটাও মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষভাবে প্রণিধানযোগ্য ব'লে আমি মনে করি। কারণ, অনেক সময় এমন হয়ে থাকে যে, এক বছর হয়ে যায় তার জবাব পাওয়া যায় না। সেক্ষেত্রে উনি যে প্রস্তাব করেছেন—

> "express its views thereon within such period not being more than one month as may be specified by the State Government."

এটা খুবই যুক্তিসংগত ব'লে আমি মনে করি। তারপর ১৭৬নং নির্মল ভট্টাচার্য মহাশয় যে প্রস্তাব এনেছেন পাবলিকেশন অব টেক্সট বুকস সম্বন্ধে, সেটাও

> "undertake the preparation, publication and sale of text-books written by experts for use in recognised institutions on such terms as may be agreed upon by the Board on the one hand and the experts on the other."

তার সম্বন্ধে বিশেষ কিছু বলবার থাকে না। কিন্তু উনি যেভাবে বক্তৃতা করেছেন, তাতে আমার মনে হয় তাঁর প্রস্তাবের মধ্যে একটা মনোপলি, একচেটিয়া ব্যবস্থা করবার উদ্দেশ্য নিহিত রয়েছে। যদি তা থাকে, তা হ'লে তার প্রতিবাদ আমি করি। কেননা, যদি সমস্ত টেক্সট

বুকস এই বোর্ডের দ্বারা প্রকাশিত হয় তা হলে তাহা বোর্ডের পক্ষে শুধু দুঃসাধ্য নয়, অসাধ্য হয়ে পড়বে এবং তার ফলে অনেক রকম অনাচার, দুর্নীতি হবে। অধ্যাপক ভট্টাচার্য বলেছেন, আজকাল বর্তমানে যেভাবে পাঠ্যপুস্তক প্রকাশিত হয়, রচিত হয়, তার মধ্যে অনেক গলদ ও ত্রুটি আছে। কিন্তু এই গলদ-ত্রুটির জন্য দায়ী শুধু পাবলিশার বা অথর নয়, দায়ী টেক্সট বুক কমিটিও। টেক্সট বুক কমিটি ব'লে একটা কমিটি আমাদের এখানে ছিল এবং এখনও আছে, সে কমিটি সুনাম অর্জন করতে পারে নি সততা এবং সাধুতার জন্য। এই কমিটি যে সবসময় নিরপেক্ষতা অবলম্বন করেছে সে বিষয়ে অনেকের মনে সন্দেহ আছে এবং অভিযোগ আছে। তা ছাড়া আরও অনেক দুর্নীতি ও অভিযোগ আছে। সুতরাং পাঠ্যপুস্তক সম্বন্ধে যেসমস্ত অনাচার হয়েছে, তার জন্য আমি অনেক পরিমাণে দায়ী টেক্সট বুক কমিটিকে করব। যার ফলে, এই সমস্ত পাবলিশারস বা গ্রন্থকারগণ অসাধু উপায়, অবাঞ্ছনীয় উপায় গ্রহণ করতে বাধ্য হন। টেক্সট বুক কমিটি ব'লে কোন কমিটি ইংলন্ডে নাইক', যেদেশের অনুকরণ আমরা এই বিলে এনেছি। সেখানে টেক্সট বুক কমিটি ব'লে, কোন কমিটি নেই। সেখানে সিলেবাস প্রণয়ন ক'রে দেওয়া হয় এবং সেই সিলেবাস অনুযায়ী, পুস্তক গ্রন্থকারগণ লিখে থাকেন। সেই পুস্তক ছাত্রদের উপযোগী হবে কি না হবে তার ভার থাকে হেডমাস্টার ও হেডমিস্ট্রেস-দের উপর। সুতরাং এই টেক্সট বুক কমিটিকে যদি একচেটিয়া অধিকার দেবার সংকল্প থাকে, আমি তার প্রতিবাদ করি। আর একটা প্রস্তাব ১৮১নং, যা অনিলা দেবী এনেছেন, তাও বিশেষভাবে প্রণিধানযোগ্য, এইজন্য যে সরকারের বোর্ড—

"If no communication sanctioning, modifying or rejecting a regulation is received from the Government within three months from the date on which a regulation is communicated to the State Government for sanction, the regulation shall be deemed to have been sanctioned by the Government."

আমি একটা দৃষ্টান্ত দেব স্কুল বোর্ড সম্বন্ধে। ১৯৫০ সালের যে বোর্ড বাতিল হয়েছে, সেই বোর্ড বিশ্ববিদ্যালয়ের যে স্কুল কোড, তাকে সংশোধন ক'রে গভর্নমেন্টের কাছে পাঠান। তিন বৎসর আগে বোর্ড বাতিল হয়েছে, তারও এক বছর পূর্বে পাঠান হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত সে সম্বন্ধে কোন উচ্চবাচ্য হয় নি। সুতরাং এই রকম একটা বিধি বর্তমান বিলের ব্যবস্থার মধ্যে থাকার আবশ্যকতা আছে ব'লে আমি মনে করি। সেজন্য, এ সম্বন্ধে আরও উপধারা যা রয়েছে, সেগুলি বিবেচনাযোগ্য ব'লে আমি মনে করি। এই বিষয়গুলির প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, I seek your permission to move amendment No. 176 in a slightly altered form. It stands after alteration as follows: I beg to move that after clause 27(2)(c) the folowing be inserted, namely:—

"(cc) to undertake, if necessary, with the approval of the State Government the preparation, publication or sale of text-books and other books for use in recognised institutions."

Sir, I move this altered amendment so that it may be accepted by the Hon'ble Minister.

Sj. Nagendra Kumar Bhattacharyya: Sir, in order to make my amendment, amendment No. 171, acceptable to the House, I beg to modify it and move as follows:

I beg to move that after clause 27(1), the following sub-clause be added, namely:—"(1a) Subject to the provisions of this Act, the Board shall have power to direct, supervise, and control Secondary Education."

[10-30—10-40 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have no objection to amendments as modified by Sj. Nagendra Kumar Bhattacharyya and Sj. Nirmal Chandra Bhattacharyya:

Sj. Nirmal Chandra Bhattacharyya: Does the Hon'ble Minister object to the word "develop" there?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes, Mr. Bhattacharyya, there has been a long discussion and it has been disposed of.

Sj. K. P. Chattopadhyay: Now that the Hon'ble the Education Minister has accepted certain amendments with regard generally to the control and other matters of secondary education subject to the provisions of the Act, there is, I may point out, in the amendment proposed by Sjkta. Anila Debi room for acceptance by the Hon'ble Minister of control of examinations. As at present, examinations are being controlled by the officials not of the Board, but I say officials appointed by the Government. There is large room for improvement there regarding the method of examinations. The Calcutta University held numerous examinations—Matriculation Examination, for example—they have been able to conduct them with the help of ordinary officials—the Controller of Examinations, Assistant Controller and others. But we find extraordinary things in the Board. An Assistant Commissioner of Police is working as Security Officer-in-charge of the control of examinations. He is a retired official. He may be a very esteemable person, but it is rather surprising that you should have required the services of an Assistant Commissioner of Police to control the examinations. There is also another official, a former assistant of the Home Department to look after other affairs. I think if the Board had been left free in this matter, they would not have appointed exactly men of this type. They may be welcome in big engineering or ordnance workshops for security during the period of war but scarcely for conducting secondary education. I would, therefore, suggest that the Hon'ble Minister would find room for accepting the amendment regarding control of examinations by the Board.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: "Control" is there in the amendment of Sj. Bhattacharyya.

Sj. K. P. Chattopadhyay: Will that amendment cover this?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes.

Sj. Naren Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রিমহাশয় নগেনবাবু ও নির্মলবাবুর দুটো সংশোধনী প্রস্তাব গ্রহণ করায় আমার কাজ অনেক সহজ হয়েছে। তা সত্ত্বেও আমি নগেনবাবুর ১৭১(১) এ যেখানে তিনি বলছেন,

"It shall be the duty of the Board to take such measures from time to time as it deems necessary for making suitable provision for Secondary Education throughout the State."

তা সমর্থন করে আমি সামান্য কয়েকটা কথা বলতে চাই। নগেনবাবুর যে সংশোধনীটি সেই সংশোধনীতে তিনি ১৯৫০ সালের অ্যাক্টের ৩৩ ধারাটা হুবহু এখানে তুলে দিয়েছেন। তিনি কেন তুলে দিয়েছেন সে সম্বন্ধে আমার দৃষ্টিভঙ্গির তরফ থেকে আমি আমার বক্তব্য বলছি। মন্ত্রিমহাশয় তাঁর প্রথম রাউন্ডে জয়লাভ করেছেন। অর্থাৎ ৪ ধারায় বোর্ড কেমন ক'রে গঠিত হবে, সেই বোর্ডের গঠনের প্রণালী সম্বন্ধে এবং বোর্ডে কারা কারা থাকবেন সে সম্বন্ধে তিনি জয়লাভ করেছেন। কিন্তু যেখানে তিনি তাঁর বাছাই করা মানুষকে নিচ্ছেন, যাঁদের যাঁদের চেয়েছেন তাঁদেরকেই পাচ্ছেন এবং তাঁর বিশ্বাসী নমিনেটেড সদস্য যেখানে থাকবেন সেখানে বোর্ডকে সম্পূর্ণ ক্ষমতা কেন তিনি দিচ্ছেন না?

Mr. Chairman: You need not elaborate upon these past things. Please come to the point.

Sj. Naren Das:

কারণ মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক বক্তৃতায় এক জায়গায় বলেছিলেন যে,

"Board will be autonomous in certain respects."

কিন্তু অটোনমাস ইন সার্টেন রেসপেক্টস আমরা কোথায় দেখছি? এই বোর্ডকে যে ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে বোর্ডের অটোনমাস প্রকৃতি কোথাও, দেখছি না। বিশেষ ক'রে বোর্ড সম্পর্কে মুদালিয়র কমিশনের যে সুপারিশ তার ভেতরে এই কথা কমিশন উল্লেখ করছেন যে, ফরমুলেশনস অব ব্রড পলিসিসই হবে বোর্ডের কাজ। মুদালিয়র কমিশন এ বিষয়ে খুব সুস্পষ্ট যে তারা বোর্ডকে কোন এক্সিকিউটিভ পাওয়ার দিচ্ছে না—এক্সিকিউটিভ পাওয়ার ডাইরেক্টর অব এডুকেশনএর মুঠোয় থাকবে। কিন্তু বোর্ডের ফাংকশন সম্বন্ধে মুদালিয়র কমিশন খুব জোর দিয়ে বলছেন ফরমুলেশন অব ব্রড পলিসিজ।

Mr. Chairman: That matter has been discussed earlier.

Sj. Naren Das:

আমার বক্তব্য হচ্ছে বোর্ড ফরমুলেশন অব ব্রড পলিসিজ যে বোর্ড করবে তা অ্যাডভাইসরি বোর্ড নয়, সেটা লেজিসলেটিভ বোর্ড। আমি এটা মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি যে, formulation of broad policies is not the function of an Advisory Board.

বরং

it is the function of a legislative Board.

অতএব বারংবার তিনি যখন বলছেন যে, মুদালিয়র কমিশন ও দে কমিশনের সংগে যেখানে বিরোধ আছে, সেখানে তিনি মুদালিয়র কমিশনের সুপারিশ গ্রহণ করবেন। তা হ'লে মুদালিয় কমিশনের সুপারিশ স্পেসিফিক ফরমুলেশন অব পলিসির যে অধিকার তা কেন পরিকল্পিত পর্ষদকে দিলেন না? এ বিষয়ে মন্ত্রিমহাশয়কে কিছু দ্বিধাগ্রস্ত ব'লে মনে হয়। তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যেখানে তিনি একথা বলেছেন যে, আপনারা হয়ত প্রশ্ন করতে পারেন একটা সেন্ট্রাল অ্যাডভাইসরি বোর্ডএর মতন একটা বোর্ড আমরা এখানে কেন তৈরি করেছি? সেখানে আমি তাঁর বক্তৃতার কিছু উল্লেখ করছি—

The next question that will arise is this, why then do we set up this Board.

আমাদের বিরোধিতাকে অ্যান্টিসিপেট ক'রে তিনি জবাব দিয়ে বলছেন যে,

> "in my opinion a Statutory Board is an anachronism in a democratic country. Why do we set up a Statutory Board at all? That we can set up an Advisory Board by executive order is a question that has got to be answered."

এখানে আমি বলছি—

my answer is this: Government surely can look after secondary education with the help of a consultative committee. Why this fun about a Board?

Mr Chairman: He has given his views.

Sj. Naren Das: The Government of India in the Ministry of Education is being helped by a Central Advisory Board of Education. That is possible. আমরা একটা অ্যাডভাইসরি বোর্ড করতে পারি। কিন্তু তিনি বলছেন যে, উনি অ্যাডভাইসরি বোর্ড করছেন না, কারণ

> "but we do not want to do that without giving full control to a compact Board of experts to supervise, control and keep secondary education in this province in the best way in which it should be controlled and administered."

অতএব তিনি বলছেন যে, তিনি একটা অ্যাডভাইসরি বোর্ড করছেন কিন্তু সেন্ট্রাল অ্যাডভাইসরি বোর্ডএর অনুকরণে করছেন না। এখন উনি যে বোর্ড করলেন সেই বোর্ডকে যদি সম্পূর্ণ অধিকার দেওয়া না হয়, তাকে যদি লেজিসলেটিভ ফাংকশন করতে দেওয়া না হয় তা

হ'লে এখানকার শিক্ষা অচল হয়ে যাবে। কারণ মাধ্যমিক শিক্ষা সম্পর্কে মুদালিয়র কমিশন যে বিরাট পরিকল্পনা আমাদের সামনে তুলে ধরেছেন এবং যেখানে তাঁরা বলছেন যে, শিক্ষার মাধ্যমে ভবিষ্যৎ নাগরিক সৃষ্টি করতে হবে, এমনকি স্বতঃস্ফূর্তভাবে বালকেরা নিজেদের বিদ্যালয় নিজেরা পরিষ্কার করবে, ছবি আঁকবে, এবং সমাজের সঙ্গে বিদ্যার্থীর নিবিড় যোগাযোগ থাকবে সেখানে তিনি বোর্ডকে কেন তার কর্তব্য অনুযায়ী অধিকার দেবেন না?

Mr. Chairman: You are going into the generalities and not staying on the point.

Sj. Naren Das:

যে উদ্দেশ্য নিয়ে আজকে এই বোর্ড তৈরি হ'ল তাকে লেজিসলেশন করার অধিকার দিতে হবে। তাকে লেজিসলেটিভ পাওয়ার না দিয়ে যদি হুকুম তামিল করার অধিকার দেন তা হ'লে সেই বোর্ড খালি হুকুম তামিল করবে—আইন প্রণয়ন করতে পারবে না এবং পলিসি ফরমুলেট করতে পারবে না। অর্থাৎ কাউকে যদি আদেশ করেন যে, তুমি আমাকে উপদেশ দাও তা হ'লে সে মানুষ কখনও উপদেশ দিতে পারে না—তাকে স্বাধীনভাবে ভাববার অধিকারও দিতে হবে। তাকে ভাবতে দিতে হবে, তার অধিকার দিতে হবে।

Mr. Chairman: Please avoid repetition.

Sj. Naren Das:

নগেনবাবুর ক্লজের উপর যা বক্তব্য তা অনেকবার শিক্ষামন্ত্রিমহাশয়কে লক্ষ্য করতে বলা হয়েছে, আমার সর্বশেষ কথা হচ্ছে যে, এই বোর্ডকে যথাযোগ্য লেজিসলেটিভ এবং অ্যাডভাইসরি পাওয়ার দেওয়া হউক।

[10-40—10-50 a.m.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, I am beholden to my friend opposite that he has raised the initial question as to whether the Board is going to be a Statutory Board with some powers vested in it or not. At the very start the criticism offered was that the Board was going to be a subsurvient Board, a consultative Board, and not a Board with statutory powers and functions. I protested against that criticism but still the opposition went on saying that the Board was nothing but a consultative body. Now, when we have arrived at section 27 they have realised their mistake and have come forward to criticise that the Board has not been given all those powers that the Mudaliar Commission and the Dey Commission recommended. Last night Mr. Satya Priya Roy said that অদ্ভুত power দেওয়া হয়েছে। Today he comes forward to say that the powers that have been given to the Board are সীমাবদ্ধ। Probably next day he will say that the Board has been given sufficient powers but only outside the legislature.

Let us now see how many functions and powers have been given to the Board. We claimed originally and we are claiming even today, we have not only given nearly all the powers that the Mudaliar Commission and the Dey Commission recommended should be given to the Board, but we have advanced further. The Mudaliar Commission said that the Board will generally be responsible for the following matters:—(1) to frame conditions for recognition of high schools—that is the power which has been given to the Board by sub-clause (1) of clause 27 and the Recognition Committee has been empowered to grant recognition; (2) to appoint committees of experts to advise on the syllabuses, etc. for the different courses of study; (3) to frame courses of studies on the recommendation of Expert Committees that may be appointed for the purpose. We have provided for the Syllabus Committee and we have given to the committee the powers not only to recommend the syllabus but also the courses of studies

Sj. Satya Priya Roy criticised the amendment No. 174 proposed by Sj. Jagannath Kolay that after the word "syllabus" the words "the courses of study" be inserted. Taking advantage of that, he says that the phrase "course of study" is not mentioned among the Syllabus Committee's functions in clause 20. He has clean forgotten that by another amendment of Sj. Jagannath Kolay the "courses of study" have been introduced in the relevant sub-clause to clause 20. That disposes of his criticism against Sj. Jagannath Kolay's amendment No. 174. Now, as regards amendment No. 171, the amendment of Sj. Nagendra Kumar Bhattacharyya, I have already accepted that in a modified form which runs as follows: "Subject to the provisions of this Act and the rules framed thereunder, the Board shall have power to direct, supervise, and control Secondary Education". But I cannot accept amendment No. 172 proposed by Janab Abdul Halim as to Board's power of making suitable provisions for secondary education throughout the State. I also cannot accept amendment No. 173 proposed by Sjkta. Anila Debi. I have accepted amendment No. 175 proposed by Sj. Mahitosh Rai Chowdhury. I have also accepted amendment No. 176 proposed by Sj. Nirmal Chandra Bhattacharyya in a modified form, though unwillingly. I say "unwillingly", because our idea is that when the Board is not a trading concern, it should be given power to recommend books for study but not to publish text-books. However, when Sj. Bhattacharyya has proposed the modified amendment, following the example of the Calcutta University, that power may be given to the Board to publish text-books, we agree. As regards amendment No. 177, I cannot accept that, because it is an essential part of and covered by the modified amendment of Sj. Nagendra Kumar Bhattacharyya which I have accepted. As regards amendment No. 178 proposed by Sj. Satya Priya Roy, he has not cared to read carefully sub-clause (1) to clause 27.

Clause 27(2) runs thus:

"Subject to the provisions of this Act and any rules made thereunder, the Board shall have power in accordance with such regulations as may be made in this behalf and subject to the provisions of sub-section (4) of section 19, to grant or refuse recognition.....

[10-50—11 a.m.]

Sj. Satya Priya Roy: Does it include conditions for recognition?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Read carefully; it is wider than the amendment suggested by you. Therefore, I cannot accept this amendment proposed by you.

As regards amendment No. 179 of Sjkta. Anila Debi it proposes to prescribe by regulations the conditions which shall govern the admission of students to and the transfer of students to and from Secondary Schools. Sir, it should not be there in the Act, because it relates to the internal administration of schools. As regards the presentation of candidates we have already provided for that (namely that the Board would frame conditions), in 27(2)(f) which runs thus: "to prescribe by regulations the conditions to be fulfilled by candidates presenting themselves for examinations instituted by the Board." That is enough. As regards transfer and admission, those relate to the internal administration of the schools and the Board should not have the power suggested. As regards the other amendment of Sjkta. Anila Debi I entirely agree with it but, I think, that it is enough to confer the power which has been proposed by Sj. Mahitosh Rai Chowdhury to be given to the Board.

Sj. Satya Priya Roy waxed eloquent when he said that by sub-clause (3) we have almost taken away all the powers of the Board. That is entirely

his own misconceived criticism. If he thinks that section 27(3) will take away all the powers of the Board, then an amendment for the deletion of the entire sub-clause 27(3) should have been proposed by him. Neither he nor Sjkta. Anila Debi has proposed that, and they have grown wiser by events to find out that this is not so mischievous a sub-clause. Sir, it is not what they consider it to be.

Sir, these are the arguments that I have got to put forward in reply to their criticisms.

Sj. K. P. Chattopadhyay: May I request you just to read out how clause (1) after acceptance of the amendment of Nagen Babu stands?

Mr. Chairman: I would like to read the revised amendment in the name of Sj. Nagendra Kumar Bhattacharyya. It reads as follows:—

"27. (1) It shall be the duty of the Board to advise the State Government on all matters relating to Secondary Education referred to it by the State Government.

(2) Subject to the provisions of this Act and any rules made thereunder, the Board shall have power to direct, supervise and control Secondary Education".

I shall also read before you the amendment as revised by Sj. Nirmal Chandra Bhattacharyya. It reads as follows:—

"that after clause 27(2)(c) the following be inserted, namely:—

"(cc) to undertake the preparation, publication or sale of text-books and other books for use in recognised institutions."

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, there is a slight inaccuracy. Sj. Nagen Bhattacharyya's amendment is really an amendment to sub-clause (2) of clause 27.

Mr. Chairman: Yes, numbering will be properly done. I will now put amendments Nos. 171, as further amended by the mover, and 174, 175 and 176, as further modified by the mover, to vote.

The motion of Sj. Nagendra Kumar Bhattacharyya that after clause 27(1), the following sub-clause be added, namely:—

"(2) Subject to the provisions of this Act and any rules made thereunder, the Board shall have power to direct, supervise and control Secondary Education.",

was then put and agreed to.

The motion of Janab Abdul Halim that in clause 27(1), lines 1 to 3, for the words beginning with "to advise" and ending with "State Government", the following be substituted, namely:—

"to take such measures from time to time as it deems necessary for making suitable provisions for secondary education throughout the State",

was then put and lost.

The motion of Sj. Jagannath Kolay that in clause 27 in paragraph (c) of sub-clause (2), in line 3, after the word "syllabus" the words "and courses" be inserted, was then put and agreed to.

The motion of Sj. Mohitosh Rai Choudhuri that in clause 27 to sub-clause (3), the following proviso be added, namely:—

> "Provided that where any eliminations, additions, alterations or modifications are proposed to be made by the State Government, the Board shall be requested to express its views thereon within such period not being more than one month as may be specified by the State Government",

was then put and agreed to.

The motion of Sj. Nirmal Chandra Bhattacharyya that after clause 27(2)-(c) the following be inserted, namely:—

> "(cc) to undertake the preparation, publication or sale of text-books and other books for use in recognised institutions",

was then put and agreed to.

[11—11-10 a.m.]

The motion of Sjkta. Anila Debi that in clause 27(1), in line 3, for the words "referred to it by the State Government" the words "and while the State Government shall not act in this respect without prior consultation with the Board, the advice of the Board on all such matters shall be binding on the State Government" be substituted, was then put and a division taken with the following result:—

AYES—10.

Abdul Halim, Janab
Bhattacharyya, Sj. Nagendra Kumar
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chattopadhyay, Sj. K. P.
Choudhuri, Sj. Annada Prosad
Das, Sj. Naren
Debi, Sjta. Anila
Pakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sen Gupta, Sj. Manoranjan

NOES—29.

Abdur Rashid, Janab Mirza
Banerjee, Dr. Sambhu Nath
Biswas, Sj. Raghunandan
Bhuwalka, Sj. Ram Kumar
Chatterjea, Sj. Devaprasad
Chatterjee, Sjta. Abha
Chatterjee, Sj. Krishna Kumar
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Das, Sjta. Santi
Dutt, Sjta. Labanyaprova
Ghose, Sj. Kamini Kumar
Guha Ray, Dr. Pratap Chandra
Gupta, Sj. Manoranjan
Majumdar, Sj. Sudhirendra Nath
Maliah, Sj. Pashupati Nath
Mohammad Sayeed Mia, Janab
Mookerjee, The Hon'ble Kali Pada
Mookerjee, Sj. Kamala Charan
Mukherjee, Sj. Biswanath
Mukherjee, Sj. Kamada Kinkar
Mukherjee, Sj. Sudhindra Nath
Prodhan, Sj. Lakshman
Roy, Sj. Chittaranjan
Roy, Sj. Surendra Kumar
Saha, Sj. Jagindralal
Sarkar, Sj. Nrisingha Prosad
Sawoo, Sj. Sarat Chandra
Singh, Sj. Ram Lagan
Singha, Sj. Biman Behari Lall

The Ayes being 10 and the Noes 29, the motion was lost.

The motion of Sjkta. Anila Debi that in clause 27(2) for item (e) the following item be substituted, namely:—

> "(e) to make regulations for the institution, holding and controlling of such examinations as it thinks fit including any examination qualifying for admission to a course instituted by the University of Calcutta",

was then put and lost.

The motion of Sj. Satya Priya Roy that in clause 27(2), after item (1), the following new item be added, namely:—

"(m) to prescribe by regulations the conditions to be fulfilled by Secondary Schools for recognition",

was then put and lost.

The motion of Sjkta. Anila Debi that in clause 27(2), after item (1), the following items be inserted, namely:—

"(m) to prescribe by regulations the conditions which shall govern the admission of students to and the transfer of students to and from Secondary Schools;

(n) to supervise the administration of secondary schools by means of inspection and the issue of directions",

was then put and lost.

The motion of Sjkta. Anila Debi that in clause 27(3), in line 5, after the word "fit" the words "on prior consultation with the Board" be inserted, was then put and lost.

The motion of Sjkta. Anila Debi that the following proviso be inserted to clause 27(3), namely:—

"Provided, however, that if no communication sanctioning a regulation is received from the Government within three months from the date on which a regulation is communicated to the State Government for sanction, the regulation shall be deemed to have been sanctioned by the Government."

was then put and lost.

The question that clause 27, as amended, do stand part of the Bill was then put and a division taken with the following result:—

AYES—30.

Abdur Rashid, Janab Mirza
Banerjee, Dr. Sambhu Nath
Biswas, Sj. Raghunandan
Bhuwalka, Sj. Ram Kumar
Chatterjea, Sj. Devaprasad
Chatterjee, Sjta. Abha
Chatterjee, Sj. Krishna Kumar
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath
Das, Sj. Naren
Das, Sjta. Santi
Dutt, Sjta. Labanyaprova
Ghose, Sj. Kamini Kumar
Guha Ray, Dr. Pratap Chandra
Gupta, Sj. Manoranjan
Majumdar, Sj. Sudhirendra Nath
Mallah, Sj. Pashupati Nath
Mohammad Sayeed Mia, Janab
Mookerjee, The Hon'ble Kali Pada
Mookerjee, Sj. Kamala Charan
Mukherjee, Sj. Biswanath
Mukherjee, Sj. Kamada Kinkar
Mukherjee, Sj. Sudhindra Nath
Prodhan, Sj. Lakshman
Roy, Sj. Chittaranjan
Roy, Sj. Surendra Kumar
Saha, Sj. Jagindralal
Sarkar, Sj. Nrisingha Prosad
Sawoo, Sj. Sarat Chandra
Singh, Sj. Ram Lagan
Singha, Sj. Biman Behari Lall

NOES—8.

Abdul Halim, Janab
Bhattacharyya, Sj. Nirmal Chandra
Chattopadhyay, Sj. K. P.
Choudhuri, Sj. Annada Prosad
Debi, Sjta. Anila
Pakrashi, Sj. Satish Chandra
Roy, Sj. Satya Priya
Sen Gupta, Sj. Manoranjan

The Ayes being 30 and the Noes 8, the motion was carried.

Mr. Chairman: Amendment No. 182 falls through.

Clause 28

Mr. Chairman: Amendments Nos. 183 to 189 fall through.

Sj. Satya Priya Roy: Sir, I beg to move on short notice on the floor of the House that in clause 28(3)(b), in line 1, for the word "regulations", the word "rules" be substituted.

এখানে বলা হচ্ছে, প্রেসিডেন্টকে দেবে এ্যাকর্ডিং টু রেপুটেশন।

Clause 28(3)(b): Sanction at the rates to be prescribed by regulations, all claims for travelling or halting allowance

আর

Clause 17: Such members of the Board and any committee constituted under this Act as are not persons in the service of the State Government, shall, in respect of expenses incurred by them in attending meetings of the Board, or any such committee of the Board or in exercising the powers or performing any duties conferred or imposed upon them by or under this Act, be paid by the Board travelling allowance and halting allowance at such rates as may be prescribed by rules—these two clauses are conflicting.

Mr. Chairman: You have drawn the attention of the Minister to this and the Minister will take action.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: We have already disposed of the question substituting "rules" for "regulations." I move that in clause 28(3)(b) for the word "regulations," the word "rules" be substituted.

Mr. Chairman: After the explanation of the Minister, the clause as amended may be accepted.

The motion was then put and agreed to.

The question that clause 28, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 29

Sjta. Anila Debi: Sir, I beg to move that in clause 29(2) in the proviso line 2, for the word "ten" the word "eight" be substituted.

I also move that the following proviso be inserted to clause 29(4), namely:—

> "Provided that in case of an emergency, the President may, of his own motion, call a meeting, after giving not less than clear two days' notice thereof."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবটা হচ্ছে, যদি কোন সদস্যরা রিকুইজিশন মিটিং ডাকতে চান তার জন্য তাঁদের যা নম্বর ঠিক করা আছে সেটা হচ্ছে ১০, সেটা আমি ৮ করতে বলছি। অবশ্য মরা জিনিস নিয়ে নাড়াচাড়ার মত হয়ে গেলেও এর মধ্যে একটুকুও যদি জীবনের চিহ্ন থাকতে পারে তার জন্য আমি আমার অ্যামেন্ডমেন্ট উপস্থিত করছি। আট জনের সংখ্যা বলার কারণ হিসেবে আমি এইটুকু বলতে চাই যে, বিলের যা চেহারা হচ্ছে তার মধ্যে নির্বাচিত সদস্যসংখ্যা থাকছেন ৯ জন। অন্তত কোন প্রয়োজনে কিংবা ভালমন্দ বুঝলে তাঁরা যদি রিকুইজিশন মিটিং কল করতে চান যাতে তাঁদের সংখ্যার দ্বারা সেটা সম্ভব হয়, সেইজন্য আমি ১০-এর জায়গায় ৮ করতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এটা শুধু একটু সুবিধার দিক থেকে বা নির্বাচিত সদস্যদের অধিকারের দিক থেকে আমি নম্বর ১০ না ক'রে ৮ করবার জন্য বলছি।

তারপরে আমার যে অ্যামেন্ডমেন্ট রয়েছে সেটা হচ্ছে, ইমার্জেন্সি মিটিং করবার প্রেসিডেন্টএর অধিকার, সেই অধিকার সম্পর্কে আমি একটা প্রভাইসো যোগ করতে বলছি যে,

Provided that in case of an emergency, the President may, of his own motion, call a meeting, after giving not less than clear two days' notice thereof.

অনেক সময় বোর্ডএর কাজ চালানোর জন্য অতি জরুরি প্রয়োজন প'ড়ে যায়। সংক্ষিপ্ত সময়ে প্রেসিডেন্ট যাতে জরুরি মিটিং ডাকতে পারেন বোর্ডএর কাজের সুবিধার জন্য, এটুকু আমি প্রভাইসো হিসেবে যোগ করতে বলছি। অবশ্য সবই প্রায় অরণ্যে রোদন, তা হ'লেও অনুরোধ করব যদি মন্ত্রিমহাশয় বিবেচনা করেন।

[11-10—11-20 p.m.]

মিঃ চেয়ারম্যান, স্যার, আমরা আজ শেষ পর্যায়ের আলোচনায় এসেছি। দীর্ঘ ১২ দিন এই বিল সম্পর্কে আলোচনা হয়েছে। এই বিলের প্রারম্ভিক আলোচনায় আমরা বলেছিলাম যে সেকেন্ডারি এডুকেশন বিল আমাদের সামনে যেভাবে এসেছে তাতে পশ্চিমবাংলার শিক্ষার সুব্যবস্থা হবে না। কেন না, সেকেন্ডারি এডুকেশন এ্যাক্ট যেটাকে আজকে এখানে রিপিল করলেন এবং তা রিপিল করার সঙ্গে সঙ্গে যেসমস্ত এ্যাক্ট ছিল সেই সমস্ত এ্যাক্ট চালিয়ে যাবার জন্য কোন প্রভিসান রাখলেন না। দ্বিতীয়তঃ যে বোর্ড তারা গঠন করলেন সেই বোর্ডের হাতে তাঁরা কোন ক্ষমতা দিলেন না। বোর্ডের কেবলমাত্র এ্যাডভাইসরি ক্ষমতা থাকছে, তার বেশী তার আর কোন ক্ষমতা থাকছে না। বোর্ডের নিয়ন্ত্রণ, গঠন ব্যাপারে ২৭ জন নিয়ে যে বোর্ড হবে সেই অগণতান্ত্রিক বোর্ড সম্পর্কে আমরা এখানে দীর্ঘ আলোচনা করেছি। এই বোর্ড যাতে আরও ভালভাবে গঠিত হতে পারে তারজন্য আমরা এ্যামেন্ডমেন্ড দিয়েছিলাম, কিন্তু আমাদের এ্যামেন্ডমেন্ড সেখানে গৃহীত হয় নি। এখানে মেজরিটি গভর্মেন্ট এবং তার বোর্ডেও মেজরিটি হবে। এই যে আমলাতান্ত্রিক বোর্ড হয়েছে সে সম্পর্কে আমরা দীর্ঘ আলোচনা করেছি বলে সে সম্বন্ধে এখন আর কিছু বলতে চাচ্ছি না। আমি মনে করি এই বোর্ডের হাতে কোন ক্ষমতাই দেওয়া হচ্ছে না। গ্রান্টের কথা বলা হচ্ছে, কিন্তু সেই গ্রান্টের কোন ক্ষমতাই তারা পাচ্ছে না। এর সেক্রেটারি বোর্ড থেকে নির্বাচিত হতে পারবেন না—সেক্রেটারিকে গভর্ণমেন্ট এ্যাপয়েন্ট করবেন। এই বিভিন্ন ত্রুটি সম্পর্কে যাতে বিলটা আরও ভালভাবে আলোচিত হয় তার জন্য আমাদের যেসমস্ত এ্যামেন্ডমেন্ড ছিল সেগুলি যদি গৃহীত হত তাহলে হত, কিন্তু মাইনর এ্যামেন্ডমেন্ডগুলো গৃহীত হয়েছে, মেন এ্যামেন্ডমেন্ডগুলো গৃহীত হয় নি। কাজেই আমি মনে করি এই বিল পাশ হলে বাংলাদেশের শিক্ষা জগতে, শিক্ষক সম্প্রদায়ের মধ্যে এবং সাধারণ লোকের মধ্যে দারুণ অশান্তি বা ডিস্‌স্যাটিসফ্যাকসন দেখা দেবে। এই বিল যেভাবে আজকে এখানে গৃহীত হচ্ছে সেইভাবে যদি পরিচালিত হয় এবং তার আর যদি সংস্কার করা না হয় তাহলে এই বিলের বিরুদ্ধে তীব্র আন্দোলন হবে। তাঁরা বলছেন এসেম্বলীতে কিছুটা সংস্কার হবে, কিন্তু এসেম্বলীতে যদি এর কোনরকম মূলগত পরিবর্তন না হয় তাহলে এই বিল যেভাবে আজকে এখানে পাশ হচ্ছে তাতে শিক্ষাব্যবস্থা—যা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন—অল কোয়ায়েট অন দি এডুকেশন ফিল্ড হবে। অর্থাৎ শিক্ষাকে সেখানে হত্যা করা হবে। এই বিলের আলোচনাকালে মাননীয় শিক্ষামন্ত্রী-মহাশয় মুদালিয়ার কমিশন এবং দে-কমিশনের কথা বলেছেন এবং তাদের রেকমেন্ডেসন অনুযায়ী কখনও, দে-কমিশন কখনও মুদালিয়ার কমিশনের কথা বলে তিনি তাঁর যে যুক্তি দিয়েছেন এবং যে যুক্তি দিয়ে বিলের যেসমস্ত ধারা তিনি এখানে এনেছেন সেই সমস্ত ধারাতে আমরা সন্তুষ্ট হতে পারিনি—বা তিনি যেসমস্ত যুক্তি দিয়েছেন তাতে আমরা কনভিন্সড হতে পারিনি। অতএব এই বিল যদি আজকে পাশ হয়ে যায় তাতে আমাদের কিছু সুবিধা হবে না, শিক্ষার ক্ষেত্রে কোন সুবিধা হবে না এবং বাংলাদেশের শিক্ষার পরিচালনা ব্যাপারেও কোন সুবিধা হবে না। সেজন্য এই বিলের আমি তীব্র বিরোধিতা করছি।

Mr. Chairman: The House stands adjourned for 25 minutes. Will the members kindly go upstairs to have coffee? After that we shall resume our discussion.

[At this stage the House was adjourned for 25 minutes.]

(After adjournment)

[5-5—5-15 p.m.]

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, at this stage of the discussion of the Bill we have decided not to refer to any matter in detail but to summarise our general position with regard to the Bill that has been presented to the House. I hope the Hon'ble Minister-in-charge of the Bill will excuse me if I sound a note of personal disappointment. I am one of

those who read his well-known book "The new Menace to Higher Education in Bengal". I am one of those who are aware of the leading part that he took in the agitation against the reactionary Bill of Secondary Education introduced by the League Government in 1940, and I am one of the many countrymen of his who are aware of the excellent Act that the Minister was responsible for putting on the Statute Book of West Bengal in 1950. Therefore, I expected that he would bring forward a Bill which would be designed to promote the best interests of secondary education in this State. Unfortunately however, his Bill is a sort of new menace to high school education in Bengal. In fact, the character of this Bill reminds me of the title of his book published in 1935, viz., "Menace to High School Education in Bengal". Sir, during its passage through this House, the Bill has been slightly changed and transformed. But I very strongly feel that it falls far short of the minimum requirements of a Bill calculated to serve the best interests of secondary education in our State. Sir, what are our main objections to the Bill? I shall attempt to voice the feelings of the opposition without wasting much of your time. We object to the Bill in the first place because this Bill makes the Board of Secondary Education a sort of annexe of the Secretariat. Sir, according to the distribution of seats—27 seats on the Board—we notice that quite a large proportion are officials and the official element is far in excess of what was recommended either by the Mudaliar Commission in the name of which even Dr. S. N. Banerjee swears or by the Dey Commission. I need not place before you the figures once more because the members are aware of the figures and we have heard that point over and over again. Sir, I consider this Bill to be a departure from the recommendations of the Mudaliar Commission in one very important respect. The Mudaliar Commission wanted a workable Board of 25 but at the same time they recommended that there should be a provincial advisory Board—a Board which would be representative of different interests engaged in secondary education. This large provincial Board is not there. Both Dr. Banerjee and the Hon'ble Minister in the same voice have shouted from the house tops that "we have adhered to the Mudaliar Commission". Where is his adherence to the Mudaliar Commission which recommended the constitution of a large Advisory Board representative of all interests? That Board has not been given any place in the Bill. Sir, there are some very flagrant departures from the recommendations of the Dey Commission also. It is necessary to understand clearly why the Dey Commission was appointed. Certain general recommendations were made by the Mudaliar Commission and the distinguished members of the Commission distinctly laid down in their report that the different States would within the framework of their general recommendations arrange for the constitution of the Board the general lines of which were indicated in the report. The Dey Commission was appointed to go into this very question and it was the Government of West Bengal that appointed the Commission. It was composed of distinguished educationists including Professor Anath Nath Basu who was, I believe, the Secretary of the Mudaliar Commission. They made certain recommendations and the Government have set at naught even their recommendations which were made after considering the peculiar position of secondary education in this State. For instance, the Dey Commission recommended that planning and development should be one of the functions of the Board. This recommendation of the Dey Commission was disregarded. The Dey Commission recommended that there should be two categories of functions. With regard to one category the recommendations of the Board would be advisory and with regard to another category Government was required to act according to the recommendations of the Board. So here are some very flagrant departures from the recommendations of the Dey Commission. Sir, we object to the Bill and condemn it in the strongest

terms because no definite financial guarantees have been held out to the Board. The Board has been entrusted with the task of superintendence, direction and control of Secondary Education, but it has no money at its disposal. Certain responsibilities are imposed upon it but it has no funds to discharge those responsibilities. It is for the Hon'ble Minister to consider whether this is at all fair, to consider whether this has been done in any civilised country anywhere particularly with regard to the system of education. In the next place we object to the Bill and condemn it because the Committee system disregards some of the vital needs of secondary education in our State, e.g., no provision has been made for Physical Education Committee in the organisation of committees of the Board, for Girls' Education Committee or for Backward Classes Education Committee. I am not particularly enamoured of the expression "backward class". I would rather use the word "underdeveloped class". However, that is the term that was used by the Hon'ble Minister in the Act of 1950. Whatever may be the objection to the nomenclature I have no doubt that it is necessary that in accordance with the responsibility that has been imposed upon this State by the Constitution we ought to have made special provision for the development of education amongst the underdeveloped communities who have been neglected for years and years, possibly centuries and centuries. Sir, the Dey Commission recommended that there should be another committee at least, namely, University Correlation Committee. Secondary Education in fact, sends out quite a large number of those who pass final examination, to the University. It is, therefore, necessary that courses of study, syllabus, examination, etc., should be of such a nature as to enable the students to prosecute their studies in the Universities with credit to themselves. This University Correlation Committee would in fact work for the integration of the two systems—the systems of Secondary Education and University Education. After mature deliberation the Dey Commission made this recommendation. Our Minister, in his infinite wisdom, absolutely disregarded this very salutary provision that was made by the Dey Commission.

Sir, we also feel that just as Secondary Education extends one of its hands towards University Education, it extends another towards Primary Education. Therefore, there should have been a Primary Education Correlation Committee also.

Finally, Sir, Planning and Development, a function which has been denied to the Board, should have been taken charge of by another Committee.

Coming to the system of administration we condemn the Bill in the strongest terms because the Secretary is to be appointed by the Government. The President of the Board is entrusted with the responsibility of carrying on the administration of the Board and is responsible to the Government, but the Board or its President has nothing to say with regard to the appointment of the Secretary. Sir, this is an administrative monstrosity which is not properly understood by the Minister but which people in the Secretariat will perhaps understand to some extent. This is contrary, as I have argued in course of the Second Reading, to all principles of sound administration. It will lead to, as my friend Professor Mohitosh Rai Choudhuri has argued, a conflict between the Secretary on the one hand and the President on the other and bring about a deadlock. It may lead, perhaps, to another leakage of question papers and things like that, and the Minister will have an opportunity to abolish it altogether.

[5-15—5-25 p.m.]

For these reasons we think that the Bill, as it stands, is a menace to high school education in the State. It is a new menace and this new menace has to be fought not only by members present in this House, but also by the people outside.

Sir, I have nearly finished. Our Hon'ble Minister-in-charge of Education does not possibly realize the importance of Secondary Education in the State in spite of the fact that he wrote an excellent book a long time ago. Somehow he has managed to forget the principles he himself enunciated in that book. Secondary Education is a sort of half-way house—half-way house, inasmuch as it sends out our boys and girls to join University Education or professional education and it is a final stage, in so far as it is a point of bifurcation,—and many students go out to join different professions from this stage. For this reason Secondary Education is really the backbone of the educational system of our country. Our Minister is intent on breaking the backbone of the educational system of this State. The steps that he is going to take will make or mar the future of education in West Bengal. I will request the Hon'ble Minister-in-charge of Education to think and to think deeply about the consequences of this thoughtless measure that he has placed before us. I love to think that Rai Harendra Nath who wrote the book, "New Menace to High School Education in Bengal", who took an important part in the movement of 1940 and who enacted that very desirable measure, the Secondary Education Act, 1950, is not yet dead in the Education Minister. I appeal to that other Rai Harendra Nath to save Secondary Education from the utter ruin to which he himself is seeking to relegate it.

Sj. Annada Prosad Choudhuri:

মাননীয় সভাপতিমহাশয়, যে বিলের এখন তৃতীয় পাঠ চলছে, আমরা যাই বলি এবং ওপক্ষের ২-৪ জন বন্ধু যাই বলেন, কয়েক মিনিটের মধ্যেই পাশ হয়ে যাবে এটা নিশ্চয়। তবুও এবিষয়ে কয়েকটি কথা বলতে চাই। এই বিল সম্বন্ধে দীর্ঘ ১২ দিন আলোচনা চলেছে, তারজন্য এক এক ডিভিসনের সময় শুনলাম ৪০০ টাকা খরচ হয় তা ল এ্যান্ড অর্ডার মিনিস্টার বন্ধ করতে চেয়েছিলেন কিন্তু তা বন্ধ হয়নি। আগে কিন্তু স্যার, প্রথম থেকে অপেক্ষা না করে একটা বিল সিলেক্ট কমিটিতে দিয়েছিলেন এবং পরে সেটা এখানে দুদিনে পাশ করিয়ে নিয়েছিলেন। এবার তা করেন নি। ১২ দিন ধস্তাধস্তি করে, ঘষাঘাষি করে, পয়সা খরচ করে কি করেছেন? আজ দুপুরবেলা খাবার পর এক শ্রদ্ধেয় বন্ধু গল্প বলছিলেন, আমি সেই রস একা অনুভব না করে আপনার কাছে পরিবেশন না করে থাকতে পাচ্ছি না। এক মিস্ত্রি ছিল—কানা, নাম তার নজর আলি, তাকে একটা বাড়ীর দেয়াল তৈরি করতে দেওয়া হয়েছিল। তৈরি করতে গিয়ে দেয়ালটা বাঁকা হয়ে গেল। মালিক নজর আলিকে ডেকে বল্লেন মিস্ত্রি, এ কি করেছো, দেয়াল যে বাঁকা হয়ে গেল। মিস্ত্রি এক চোখে দেখে বল্লে হাঁ, হুজুর, একটু বাঁকা হয়ে গেছে বটে তবে 'বোলি' দিয়ে ঠিক সোজা করে দেব। আমাদের সরকার পক্ষ থেকেও তেমনি বলেছেন যে এই বিলকে এসেম্বলীতে নিয়ে গিয়ে বোলি দিয়ে সোজা করে দেব। আমাদের কাছে এই বিল এসেছে, ১২ দিন ধরে চেষ্টা করেছি তার মধ্যে কিছু কিছু দাগরাজি করা হয়েছে সত্য কিতু এসেম্বলীতে গেলে পর তাকে সোজা করে দেওয়া হবে। কিন্তু আমি বলি, স্যার, যে একে গোড়া থেকে বোলি দিয়ে সোজা করবার পথ এখানে নেই। একে সোজা করতে গেলে দেয়াল ভেঙ্গে নূতন করে করতে হবে। আজ না করলেও কয়দিন পরে করতে হবে—কারণ এ দেওয়ালের উপর ইমারত টিকবে না। আমরা প্রথম থেকেই বলছি যে প্রথম যে সেকেন্ডারি এডুকেশন বোর্ড তাকে ডিসল্ভ করা হয়েছিল কিসের জন্য—তাতে কতকগুলি গলদ ছিল, কোয়েশ্চেন পেপার ফাঁস হয়ে গিয়েছিল।

তাদের তাড়িয়ে দেবার পর, বোর্ড ডিসল্ভ করার পর কি কোয়েশ্চন পেপার ফাঁস হয়নি? সেই সময় কোয়েশ্চেন পেপার ফাঁস হয়ে গিয়েছিল বলে তাদের সরিয়ে দেওয়া হোল, সেকেন্ডারি এডুকেশন বোর্ডকে ডিজল্ভ করে দেওয়া হোল—অনেকবার বল্লেন যে অন্য আইনসঙ্গত যে পথ আছে সেই পথ অবলম্বন করলাম না, তাদের কিছু জিজ্ঞাসা করলাম না, তাদের কাছ থেকে কৈফিয়ৎ তলব করলাম না, কেউ কোন এনকোয়ারী করলাম না, যদিও ইনকোয়ারী করলাম, সেই ইনকোয়ারী গ্রাহ্য করলাম না, না করে আমরা সেই পর্ষৎকে বাতিল করে

দিলাম। কিন্তু স্যার, আমি জিজ্ঞাসা করি পর্বতের প্রতি কার শত্রুতা ছিল? আমি ও'কে বলি ও'র বিভাগে একজন ইনসপেক্টর আছেন, নাম আমি করতে চাই না, উনি জানেন উঁচু থেকে নীচ্ পর্যন্ত যাকে জিজ্ঞাসা করবেন সেই বলবে যে লোকটা পাগল। সেই পাগলটা যে অর্ডার দেন, সেই অর্ডার তার উপরওয়ালা বাতিল করে দেন। সেই পাগলকে নিয়ে উনি শিক্ষা-বিভাগ চালান।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I do not know whether there is any such person. I did not say that. That is an untruth.

Sj. Annada Prosad Choudhuri:

আমি যাঁর জন্য আপনার কাছে বলেছিলাম। পেছনে জিজ্ঞাসা করলে নামটা জানতে পারবেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri:

আমার জিজ্ঞাসা করার দরকার নেই।

Sj. Annada Prosad Choudhuri:

স্যার, আমি নামটা বলতে চাই না, তবে ও'র বিভাগে এইরকম লোক আছে—সেক্রেটারি থেকে আরম্ভ করে নীচ পর্য্যন্ত সবাই জানেন।

Sj. Devaprasad Chatterjea: Sir, is it permissible to refer to a person without name?

Mr. Chairman: He has not named anybody.

Sj. Annada Prosad Choudhuri: Sir, I knew him; I told him that he was a mad man.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Tissue of untruth—I did not say so.

Sj. Annada Prosad Choudhuri: Sir, if he will care to enquire he will find that his department is being carried on with a mad man like that.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I did not make any such statement.

Sj. Annada Prosad Choudhuri:

আমার প্রতিপাদ্য বিষয় হোল এই যে এইসব গলদ থাকলেও ও'দের ডিপার্টমেন্ট যদি চলে তাহলে এমন কি গলদ সেই শিক্ষা পর্ষতের হয়েছিল যে তাদের জিজ্ঞাসাবাদ না করে, তাদের কাছ থেকে কৈফিয়ৎ না চেয়ে সেটা ডিজল্ভ করে দেওয়া হোল। শুধু ও'র বিভাগেই নয়, স্যার, উনি হয়ত বলবেন আমি জানি না।

Mr. Chairman: That is an old history and you cannot ask him why it was done so.

Sj. Annada Prosad Choudhuri: But, Sir, we are now enacting this Bill on the basis of that past history, because we started this Bill on that basis.

Mr. Chairman: That basis may not be strong enough in your opinion but it is quite strong in his opinion.

[5-25—5-35 p.m.]

Sj. Annada Prosad Choudhuri: Then I shall have nothing to say.

আমি বলি স্যার, যা চলে আমার কেবল এই বক্তব্য যে আমরা অন্যান্য ক্ষেত্রে যা বরদাস্ত করি কি কারণে এই পর্ষতের বেলায় তা বরদাস্ত করলাম না। রেফিউজি রিহ্যাবিলিটেসন ডিপার্টমেন্টএ একজন উচ্চপদস্থ কর্মচারী তাঁর কনডাক্টএ গভর্ণমেন্ট সন্তুষ্ট হলেন না, আমি তাকে যে বদল করে দেয় যে অধিকর্তা তাঁদের কাছে জিজ্ঞাসা করলাম এই ভদ্রলোককে

আপনারা সরিয়ে দিলেন কোথায়—তিনি বল্লেন, না তিনি সিভিলিয়ান, তাঁকে অন্য জায়গায় পাঠিয়ে দেওয়া হয়েছে কারণ তিনি বললেন, ও জিজ্ঞাসা করবেন না, ও স্ত্রী-ঘটিত ব্যাপার। আমার বক্তব্য স্যার, যে আমরা এইসব সহ্য করেও আমরা সেইসব কর্মচারীকে উচ্চপদে অধিষ্ঠিত দায়িত্বপূর্ণ পদে অধিষ্ঠিত রেখেও আমরা কাজ চালাই কিন্তু এই পর্ষদের বেলায় কার এত শত্রুভাব হ'ল যারজন্য তাঁকে কোনরকম ন্যায়সঙ্গত অধিকার তার উত্তরে বা কৈফিয়তে বলবার সুযোগ না দিয়ে তাঁকে আমরা বাতিল করে দিলাম। তারপর স্যার, গঠন করবার পদ্ধতি—হয়ত আমার কাছে এটা খারাপ মনে হতে পারে কারণ আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি স্যার, যে, আমরা চাই জনসাধারণের সহযোগিতা। আমরা চাই বিকেন্দ্রীভূত শাসনব্যবস্থা হবে দি ফাদার অব নেসন গান্ধিজী বলেছিলেন। তারজন্য আমরা জানতাম স্যার, আমার হাতে ক্ষমতা ছিল যখন, তখন আমার ইউনিয়ন বোর্ড, ডিস্ট্রিক্ট বোর্ড, মিউনিসিপ্যালিটি নমিনেশন তুলে দিয়েছিলাম। শুধু তা নয় স্বাস্থ্যমন্ত্রী হিসেবে মেডিক্যাল কলেজে তার প্রিয়জনের ছেলেদের ভর্তি করবার যে অধিকার ছিল—সে অধিকারও আমরা ছেড়ে দিয়েছিলাম। আমরা সেই পথ অবলম্বন করে কোন আফশোষ করেছি তা আমার মনে হয় না। আমরা যে জনসাধারণের সাহায্য সহযোগিতা সব সময় চাই—তবে আজকালকার মন্ত্রীরা চান না—কারণ তাদের তো একবার ভোট দিয়ে পাঠিয়ে দিয়েছে—তাদের দরকার নাই জনসাধারণের সহযোগিতা। তারজন্য আমাদের কোনদিন আফসোস করতে হয় নি বরঞ্চ জনসাধারণ আমাদের সাহায্য করেছে। এখান থেকে যখন পাকিস্তানে জিপের অনেক পার্টস পার করে নিয়ে যাওয়া হয় জনসাধারণ তখন টেলিফোন করে আমাদের জানায় যে এইসব নিয়ে যাচ্ছে। আমাদের পুলিস জানত না, এখনও হয়ত কালীবাবুর পুলিস জানবে না। কিন্তু জনসাধারণ টেলিফোন করে আমাদের জানায় যে নিয়ে যাচ্ছে—আমরা জীপ পাঠিয়ে ডায়মণ্ডহারবারে তাকে আটক করি এবং তা উদ্ধার করি। আমরা জনসাধারণের হাতে সেই সব দিতে চেয়েছিলাম। কিন্তু আজ যে পর্ষৎ গঠন করা হচ্ছে তাতে আমরা যেন জনসাধারণকে বিশ্বাস করছি না—তারা ভোট দিয়ে আমাদের কাছে যা পাঠিয়ে দিয়েছে আমরা সেই ক্ষমতা আমাদের হাতে পড়ে এমন হয়েছে যে আমরা সেটাকে কেন্দ্রীভূত করে পর্ষৎ চালাবার সমস্ত অধিকার আমরা সেক্রেটারীয়েটে তুলে দিচ্ছি। আজ হয়ত আছে সেক্রেটারি আর ডি পি আই একই ব্যক্তি। তাতে তিনি কি মনে করবেন আমি জানি না—এ ব্যবস্থা মন্ত্রীমহাশয় চিরকাল রাখবেন কি না তাও আমি বলতে পারি না। কিন্তু স্যার, এই মুদালিয়র কমিশন, দে কমিশনএর কথা যেটা যখন মুদালিয়র কমিশনের কথা সুবিধা লাগে তখন বলি আবার যেটা দে কমিশনের সুবিধা লাগে সেটা তখন বলি, দুটোই কমিশন বলি। কিন্তু যদিও বলেছি মুদালিয়র কমিশনে আমাদের মন মানে নাই বলে আমাদের অবস্থার সঙ্গে তা খাপ খায় না বলে আমরা দে কমিশন আবার য়্যাপয়েণ্ট করে দিলাম। কিন্তু সুবিধা হয় এখন যখন দে কমিশন দরকার হয় তা বলি আবার যখন মুদালিয়র কমিশন দরকার হয় তাও বলি—যেটাতে সুবিধা হয় সেটাই আমরা এখন ব্যবহার করে এই বিল গঠন করি। কিন্তু স্যার, দে কমিশনের যিনি প্রেসিডেন্ট, ডাঃ বিমানবিহারী দে, তিনি নিজে ডি পি আই ছিলেন। তিনি কার্যক্ষেত্রে যা দেখেছিলেন যে ডি পি আইএর অফিস থেকে—যা হয়ত হবে এখানকার সেকেণ্ডারি বোর্ডএর যে প্রেসিডেন্ট তার অফিস থেকে যেসব প্রস্তাব যাবে সে তখন সেক্রেটারিয়েটের হেড ক্লার্ক তাকে স্ক্রুটিনাইজ করবে তারজন্য দে কমিশন অত্যন্ত প্রাকটিক্যাল সাজেসন করে দিলেন যে এটা যেন ডাইরেক্টলি মিনিস্টারএর সঙ্গে এই সেকেণ্ডারি কমিশনের প্রেসিডেন্টএর যোগাযোগ থাকে। সেই কার্যকরী পথ আমরা গ্রহণ করি নাই, আমরা গ্রহণ করার দরকার মনে করি না। তারপরে আমি আরেকটা কথা বলব—হয়ত আর একটু পরে পাশ হয়ে যাবে—পাশ হলেও ওঁকে আমি বিবেচনা করতে বলি কারণ ওঁকে আমি আরও দৃষ্টান্তের কথা বলি—ওঁরা এখন মনে করছেন এতেই দেশের মঙ্গল আর কেউ যদি কিছু বলে তাতে মঙ্গল না এ স্থির বিশ্বাস। স্যার, ট্রামের এই সেকেণ্ড ক্লাসএর ভাড়া বাড়াবার একটা প্রস্তাব হ'ল, লোকে আপত্তি করল যে বাড়ান হবে না। চার চারবার স্যার, আমি কোন লেজিসলেচারএর মেম্বার হিসেবে নয়—সংবাদপত্রের প্রতিনিধি হিসেবে বড় বড় কংগ্রেসওয়ালা কাগজের সঙ্গে গিয়ে চার চারবার বল্লাম যে আপনার স্ট্যাটাসকো রেখে দেন—এখন একটা এনকোয়ারি করুন, ভাড়া বাড়ানো এখন স্থগিত রাখুন। না আমরা এনকোয়ারি করে দেখেছি ভাড়া না বাড়ালে

'ট্রাম কোম্পানির লোকসান হবে। অতএব ভাড়া বাড়াতে হবে। তারপরে খুব জল ঘোলা হ'ল তখন একটা ট্রাইবুন্যাল এ্যাপয়েন্ট করা হ'ল। কিন্তু ট্রাইবুন্যাল যে কি রায় দিল জানি না—কিন্তু আমরা জানি জনসাধারণ যে ট্রামের ভাড়া না বাড়াবার জন্য হৈ-চৈ করছিল সে ট্রামের ভাড়া আর বাড়ল না। তাইতে তখনকার গভর্ণমেন্ট বারে বারে আমাদের বলেছিলেন যে আমরা জানি ট্রাম কোম্পানির ভাড়া না বাড়ালে চলবে না। কিন্তু বাড়ল না কিসের জন্য? আপনারা কি চান তাই হউক আবার? আজকে আমরা ১২ দিন করলাম। এই ১২ দিন পরে যা হ'ল না হ'ল এই বলছি যে কানা-মিস্ত্রি একটু করেছে তারপর হয়ত মনে করছেন দাগরাজি করবার সময় যা হয়েছে তারপরে এ্যাসেম্বলিতে গিয়ে তাকে পাকাপোক্ত করে দেওয়া হবে। কিন্তু স্যার, এ পাকাপোক্ত হবে না। আমরা বলছি এর মূলে যে তফাৎ আছে সে মূলগত সমস্যার যদি সমাধানের চেষ্টা করা না হয় তাহলে আজ আমরা এখানে পাশ করে দেই বা না দেই দুইদিন পরে এ্যাসেম্বলিতে গিয়ে কিছু বেল লাগান হউক আর যাই হউক কিন্তু শেষ পর্যন্ত এই ইমারত টিকবে না—আমি মন্ত্রীমহাশয়কে এই বিষয়ে আরেকবার ভাল করে দেখতে এবং যদি দরকার হয় ফের যখন এ্যাসেম্বলিতে যাবেন তখন যেন সেখানকার এই দুই হাউজএর অন্ততঃ একটা সিলেক্ট কমিটি করে এই জিনিষ আজ এখানে ১২ দিন হয়েছে সেখানে যেন ১২০ দিন ধস্তাধস্তি না করেন।

Sj. Manoranjan Sen Gupta:

মাননীয় সভাপতিমহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী, বিরোধীপক্ষের কয়েকটা সংশোধন গ্রহণ করার ফলে এই বিলের যৎসামান্য উন্নতি হলেও এই বিলকে আমি অভিনন্দন জানাতে পারছি না। এই বিল যা হয়েছে তা ইংরাজী কথায় বলতে গেলে—

It is neither fish, nor flesh. It is a curious amalgam of certain dissimilar things.

মুদালিয়র কমিশন এবং সে কমিশনের সুপারিশের উপর ভিত্তি করে, তাছাড়া তাঁর মনগড়া কতকগুলি বিষয়ের উপর ভিত্তি করে তিনি এই বিল এনেছেন। তাছাড়া অনুমান তাঁর মনের পশ্চাতে কাজ করছিল দি ইংলিশ অ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোর। সেই কারণে তিনি আমাদের বলেছেন, ন্যাসনাল গভর্নমেন্টএর আমলে ডেমক্রেটিক শিক্ষা-ব্যবস্থা—এটা এ্যানাক্রনিজম। তারপরে তার মনে কাজ করছে আরও ফেলিওর অব দি বোর্ড অব নাইনটিন ফিফটি। পূর্বে বলা হয়েছে, ১৯৫০ সালে যে বোর্ড স্থাপিত হয়েছিল তাকে বাতিল করা হয়েছিল—কেন বাতিল করা হয়েছিল সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় অনুসন্ধান করা যুক্তিসঙ্গত মনে করেন নি। এবং তা না করে সরকারীপক্ষ তাঁকে যা বুঝিয়েছেন তাই বিশ্বাস করে নিয়ে তিনি যে প্রথম ভাষণ দিয়েছেন তা থেকে বুঝতে পারা যায় যে তিনি তা বিশ্বাস করে নিয়ে বোর্ডএর মেম্বাররা বিশেষত নন-অফিসিয়াল মেম্বাররা দোষী সাব্যস্ত করে—আমার মনে হয় শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে এই বিলকে আনা হয়েছে। তার মনের মধ্যে আর কাজ করছে এই ধারণা যে, আমাদের দেশে ন্যাসনাল গভর্নমেন্ট হয়েছে যখন, তখন এই ন্যাসনাল গভর্ণমেন্টএর মধ্যেই সকল ক্ষমতা কেন্দ্রীভূত থাকা উচিত। সেই হিসেবে শিক্ষাও ন্যাসনাল গভর্ণমেন্টএ কেন্দ্রীভূত হবে। এবং তদনুযায়ী তিনি ইংলণ্ডের এ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোর নজীর রেখে তিনি কাজেতে অগ্রসর হয়েছেন। আমি আমার প্রথম ভাষণে বলেছিলাম ইংলণ্ডে বাস্তবিকই মিনিস্টার অব এডুকেশনএর হাতেই সমস্তই ক্ষমতা কেন্দ্রীভূত করা হয়েছে। কিন্তু তারপরে এক্সিকিউটিভ পাওয়ার যেটা আছে ডিসেন্ট্রালাইজ করা হয়েছে। সে সম্বন্ধে আমি এখানে বলতে চাই ইংলণ্ডে যে পলিসি সেটা [illegible] পলিসি।

[5-35—5-45 p.m.]

অর্থাৎ এক্সিকিউটিভ পাওয়ারকে ডিসেন্ট্রালাইজ করা হয়েছে। এ সম্বন্ধে আমি দু-একটা কথা বলতে চাই। ইংলণ্ডে ডিসেন্ট্রালাইজেশন বা [illegible] যে পলিসি, সেই পলিসি এখনও পর্যন্ত কাজ করছে। সেখানকার রিপোর্ট থেকে দেখলাম প্রায় তিনশো লোক্যাল এডুকেশন অথরিটি সেখানে পূর্বে ছিল, এখন তার আরও সংখ্যা বেড়ে গিয়েছে। লোক্যাল এডুকেশন অথরিটি, এরা প্রকৃতপক্ষে শিক্ষা বিষয়ে সমস্ত কাজ করে থাকেন।

কিন্তু এখানে, একটা আমলাতান্ত্রিক পন্থতি অনুসরণ করে সরকারী কর্মচারী, যেমন ইনসপেক্টর, ডাইরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশন প্রভৃতিদের হাতে গ্রান্ট, রেকগনিশন • ক্ষমতা এবং অন্যান্য ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে। যদিও একটা রেকগনিশন কমিটি করা হয়েছে, বোর্ডের হাতে কিছু ক্ষমতা দেওয়া হয়েছে, কিন্তু নামমাত্র ক্ষমতা দেওয়া হয়েছে বলে আমি মনে করি।

দ্বিতীয়তঃ মুদালিয়র কমিশন ও দে কমিশনএর ভিত্তিতে এই বিলটি রচনা করেছেন, কিন্তু মুদালিয়র কমিশন বা দে কমিশনএর সুপারিশ, কোনটাই পুরোপুরি অনুসরণ করেন নি; যেখানে যা সুবিধা মনে করেছেন, সেইটাই গ্রহণ করেছেন। শিক্ষা-ব্যবস্থা একটা জটিল জিনিস। মুদালিয়র কমিশন যে রেকমেন্ডেসন করেছেন, সেটা উদ্ধৃত করে সত্যপ্রিয়বাবু বলেছেন

"There should be Provincial Advisory Board. Provincial Advisory Board

থাকবে। তাছাড়া শিক্ষাকে প্রসারিত করবার জন্য মুদালিয়র কমিশন আরোও বলেছেন যে সেখানে কাউন্সিল অব মিনিস্টারস থাকবেন, ডিপার্টমেন্টাল হেডস থাকবে, আর তার সংগে প্রভিন্সিয়াল এ্যাডভাইসরি বোর্ডও থাকবে। আরও টিচার্সদের ট্রেনিংএর জন্য টিচার্স ট্রেনিং ইনস্টিটিউশনের বিশেষ ব্যবস্থা থাকবে। এইসব কিছুই বর্তমান বিলে নাই।

আমার মনে হয়, শিক্ষার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গেলে পর, কেবলমাত্র কয়েকজন সরকারী কর্মচারীদের উপর সমস্ত ক্ষমতা ন্যাস্ত করলে তা, হতে পারে না। শিক্ষাকে সুন্দরভাবে চালাতে গেলে দরকার বিকেন্দ্রীকরণ এবং জনসাধারণের সহযোগিতা। জনসাধারণের সহযোগিতা যদি না পাওয়া যায়, তাহলে যতই স্কিম করুন না কেন, যতই ক্ষমতাকে কেন্দ্রীভূত করুন না কেন, সরকারের হাতে সেই শিক্ষা কখনই সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে না। এইভাবে যে বিলের মেসিনারি গঠিত হবে, সেটা অকৃতকার্য হতে বাধ্য। এখানে মুদালিয়র কমিশন যদিও সুন্দর ব্যবস্থা করে গিয়েছেন,—যেমন এ্যাডভাইসরি কমিটি ইত্যাদি সম্পর্কে অনেক ভাল ভাল ব্যবস্থার কথা বলেছেন, কিন্তু সেসব গ্রহণ করা হয় নি। দে কমিশন বলেছেন রিজিওনাল এ্যাডভাইসরি কমিটি স্থাপন করবার জন্য। এটার খুব আবশ্যকতা আছে বলে আমি মনে করি। কেন না পশ্চিমবঙ্গে জুনিয়ার ও হাইস্কুলের সংখ্যা, এবং মাল্টিপারপাস স্কুল প্রভৃতি নিয়ে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা জটিল হতে যাচ্ছে। সুতরাং সেখানে একটা কেন্দ্রীয় বোর্ডের দ্বারা সকল কাজ সুসম্পন্ন করতে পারা যাবে না। দে কমিশন অনেক ভেবে-চিন্তে সুপারিশ করে গিয়েছেন যে একটা রিজিওনাল এ্যাডভাইসরি কমিটির বিশেষ আবশ্যকতা আছে।

"Along with the Board of Secondary Education, we recommend the setting up of Regional Advisory Committees for Secondary Education to advise the Board on various matters relating to Secondary Education in their areas. The size of the region should, of course, depend on the number of Secondary Schools there, but the best working unit will perhaps be the subdivision of a district. These Regional Secondary Education Advisory Committees should consist approximately of 9 members as shown below—1. The District Inspector of Secondary Schools (ex-officio); 2. The Subdivisional Officer (ex-officio); 3 and 4. Two Presidents of Managing Committees of Schools; 5 and 6. Two Headmasters of Secondary Schools; 7. One Principal of a local college, if any; 8 and 9. Two prominent persons of the area interested in education. The Committee will be nominated in the first instance by the Chairman of the Board of Secondary Education who will also name the President of the Committee. The District Inspector of Schools will be the convenor of the Committee. The members will hold office for two or three years, and the President of the Managing Committee, Headmaster and the Principals may be selected by a system of rotation. The two educationists may also continue to be nominated. There should

be no election as far as possible. The Regional Secondary Education Advisory Committee should advise the Board in the matter of planning, of opening of new schools, of selection of teachers and of such other subjects as may be entrusted to it by the Board. Expert advice and guidance will in this way be available to the central authority which will find such local co-operation invaluable in carrying on its work efficiently."

এই জিনিসটা মাননীয় মন্ত্রীমহাশয় একেবারেই নজর দেন নাই—দৃষ্টিপাত করেন নাই।

তারপর বোর্ড সম্বন্ধে। বোর্ডের কাজের ব্যবস্থা সম্বন্ধে আমি বেশী বলবো না, সময় নেই। সব দেশেই শিক্ষার একটা ঐতিহ্য আছে, ইতিহাস আছে। আমাদের দেশেও আছে। সেটা হচ্ছে শিক্ষা-জগতের স্বাধীনতা। এই স্বাধীনতা ১৮৫৭ খৃষ্টাব্দ থেকে ১৯৫৪ পর্যন্ত ভোগ করা হয়েছে। মুদালিয়র কমিশন যে সুপারিশ করেছেন, তা বাংলাদেশের পক্ষে প্রযোজ্য নয়—তারা একটা কমন ফরমুলা বের করেছেন। বাংলাদেশ চিরকাল শিক্ষা বিষয়ে অগ্রণী ছিল। সেই হিসেবে মুদালিয়র কমিশনের সুপারিশ আমাদের দেশে গ্রহণযোগ্য নয়, আমাদের দেশের ঐতিহ্যও তদুপযোগী নয়। সেক্ষেত্রে দে কমিশন যেসব সুপারিশ করেছেন—আমাদের দেশে সেগুলি গ্রহণযোগ্য। মুদালিয়র কমিশন একটা জেনারেল ফরমুলা করে গেছেন। সেই জেনারেল ফরমুলা কার্যে পরিণত করবার জন্য আমাদের দেশে দে কমিশন হয়েছিল। সেই দে কমিশনের ব্যবস্থাদি যদি বহুলপরিমাণে শিক্ষামন্ত্রীমহাশয় গ্রহণ করতেন, আমার মনে হয়, আমাদের এত বিরোধিতা করতে হতো না। এই বোর্ড দে কমিশন ও মুদালিয়র কমিশনের সুপারিশের কাঠামোর মধ্যে প্রণীত হলে—জনসাধারণের কাছে তা গ্রহণযোগ্য হতো এবং বোর্ডেরও অনেক পরিমাণে উন্নতি হতো। তা না করে তাঁরা করেছেন কি? মুদালিয়র কমিশনের খানিকটা, দে কমিশনের খানিকটা গ্রহণ করেছেন। দু-জন ইন্সপেক্টর এই বোর্ডের মধ্যে দিয়েছেন, এই ব্যবস্থা দে বা মুদালিয়র কমিশনের রিপোর্টে কোথাও নাই। রেকগনিসন কমিটি এবং এক্সামিনেশন কমিটি এমনভাবে গঠন করেছেন যে প্রকৃতপক্ষে লোকচক্ষে মনে হবে যে তাঁরা বোর্ডের হাতে অনেক ক্ষমতা দিচ্ছেন। কিন্তু প্রকৃতপক্ষে বোর্ডের হাতে ক্ষমতা না দিয়ে সমস্ত ক্ষমতা অফিসিয়ালদের হাতে রাখা হয়েছে। সুতরাং এই বোর্ড কিভাবে কাজ করতে পারবে, তা বুঝতে পারি না! বোর্ডকে সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হয় নাই বা এ্যাডভাইসরিও করেন নাই বা সরকারও নিজের হাতে সমস্ত ক্ষমতা গ্রহণ করেন নাই। বোর্ডকে আংশিকভাবে দায়ী করা হয়েছে কতকগুলি কাজের জন্য এবং সরকারকেও দায়ী করা হয়েছে কতকগুলি কাজের জন্য। যদি কাউকে সামগ্রিকভাবে দায়িত্ব না দেওয়া যায়, তাহলে তার কোন দায়িত্বজ্ঞান কোনদিন আসতে পারে না। এই ডিভাইডেড রেসপনসিবিলিটির ফলে সেখানে বোর্ডের কাজ ভালভাবে চলবে না। এই নূতন বোর্ডকে যে অতি অল্পদিনের মধ্যে বাতিল করতে হবে—তার বীজ উপ্ত হয়ে রয়েছে।

দ্বিতীয়তঃ সবচেয়ে প্রয়োজন কোন একটা সামগ্রিক শিক্ষা বিল আনতে গেলে তার মধ্যে কেবল কন্ট্রোল ও রেগুলেসন নয়, তার মধ্যে ডেভেলপমেন্ট ও প্ল্যানিংও থাকা উচিত। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন বোর্ড যেসব নূতন পরিকল্পনা দিয়েছিল সেই সমস্ত পরিকল্পনার কতকগুলি সরকারের পক্ষে আর্থিক কারণে গ্রহণযোগ্য নয়। আমি বিপরীত একটা ইতিহাস—ইংলন্ড থেকে দেখাচ্ছি। সেখানে

"The Board taking its orders from the Treasury had perforce to call a halt to development schemes or even place new embargoes on fresh enterprises."

সরকারকে কোন প্ল্যানিং যদি নিতে হয়, তাহলে সরকার চিরকাল বলবেন টাকা পাওয়া যাবে না। অতএব কখনো কোন প্ল্যানিং তাঁরা করতে পারবেন না। যখন বলা হয়—শিক্ষকদের বেতন বাড়াতে হবে—তখনই শুনি—তহবিলে টাকা নাই। এই কথা ১৯২২ থেকে শুনছি। এই টাকা তাঁদের কোনদিন আসবে না—যদি শিক্ষার প্ল্যানিংএর কোন ব্যবস্থা না হয়। এই প্ল্যানিং সম্বন্ধে ইংলণ্ডে যে ব্যবস্থা আছে—তা পড়ে দেখেছি।

সেখানেও শিক্ষাবিষয়ে অনেক উন্নত [illegible], প্রগ্রেসিভ আইডিয়ালস থাকা সত্ত্বেও শিক্ষার ব্যবস্থা সরকারের হাতে থাকায় শিক্ষার কাজ ব্যাহত হয়েছিল। এখানেও তাই হবে। মন্ত্রীমহাশয় খুব তাড়াতাড়ি করে এই বিল এনেছেন। তিনি সমস্ত কিছু মন দিয়ে করতে পারেন নি। এটা একটা জাতির পক্ষে জীবন-মরণের সমস্যা।

এই বিলে ফিজিক্যাল এডুকেশন সম্বন্ধে কোন কথা নেই বলে বাংলার জনসাধারণ ইহাকে সুচক্ষে দেখবে না। সুতরাং এই বিলটা, এটা যখন জনসাধারণের কাছে যাবে তখন তারা এটাকে কিভাবে দেখবে সেটাই আমি চিন্তা করছি। যখন লীগ আমলে, মাধ্যমিক শিক্ষা বিল এসেছিল আমি তখন শিক্ষামন্ত্রীমহাশয়ের সহকর্মী ছিলাম। ১৯৫০ সালে তিনি যখন বিল এনেছিলেন তখনও আমি তাঁর সহিত সহযোগিতা করেছিলাম। কিন্তু দুঃখের বিষয় আজ আমি তাঁর সঙ্গে সহযোগিতা করতে পারছি না। কেন পারছি না তার কারণ আমি আগে বলে দিয়েছি। তিনি মনে করছেন যে, এই বিলের দ্বারা কার্যসাধন হবে কিন্তু ডেমক্রেটিক কান্ট্রিতে নিজের মত চলবে না,—জনসাধারণের মতকে গ্রহণ করতে হবে। ইংলিশ এ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোর যখন আনা হয়, আমি জানি তখন বাটলার সাহেব অল সেডস্ অব অপিনিয়ন গ্রহণ করেছিলেন এবং রিলিজিয়াস এডুকেশন যেটা ইংলণ্ডে ছিল না তাও জনমতের চাপে পড়ে তিনি গ্রহণ করতে বাধ্য হয়েছিলেন। তিনি আরও বেশী অগ্রসর হতেন, কিন্তু জনমতের জন্য তা তিনি পারেন নি। সুতরাং জনসাধারণের মত নিয়ে আজকে বিলকে নূতনভাবে আনতে হবে, কারণ জনসাধারণের সহযোগিতা না পেলে কোন কাজই সম্পন্ন হতে পারে না। এই কয়েকটি কথা বলে আমি এই বিল গ্রহণের বিরোধিতা করছি।

[5-45—5-55 p.m.]

Sj. Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ১২ দিন এই বিলে আলোচনা করছি এবং আমাদের ঘোষণা অনুযায়ী প্রতি পদে এই বিলকে বাধা দেবার চেষ্টা করছি। ইংরাজীতে যাকে ব'লে দেওয়ালে পিঠ দিয়ে আমরা সংগ্রাম চালিয়ে গেছি। এটা কিসের জন্য সেকথা আমি এই বিধান পরিষদের সব সদস্যদের ভাবতে বলি এবং সেকথা আমার দেশবাসীকে ভাবতে বলার সময় পর্যন্ত এসেছে। দেশের শিক্ষাকে বাঁচাবার নামে দেশের শিক্ষার সামনে নূতন যে বিপদ আসছে তাতে দেশের শিক্ষা যে সংকুচিত হয়ে যাবে। দেশের শিক্ষার সমস্ত ব্যবস্থাকে বিপর্যস্ত ক'রে সরকার সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত করবার জন্য যে চক্রান্তে এই বিল আমাদের সামনে উপস্থাপিত করছেন তার বিরুদ্ধে দেশবাসী হিসাবে প্রতিবাদ জানাচ্ছি। বিশেষ ক'রে ৩০ বছর যাবৎ শিক্ষা নিয়ে আমার জীবন কাটিয়েছি, শিক্ষাকে ভালবেসেছি, শিক্ষার ভিতর দিয়ে জীবনের সমস্ত দৈন্য, গ্লানি সহ্য ক'রে এই আশায় আমরা বেঁচেছিলাম যে স্বাধীন ভারতবর্ষে এমন দিন আসবে যখন আমরা ক্ষীণ ক'রে যে আলো সারা পশ্চিমবাংলায় জ্বালিয়ে রেখেছি সে আলো আরও উজ্জ্বলতর হয়ে সারা পশ্চিমবাংলার আকাশকে উদ্ভাসিত ক'রে তুলবে। কিন্তু সে আশা হতাশ হয়েছে যখন মন্ত্রিমহাশয় এই বিল আমাদের সামনে উপস্থিত করলেন। এই বিল "ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন বিল"—আমি বলব "মধ্যশিক্ষা পর্ষৎ বিল" নামের কোন স্বার্থকতা নেই—যেমন স্বার্থকতা ছিল না মধ্যযুগের ইতিহাসে পবিত্র রোমান সাম্রাজ্যের। সে না ছিল সাম্রাজ্য, না ছিল রোমান, না ছিল পবিত্র। অথচ তাকে বলা হ'ত পবিত্র রোমান সাম্রাজ্য। তেমনি ক'রে "মধ্যশিক্ষা পর্ষৎ বিল"এর প্রত্যেকটি কথা যে সার্থক নয় একথা আমি পরিষ্কার ঘোষণা করতে চাই। এতে পর্ষৎ তৈরি হয় নি। এই বিলে যা তৈরি হয়েছে সেটা হচ্ছে সরকারী শিক্ষাদপ্তরের একটা লেজুড় মাত্র—যার প্রাণ নেই, যার স্বাধীন সত্ত্বা নেই, যার চিন্তা করবার ক্ষমতা নেই, যাতে শিক্ষিত জনসাধারণের প্রতিনিধি নেই। অর্থাৎ এটা শুধু সরকারী শিক্ষাদপ্তরের লেজুড় মাত্র হয়ে তৈরি হয়েছে। কাজেই একে "মধ্যশিক্ষা পর্ষৎ বিল" বলা চলে না। এই পর্ষদের সঙ্গে মাধ্যমিক শিক্ষার কোন সম্পর্ক নেই। আজকে পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে যাচ্ছে গত ৩ বছরের অব্যবস্থার ফলে। আপনাদের প্রত্যেকের ছেলেমেয়ে যখন আছে তখন আপনারা প্রত্যেকে জানেন যে আজকে বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা কি দুরবস্থার মধ্য দিয়ে এগিয়ে চলেছে। আপনারা জানেন যে আজ দুই শ্রেণীর বিদ্যালয় তৈরি হয়েছে—১০ শ্রেণী এবং ১১ শ্রেণীর। আপনারা জানেন যে এই দুই শ্রেণীর বিদ্যালয়ের মধ্যে পঠন-পাঠনের বিভিন্ন

নূন ব্যবস্থা করা হচ্ছে। আপনারা জানেন যে এই যে দুই শ্রেণীর বিদ্যালয়ের বিভিন্ন পঠন-পাঠনের যে ব্যবস্থা করা হয়েছে তা উচ্চতর শিক্ষার স্তরে কোথায় নিয়ে গিয়ে যে তাকে যুক্ত করা হবে তার কোনরকম ব্যবস্থাই আজ পর্যন্ত সরকার চিন্তাভাবনা করেন নি। এক বছর চ'লে গেল—১৯৫৭ সালের ১লা জানুয়ারী থেকে একাদশ শ্রেণীর বিদ্যালয় স্থাপিত হচ্ছে, কিন্তু তার পাঠ্যপুস্তক নেই, শিক্ষক নেই, গবেষণাগার নেই এবং সরকারী পয়সায় যে ঘর উঠবে সে ঘর আজও পর্যন্ত তৈরি হয় নি। অর্থাৎ এইভাবে কিশোর জীবনের এক বছর মূল্যবান সময় তার নষ্ট হয়ে যাচ্ছে। এইরকম ক'রেই একটা জেনারেশনের হাজার হাজার লক্ষ লক্ষ ছেলেমেয়ের ভবিষ্যত এই শিক্ষার অব্যবস্থার জন্য নষ্ট হতে যাচ্ছে। আমরা আশা করেছিলাম যে এ বিলের ভিতরে এমন কিছু থাকবে যার ভিতর দিয়ে আমরা নতুন আলো দেখতে পাব এবং শিক্ষার সংস্কারের কাজে আমরা যে অগ্রসর হচ্ছি তার পেছনে একটা পরিকল্পনা রচনা হবে এবং পরিকল্পিত ভাবে শিক্ষার সংস্কারে আমরা এগিয়ে চলব। কিন্তু আমাদের সে আশা সম্পূর্ণ ধূলিসাৎ হয়ে গেছে। এই পর্ষতের সঙ্গে মাধ্যমিক শিক্ষার কোন সম্পর্ক নেই, মধ্যশিক্ষা নিয়ন্ত্রণের অধিকার এর নেই। মাধ্যমিক শিক্ষাকে বাঁচিয়ে রাখবার জন্য বিদ্যালয়গুলিকে যে অর্থ সাহায্য দেবার প্রয়োজন তার ক্ষমতা এর হাতে নেই। কাজেই সোজা কথায় বলা যেতে পারে যে মধ্যশিক্ষা পর্ষৎ বিল ব'লে যে বিল আমাদের কাছে এসেছে সেটা পবিত্র রোমান সাম্রাজ্যের মতন। অবশ্য এই বিল যে দেশ গ্রহণ করবে না সেকথা যখন প্রথম আলোচনা আরম্ভ হয় তখনই মন্ত্রিমহাশয়কে ব'লে দিয়েছিলাম। আমরা শিক্ষকসমাজ সহযোগিতা করতে চাই, গড়তে চাই এবং সেই গড়বার সুদিনে আসবার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা ক'রে আছি। আমরা সহযোগিতার হাত বারবার মন্ত্রিমহাশয়ের কাছে, শিক্ষাদপ্তরের কাছে বাড়িয়ে দিয়েছি, কিন্তু বারবার তা সরকার প্রত্যাখ্যান করেছেন। মন্ত্রিমহাশয়কে সম্বর্ধনা জানিয়ে বলেছিলাম যে আমরা তাঁকে সহযোগিতা করতে চাই। মন্ত্রিমহাশয়ের কাছে স্মারকলিপি পাঠিয়ে বলেছিলাম যে মধ্যশিক্ষা পর্ষৎ গঠন সম্পর্কে আমরা সহযোগিতা করতে চাই। মন্ত্রিমহাশয়ের কাছে স্মারকলিপি পাঠিয়ে আমরা আবেদন জানিয়েছিলাম যে শিক্ষকদের বেতনের হার কি হবে সে সম্পর্কে আপনার সঙ্গে আমরা আলোচনা করতে চাই। কিন্তু প্রতিপদেই মন্ত্রিমহাশয় আমাদের সেই সহযোগিতার হাত প্রত্যাখ্যান করেছেন। মন্ত্রিমহাশয়ের যদি আমাদের মতন গঠনমূলক মনোভাব থাকত, তিনিও যদি বাস্তবিক জাতির কল্যাণ চাইতেন, জাতির শিক্ষার অগ্রগতি চাইতেন তা হ'লে শিক্ষকসমাজের পক্ষ থেকে সহযোগিতার জন্য তার কাছে যে হস্ত প্রসারিত করা হয়েছিল তা তিনি কিছুতেই প্রত্যাখ্যান করতে পারতেন না। তিনি শুধু প্রত্যাখ্যানই করেন নি, শিক্ষকসমাজের মধ্যে বিভেদ সৃষ্টি করবার জন্য তিনি যে ষড়যন্ত্রের পথে পা বাড়িয়েছেন এ বিলের ভিতর দিয়ে তা পরিস্ফুট হয়ে উঠেছে। যদিও তাঁকে পরিষ্কার দেখিয়ে দেওয়া হচ্ছে যে পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি ব'লে কোন সমিতির অস্তিত্ব নেই তবুও তিনি তাঁদের চ্যাম্পিয়ন হয়ে কথা বলছেন। তিনি না হয়ে অন্য কোন সদস্য একথা বললে আমি তাঁকে ক্ষমা করতে পারতাম। এই বিলের পেছনে সরকারের কি অভিসন্ধি আছে সেকথা আজকে পরিষ্কার ব'লে দিতে চাই। আজকে সাধারণকে আমাদের পরিষ্কার ক'রে ব'লে দিতে হবে যে সরকার সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত ক'রে নিচ্ছেন। কিন্তু সরকার কেন যে এটা করছেন তা আমরা জানি। সরকারপক্ষের কাছে শিক্ষিত বেকার সমস্যা একটা তীব্র সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমরা জানি এই শিক্ষিত বেকার সমস্যার সামনে সন্ত্রস্ত হয়ে সরকার একটা অদ্ভূত সমাধানের পথ খুঁজে বেড়াচ্ছেন। সে সমাধানের পথ হচ্ছে—শিক্ষিতদের নিত্য নূতন কর্মের সংস্থান করা নয়, শিল্পে নূতন ব্যবস্থা করা নয়, সে সমাধানের অর্থ হচ্ছে শিক্ষাকে সংকুচিত ক'রে জাতির শিক্ষিত বেকার সমস্যার সমাধান করা। এক্ষেত্রে আমরা বলব যে জাতির এইরকম অকল্যাণকর পথে যেতে সরকারকে আমরা দিতে পারি না।

[5-55—6-5 p.m.]

আমরা বলছি যে জাতির এইরকম অকল্যাণকর পথে আমরা কোন সরকারকে যেতে দিতে পারি না। সরকার সমস্ত কর্তৃত্ব কুক্ষিগত ক'রে রাখছেন, এ্যাক্ট অব ১৯৪৪এর কথা ব'লে। ৪০০ কোটি টাকা দিয়ে ইংলন্ডের সরকার যা নিচ্ছেন তার সঙ্গে আমাদের এই মাধ্যমিক শিক্ষা বিলের এক সঙ্গে নাম উচ্চারণ করতে মন্ত্রিমহাশয়ের বাধছে না। ৩০ লক্ষ টাকা সরকার পর্ষৎকে দেবেন। আমরা সেটা সংশোধন ক'রে বলেছিলাম যে ৩০ লক্ষ টাকার পরিবর্তে ৫০ লক্ষ

টাকা সরকার মধ্যশিক্ষা পর্ষতের হাতে তুলে দেবেন ; কিন্তু যে সরকার সেই দাবীটুকুও স্বীকার ক'রে নিতে পারেন নি সেই সরকার ঘোষণা করছেন কিনা যে এ্যাক্ট অব নাইন্টিন ফরটি-ফোরএ ইংলন্ডে যেরকম ব্যবস্থা করা হয়েছিল সেইরকম ব্যবস্থা পশ্চিমবাংলায় তাঁরা করতে যাচ্ছেন। সেখানে সরকার কি হাতে কর্তৃত্ব নিয়েছেন—সেই এ্যাক্ট অব নাইন্টিন ফরটি-ফোরএ? দুঃখের বিষয় মন্ত্রিমহাশয় সেকথা ভেবে দেখেন নি। সেখানে সরকারের একমাত্র কর্তৃত্ব যে সরকার সেখানে সার্কুলার প্রদান করতে পারবেন। সেই সার্কুলার প্রদানটা হ'ল—ডিরেকশন টু লোকাল এডুকেশন অথরিটিজ—তাঁরাই অর্থাৎ সেই লোক্যাল এডুকেশন অথরিটিজরা সেটা কার্যে পরিণত করবেন। সেই কার্যে পরিণত করতে যে ব্যয় হবে তার শতকরা ৬০ ভাগ সেখানে সরকার দেবেন এবং তখন লোক্যাল অথরিটিরা সরকারের নির্দেশ পালন করবেন। তথাপি সরকারের হাতে এটা যে রেগুলেশন করবার ভার দেওয়া হয়েছে তাও নয়। এতেই ইংলন্ডের লোকেরা শিক্ষার স্বাধীনতা বিন্দুমাত্র ক্ষুণ্ণ হবে কিনা সেই কথা ভেবে তারা আশঙ্কিত। এই এডুকেশন এ্যাক্ট অব ১৯৪৪ সম্বন্ধে এচ্, সি, ডেন্ট্এর বই থেকে মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য একটু উদ্ধৃত ক'রে দিচ্ছি:—

> "A lot has been heard in recent months about Government by-regulations and widespread anxiety has been felt lest Minister of Grants should take or be granted over-large powers to make regulations. It is well to note what the position is. Section 112 states all regulations made under this Act shall be laid before Parliament as soon as may be after they are made and if either House of Parliament within the period of 40 days beginning with the day on which any such regulations are laid before it resolves that the regulations be annulled, the regulation shall cease to have effect, but without prejudice to anything previously done thereunder or to the making of any other regulations."

কাজেই সেই সরকারের যে একটা ক্ষমতা ব্যবহারের অস্ত্র হচ্ছে 'রেগুলেশন'—এই 'রেগুলেশন' সম্বন্ধে সরকারের ক্ষমতা কত সীমাবদ্ধ করা হয়েছে তা এখানে যে উদ্ধৃতি পড়ে শুনিয়েছি তা থেকে পরিষ্কার হয়ে যাচ্ছে যে সেই রেগুলেশন দুই হাউসের সামনে থাকবে, এবং যে কোন হাউস সেই রেগুলেশন বদলাতে পারবেন, এমন কি পরে বাতিলও ক'রে দিতে পারবেন ; সে হিসাবে আমাদের বিধানসভা বা বিধান পরিষদের কোন ক্ষমতা রাখা হয় নি, এবং এই আইনের বাহিরে সমস্ত মাধ্যমিক শিক্ষার নিয়ন্ত্রণ ও উন্নয়নের যে অংশটুকু রয়েছে সেখানেও সরকার তাঁর কর্তৃত্ব স্থাপন করতে চাইছেন এবং সেই কর্তৃত্ব হচ্ছে একেবারে নিষ্কন্টক, নিরঙ্কুশ।

[At this stage the blue light was lit.]

স্যার, আমার আরও কিছু সময় লাগবে। এই যে নিরঙ্কুশ ডিক্টেটরসিপ্ তাঁরা চালাবেন মনে করছেন তাঁর দপ্তরের কাছ থেকে,—আইনের মাধ্যমে পশ্চিমবাংলার বুকের উপর দিয়ে চালিয়ে যাবেন যাতে শিক্ষা ব্যবস্থা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা, তার বিরুদ্ধে প্রতিটি শিক্ষানুরাগী বাঙ্গালী একমত হয়ে যাবেন। আমরা জানি যে আমরা যে প্রতিরোধ দিয়েছি সেইরকম প্রতিরোধ প্রত্যেক স্তরে হবে, এবং বাংলার জনসাধারণ সেই প্রতিরোধ দেবে যে পর্যন্ত না আমরা একবার যেমন 'সেটেল্ড ফ্যাক্ট'কে 'আনসেটেল্ড' ক'রে দিয়েছিলাম সেইরকমভাবে যতক্ষণ পর্যন্ত না এই আইনের ব্যাপারেও এই হাউসের ভিতর দিয়ে একে আনসেটেল্ড করতে পারছি ততক্ষণ পর্যন্ত বাঙ্গালী কখনও নিরস্ত হবে না।

তারপরে মধ্যশিক্ষা পর্ষৎ যেটা চালু হতে যাচ্ছে তাতে ২৭ জনের মধ্যে ১৮ জন হবেন সরকারী কর্মচারী, বা সরকার মনোনীত বা পদাধিকারী—অর্থাৎ পদ অধিকারের ব'লে সদস্য হবেন। ৯ জনকে মাত্র ভুয়া নির্বাচনের ভিতর দিয়ে আনা হচ্ছে। মধ্যশিক্ষা পর্ষৎ থেকে মাধ্যমিক শিক্ষককে বাদ দেওয়া মানে হ্যামলেট নাটকের মধ্য থেকে হ্যামলেটকে বাদ দেওয়া। মাত্র ২ জন প্রধান শিক্ষক রয়েছেন পর্ষতে। আমরা সেখানে বলেছি এক-তৃতীয়াংশ হবেন মাধ্যমিক শিক্ষক এবং প্রধান শিক্ষক, এবং অন্যান্য শিক্ষক এবং এ দাবী অতি ন্যায্য দাবী। সেইজন্য টিচার্স চার্টার যেটা আন্তর্জাতিকভাবে গৃহীত হয়েছে এবং যে টিচার্স চার্টার'এ

পৃথিবীর সমস্ত দেশের শিক্ষক সম্প্রদায় একমত—যেখানে কমিউনিজম্ নাই, ক্যাপিটালিজম নাই এবং যেখানে [illegible] সমস্ত বিভেদ দূরীভূত—এইভাবে শিক্ষকসম্প্রদায় একত্র হয়ে যে চার্টার তৈরি করেছেন সেই চার্টার পরিষ্কার ঘোষণা করেছে—

Teachers must have a voice in shaping the educational policy of a country.

তাই যদি হয়, তা হ'লে মধ্যশিক্ষা পর্ষতে আমরা যদি এক-তৃতীয়াংশ সদস্য সংখ্যা দাবী ক'রে থাকি ঐ শিক্ষকদের পক্ষ থেকে, তা হ'লে সে দাবী অতিরঞ্জিত দাবী একথা বলা চলে না। কোন বিবেকবান যুক্তিসম্পন্ন লোক সেকথা বলতে পারেন না। শিক্ষক সম্প্রদায়ের মধ্যে চিরকাল বিবাদ জিইয়ে রাখার জন্য কিছু কিছু বাহিরের প্রতিষ্ঠানকে যে দেওয়া হয়েছে সেটার সম্বন্ধে তথ্য দিয়েছিলাম। সেকথার আর উল্লেখ করব না। লেজিসলেচারে যেকথা বলছি যে একটা প্রপোরশনাল রিপ্রেজেন্টেসান হউক। যদি লেজিসলেচার থেকে মাধ্যমিক শিক্ষার জন্য কেউ যান তা হ'লে একটা পক্ষ অবলম্বন ক'রে যারা শিক্ষা চান তাঁরা যেন যান না। যাতে সকলপক্ষ মত দিতে পারে সেইজন্য দুই হাউস একত্র বসে প্রপোরশনাল রিপ্রেজেন্টেশনের দ্বারা যাতে বিভিন্ন মতাবলম্বী লোক সেখানে যেতে পারে সেটা গ্রহণ করা উচিত। বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি সম্পর্কে একথা বলতে হবে যে মধ্যশিক্ষা পর্ষতে মাধ্যমিক শিক্ষকদের পক্ষে যদি কারও বেশি প্রতিনিধি দাবী করবার অধিকার থাকে তবে সে বিশ্ববিদ্যালয়েরই আছে। মুদালিয়র কমিশন সেটা করেছিলেন। মুদালিয়র কমিশন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ৫ জনকে নেবার কথা সুপারিশ করেছিলেন ২৫ জনের মধ্যে, কিন্তু এখন ২৭ জনের মধ্যে ৩ জনকে নেওয়া হচ্ছে, অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের যেখানে ৫ ভাগের ১ ভাগ নেওয়ার কথা ছিল সেখানে ৯ ভাগের এক ভাগ নেওয়া হচ্ছে। এইরকমভাবে প্রত্যেক স্তরে দেখতে পাচ্ছি মুদালিয়র কমিশন এবং দে কমিশনের সব কিছু অগ্রাহ্য ক'রে মন্ত্রিমহাশয় নিজের ব্যাখ্যা ঐ কমিশনের মন্তব্যের উপর চাপিয়ে দিয়ে এমন একটা বিল দাঁড় করিয়েছেন যে বিলে গণতান্ত্রিকতার কিছু নেই। এমন একটা পর্ষৎ রচনা করছেন যে পর্ষতের মধ্যে জনসাধারণের অভিমত বা শিক্ষকদের অভিমত বা বিশ্ববিদ্যালয়ের অভিমত ঠিক প্রতিফলিত হবার সুযোগ নেই। সেইজন্য আমি আগেও বলেছি এবং এখনও বলছি যে এটা পরস্পর বিরোধী। দে কমিশন এবং মুদালিয়র কমিশনকে যে উপেক্ষা করা হয়েছে শুধু তা নয়, এক্সিকিউটিভ ফাংশন ও লেজিসলেটিভ ফাংশন যে দু'টোর কথা মুদালিয়র কমিশন বলেছেন সেখানে কিছুটা এক্সিকিউটিভ ফাংশন বোর্ডের হাতে দিয়ে লেজিসলেটিভ ফাংশন—প্ল্যানিং, ডেভেলপমেন্ট এইসব ব্যাপারে বোর্ডকে বঞ্চিত ক'রে রাখা হয়েছে। বস্তুত এখানে যে তালিকা দেওয়া হয়েছে সেগুলি মন্ত্রীমহাশয়ের নজরে আনবার চেষ্টা করেছিলাম। যেমন ইনষ্টিটিউটিং অব এক্সামিনেশনএর আইন-কানুন করবার অধিকার বোর্ডকে দেওয়া হয়েছে—কিন্তু হোল্ডিং এ্যাণ্ড কন্ট্রোলিং অব এক্সামিনেশনস—তার আইন-কানুন কে করবে? দেখা যাচ্ছে একজামিনেশন কমিটি যেটা তার সম্বন্ধে বলা হচ্ছে—

It shall be the duty of the Examination Committee to hold and control such examinations

কিন্তু আইনকানুনের নীতি কে নির্ধারণ করবে তার ব্যবস্থা নাই।

তারপর বোর্ডের হাতে টাকা পয়সা সম্বন্ধে সরকার কি দেবেন তার প্রতিশ্রুতি নাই, এ সম্বন্ধে সাধারণ ভাবে চলতি ভাষায় যে কথা বলা হয় তাতে মনে হয় যে অবশ্য এতে শালীনতা থাকে কিনা জানি না, কিন্তু তার চেয়ে ভাবপ্রকাশক আর কিছু নেই। সেটা হল এই যে ভাত কাপড় দিতে পারি বা না পারি কিন্তু আমরা কিলোবো অর্থাৎ ভাত কাপড় দেবার কেউ নয় কিন্তু কিলোবার গোঁসাই। আমাদের মন্ত্রী মহাশয়ও সেই ভূমিকায় অভিনয় করতে যাচ্ছেন।

[6-5—6-15 p.m.]

যেখানে ১৯৫০ সালের আইনে ছিল বোর্ডের হাতে ৩০ লক্ষ টাকা দেওয়া হবে সেই ৩০ লক্ষ টাকার জায়গায় ৩ লক্ষ না তিন পয়সা দেওয়া হবে সেরকম স্বীকারোক্তি পর্যন্ত মন্ত্রী মহাশয় করতে চান নি। কিন্তু তিনি বোধ হয় জানেন এ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোরএ পরিষ্কার যেসমস্ত আর্থিক দায়িত্ব তার তালিকা সরকার দিয়ে দিয়েছে—সেখানে ৩০ লক্ষ ছেলেদের দুধ খাওয়াবার ব্যবস্থা এ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোরএ করা হয়েছে। এবং এ্যাক্ট অব নাইনটিন ফরটি-ফোরএ তা পরিষ্কার ঘোষণা করা হয়েছে কিন্তু কোথাও আমাদের সরকার সেরকম

ঘোষণা এই বিলের মধ্যে করতে সাহস পান নি। আজকে শিক্ষার উন্নয়নের কোন কথা, কোন আশ্বাস আমরা পাই নি। কাজেই বিলে—বুঝতে পারি না উন্নয়নের কি ওঁরা করবেন। শিক্ষার উন্নয়নের সমস্ত ক্ষমতাগুলি নিরঙ্কুশভাবে শিক্ষাদপ্তরের হাতে দিতে চান। অবশ্য তারা যথেষ্ট চালাচ্ছিলেন এবং তারা কিছু দুর্নীতি করেছেন, অনুগ্রহ বিতরণ করেছেন। আমরা বার বার মন্ত্রীমহাশয়ের নজরে তা এনেছি এবং বার বার আমরা বলেছি আজ পশ্চিমবঙ্গের এই দুর্দিন কেন হলো। পশ্চিমবঙ্গের শিক্ষাসচিব যিনি শিক্ষা-অধিকর্তার পদ অধিকার করে বসে আছেন—সেই শিক্ষা-পদাধিকারে কেন আজ একজন লোককে কয়েক মাসের মধ্যে পশ্চিমবাংলায় পাওয়া যায় নি—একথা আমরা বার বার বলেছি তার কোন উত্তর শিক্ষামন্ত্রীমহাশয় দেন নি। কারণ আমরা জানি—শিক্ষামন্ত্রীমহাশয় শিক্ষাসচিবের হাতের পুতুল মাত্র। তিনি তাঁর নির্দেশে চলেছেন এবং সমস্ত পশ্চিমবঙ্গের শিক্ষা-জগতের শনিগ্রহ হচ্ছে—ডাঃ ডি এম সেন—যার সম্পর্কে আমরা বার বার আলোচনা করেছি। বলি তিনি সরকারী পয়সায় গাড়ী করে স্ত্রীপুত্র নিয়ে কাঁথিতে বেড়াতে গিয়েছিলেন কিসের জন্য? তিনি শিক্ষা-অধিকর্তা ছিলেন কাজেই বিদ্যালয় পরিদর্শন করবেন বলে সেখানে গেছলেন—এই অভিযোগ আমরা বার বার বিধান পরিষদে করেছি কিন্তু এর কোন উত্তর মন্ত্রীমহাশয় দেন নি।

Mr. Chairman: You can refer to the matter but not to any particular individual.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Sir, is he in order in attacking any person who is not present here? These statements must be off the proceedings under the rules.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Sir, the demand of the Education Minister appears to be rather fantastic. He says that these statements should not go into the proceedings. It is not for him to decide that, it is for you to decide. A member of the House has the right to say what he has to and what he says here, unless it is unparliamentary, goes into the proceedings of the Council.

Mr. Chairman: But it is not fair to attack a person who is not present.

Sj. Satya Priya Roy: But why is it not fair?

আমি মন্ত্রীমহাশয়কে বলবো কেন এইরকম হচ্ছে, কেন তাঁর দপ্তরে যিনি শিক্ষাসচিব তিনি মাসের পর মাস শিক্ষা অধিকর্তার পদ অধিকার করে বসে আছেন? আমরা এটা কল্পনাও করতে পারি না যে প্রধান-শিক্ষকের অনুপস্থিতিতে সহকারী প্রধান-শিক্ষক উপস্থিত থেকে প্রধান-শিক্ষকের পদে অফিসিয়েট করবেন এবং তারজন্য য়্যালাউন্স গ্রহণ করবেন। আমাদের শিক্ষা-দপ্তরে মাসের পর মাস কেন এটা হচ্ছে? যখন ১৯৫০ সালের আইন বাতিল হয়ে যাবে তখন সমস্ত শিক্ষানিয়ন্ত্রণের ভার শিক্ষা-দপ্তরের হাতে চলে যাবে এবং শিক্ষা-দপ্তর গত ৩ বছর ধরে যেরকম দুর্নীতিকে আশ্রয় দিয়েছেন, যে অক্ষমতার পরিচয় দিয়েছেন এবং যে বিরাট বিপর্যয় শিক্ষা-জগতে এনেছেন তাতে এর পর থেকে সেই বিপর্যয় চিরস্থায়ী হয়ে উঠবে এই বিলের দ্বারা। সেজন্য আমি বলছি যে এই বিলকে আমরা কিছুতেই গ্রহণ করবো না। এখনও মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি—তাঁর বয়স হয়েছে, তাঁর অভিজ্ঞতা আছে—তিনি এখনও চিন্তা করে দেখুন যে সমস্ত দিক থেকে পশ্চিমবাংলার শিক্ষা-জগতের উন্নতির জন্য তিনি এখনও যদি কিছু করতে পারেন। এই বিলের আলোচনার মধ্যে তাঁকে অনুরোধ জানিয়েছিলাম যে এখনও ৩ মাস সময় আছে—আবার আমি আবেদন জানাবো যে আবেদন তাঁর কাছে বার বার করেছি যে সকল শিক্ষাবিদদের নিয়ে, তাঁদের সঙ্গে বসে আলোচনা করুন, বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের নিয়ে আলোচনা করুন, পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি এবং কলেজের প্রতিনিধিদের নিয়ে আলোচনা করুন—আলোচনা করে বাস্তবিক জাতীয় কল্যাণের জন্য একটা মধ্যশিক্ষা বিল তিনি প্রণয়ন করুন, আমরা তাঁকে সশ্রদ্ধ অভিনন্দন জানাবো এবং সেদিনের প্রতীক্ষায় আমরা থাকবো। কিন্তু এইরকম বিল এনে শিক্ষাকে সম্পূর্ণ বিপর্যস্ত করে দেওয়া হবে তা আমরা কিছুতেই

সহ্য করবো না। যেমন দেওয়ালে পিঠ দিয়ে এখানে প্রতিরোধ করেছি তেমনি ঘোষণা করে যাচ্ছি যে, সমস্ত শিক্ষিত জনসাধারণের মধ্যে আমরা সেই প্রতিরোধ গড়তে পারবো যার দ্বারা এই বিল টুকরা কাগজে পরিণত হয়ে যাবে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Mr. Chairman, Sir, time available to me is short and it is my misfortune that I have got to traverse again the whole ground that I had to before in reply to the debate on the motions for circulation and Select Committee. All those contentions have been repeated just to go into the press and therefore all those have got to be controverted over again.

First, it is very difficult to analyse the arguments of the Opposition because one contradicts the other. However, I have got to repudiate two downright misrepresentations that they made about this Bill.

Sj. Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, the other day I requested you to give a ruling as to the word "misrepresentation"—whether it is parliamentary or unparliamentary. I hope you will give your ruling now.

Mr. Chairman: It depends on the context in which it is used. If it refers to some abstract matter and not to a particular person it is perfectly allowed.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: I have to repudiate two downright misrepresentations that have been made about this Bill. In the first place it has been said that the Board is an official Board. It is not true. It is not correct. It is a terminological inexactitude. In the constitution of the Board you will find that there are only 8 official members as against the total of 27 members. Therefore, to say that this is an official Board is to say anything which is not at least truth.

